এই উক্তির প্রতি এই মাত্র বাচ্য যে উপরি উল্লিখিত রিপোর্টে দাবীদার ব্যক্তি পৌনর্ভব কথিত হয় নাই, কিন্তু জারজ উক্ত হইয়াছিল, পৌনর্ভব ও জারজের মধ্যে অনেক বিশেষ। সে যাহা হউক, সনাতন আচার থাকিলে এতদুভয় রূপ অথবা অন্য যে কোন রূপ সুতই যে সিদ্ধ তাহাতে বিরোধ নাই। এবঞ্চ গোস্বামি প্রভৃতি সন্ন্যাসিদের পুত্র ক্রয় করিয়া ক্রীত পুত্র করার কথা যে লিখিত হইয়াছে তৎপ্রতি বাচ্য এই যে তাহারা বালক ক্রয় করিয়া পুত্র বা চেলক রূপে পালন করিয়া থাকে, কিন্তু বিধি পূর্ব্বক গ্রহণ করিয়া ক্রীত পুত্র করে না। ঐ পালিত বালকরা আচারানুসারে মাত্র তাহাদের উত্তরাধিকারি হয়। এবিষয়ে কোলব্রুক সাহেবের লিখিত (এস্‌ট্রেঞ্জের হিন্দু-ল-র দ্বিতীয় বালামের ১০৮ পৃষ্ঠায় প্রকটিত) মতই সর্ব্বাংশ শুদ্ধ বোধ হইতেছে, তদ্যথা—"ভারতবর্ষের এই অঞ্চলে ক্রীত পুত্র অচলিত, তাহা এই পাপময় কলিযুগে নিষিদ্ধ হওয়াই বিবেচনা করিতে হইবে। তৎসদৃশ যে ব্যবহার চলিত আছে তাহা এই যে গোস্বামি ও সন্ন্যাসি প্রভৃতি যতিরা বালক ক্রয় করিয়া তাহারদিগকে স্বং মত ভজনে দীক্ষা করে, ঐ চেলক গুরুর উত্তরাধিকারী হয়। যাহা হউক, তাহা বিধিবিহিত পুত্রগ্রহণ নয়, কিন্তু শাস্ত্রের অন্যান্য বিধানানুযায়ি এবং সন্ন্যাসাশ্রমিদের বিশেষ আচারানুসারি বটে"।—দ্রষ্টব্য ব্য. দ. পৃ. ২৯৩—৩০৪ ও ৩০৮।

† সস্ত্রীক বা মৃতস্ত্রীক অথবা অবিবাহিত হউক (পুত্র পৌত্র প্রপৌত্র হীন) পুরুষ মাত্রেরই দত্তক গ্রহণ আবশ্যক,—যেহেতু প্রত্যেকেরই অনুভবানুসারে তৎপারলৌকিক হিত আকাঙ্ক্ষণীয়, সচরাচর পুং সন্ততির অভাবেই এই অধিকারের কার্য্য হয়,—এস্থলে সন্ততি পদে পৌত্র ও প্রপৌত্রও বোধ্য। এস্‌ট্রে. হি. ল. বা. ১, পৃ. ৭৫, ৭৭।

পুত্রের করণীয় শ্রাদ্ধ তর্পণাদি ক্রিয়া সম্পাদনের নিতান্ত আবশ্যকতা পুত্রকরণের প্রতি মুখ্যকারণ, তদুপরেই হিন্দুদের পারলৌকিক সুখ নির্ভর করা অনুভূত হইয়াছে, (অতএব) পুত্রপ্রতিনিধিকরণোন্মুখ ব্যক্তির ক্রিয়াকরণার্হ সন্ততিহীন হওয়া চাই। সন্ততি পদে পৌত্র প্রপৌত্রও বোধ্য।—সদরল্যাণ্ড্ সাহেবের সিনপ্‌সিস্ পৃ. ৪৮। পর পৃষ্ঠার নোট্ দ্রষ্টব্য।

495. There being a practice amongst the devotees, who are not householders, of buying boys and maintaining them as *krìta* (purchased) sons or rather disciples, the latter inherit their property.* Vyavastha'

SECTION IV.

WHO CAN, AND WHO CANNOT, ADOPT A SON.

496. Not only a married man with or without a wife, being destitute of a son, son's son, and son's grandson (in the male line,) capable of performing the exequial rites, but also an unmarried man, can adopt a son.† Vyavastha'

* Sir William Macnaghten says: " I have laid it down as a rule that, in the present age, adoption is allowable only in the *Dattaka, Dwyámushyáyana*, and *Kritrima* forms ; but I find, on reference to the Elements of Hindoo Law, that a question was agitated as to the admissibility of the *Krita*, or son bought. The point was much canvassed, and gave rise to a protracted controversy between two of the most eminent scholars of the day ; and there is a case in the Sudder Dewanny Adawlut Reports, (vol. I. p. 28.) in which the claimant was alleged to be of the *Paunarbhava* class; and in which in all probability the claim would have been adjudged, had it been proved to be customary for sons of that description to succeed. Although, therefore, it may be asserted that, generally speaking, there are only three species of adoption allowable in the present age, yet the rule should be qualified, by admitting an exception in favor of any particular usage which may be proved to have had immemorial existence Thus it appears that the *Goswámis*, and other *devotees* who lead a life of celibacy, buy children to adopt them in the form termed *Krita*, or son bought ; and that the practice of appointing brothers to raise up male issue to the deceased, impotent, or even absent husbands, still prevails in *Orissa*. (Note to Dig. vol. III. p. 276.) The son so produced is termed *Kshetraja*, or son of the wife ; and doubtless these several sorts of subsidiary sons should be held entitled to the patrimony of their adopting fathers, in places where the *lex loci* would justify the affiliation. (See Note to S. D. A. R. vol. II. p. 175.)—Macn. H. L. vol. I. pp. 101, 102

Here it should remarked that the claimant in the above mentioned cause was alleged to be illegitimate, not *pounarbhava*, and there is much difference between these two. Be that as it may, both of them, as well as any other description of sons, would be valid if an immemorial custom of that kind have prevailed. As to the mention of the *Goswámis* and other devotees buying boys, it is to be remarked that they indeed buy boys and maintain them as sons or rather disciples, but nevertheless they do not adopt them, according to the law, as sons bought. Such maintained sons become their heirs merely according to custom. Mr. Colebrooke's observation on this subject as contained the Elements of Hindoo Law (page 108, vol. II.) appears, therefore, to be quite correct. It is as follows:—"On this side of India, adoption by purchase is obsolete, and considered to have been prohibited in the present sinful age of the world: the only practice analogous to it is the purchase of children by *Gosaeens*, *Sannyásis*, and other professed ascetics, for initiation into their order of devotion, the disciple becoming the heir of the master. This however is not adoption, but a practice grounded on other provisions of the Hindoo law, and on the peculiar customs of the mendicant tribes.

† The necessity of the thing applies, whether a man be single, married, or a widower ; since to all, equally, his future state, according to his conception of it, is of the last importance. In general, it is in default of male issue that the right is exercised ; *issue* here including a grand or great grandson, (in the male line.)—Str. H. L. vol. I. pp. 65,66.

for the affiliation of a son, being the obligatory necessity of providing for

salvati

প্রমাণ। দত্তকমীমাংসা,—পৃ. ২, ৩, ৩১, ৩২। দত্তকচন্দ্রিকা,—পৃ. ২। ব্যা. দ.—পৃ. ৮২৩, ৮২৫, ৮২৭, ৮২৯, ৮৩১।

দত্তকমীমাংসা,—পৃ. ২, ৩, ৩১, ৩২। দত্তকচন্দ্রিকা,—পৃ. ২। ব্যা. দ.—পৃ. ৮২৩, ৮২৫, ৮২৭, ৮২৯, ৮৩১।

" অবিবাহিত ব্যক্তি পুত্রগ্রহণ করিবে না এমত শাস্ত্র দৃষ্ট হয় না।—বিবাদভঙ্গার্ণব।

অকৃতবিবাহেন পুত্রো ন গ্রহীতব্য ইত্যত্র শাস্ত্রো ন দৃশ্যতে।—বিবাদভঙ্গার্ণবঃ।

ব্যবস্থা। ৪৯৭ গৃহস্থ ভিন্ন অন্যাশ্রমী ব্যক্তিও দত্তকগ্রহণে অধিকারী*।

৪৯৭ গৃহস্থেতরাশ্রমিজনোঽপি দত্তকগ্রহণাধিকারী*।

প্রমাণ। দত্তকমীমাংসা, পৃ. ৩১, ৩২।—ব্যা. দ. পৃ. ৮২৫, ৮২৭।

দত্তকমীমাংসা, পৃ. ৩১, ৩২।—ব্যা. দ. পৃ. ৮২৫, ৮২৭।

" পত্নীহীন ব্যক্তি গৃহস্থাশ্রম শূন্য হওয়াতে—গৃহস্থাশ্রম প্রকরণোক্ত (যে পুত্রগ্রহণ তাহা) তাহার প্রতি সঙ্গত হয় না,—ইহা বাচ্য নয়,যেহেতু ইহার প্রমাণ নাই। অতএব ব্যাসাদি অকৃতবিবাহ হইয়াও শুকদেবাদিরূপ পুত্র করিয়াছেন ইহা শুনা যাইতেছে। যে বিবাহ করে নাই অথবা যাহার পত্নী মৃতা বা পরিত্যক্তা হইয়াছে কিম্বা দৈবাৎ যাহার বিবাহ না হয় সে অগত্যা অসম্পূর্ণসংস্কার বা অনাশ্রমী, পরন্তু (তৎকর্ত্তৃক) দত্তক গ্রহণ কার্য্য সমাধা হইলেও যে সে অপুত্র ইহা অনুভব বিরুদ্ধ বোধ করিতে হইবে। ঐ।

ন চ পত্নী বিরহিণো গার্হস্থ্যাশ্রম বিরহিত্বাৎ গার্হস্থ্যপ্রকরণোক্তং ন সঙ্গচ্ছতে ইতি বাচ্যং, প্রমাণাভাবাৎ। অতএব ব্যাসাদীনাং অকৃতবিবাহানাং শুকদেবাদিরূপ পুত্রোৎপত্তিশ্চ শ্রূয়তে। অকৃতোদ্বাহকস্য মৃতপত্নীকস্য ত্যক্তপত্নীকস্য বা যস্য দৈবাৎ বিবাহো ন ভবতি অগত্যা সোঽসম্পূর্ণসংস্কারকোঽনাশ্রমী বা; পরন্তু দত্তক পুত্র প্রকরণ সমবধান সত্ত্বেঽপি তস্য পুত্রত্বং অনুভব বিরুদ্ধং জ্ঞেয়ং। ঐ।

ব্যবস্থা। ৪৯৮ ক্লীবাদি† উত্তরাধিকারি হইতে অযোগ্য হইলেও দত্তকগ্রহণে অধিকারি‡।

৪৯৮ ক্লীবাদয়ঃ† ঋক্থানধিকারিণোঽপি দত্তকগ্রহণাধিকারিণঃ‡।

* ১০৭ পৃষ্ঠাস্থ নোট দ্রষ্টব্য।

† আদিপদে—ক্লীব, পতিত, তৎসুত, জন্মান্ধ, জন্মবধির, পঙ্গু, উন্মত্ত, জড়, মূক নিরিন্দ্রিয় এবং কুষ্ঠ্যাদি অচিকিৎস্য রোগার্ত্ত প্রভৃতি বোধ্য (অনধিকারিবিষয়ক অধ্যায় দ্রষ্টব্য)। তন্মধ্যে যাহারা হিতাহিত জ্ঞানশূন্য তাহারা অবশ্যই দত্তকগ্রহণে অক্ষম।

দত্তক বিষয়ে এতদ্দেশে অত্যাদৃত দত্তকচন্দ্রিকাকার ক্লীবাদি অনধিকারিগণের দত্তক গ্রহণাধিকার অস্বীকার করেন না, কিন্তু স্পষ্টতঃ স্বীকার করিয়া কহেন তাদৃশ ব্যক্তিদের দত্তক পুত্রেরা অন্নাচ্ছাদন বই পৈতামহ ধনে অধিকারি নয়। দ্রষ্টব্য—দ. চ. পৃ. ৩৬

দোষহেতু বিষয়ে অনধিকারি ব্যক্তির গৃহীত দত্তকের অধিকার, সঙ্কুচিত বোধ হইতেছে—অর্থাৎ সে দত্তককে দত্তকের সমুদায় স্বত্ব বর্ত্তে না।—এসট্রেঞ্জ হি. ল. ব. ১. পৃ. ৭৫।

‡ গৃহস্থ ভিন্ন অন্য আশ্রমী অথবা অন্ধ, ক্লীব বা অন্যরূপ অনধিকারী ব্যক্তি দত্তকগ্রহণ করিলে তাহা সিদ্ধ কি না তদ্বিষয়ে সন্দেহ হইতে পারে, অধিক শুদ্ধ মত এই যে বর্ণিত ব্যক্তিদের মধ্যে কেহ দত্তক লইলে তাহা সিদ্ধ। পরন্তু ইহা সঙ্গতই বোধ হইতেছে যে দত্তকগ্রহীতা যে বিষয়ে শাস্ত্রতঃ অনধিকারী তাহাতে তাহার গৃহীত দত্তকের স্বত্ব হইতে পারে না।—সদরল্যাণ্ডের সিনপসিস, পৃ. ১৪৮।

ক্লীবাদির দত্তক গ্রহণ বিষয়ে সদরল্যাণ্ডসাহেব নিজ সিনপসিসের ৪ সংখ্যক নোটে যে মত লিখিয়াছেন তদ্‌যথা,—"দত্তক গ্রহণ প্রমাণে ধৃত মনুবচনস্থ—"অপুত্র" পদের ব্যাখ্যা এই করা হইয়াছে যে যাহার পুত্র মরিয়াছে অথবা যাহার পুত্র জন্মে নাই সে অপুত্র। এতদুভয়ের প্রথম ব্যাখ্যা প্রকাশ্য রূপে ও দ্বিতীয় উহ্যরূপে কেবল গৃহির প্রতি খাটে ইহা বোধ করা যাইতে পারে। অপিচ মেধাতিথির উক্তি এই যে 'পুত্রোৎপাদন বিষয়ক যে শাস্ত্রাদেশ তাহা উক্ত রূপ ব্যক্তি কর্ত্তৃকই যথাকথঞ্চিৎরূপে সম্পন্ন হইতে পারে'। পরন্তু এই সকল দ্বারা মৃতভার্য্য ব্যক্তির গৃহীত দত্তক তো অসিদ্ধ হইতে পারেই না, কিন্তু অবিবাহিত ব্যক্তির গৃহীত দত্তকও অসিদ্ধ হইতে পারে না। ফলতঃ মেধাতিথির উক্ত উক্তি অপুত্র গৃহির

The *Dattaka-mimánsá*, Sect. II. § 45. The *Dattaka-chandriká*, Sect. I. § 28.—*Ante*, pp. 824, 826, 828, 830, & 832. authority.

It should be here remarked, that no law is found expressing that a son shall not be adopted by one who has not contracted a marriage.—Coleb. Dig. vol. III. p. 252. „

497. A man who is not a householder (*grihi*)* has also a right to adopt a son.‡ Vyavastha.

The *Dattaka-mimánsá*, Sect. II. § 45.—*Ante*, pp. 826—832. authority.

It should not be argued that one, who has no wife, being (consequently) excluded from the order of a householder, cannot properly adopt a son, this being an act mentioned when treating of the order of a housekeeper or married man. There is no argument (to support such an induction.) Accordingly it is recorded in the *Bhárata* that *Vyása* and others, who had contracted no marriages, nevertheless obtained sons, namely, *Sukadeva* and others. He who happens to have no wife, (whether he had contracted no marriage, or his wife have died or be forsaken by him,) either has not completed the ceremonies which perfect (twice born) men, or belongs to no order; but it is contrary to common sense that, although the form of adopting a son given have been observed, the adoption should be void.—Coleb. Dig. vol. III. pp. 252, 253. „

498. The impotent and the rest,† who, though incapable of inheriting, are capable of adopting.‡ Vyavastha.

* See the section treating of marriage, *ante*, p. 708, note.

† By the term "rest" are meant the outcast and his issue, a person born blind or deaf, one lame, a madman, an idiot, one dumb, a person afflicted with leprosy or such other incurable disease. (See the following chapter, entitled " Exclusion from Inheritance.") Those of them, however, who are bereft of reason, are of course incapable of adopting.

‡ The *Dattaka-chandriká*, which in this respect is of paramount authority in Bengal, admits (though indirectly) the right of the impotent and the rest, who do not inherit, of adopting sons, but denies that the sons adopted by them have any right to inherit the estate of their paternal grandfathers, except to maintenance only.—See D. Ch. Sect. IV. § 1.

Adoption by one, being himself, through any of the operative causes, incapable of inheriting, seems to be of a qualified nature, not entitling the adopted to the full rights of his condition Str. H. L. vol. I. p. 65.

‡ A doubt might be entertained, as to the validity of an adoption, by one not being in the order of the *grihi* (the householder or married man,) or by a blind, impotent,, or other person, disqualified from inheriting. The more correct opinion, however, appears to be, that an adoption by any of the persons described, would be valid: though it seems reasonable, that the affiliation, of one excluded from inheritance, should confer no right of succession on the adopted, of which the adopter is debarred by law.—Sutherland's Synopsis, p. 148.

Mr. Sutherland's remarks, on the subject of adoption by the impotent and the rest, as contained in Note IV appended to his Synopsis, are as follows: " The expression *'apputtra'*—destitute of male issue—occurring in the texts of *Manu*, cited as authorities for adoption, is explained, as intending, one whose son may have died, and one to whom no son may have been born.—The first explanation obviously, and the second by implication, may be construed as solely referring to the *'grihi'* or married man.—Again, the *Medhátithi* declares, that the scriptural precept enjoining the production of a son, must positively in some way be fulfilled by a person of the description noticed. These, however, do not appear sufficient

প্রমাণ। ক্লীবাদির দারপরিগ্রহ সঙ্গত না হইলেও দত্তকাদিরূপ পুত্রকরণ সম্ভব হয়। ঐ।

"তাহাদের ঔরস ও ক্ষেত্রজ পুত্রেরা নির্দ্দোষ হইলে ভাগহারি হয়"*। এই যাজ্ঞবল্ক্য বচনানুসারে স্মার্ত্তরা কহেন কুষ্ঠী প্রভৃতির ঔরস ও ক্ষেত্রজ পুত্রই দায়াধিকারি, অন্য পুত্র নয়,—কিন্তু ইহা সমীচীন নয়, যেহেতু পুত্রিকাদি ও দত্তকাদি পুত্রেরা নিরপরাধি এবং মন্বাদির বচনে ঔরস ও ক্ষেত্রজ বিশেষে উক্ত হয় নাই। এবঞ্চ যাজ্ঞবল্ক্য বচনে মনুবচনের সঙ্কোচ হইতে পারে না, পরন্তু যাজ্ঞবল্ক্য বচন যে মনুবচনের উপলক্ষণ মাত্র ইহা নির্ব্বিবাদ, কেননা—'বেদার্থের সঙ্কলনহেতু মনুরই প্রাধান্য, মনুর অর্থের বিপরীত যে স্মৃতি তাহা প্রশস্ত নয়'—এই বচনে বৃহস্পতি কর্ত্তৃক মনুরই প্রাধান্য কথিত হইয়াছে।—বিবাদভঙ্গার্ণব।

ক্লীবাদের্দারপরিগ্রহ সংগ্রহাভাবেঽপি দত্তকাদিরূপ পুত্রকরণং সম্ভবতি। ঐ।

"ঔরস ক্ষেত্রজস্তেষাং নির্দ্দোষা ভাগহারিণঃ"*।—ইতি যাজ্ঞবল্ক্য বচনে ঔরস ক্ষেত্রজয়োরেব কুষ্ঠ্যাদীনাং পুত্রয়োর্দায়াধিকারো নান্যেষামিত্যাহুস্তন্ন মনোরমং পুত্রিকাপুত্রাদের্দত্তকাদেশ্চানপরাধিত্বাৎ মন্বাদিবচনে ক্ষেত্রজৌরসয়োর্বিশেষানভিধানাচ্চ। নচ যাজ্ঞবল্ক্য বাক্যাৎ মনোঃ সঙ্কোচঃ মনুবচনাদ্বা যাজ্ঞবল্ক্য বচনস্যোপলক্ষণতা ইত্যত্র বিনিগমকাভাব ইতি বাচ্যং,—'বেদার্থোপনিবন্ধৃত্বাৎ প্রাধান্যং হি মনোঃ স্মৃতম্। মন্বর্থবিপরীতা যা সা স্মৃতির্ন প্রশস্যতে'। ইতি বৃহস্পতিনা মনোঃ প্রাধান্যকথনাৎ। বিবাদভঙ্গার্ণবঃ।

ব্যবস্থা। ৪৯৯ তথাপি দত্তকগ্রহণের পূর্ব্বে কুষ্ঠাদি পাপরোগগ্রস্তদের কৃতপ্রায়শ্চিত্ত হওয়া আবশ্যক।

৪৯৯ তথাপি কুষ্ঠাদিপাপরোগীনাং দত্তকগ্রহণাৎ প্রাক্ প্রায়শ্চিত্তমাবশ্যকং।

প্রমাণ। যেহেতু ঐ পাপরোগজন্য যে অশুচিতা বা অ-

তৎপাপরোগজন্যাশুচিতায়া অযোগ্যতায়া

পক্ষেই কেবল দত্তক গ্রহণের অধিক আবশ্যকতা বোধক এমত বিবেচনা করা যাইতে পারে। কেবল গৃহীর দত্তক আবশ্যক এই যে মত ইহা বিবাদ ভঙ্গার্ণবে (অর্থাৎ কোলব্রুকের অনুবাদিত ডাইজেষ্টে) জগন্নাথ ভ্রমময় বলিয়া ত্যাগ করিয়াছেন। ক্লীব, পতিত, তৎসুত, পঙ্গু, উন্মত্ত, ও তদ্রূপ দোষগ্রস্ত আরং ব্যক্তিরা বিষয়ে অনধিকারি। তাদৃশ ব্যক্তিদের গৃহীত দত্তকের সিদ্ধতা বিষয়ে মিতাক্ষরার লিখন জন্য সন্দেহ উপস্থিত, তাহা এই যে—'যাজ্ঞবল্ক্য বচনে অনধিকারি ব্যক্তিদের ঔরস ও ক্ষেত্রজ মাত্র পুত্রের বিষয়াধিকার বিশেষে উক্ত হওয়াতে, তাহাদের কর্ত্তৃক অন্যরূপ পুত্রগ্রহণ নিষিদ্ধ অভিপ্রেত হইয়াছে'—। দত্তকচন্দ্রিকাকার উক্ত বা তাদৃশ বচনানুসারে অনধিকারি ব্যক্তিদের দত্তকগ্রহণ বিহিত না হওয়া হেতুবাদে তাদৃশ ব্যক্তিদের গৃহীত তাদৃশ পুত্রের পৈতামহ ধনে অনধিকার কহিয়াছেন। যাহা হউক, আরং প্রমাণাভাবে অনধিকারি ব্যক্তির গৃহীত দত্তক অসিদ্ধ করিতে উপরি উক্ত প্রমাণ যথেষ্ট রূপ সাধারণ বিধান বলিয়া স্বীকার করা যাইতে পারে না। ফলতঃ দত্তকচন্দ্রিকাকার তাদৃশ মত কথন ব্যতিরেকে কেবল তাদৃশ দত্তকের পৈতামহ ধনে অধিকার থাকা অস্বীকার করিয়াছেন, এবং বোধ হয় মিতাক্ষরাকারেরও এই বই অভিপ্রেত ছিল না।

উক্ত সাহেবের উক্ত উক্তি প্রতি বক্তব্য এই যে তিনি—দত্তকচন্দ্রিকাকারের উক্তিতে অনধিকারি ব্যক্তিদের দত্তকগ্রহণ বিহিত না হওয়া যে লিখিয়াছেন তাঁহার এই উক্তিটী মাত্র অযথাযথ বোধ হইতেছে, কেননা উল্লিখিত দত্তকচন্দ্রিকাকারের অবিকল উক্তি এই যে "অথান্ধ পঙ্গু প্রভৃতি পুত্রাণাং ধনানধিকারিতয়া তদৌরস ক্ষেত্রজয়োরেব পিতামহ ধন ভাগিত্ব শ্রুতের্ন তদ্গৃহীত দত্তক পুত্রাদেঃ পিতামহ ধনাধিকারঃ, কিন্তু ভরণমাত্রং"। অর্থাৎ অন্ধ পঙ্গু প্রভৃতি পুত্রেরা ধনাধিকারি না হওয়াতে এবং তাহাদের ঔরস ও ক্ষেত্রজ পুত্রেরই কেবল পৈতামহ ধন ভাগিতা শ্রুত হওয়াতে তাহাদের গৃহীত দত্তক পুত্রাদির পৈতামহ ধনে অধিকার নাই, কিন্তু অন্নাচ্ছাদন মাত্রে অধিকার।—ইহাতে স্পষ্ট যে উক্ত গ্রন্থকর্ত্তা অন্ধ প্রভৃতির দত্তকাদি পুত্র হওয়া উল্লেখচ্ছলে স্বীকার ও তাহারদিগকে ভরণ মাত্র দান বিধান করিয়া কেবল তাহাদের পৈতামহ ধনে অধিকার না থাকা কহিয়াছেন। দ্রষ্টব্য দ. চ. পৃ. ৩৩।

* মিতাক্ষরাকার উক্ত (যাজ্ঞবল্ক্য) বচনের যে ব্যাখ্যা করিয়াছেন তদ্যথা,—"ঔরস ও ক্ষেত্রজ পুত্রের বিশেষে উল্লেখ হওয়াতে অন্যরূপ পুত্র গ্রহণ নিষিদ্ধ ইহা জ্ঞেয়"। মিতাক্ষরার এই মত বিবাদভঙ্গার্ণবের উপরি ধৃত হেতুবাদদ্বারা উত্তম রূপে খণ্ডিত হইয়াছে, বিশেষতঃ ক্লীবাদি কর্ত্তৃক ক্ষেত্রজ ভিন্ন অন্যরূপ পুত্র গ্রহণ দত্তকচন্দ্রিকাতে নিষিদ্ধ না হইয়া বরং স্বীকৃত হওয়াতে তাহা অন্ততঃ এতদ্দেশে অনিষিদ্ধ বোধ করিতে হইবে।

Although the eunuch and the rest should not marry, they may adopt children such as sons given and the rest.—Coleb. Dig. vol. III. p. 321. Authority

"But their sons, whether begotten in lawful wedlock, or procreated by a kinsman on the wife duly authorised, may take shares, provided they have no disability."*—(*Jágnyavalkya.*) On this text commentators remark, that two (descriptions of) sons of lepers and the rest, namely, one legally begotten, and one produced by a wife duly authorised, but not other sons, are capable of inheriting. This is not satisfactory: for the issue of an appointed daughter, the son given, and the rest, are faultless; and the offspring of the wife, and the son legally begotten, are not specially mentioned in the texts of *Manu* and the rest. It should not be argued, that no ground of preference exists whether the text of *Manu* shall be restricted as bearing the same import with the text of *Jágnyavalkya*, or this be shall considered as exhibiting instances which elucidate the meaning of the other.—"*Manu* holds the first rank among legislators, because he has expressed in his code the (whole) sense of the *Veda*; no code is approved which contradicts the sense of any law promulgated by *Manu*." (*Vrihaspati.*)—*Vivádabhangárnava*, or Coleb. Dig. vol. III. pp. 322, 323.

499 A man afflicted with leprosy or such other sinful disease is, however required to perform penance previous to his adopting a son. V[illegible] tha

Since he would not be capable of performing the religious rites, necessary on the occasion. Auth[illegible]

grounds to pronounce the illegality of an adoption made, generally by a man who may not have married or still less one whose wife may have died. In fact, the passage in question of *Medhátithi* may be regarded as merely enjoining the more obligatory necessity, for a married man, having no male issue, to adopt a son. *Jagannátha*, in the *Vivádabhangárnava*, or Digest, translated by Mr. Colebrooke, expressly rejects as erroneous the doctrine, which would restrict adoption to a man in the order of *grihi*. The individuals excluded from inheritance are, "the impotent person, the outcast and his issue, one lame, a mad man, an idiot, a blind man, a person afflicted with an incurable disease, and others similarly disqualified." The admissibility of a doubt, as to the legality of an adoption by such persons is suggested with reference to a passage in the *Mitákshará*, which declares, that, the specific mention of 'the legitimate son' and 'son of the wife' in a text of *Jágnyavalkya*, providing for the inheritance of such sons of disqualified persons, is intended to forbid the adoption, by them, of other sons. The author of the *Dattaka-chandriká* likewise arguing from the same or a parallel text, that an adopted son is not ordained for disqualified persons, excludes such son of those persons from succeeding to the estate of the paternal grandfather (D. Ch. Sect. vi.) In the absence, however, of other authorities, those alluded to, can hardly be admitted as sufficient to establish a general rule vitiating *in toto* the adoption by one, excluded from inheritance.—In fact, the author of the *Dattaka-chandriká*, without advancing such position, merely denies the right of one so adopted to inherit of his adoptive grandfather, and perhaps no more was intended by the author of the *Mitákshará*."

Of the above remark, only this passage: 'that an adopted son is not ordained for disqualified persons,'—does not seem to be accurate, as it differs from that of the *Dattaka chandriká* alluded to by the gentleman himself, which is as follows: "As sons, blind, lame, and so forth, do not inherit, and since it is ordained, that their legitimate son and son of the wife only, participate in the estate of the paternal grandfather, a son given, or other description of sons, adopted by such persons, have no right to the estate of the paternal grandfather, but maintenance only." (D. Ch. Sect. VI. § 1.) This can by no means be construed to mean that the author denied the adoption of the *dattaka* and other forms of sons by blind men and the rest, as not ordained, but that recognising such adoption by such persons he denied their heritable right in their adoptive grandfather's estate, and allowed them maintenance only.

* On this, the author of the *Mitákshará* thus comments: "—the specific mention of legitimate issue and offspring of the wife, is intended to forbid the adoption of other sons." (See D. Ch. sect. VI Note 1.)—This exposition of the *Mitákshará* has been well refuted by the passage in the *Vivádabhangárnava* already cited. More especially the adoption of the other descriptions of sons by impotent and the rest not being prohibited in the *Dattaka-chandriká*, must be taken not to have been prohibited, at least in this country.

যোগ্যতা তাহা প্রায়শ্চিত্তদ্বারা দূর না হইলে পুত্রেষ্টি যাগাদি দত্তকগ্রহণ ক্রিয়া করিতে অধিকার হয় না*। পরন্তু দত্তকগ্রহণ করিতে পত্নীকে অনুমতি দিবার নিমিত্তে প্রায়শ্চিত্ত করার তাদৃক্ আবশ্যকতা নাই, যেহেতু পত্নীকে যে পুত্র গ্রহণানুমতিদান সে তদ্গর্ভে পুত্রোৎপাদনের তুল্য, এবং কুষ্ঠাদি পাপরোগিরা কৃতপ্রায়শ্চিত্ত হইয়া পুত্র জন্ম দিবেক এমত শাস্ত্রে দৃষ্ট হয় না।

বা প্রায়শ্চিত্তেনাপাকরণম্বিনা পুত্রেষ্ট্যাদি দত্তকগ্রহণক্রিয়া সম্পাদনে তস্যানধিকারিত্বাৎ*। পরন্তু পত্ন্যা দত্তকগ্রহণানুজ্ঞাদানায় প্রায়শ্চিত্তস্য ন তাদৃগাবশ্যকতা,—যতঃ পত্ন্যা যৎ পুত্রগ্রহণানুজ্ঞাদানং তত্তদ্গর্ভে পুত্রোৎপাদন তুল্যং,—এবং কুষ্ঠাদি পাপরোগিণাং পুত্রোৎপাদনাৎপ্রাক্ প্রায়শ্চিত্তস্যাবশ্যকতাস্তীত্যত্র শাস্ত্রং ন দৃশ্যতে।

ব্যবস্থা ৫০০ পুত্রপদে—পৌত্রের ও প্রপৌত্রেরও উপলক্ষণ হওয়াতে,†—ক্রিয়ার্হ পুত্র পৌত্র ও প্রপৌত্রাভাবেই দত্তকগ্রহণাধিকার হয়, তাহাদের এক জন থাকিতেও হয় না‡।

৫০০ পুত্রপদস্য পৌত্রপ্রপৌত্রয়োরপ্যুপলক্ষণাৎ†—ক্রিয়ার্হ প্রপৌত্রপর্য্যন্তাভাবে-এব দত্তকগ্রহণাধিকারঃ, নতু তেষামেকস্মিন্ সত্যপি‡।

প্রমাণ বিশ্বামিত্র প্রভৃতি পুত্রবন্ত হইয়াও দেবরাতাদিকে পুত্রগ্রহণ করার যে নিদর্শন, তাহা 'অপুত্র কর্ত্তৃক হই'—ইত্যাদি শ্রুতির বিরুদ্ধ হওয়াতে, শ্রুতি বিহিত নয় ইহা বিবেচ্য।—দ. মী. পৃ. ৫।

যত্তু বিশ্বামিত্রাদীনাং পুত্রবতামপি দেবরাতাদি পুত্রপরিগ্রহলিঙ্গ দর্শনং তদপুত্রেণৈবেত্যাদি শ্রুতি বিরোধাৎ ন শ্রুত্যনুমাপকামিতি ধ্যেয়ম্।—দ. মী. পৃ. ৫।

,, পুত্রপদ পৌত্র প্রপৌত্রেরও উপলক্ষণ, যেহেতু—"পুত্রদ্বারা লোক জয়ী হয়, পৌত্র দ্বারা অনন্তজীবন পায়, ও পুত্রের পৌত্রদ্বারা সূর্য্যলোক প্রাপ্ত হয়"—ইত্যাদি বচনে পৌত্রাদিদ্বারা বিশিষ্ট লোক প্রতিপাদিত, এবং 'অপুত্রের স্বর্গ নাই' ইত্যাদি বচনে স্বর্গের অপ্রাপ্তির পরিহার হয়। শ্রাদ্ধতর্পণার্থেই যে পুত্রপ্রতিনিধিকরণ ইহা বাচ্য নয় যেহেতু "পুত্র পৌত্র ও প্রপৌত্র তদ্বদ্বা ভ্রাতৃ সন্ততি"§ এই বচনে তাহাদের দুয়েরো তাহাতে অধিকার জানা যাইতেছে।—দ. মী. পৃ. ৬।

পুত্রপদং পৌত্রপ্রপৌত্রয়োরপ্যুপলক্ষণম্,—পুত্রেণ লোকান্ জয়তি পৌত্রেণানন্ত্যমশ্নুতে। অথ পুত্রস্য পৌত্রেণ ব্রধ্নস্যাপ্নোতি পিষ্টপমিতি পৌত্রাদিনা বিশিষ্টলোক প্রতিপাদনেন নাপুত্রস্য লোকোঽস্তীত্যাদালোকতা পরিহারাৎ। নচ পিণ্ডোদকদানার্থং তৎকরণমিতি বাচ্যম্,—পুত্রঃ পৌত্রঃ প্রপৌত্রশ্চ তদ্বদ্বা ভ্রাতৃসন্ততিরিত্যনেন§ তয়োবরপি তদধিকারাবগমাৎ।—দ. মী. পৃ. ৬।

ব্যবস্থা ৫০১ কিন্তু ক্রিয়াতে অযোগ্য ও বংশরক্ষণে অক্ষম পুত্র পৌত্র প্রপৌত্র থাকিতেও দত্তকগ্রহণে অধিকার আছে¶।

৫০১ কিন্তু সত্যপি পুত্রে পৌত্রে প্রপৌত্রে বা ক্রিয়ানর্হে বংশকরাক্ষমে বা অস্ত্যেব দত্তকগ্রহণাধিকারঃ¶।

* অনধিকারি প্রকরণ দ্রষ্টব্য। † দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ৮২৯, ৮৬১।

‡ দ্রষ্টব্য—দ. চ. পৃ. ১, ২, ৩। ব্য. দ. ৮২৯, ৮৬১ সিনপ্সিস্ পৃ. ১৪৮।

§ এই বচনের অবশিষ্ট ভাগ—"সপিণ্ড সন্ততির্ব্বাপি ক্রিয়ার্হা নৃপ জায়তে"। বিষ্ণুপুরাণ।

¶ পুত্রকরণের প্রধান কারণ মৃত পিতার উদ্দেশে পুত্রের প্রদানীয় জল পিণ্ড সংস্থানের আবশ্যকতা, তাহার উপর পিতৃদের পরম সুখ নির্ভর করে, অতএব দত্তকগ্রহণোন্মুখ ব্যক্তির তত্তৎ ক্রিয়াকরণার্হ পুং সন্ততিহীন হওয়া চাই।—সন্ততি পদে পৌত্র ও প্রপৌত্র-ও বোধ্য। ইহা হইতে এই নিষ্কর্ষ হইতে পারে যে তাদৃশ পুং সন্ততি বাঁচিয়া থাকিয়াও যদি শাস্ত্রোক্ত (জাতি পাত বা পাতিত্য বৎ) কোন দোষে উক্ত ক্রিয়াদি করণে অক্ষম হয়, তবে শাস্ত্রানুসারেই দত্তকগ্রহণ করা যাইতে পারে।—সদরল্যাণ্ডের সিনপ্সিস্, পৃ. ১৪৮।

unless the impurity or disability caused by such disease (which is the sign of crime) be removed by penance.* But to authorise his wife to adopt, he is not indispensably required to perform the penance in question, inasmuch as the act of outhorising one's own wife to adopt a son is equal to his begetting a son in her, and the law nowhere provides that a man afflicted with a sinful disease must perform the penance before his proceeding to do so.

500 The term 'son' comprehending also the son's son, and son's grandson (in the male line,)†—he who is destitute of these, capable of performing the exequial rites and prolonging his lineage, can alone adopt a son, and not the person who has any of such issue in existence.‡ Vyavastha'

As for the instance, appearing, of the adoption as sons of *Devaráta* and the rest by *Vishwámitra*, and others, although possessing male issue: that, from its repugnancy to the revealed law, as contained in passages before quoted, must be understood not to imply the existence of a revelation (authorising the act.)—D. Mím. Sect. I. § 10. authority.

The word son is inclusive also of the son's son, and grandson (in the male line,) for (through these) the exclusion from heaven, denounced in such passages as "Heaven awaits not one destitute of a son," is removed: since it is declared in the text subjoined that the mansions of the happy are attained through the grandson and the other. "By a son, a man conquers the worlds, by a son's son, he enjoys immortality: and afterwards by the son of a grandson (in the male line) he reaches the solar abode." Nor can it be alleged that the adoption of a son (though a grandson and his son exist,) is for the sake of the funeral obsequies; for from this text it appears the other two also are competent to perform such rites. "The son, son's son, and the son of a grandson, (in the male line:) like these, the offspring of a brother," § &c. &c.—*Ibid.* § 13, 14. "

501 A man though possessed of a son, grandson, or great grandson (in the male line,) incapable of performing exequial rites, or prolonging his lineage, has a right to adopt a son.¶

* See the chapter treating of exclusion from inheritance.

† See *ante*, pp. 830, 832.

‡ See Str. H. L. vol. I. p. 66. Synop. p. 148. Macn. H. L. vol. I. p. 66.

§ The remainder of this text is: "or that of a *sapinda* also, are born, Oh king! capable of performing obsequies."—*Vishnu-purána*. See. D. Mím. Sect. II. § 60.

¶ The primary reason for the affiliation of a son, being the obligatory necessity of providing for the performance of the exequial rites, celebrated by a son, for his deceased father, on which the salvation of a *Hindu* is supposed to depend, it is necessary that the person proceeding to adopt, should be destitute of male issue, capable of performing those rights. By the term issue, the son's son and grandson (in the male line) are included. It may be inferred, that if such male issue, although existing, were disqualified, by any legal impediment, (such as loss of caste,) from performing the rites in question, the affiliation of a son might legally take place.—Synop. p. 148.

কারণ যেহেতু পিণ্ডোদকক্রিয়া সম্পাদন ও বংশ-রক্ষণ পুত্রকরণের প্রয়োজন।

পিণ্ডোদকক্রিয়াযাঃ নামসঙ্কীর্ত্তনস্যচ পুত্রকরণা্য প্রয়োজনত্বাৎ।

ব্যবস্থা ৫০২ দৌহিত্রাদির জীবন দত্তকগ্রহণের প্রতিবন্ধক নয়, দত্তক অসিদ্ধ করণেরও কারণ নয়*।

৫০২ দৌহিত্রাদের্জীবনং ন দত্তকগ্রহণস্য প্রতিবন্ধকং ন বা দত্তকস্যাসিদ্ধেঃ কারণং*।

কারণ যেহেতু—'অপুত্রের পুত্র কর্ত্তব্য' ইত্যাদি বচনে পুত্রপদে পৌত্র প্রপৌত্র বই অন্য কেহ বুঝায় না।

'অপুত্রেণ সুতঃ কার্য্য' ইত্যাদি বচনে পুত্রপদস্য পৌত্রপ্রপৌত্রযোরেব উপলক্ষণত্বাৎ,নান্যস্য।

৫০৩ দত্তক পুত্র গৃহীত হইলে ও সে দোষযুক্ত না হইলে তদ্গ্রহীতা অন্য দত্তক গ্রহণ করিতে পারে না†।

৫০৩ গৃহীতে দত্তকে সতি চ তস্মিন্ দোষরহিতে তদ্গ্রহীতা পুত্রান্তরং গ্রহীতুং নার্হতি†।

কারণ যেহেতু গৃহীত দত্তকদ্বারা পুত্রের প্রয়োজন সিদ্ধ হওয়াতে অপর পুত্রপ্রতিনিধি অপ্রয়োজক, অশাস্ত্রীয়ও বটে।

গৃহীতদত্তকেনৈব পুত্রপ্রয়োজনস্য সিদ্ধেরপর পুত্রপ্রতিনিধের প্রয়োজকত্বাৎ, শাস্ত্রাসম্মতত্বাচ্চ।

* দত্তকগ্রহণশীল ব্যক্তির পুত্র পৌত্র ও প্রপৌত্রহীন হওয়া চাই (দত্তক মীমাংসা ধৃত শৌনক বচন)। 'কন্সিডরেসন্স্ অন্ দি হিন্দু ল' নামক গ্রন্থলেখক দৌহিত্রবান্ ব্যক্তি দত্তকগ্রহণ করিতে পারে কি না এই সন্দেহ করিয়াছেন (দ্রষ্টব্য—কন্. হি. ল. পৃ. ৫০)। কিন্তু এ সন্দেহ অমূলক। ইংরাজিতে পৌত্র ও দৌহিত্রের অনুবাদ অবিশেষে "গ্রাণ্ড্সন্" শব্দদ্বারা হওয়াতে এই সন্দেহ উপস্থিত হইয়া থাকিবে। মে. সদরল্যাণ্ড্ সাহেব নিজ সিনপ্সিসে যথার্থরূপেই লিখিয়াছেন যে যদি পুং সন্ততি থাকে ও সে শাস্ত্রীয় কোন প্রতিবন্ধকে (যথা জাতি পাতে) শ্রাদ্ধাদি করিতে অক্ষম হয় তবে দত্তকগ্রহণ করা যাইতে পারে। 'সমরি অব্ দি হিন্দু ল' নামক গ্রন্থের ৬৮ পৃষ্ঠায় লিখিত আছে যে ঔরস পুত্র পাগল হইলে তৎ পিতামাতার দত্তকগ্রহণ কর্ত্তব্য নয়, কিন্তু এই মতে এবং তদ্গ্রন্থস্থ এই মত আরং মতে আমি কিছু মাত্র সম্মত হইতে পারি না। মেক্. হি. ল. বা. ১, পৃ. ৬৬, ৬৭।

† নিষ্কর্ষ এই যে কোন পুরুষ এক বালককে দত্তকগ্রহণ করিলে এবং ঐ বালক বাঁচিয়া থাকিলে, সে অন্য বালককে পুত্র করিতে পারে না। কেননা দত্তক মীমাংসাতে লিখিত আছে যে—"যাহার পুত্র জন্মে নাই কিম্বা যাহার পুত্র মরিয়াছে সেই অপুত্র"—যেহেতু শৌনক বচন এই যে "যাহার পুত্র জন্মে নাই অথবা যাহার পুত্র মরিয়াছে সে পুত্রের নিমিত্তে উপবাস করিয়া ইত্যাদি"।—ইহাও ব্যবস্থাপিত হইয়াছে যে যদিও সপত্নীপুত্রের মরণ সত্ত্বে দত্তকগ্রহণের অনুমতি সিদ্ধ, তথাপি সপত্নী পুত্রের সহিত অনৈক্য হইলে ঐ পুত্রের জীবন কালে দত্তকগ্রহণ করিবার অনুমতি দত্ত হইলে তাহা সিদ্ধ নয়।—মেক্. হি. ল. বা ১, পৃ. ৮০, ৮৬।

সর টামস্ এস্‌ট্রেঞ্জ সাহেব কহেন—"যেহেতু স্বয়ং কোন পুরুষকর্ত্তৃক কিম্বা তাহার অনুমতিপ্রাপ্তা পত্নীগণ কর্ত্তৃক পরং দুই দত্তকগ্রহণে কোন বাধা নাই, এতাবতা পতির মতি ও ইচ্ছা হইলে প্রথম বর্ত্তমানেও দ্বিতীয় দত্তকগ্রহণ করা হইতে পারে, এবং তাহা—'এষ্টব্যা বহবঃ পুত্রা যদ্যপ্যেকো গয়াং ব্রজেৎ' অর্থাৎ বহু পুত্র বাঞ্ছনীয় (যেহেতু) তন্মধ্যে এক জনও যদি গয়ায় যায় এই বচন প্রমাণে ভবিতব্য। এস্‌ট্রে. হি. ল. বা. ১, পৃ. ৬৬।

এই উক্তির শেষ ভাগ, অর্থাৎ "এতাবতা পতির মতি ও ইচ্ছা হইলে প্রথম বর্ত্তমানেও দ্বিতীয় দত্তকগ্রহণ হইতে পারে"—এই ভাগ বিরুদ্ধ বোধ হইতেছে, কেননা প্রথমতঃ এক দত্তক পুত্রেই পুত্রের প্রয়োজন সিদ্ধ হওয়াতে ঔরসের আর প্রতিনিধিকরার আবশ্যকতাভাব;—দ্বিতীয়তঃ শাস্ত্রের কোন স্থলে এমত লিখিত নাই যে এক দত্তক পুত্র থাকিতে অন্য দত্তকগ্রহণ করা যাইতে পারে, প্রত্যুত শাস্ত্রে ঔরসপ্রতিনিধি শব্দ সর্ব্বদাই এক বচনে ব্যবহৃত হইয়াছে, তৃতীয়তঃ—এক দত্তকগ্রহণ মাত্রেই গ্রহীতা পুত্রবান্ হয়, এবং কোন ব্যক্তি পুত্রবান্' হইলে দত্তকগ্রহণ করিতে শাস্ত্রে স্পষ্টতঃ প্রতিসিদ্ধ হইয়াছে (দ্রষ্টব্য দ. মী. পৃ. ১, ৫, ও ৬। দ. চ. পৃ. ২ ও ৩। ব্য. দ. পৃ. ৮২৯, ৮৩১।

"বহু পুত্র বাঞ্ছনীয় যদি তাহাদের মধ্যে এক জন-ও গয়ায় যায়"—এই বচন হইতে উক্ত মত নিষ্কৃষ্ট হইয়াছে বটে, কিন্তু ঐ বচনটি ঔরস পুত্রদের প্রতি প্রযুজ্য, দত্তকদের প্রতি নয়, ইহা উক্ত পণ্ডিতবর সাহেব সদরদেওয়ানী আদালতীয়

Inasmuch as the object of adopting a son is the presentation of the oblations of food and libations of water, and the prolonging of one's lineage. Reason.

502 The existence of a daughter's son and the rest is no bar to the adoption of a son, or no ground to invalidate such adoption, if made.* Vyavasthá.

Since the word "son" in the texts, " By a man destitute of a son, &c." (*ante*, pp. 830, 832) comprehends only the son, son's son, and son's grandson, in the male line, and no one else. Reason.

503 A man, having adopted a boy, and that boy being alive, free from any legal defect, cannot adopt another.† Vyavasthá.

For the object of having a son being attained by the one already adopted, it is unnecessary to adopt another and unwarranted by the law to do so. Reason.

---

* It is required that the party adopting should be destitute of a son, son's son, and son's grandson (*Sounaka* cited in *Datt. Mim.*) It has been doubted by the author of the Considerations, (p. 150,) whether a man having a grandson by a daughter cannot adopt a son, but there is no solid foundation on which such a doubt can rest. It must have originated in the indiscriminate use of the word "grandson" in the English translations, as applicable to the daughter's son as well as to the son's son. Mr. Sutherland, in his Synopsis, page 212, infers, and justly, that if male issue exist who are disqualified by any legal impediment (such as loss of caste) from the performance of exequial rites, the filiation of a son may legally take place. In the Summary of *Hindu* Law, p. 48, it is laid down as a rule, that the insanity of a begotten son would not justify adoption by the parent; but to this and other general positions laid down in that work I can not altogether accede. --Macn. H. L. vol. I. pp. 66, 67.

† It is clear that a man, having adopted a boy, and that boy being alive, he cannot adopt another. It is written in the *Dattak-mimansá*. " A man destitute of a son (*aputtra*) is one to whom no son has been born, or whose son has died: for a text of *Sounaka* expresses: " one to whom no son has been born, or whose son has died, having fasted for a son, &c." And it has also been ruled that authority to a wife to adopt, in the event of disagreement between her and a son of the husband, then living, will not avail, though authority to adopt, in the event of that son's death, would be valid. *Ibid.* pp. 80 - 86.

Sir Thomas Strange says: " As there exists nothing to prevent two successive adoptions, the *first* having failed, whether effected by a man himself, or by his widow or widows after his death, duly authorised, so, even where the first subsists, a second may take place, such having been the pleasure and will of the husband; upon the principle of ' many sons being desirable, that some one of them may travel to *Goyá*'; - a pilgrimage, considered to be particularly efficacious, in forwarding departed spirits beyond their destined place of torture (vol. I. p. 66.)

The latter part of this observation, namely, " so, even where the first subsists, a second may take place, such having been the pleasure and will of the husband,"—appears to be objectionable. In the first place, one adopted son being sufficient for the purpose, there is no necessity of adopting another substitute for the legitimately begotten son; secondly, the law has no where provided that during the existence of one son another may be adopted; on the contrary it has always used the term 'substitute for a (legitimately begotten) son in the singular number; thirdly, as soon as a man adopts a son he is father of male issue, and a man having male issue (in the male line) is expressly prohibited by the law to adopt another. (See *ante*, pp. 830, 832.)

As to the principle of ' many sons being desirable, that some one of them may travel to *Goyá*,' upon which such inference is drawn, it applies to sons begotten and not adopted.—See the case of

৫০৪ পরন্তু যদ্যপি পুত্রের প্রয়োজন সাধনযোগ্য ঔরস বা দত্তক পুত্র, কিম্বা পৌত্র বা প্রপৌত্র থাকিতে কোন ব্যক্তি দত্তকগ্রহণে অক্ষম, তথাপি পত্নীকে এমত অনুমতি দিতে পারে যে—যদি তৎসন্ততির (নির্দ্দোষ) পুত্রহীনাবস্থায় নিধন হয় তবে অন্য পুত্রগ্রহণ করিবে*।

৫০৪ পরন্তু যদ্যপি সত্যৌরসে দত্তকে পৌত্রে প্রপৌত্রে বা পুত্রপ্রয়োজনসাধনযোগ্যে ন কোঽপি পুত্রান্তরগ্রহণক্ষমস্তথাপি পত্নৈ্য এবমনুমতিং দাতুমর্হতি,—যদি তৎসন্ততেঃ (নির্দ্দোষ) পুত্রহীনাবস্থায়াং নিধনং স্যাৎ তদা পুত্রান্তরং গৃহ্নীয়াৎ*।

সর্ উইলিয়ম্ মেকনাটন সাহেব কহেন—"কোন বিধবা দত্তকগ্রহণ করিতে পতির অনুমতি প্রাপ্তা হইয়া থাকিলে, ও গৃহীত সেই দত্তক মরিলে, এবং আর দত্তক গ্রহণ করণনিয়মাত্মক অনুমতি পতি হইতে প্রাপ্তা না হইয়া থাকিলে পুনর্ব্বার দত্তকগ্রহণ করিতে পারে কি না এই কথার মীমাংসা হয় নাই।—দত্তকমীমাংসার মতানুসারে ঐ কার্য্য স্পষ্টতঃ অসিদ্ধ হইবে; কিন্তু জগন্নাথের মত এই যে তদবস্থায় গৃহীত দ্বিতীয় দত্তক সিদ্ধ হইবে, যেহেতু প্রথম দত্তকগ্রহণের যে অভিপ্রায় তাহা বিফল হইল"। যদ্যপি জগন্নাথের এই মত ধর্ম্মশাস্ত্রকর্ত্তাদের বচনের বিপরীত নয়, বরং তাহা তাঁহাদের অভিপ্রায়ানুযায়ি বটে, তথাপি তাহা অবস্থা বিশেষে গ্রহণ করা ও মান্য কর্ত্তব্য,—অর্থাৎ পতি যদি বিশেষ করিয়া একমাত্র পুত্র গ্রহণ করিতে বলিয়া থাকে এবং ঐ দত্তক অপুত্রক মরিলেও যদি আর পুত্র গ্রহণ করিতে না বলিয়া থাকে তবে তদ্দত্তকের অকাল মৃত্যুতে তদ্গ্রহণের অভিপ্রায় বিফল হইলেও ঐ পত্নী আর দত্তকগ্রহণ করিতে পারে

রিপোর্টের প্রথম বালামের ১৩৩ পৃষ্ঠায় মৃত জয়মালার বিরুদ্ধে কাশীপ্রসাদ রায়ের যে মকদ্দমার উল্লেখ করিয়াছেন তাহাতেও বোধ্য, তাহা মেক্‌নাটন্ সাহেব কর্ত্তৃক স্পষ্ট কথিত হইয়াছে। অপিচ পতির মতি ও ইচ্ছার কথা যে লিখিয়াছেন, কিন্তু দৃষ্ট হইতেছে যে পতি এমত মতি বা ইচ্ছানুযায়ি কার্য্য করিতে শাস্ত্রে সম্পূর্ণরূপে নিবারিত,—যদি তাহা না হইত তবে ঔরস পুত্র থাকিতেও দত্তকগ্রহণ করিতে পারিত। এ বিষয়ে প্রিবি কৌন্সিলে যে নিষ্পত্তি হইয়াছে তাহাতে সর্ব্বাঙ্গ শুদ্ধ ও চূড়ান্ত তাহা স্থিরীকৃত হইয়াছে যে এক পুত্র (পৌত্র বা প্রপৌত্র) থাকিতে পুত্রান্তর গ্রহণ অশাস্ত্রীয় ও অসিদ্ধ।

এ বিষয়ে সর্ উইলিয়ম্ মেক্‌নাটন্ সাহেব যে মত লিখিয়াছেন তাহা অভ্রান্ত ও সিদ্ধান্ত বোধ হইতেছে, তদ্যথা—"কোন পুরুষ এক দত্তকগ্রহণ করিয়া থাকিলে এবং ঐ দত্তক বাঁচিয়া থাকিলে সে অন্য দত্তক গ্রহণ করিতে পারে না। দত্তকমীমাংসায় লিখিত হইয়াছে যে—'যাহার পুত্র জন্মে নাই বা জন্মিয়া মরিয়াছে সে অপুত্র, যেহেতু শৌনকের বচন এই যে 'পুত্রহীন অথবা মৃতপুত্র ব্যক্তি' ইত্যাদি। এতদ্বিরুদ্ধ মতাত্মক এক ব্যবস্থা আছে ও তৎ প্রমাণে উল্লিখিত বচন মনুর বলিয়া কথিত হইয়াছে কিন্তু তাহা মনুসংহিতায় দৃষ্ট হয় না, তদ্বচন যথা,—'অনেক পুত্র বাঞ্ছনীয়, যদি তাহাদের মধ্যে এক জন-ও গয়ায় যায়'। কিন্তু এই বচন স্পষ্টতঃ ঔরস পুত্রের প্রতি প্রযুজ্য। দ্রষ্টব্য জয়মালার বিরুদ্ধে কাশীপ্রসাদ রায়ের মকদ্দমা।"—স. দে. আ. রি. বা. ১, পৃ. ১৩৩; মেক্. হি. ল. বা. ১, পৃ. ৮০ ৮২।

উপরি উক্ত মকদ্দমার রিপোর্টে যুক্ত নোটে (তাহা ঐ রিপোর্টের বাতর ৪২ পৃষ্ঠায় দ্রষ্টব্য) কোল্‌ব্রুক্ সাহেব বিবেচনা করেন যে—"ঔরস বা দত্তক পুত্র থাকিতে অন্য দত্তকগ্রহণ সিদ্ধ কি না এবিষয়ে বিখ্যাত লেখকের অনৈক্যমত, তাহা সিদ্ধ হওয়া জগন্নাথের মত, কিন্তু মহাপ্রামাণিক দত্তকমীমাংসাকার তদ্বিপরীত মতবাদী"—ইহাতে সিদ্ধান্ত স্বরূপ এই মাত্র যোগ কর্ত্তব্য যে,—যেহেতু দত্তকমীমাংসাকার বা দত্তকচন্দ্রিকাকার সদৃশ মহাপ্রামাণিক লেখক তাদৃশ দত্তকগ্রহণকে সিদ্ধ বলিয়া লিখেন নাই,—প্রত্যুত তাঁহাদের মতে তাহা অগ্রাহ্যই বোধ্য,—অতএব দত্তকগ্রহণ বিষয়ে অত্যন্ত মান্য যে দত্তকমীমাংসাকার তন্মতের উপর জগন্নাথ ও তৎসদৃশ লেখকের মত প্রবল নহে, বিশেষতঃ যখন উক্ত গ্রন্থকারের মত মন্বাদি ধর্ম্ম শাস্ত্রকর্ত্তাদের মতানুমত ও জগন্নাথ প্রভৃতির মত তদ্বিপরীত তখন এই বিপরীত মত মত বলিয়া মান্য হইতে পারে না।

* ইহা স্বীকৃত হওয়াই দৃষ্ট হইতেছে যে ঔরস পুত্র থাকিতে কোন ব্যক্তি নিজমরণান্তে পত্নীকে ঐ পুত্রের মরণে দত্তকগ্রহণ করিবার অনুমতি দিতে পারে শুদ্ধ এমত নহে, কিন্তু তদ্দত্তকের অন্যথা হইলেও তৎস্থলে অন্য দত্তকগ্রহণ করিবার অনুমতি দিতে পারে।—মেক্. হি. ল. বা. ১, পৃ. ৮৩, ৮৪।

504 But, although a man, having a legitimate son of the body, or one adopted, or a son's son, or son's grandson (in the male line,) alive and competent to fulfil the object of having a son, cannot adopt another son yet he can leave permision to his wife to adopt a son in case the existing male issue die without leaving a son, (free from any of the legal defects.*) Vayvastha

"It is a disputed point," says Sir William Macnaghten, "whether a widow having, with the sanction of her husband, adopted one son, and such son dying, she is at liberty to adopt another without having received a conditional permission to that effect from her husband. According to the *Dattaka-mímánsá*, the act would be clearly illegal; but *Jagannátha* holds that the second adoption in such case would be valid, the object of the first having been defeated." Although this doctrine of *Jagannátha* is not repugnant to the texts of the legislators, but rather agreeable to the true intention of their laws, yet it ought to be received in its qualified sense, and accordingly acted upon, namely, if the husband's permission was expressly to adopt only one son, and no more, even in the event of that adopted son's dying without a son, then, notwithstanding the object of adoption would be defeated by his premature death, the widow should not adopt another, for the husband's permission is, above all, essential to the adoption by a widow, and it was

---

Gouri Prosád Roy versus *Joymálá*, (S. D. A. Rep. vol. I. p. 136.) alluded to by the learned compiler himself. Then as to the pleasure and will of the husband, the exercise of such pleasure or will of his seems to have been completely restrained by the law; had it not been so, he, while having a son, would have been competent to adopt another son.

The observation of Sir William Macnaghten on the subject in question is correct and accurate It is as follows:—"It is clear, that a man having adopted a boy, and that boy being alive, he cannot adopt another. It is written in the *Dattaka-mímánsá*: A man destitute of a son (*aputtra*) is one to whom no son has been born, or whose son has died, for a text of *Sounaka* expresses, "One to whom no son has been born, or one whose son has died, having fasted for a son, &c." There is a *Vyavasthá* maintaining the opposite doctrine, the authority cited for which is a verse ascribed to *Manu*, though not to be found in the Institutes: "Many sons are to be desired, that some one of them may travel to *Gayá*" But this text obviously relates to legitimate sons. See the case of *Gouree Pershaud Roy* v. *Joymálá*, p. 136. vol I. Sudder Dewanny Adawlut Reports.—Macn. H. L. vol. I. pp. 80 - 83.

Mr: Colebrooke observes (in a note to S. D. A. Rep vol I. p. 42.) "that the validity of a second adoption, while another son, whether by birth or adoption, is living, is a question on which writers of eminence have disagreed; that *Jagannátha*, in his Digest, inclines to hold it valid; but that the author of the *Dattaka-mímánsá*, a work of great authority, maintains the contrary opinion" To this it is to be added by way of conclusion that, as no writers of such eminence as that of the *Dattaka-mímánsá* or *Dattaka-chandriká* has affirmed the validity of such adoption, (nay, on the contrary, they have maintained the invalidity thereof,) the opinion of *Jagannátha* or any such writer cannot override the doctrine laid down in the *Dattaka-mímánsá*, a work of paramount and predominant authority on the subject of adoption, more, especially when its doctrine is in exact conformity with the texts of the holy legislators —*Manu* and the rest, and the opinion of *Jagannátha* is quite contrary to them.

* It seems to be admitted, that a man having a legitimate son may not only authorise his wife to adopt a son, after his death, failing such legitimate son, but also, failing the son adopted, to adopt another in his stead.—Macn. H. L. vol. I. pp. 83, 84.

না, কেননা মৃতভর্ত্তৃকার দত্তকগ্রহণে পতির অনুমতি-ই মূল,—পতির কর্ত্তব্য ছিল যে প্রথম গৃহীত দত্তকের অপুত্রাবস্থায় মরণাশঙ্কা করিয়া তাহার উপায় করিয়া যায়, তাহা না করিয়া যদি পতি তাদৃশ ব্যবর্ত্তক অনুমতি দিয়া থাকে তবে দত্তকগ্রহণাভিপ্রায় বিফল হইলে সেই সে দোষে দোষী;—পরন্তু ঐ পতির অনুমতি যদি সাধারণ হয় অর্থাৎ দত্তকগ্রহণ করণের অনুমতি যদি এক দত্তক গৃহীত হইয়া অপুত্র মরিলে আর দত্তক গ্রহণ করা বা না করার উল্লেখ বিনা দত্ত হইয়া থাকে, তবে প্রথম দত্তকের মরণে অন্য দত্তক রাখিতে পত্নীর ক্ষমতা থাকা বিবেচনা করিতে হইবে,—কেননা, তাদৃশ অনুমতিদানে তৎপতির এই অভিপ্রায়ই বুঝিতে হইবে যে ঔরস পুত্রেরকার্য্য তৎপ্রতিনিধিদ্বারা অর্থাৎ দত্তকদ্বারা সম্পন্ন হইবে, কিন্তু গৃহীত এক দত্তকের মরণহেতু তদভিপ্রায় সম্পন্ন না হইলে ধনির ও তৎ পূর্ব্বপুরুষের জলপিণ্ডলোপ ও সুখভোগ বারণ না হয় এই নিমিত্তে দত্তকান্তর গ্রহণ কর্ত্তব্য।

ব্যবস্থা। ৫০৫ সামর্থ্যাদির অভাবে স্বয়ং দত্তকগ্রহণে অক্ষম হইলেই কেবল পত্নীকে তদর্থে অনুমতিদিতে পারে*।

৫০৫ সামর্থ্যাদ্যভাবেন স্বয়ং দত্তকগ্রহণাক্ষমে এব পত্ন্যৈ তদর্থমনুমতিং দাতুমর্হতি*।

৫০৬ যেমত লেখ্যদ্বারাতেমনি বা বাক্যদ্বারাও দত্ত দত্তকগ্রহণানুমতি সিদ্ধ হয়†।

৫০৬ দত্তকগ্রহণানুমতিঃ যথা লেখ্যেন তথা বাক্যেনাপি সিদ্ধ্যতি†।

কারণ। যেহেতু তদুভয়ের একের প্রমাণ বিশিষ্টরূপে হইলেই যথেষ্ট হয়।

তদেকতরস্য বিশিষ্টরূপেণপ্রমিতত্বে পর্য্যাপ্তত্বাৎ।

ব্যবস্থা। ৫০৭ দত্তকদানাদানের-ও লেখ্য নিতান্ত আবশ্যক নয়।

৫০৭ দত্তকদানাদানস্যাপি লেখ্যং নৈকান্তাবশ্যকং।

কারণ। যেহেতু শাক্ষ্যদ্বারাও তাহা সপ্রমাণ হইতে পারে।

শাক্ষ্যেণাপি তস্য প্রমাণার্হত্বাৎ।

ব্যবস্থা। ৫০৮ ভর্ত্তার অনুমতিতে ভার্য্যা দত্তকগ্রহণ করিতে পারে, নতুবা পারে না‡§।

৫০৮ ভার্য্যা ভর্ত্তুরনুজ্ঞয়া দত্তকং গ্রহীতুং শক্নোতি, অন্যথা নার্হতি‡§।

* জীবিত ও সুস্থাবস্থায় উত্তরাধিকারির (অর্থাৎ উত্তরাধিকারি জন্মিবার) আশা করা প্রত্যেক জনেরই স্বভাব সিদ্ধ। এই নিমিত্তেই রোগগ্রস্ত হইলে পত্নীদিগকে অনুমতি দেওয়ার প্রথা আছে, তৎ পূর্ব্বে নাই।—মেক্. হি. ল. বা. ১. পৃ. ৩৯।

† পত্নীর প্রতি দত্তানুমতি সচরাচর লিখিত হইয়া থাকিলেও তাহা লিখনের আবশ্যকতাভাব; তথাচ সময় ও উপায় থাকিলে সদ্বিবেচনানুসারে লিখিত হওয়াই উচিত হয়। রাজশাহীর জমীদারের মকদ্দমায় তাহা লিখিত থাকে, (কিন্তু) অন্য এক মকদ্দমায় (অর্থাৎ নারায়ণী দেবীর বিরুদ্ধে শ্যামচন্দ্রের মকদ্দমায়) বাচনিক অনুমতি বাঙ্গলার সদরদেওয়ানী আদালত কর্ত্তৃক সিদ্ধ বিবেচিত হয়।—এস্ট্রে. হি. ল. বা. ১, পৃ. ৬৮ ও ৬৯।

লিখিত অনুমতি যে নিতান্ত আবশ্যক নয় অত্র সন্দেহ নাস্তি। কোল্‌ব্রুকের মত,—এস্ট্রে. হি. ল. বা. ২, পৃ. ৭২।

‡ দ্রষ্টব্য—মেক. হি. ল. বা. ২. পৃ. ১৭৬, ১৭৭।

§ যেহেতু কোন বিধবার (মৃত) পতির জ্ঞাতিরা দত্তকগ্রহণার্থ তাহাকে ক্ষমতা দিতে পারে (দ্রষ্টব্য ইংরাজিতে অনুবাদিত মিতাক্ষরার ১চ্যাপটরে ২সেকসনের ৯পারাগ্রাফ সক্রান্ত নোট, অতএব)—যেস্থলে বিজ্ঞানেশ্বরের ও ময়ূখের ও তত্তদ্দেশীয় আরং গ্রন্থের মত চলে, সেস্থলে বিধবার পুত্রের অনুমতি-ও নিঃসন্দেহ রূপে কর্ম্মণ্য হইবে। কিন্তু বঙ্গদেশে তদ্রূপ নহে, এখানে পতি ভিন্ন অন্যের অনুমতি অকর্ম্মণ্য।—কোলব্রুকের মত, দ্রষ্টব্য—এস্ট্রে, হি. ল. বা. ২, পৃ. ৭২।

** বঙ্গদেশে ও কাশীপ্রদেশে প্রচলিত গ্রন্থানুসারে পতি জীবন কালে দত্তকগ্রহণের অনুমতি দিয়া থাকিলে তন্মরণা-

his duty not to give such permission without providing for such contingency. But if, instead of doing so, he gave such restrictive permission, then he is in fault if the object of adoption be thus defeated.—But if the husband's permission was a general one, namely, to adopt a son without mention whether or not she could adopt another, in the event of the adopted son's dying without a son, then she seems to have power to adopt another in his stead, the meaning of her husband's permission in such case being that the object of having a begotten son must be fulfilled by the substitute for such son; so, one adopted son failing by death to fulfil that object, it is certainly implied that another substitute should be taken, in order that the obsequies of the husband and his forefathers may not cease and the celestial bliss be forfeited.*

505 The husband can authorise his wife to adopt a son, only when he is unable himself to do so.* Vyavastha.

506 A verbal authority to adopt is as valid as a written authority.† Vyavastha.

Inasmuch as either of them, when satisfactorily proved, is sufficient for the purpose. Reason.

507 A writing is not also indispensably necessary for giving or receiving a son in adoption.‡ Vyavastha.

As the fact could be established by oral as well as documentary evidence. Rea[son].

508 A wife can adopt a son under the authority of her husband, and not otherwise.§ Vyavastha.

* It is natural for every person to expect an heir, so long as he has life and health; and hence it is usual for persons, when attacked by illness, and not before, to give authority to their wives to adopt.—Macn. H. L. vol. I. pp. 99. 100.

† The authority to the widow need not be in writing, though it generally is so; as in prudence it ought to be, time and means existing. In the case of the *Zemindar* of *Rajshahy*, it was in writing; in another case (viz. *Shámchunder* versus *Nárágani Debi*) a verbal one for the purpose was held good by the Sudder Dewanny Adawlut of Bengal,—Str. H. L. vol. I. pp. 68, 69.

A written authority is doubtless not indispensable.—Colebrooke's Remark. See Str. H. L. vol. II p. 72.

‡ See Macn. H. L. vol. II. pp. 176. 177.

§ As the husband's kindred may authorise the widow to make an adoption (see note to *Mitáksh* on Inh. Ch. I. Sect. XI. § 9.) wherever the authority of *Vijnyáneswara* and *Mayúkha*. and works of the same school is followed, her son's sanction would no doubt be sufficient. It is otherwise in Bengal, where no sanction but the husband's can avail.—Colebrooke's remark *apud* Str. H. L. vol. II. p. 72.

" According to the authorities which are followed in Bengal and Benares, a woman is competent

শ্রীযুক্ত বাবু প্রসন্নকুমার ঠাকুরকর্ত্তৃক (মৃত) পতির অনুমত্যানুসারে বিধবার দত্তকগ্রহণাদি বিষয়ক যে মত লিখিত হইয়াছে, তদ্‌যথা—

"বিধবাকর্ত্তৃক দত্তকগ্রহণ বিষয়ক যে ধর্ম্মশাস্ত্র তাহা বক্ষ্যমাণ পাঁচ ভাগে বিভক্ত হইতে পারে।

১ বিধবার দত্তকগ্রহণাধিকার।—২ গ্রহীতব্য ব্যক্তির যোগ্যতা।—৩ দত্তকগ্রহণে যে২ ক্রিয়া আবশ্যক।—৪ বিহিত বিধান অপালনের ও অবশ্য কর্ত্তব্য ক্রিয়া না করণের ফল।—৫ যথাশাস্ত্র দত্তকগ্রহণের ফল।

১ বিধবার দত্তক গ্রহণাধিকার—

বঙ্গদেশ প্রচলিত গ্রন্থ সমস্তের একীভূত মত এই যে পতি জীবনকালে লিখিত বা বাচনিক অনুমতি রীতিমত প্রকাশ না করিয়া থাকিলে বিধবা দত্তক গ্রহণ করিতে পারে না। সে নিজ ক্ষমতায় পতিধনের উত্তরাধিকারি গ্রহণ করিতে অযোগ্যা। কিন্তু তন্মৃতপতি তাদৃশ অনুমতি দিয়া গেলে বস্তুতঃ পত্নীকে দত্ত কর্ত্তৃত্বদ্বারা ঐ দত্তক গ্রহণ তাহারই করা হইল, এবং যখন সেই পত্নী তদনুমত্যানুসারে কোন ব্যক্তিকে দত্তক গ্রহণ করে তখন সে প্রতিনিধিরূপে কর্ত্তার আজ্ঞাই পালন করে, এতাবতা তাহাকে দত্ত অনুমতি সিদ্ধ কি না ও তাহা পালন করিতে তাহার ক্ষমতা আছে কি না তাহা জানিতে সে বাধিতা।

২ গ্রহীতব্য ব্যক্তির যোগ্যতা—

যে ব্যক্তিকে দত্তক গ্রহণ করিতে হয় তাহাতে (এমত) কোন দোষ থাকিবে না যাহা দত্তকের কর্ত্তব্য কার্য্য সম্পন্ন করিতে তাহার প্রতি প্রতিবন্ধক হইতে পারে। সে বিশেষ বয়স্ক হইবে, এবং গ্রহীতার (এমত) কোন বিশেষ সম্পর্কীয় হইবে না (যাহাকে দত্তক গ্রহণ করিতে নিষেধ আছে,) পূর্ব্বে তাহার চূড়াকরণ না হওয়া চাই, ইত্যাদি।

৩ দত্তক গ্রহণে যে যে ক্রিয়া করা আবশ্যক—

দত্তকগ্রহণোন্মুখ ব্যক্তি নিজাভিপ্রায়ের সমাচার রাজাকে দিয়া জ্ঞাতি কুটুম্বের সমীক্ষে বিহিত বিধানানুসারে দত্তক গ্রহণে প্রবৃত্ত হইবে। কিন্তু বিধবা বিশেষ বিশেষ ক্রিয়া করণে অযোগ্যা হওয়াতে, তাহা তাহাকে ব্রাহ্মণদ্বারা সম্পন্ন করিতে হইবে। কোন অপ্রধান ক্রিয়া না করা হইলে দত্তক অসিদ্ধ হইবে না।

৪ বিহিত বিধান অপালনের ও অবশ্য কর্ত্তব্য ক্রিয়া অকরণের ফল—

ব্যবস্থাপিত হইয়াছে যে বিহিত বিধানসকল পালন বিনা দত্তক গৃহীত হইলে তাহার পুত্রত্ব সিদ্ধ হইবে না। পরন্তু সে বিবাহোপযুক্ত ধন পাইতে যোগ্য হইবে। ইহাও উক্ত হইয়াছে যে চূড়াকরণাদি সংস্কার স্বগোত্রোল্লেখে হইলে দত্তকাদি পুত্র বলিয়া বিবেচিত হইতে পারে। নতুবা তাহারা দাস কথিত হয়, এই সকল হইতে দৃট হইবে যে অবশ্য কর্ত্তব্য ক্রিয়া বিনা গৃহীত দত্তক মৃত ধনির উত্তরাধিকারী হইতে পারে না। সে বিবাহোপযুক্ত ধন পাইতে যোগ্য হইয়া তৎ পরিবারের দাস হইবে। পরন্তু এ বিষয়ে একটি সূক্ষ্ম প্রভেদ আছে,—কেননা প্রত্যেক দত্তকেরই সিদ্ধতার প্রতি দুই নিয়ম আছে। প্রথম এই যে পতির অনুমতি বিনা যদি দত্তক গৃহীত হইয়া থাকে। দ্বিতীয়

নতুবা পত্নী দত্তকগ্রহণ করিতে পারে।—বাঙ্গলা ও কাশীপ্রদেশের সর্ব্বসাধারণ নিয়ম এই যে পূর্ব্বে পতি হইতে অনুমতি প্রাপ্ত না হইয়া থাকিলে কোন পত্নী দত্তক পুত্র গ্রহণ বা দত্তকগ্রহণার্থে নিজ পুত্র দান করিতে পারে না" (মেক্. হি, ল. বা. ১, পৃ. ৯১, ও ১০০)।—উক্ত নিয়মের শেষ ভাগ, অর্থাৎ—"পূর্ব্বে পতির অনুমতি না পাইয়া থাকিলে দত্তকগ্রহণার্থ নিজ পুত্র দান করিতে পারে না"—সাধারণ নিয়ম হইলেও তাহা বাঙ্গলা প্রদেশের শাস্ত্র নহে, কেননা দত্তকচন্দ্রিকায় ইহার বিপরীত বিধান আছে।—দ্রষ্টব্য দ. চ. পৃ. ৯।

The following is the opinion of Baboo Prosunno Coomar Tagore on the subject of adoption by a widow.

The Hindoo law of adoption by a widow may be divided into the following five heads.—

1. The right of a widow to adopt.—2. The qualification of the person to be adopted. —3. The form necessary to be observed in adoption.—4. The effect of non-observance of the rules and necessary ceremonies.—5. The effect of adoption in due form.

I. The right of a widow to adopt.

The authorities of the Bengal school are unanimous that a widow cannot adopt without the sanction of her husband, either written or otherwise, formally expressed in his lifetime. She is incapable in her own right to adopt an heir to her husband's estate. But when such sanction is left by her deceased husband, he in fact adopts the person through the delegated agency of his wife. When she adopts any person under such sanction, she in fact, in the capacity of an agent, carries into execution the instruction of the principal. She is therefore bound to see that the authority given to her for such act is valid, and that she has power to carry it into effect.

II. The qualification of the person to be adopted.

The person to be selected for adoption must be free from any disqualification, which might prevent him from fulfilling the purposes of his adoption. He must be of a certain age and must not be within a certain degree of relationship to the adopter. The ceremony of his tonsure must not have been performed, and so forth.

III. The form necessary to be observed in adoption.

The party intending to adopt should give notice of his intention to the ruling authorities, and proceed to the adoption in the presence of his kinsmen with the prescribed forms. But a widow not being capable of performing certain of the ceremonies, she is required to perform them through the agency of *Brahmins*. The disregard of any immaterial part of the ceremonies will not vitiate the adoption.

IV. The effect of non-observance of the rules and necessary ceremonies.

It is ordained that if a son be adopted without the observance of prescribed forms, his filial relation will not be established. But he will be entitled to funds sufficient to defray the expenses of his marriage. It is also stated that the ceremony of tonsure and other rites of initiation being indeed performed under his own family name, a son given and the rest may be considered as issue; else they are termed slaves. Hence it should be observed that a person adopted without observance of necessary ceremonies cannot be heir to the deceased proprietor. He will be duly entitled to his marriage expense and become a slave in the family. But there is a nice distinction in this matter. For every adoption has two conditions to make it invalid.—1st. If an adoption take place without authority from the husband.—2nd. If it take place under authority,

after the death of her husband, to adopt a son, provided he gave her permission to do so, during his lifetime.—It is a universal rule in Bengal and Benares, that a woman can neither adopt a son, nor give away her son in adoption, without the sanction of her husband previously obtained." (Macn. H. L. vol. I. pp. 90, 100.) The latter part of this rule, namely,— " nor give away her son, without the sanction of her husband previously obtained" though it be a general rule, is not the law of Bengal, the ***Dattaka-Chandriká*** having laid down a different rule.—See D. Ch. Sect. I. § 31.

এই যে অনুমত্যনুসারে দত্তক গ্রহণ হইয়াও যদি তাহা বিহিত বিধানের ব্যতিক্রমে ও আবশ্যক ক্রিয়া সম্পাদন ব্যতিরেকে হয়।

প্রথম নিয়ম (বিষয়ে জ্ঞাতব্য) এই যে কোন বিধবা যদি মৃত ভর্ত্তার আরোপিত অনুমতিক্রমে দত্তক গ্রহণ করে ও সে অনুমতি অমূলক প্রমাণ হয় তবে তদ্দত্তক গ্রহণ আমূলতঃ অসিদ্ধ, যদি আর কোন ব্যতিক্রম থাকে যদ্দ্বারা দত্তক দান বা গ্রহণ দূষ্য হইতে পারে তাহাতেও ঐ ফল হইবে, এবং তৎপরের ক্রিয়াগুলি যথোচিত রূপে কৃত হইলেও ঐ দোষ শুধরিবে না। তদবস্থায় ঐ গ্রহীত ব্যক্তি জনক জননীরই উত্তরাধিকারী থাকিবে, এবং পূর্ব্বোক্ত পরিবার হইতে ধন পাইতে অধিকারী হইবে না, ও তাহার দাসও হইবে না। "জন্মদাতা পিতা অন্য ব্যক্তিকে পুত্র দান করিলে ঐ পুত্র সংস্কারদ্বারা পুনর্জাত হয়, তাহার সম্বন্ধ দাতার সহিত বিচ্ছিন্ন হইয়া গ্রহীতার সহিত আরব্ধ হয়।" এতাবতা কোন বিধবা পতির অনুমতি বিনা দত্তক গ্রহণ করিলে সে বালক সংস্কারদ্বারা পুনর্জাত হয় না, এবং দাতার সহিত তাহার সম্বন্ধ বিচ্ছিন্ন হয় না, ও গ্রহীতার সহিত তাহার সম্বন্ধ আরব্ধ হয় না, যেহেতু যথাবশ্যক অনুমতির অভাবে তদ্গ্রহণই সম্পূর্ণ হয় নাই।

দ্বিতীয় নিয়ম বিষয়ক অবস্থা সকল বিভিন্ন, তাহাতে গৃহীত ব্যক্তি জনক জননীকর্ত্তৃক দত্ত আর যথোচিত অনুমত্যনুসারে বিধবাকর্ত্তৃক গৃহীত হয়, এবং দান ও গ্রহণ সম্পূর্ণ হওয়াতে জনকের স্বত্ব লোপ হইয়া গৃহীতার স্বত্বোৎপত্তি হয়। কেবল বিহিত বিধান পালন ও ক্রিয়া সম্পাদনাভাবে গৃহীত ও গ্রহীতার মধ্যে পুত্রত্ব সম্বন্ধ হয় না। এতাবতা দান ও গ্রহণ দ্বারা জনকের সহিত পুত্রত্ব সম্বন্ধ লুপ্ত হওয়াতে, পরন্তু গৃহীত ও গ্রহীতার মধ্যে ঐ সম্বন্ধ স্থাপিত না হওয়াতে ঐ বালক তদুভয়ের কোন পরিবার ভুক্ত হইতে পারে না। এতাবতা শাস্ত্রে বিধান হইয়াছে যে ঐ বালক যে পরিবারে গৃহীত হওয়ার অভিপ্রেত হইয়াছিল তাহা হইতে বিবাহোচিত ধন পাইবে, ও দাসবৎ প্রতিপালিত হইবে।

উপরি উক্ত দুই নিয়মের ব্যতিক্রমে যে ফলোৎপত্তি তাহা এই রূপে বর্ণিত হইল।

৫ যথাশাস্ত্র দত্তক গ্রহণের ফল—

কোন ব্যক্তি শাস্ত্রানুসারে বিহিত বিধান ও ক্রিয়া পালনপূর্ব্বক গৃহীত হইলে জনক পিতার পরিবারের ও বিষয়ের সহিত তাহার সম্বন্ধ ও অধিকার লোপ হয়, জনকের শ্রাদ্ধাদি করিতেও তাহার অধিকার থাকে না। সে কেবল গৃহীতা পিতার ধনাধিকারী হয় এমত নহে, কিন্তু ক্রমাগত ধনে এবং নিকট ও দূর জ্ঞাতির ধনেও সে অধিকারী হয়। অপিচ সে গ্রহীতৃমাতার গর্ভজপুত্রের স্বরূপ হয়, এবং ঐ মাতার পিতৃলোক তাহার মাতামহাদি হয়েন।

চতুর্থ ভাগে লিখিত মত হইতে এমত প্রশ্ন উত্থিত হইতেছে যে কোন বিধবা মৃতপতির স্থানে অনুমতি প্রাপ্তা হওয়া কথিত হইয়া থাকিলে ও তদনুসারে দত্তক গৃহীত না হইয়া থাকিলে ঐ বিধবা তদনুমত্যনুসারে দত্তক গ্রহণে নিজস্বত্ব সাব্যস্ত করণের নিমিত্তে সম্ভব্য উত্তরাধিকারির নামে নালিশ করিতে পারে কি না? প্রিবি কৌন্সিলে নিষ্পন্ন এক মকদ্দমাতে (তাহা মূরস ইণ্ডিয়ান আপীলের তৃতীয় বালামের ৩৫৯ পৃষ্ঠায় দ্রষ্টব্য) বিচারপতিরা প্রায় তত্তুল্য এক বিষয়ে মত প্রকাশ করিতে সাবধান পূর্ব্বক বিরত হইয়াছেন। কিন্তু মেকফার্সন সাহেব নিজকৃত সিবিল-প্রোসিডিওর নামক তৃতীয় বার মুদ্রিত গ্রন্থের ৪২ পৃষ্ঠায় লিখিয়াছেন যে কোন ব্যবহারিক স্বত্ব বলবৎ করিবার নিমিত্তে নয় কিন্তু কেবল বিশেষ শাস্ত্রীয় কার্য্য সম্পন্ন করিবার অধিকার থাকার আদেশ নিমিত্তে উপস্থিত কোন নালিশ গ্রহণ করিতে অথবা নামমাত্রে কোন অধিকার বিষয়ক নিষ্পত্তি করিতে দেওয়ানী আদালতের ক্ষমতা আছে কি না এ বিষয়ের মীমাংসা বহুকাল পর্য্যন্ত হইয়াছিল না। পরন্তু ইদানীন্তন উক্ত আদালত ঐ ক্ষমতার কার্য্য করিয়াছেন। এই মতের পোষকতা কলিকাতার সদরদেওয়ানী আদালতের ১৮৫৩ সালের নিষ্পত্তি পত্রের ৫৮ পৃষ্ঠাতে এবং আগরার সদরদেওয়ানী আদালতের ১৮৫৩ সালের নিষ্পত্তি পত্রের ৬৭৯ ও

but in violation of the rules and disregard of material ceremonies.

In respect to the 1st, if a widow adopt a person under an alleged authority from her husband and it prove to be unfounded, the acceptance of him as a son is *ab initio* invalid. If there be any other informality, which may vitiate either the gift of a son or the acceptance thereof, the effect will be the same, and the subsequent ceremonies duly performed will not cure the defect. The person in such case would continue the heir of his natural parents, and will not be entitled to the expense of his marriage nor be a slave in the family, as it is mentioned, " When he who has procreated a son gives him to another, and that child is born again by the rites of initiation, his relation to the giver ceases, and a relation to the adopter commences." Hence, if a widow adopts a person without due authority from the husband, that child is not born again by the rites of initiation, and neither his relation to the giver ceases nor does a relation to the adopter commence, because the acceptance was not complete, in the absence of due authority.

In the 2nd case the circumstances are different; the person adopted is given by his natural parent, and received under due authority by the widow; the giving and receiving are complete, and thereby the right of one ceases and the right of another commences. Only the filial relation between the adopter and the adopted was not established, for want of due observance of the rules or performance of the necessary ceremonies of adoption. Under such circumstances, the filial relation to the natural parent having ceased by the giving and the accepting, while none having been established between the adopter and the adopted, the child cannot be regarded as a member of either family. The *shastras* therefore provide that he is entitled to his marriage expenses and is to be maintained as a slave in the family of the intending adopter.

Thus is explained the effect produced by the difference between the two conditions above mentioned.

V. The effect of adoption in due form.

The person legally adopted, with due observance of the rules and ceremonies, ceases to have any claim to the family or estate, or to perform the funeral rites, of his natural father. He not only inherits the estate of his adoptive father, but likewise lineally and collaterally to the estates of the near and distant kinsmen of that person. He likewise represents the real legitimate son in relation to his adoptive mother, and her ancestors become his maternal grandsires.

With reference to the remarks under the 4th head, the question arises whether a widow, having an alleged authority to adopt from her late husband, can bring a suit against him who would be regarded as his representative in the event of there being no adoption, for the establishment of her right to adopt under such authority. In a case in the Privy Council (Moor's Indian Appeals, vol. III. p. 359,) their lordships carefully avoided giving an opinion on a nearly similar point. But Mr: Macpherson, in his Civil Procedure, 3rd Edition, page 42, states that it was a question long undecided whether the civil courts had jurisdiction to entertain a suit which is brought, not for the enforcement of any civil right, but for the bare declaration of a right to perform certain religious ceremonies or indeed to decide on any right merely in the abstract. They have however latterly exercised such a jurisdiction.—In support of this view, see Calcutta Sudder Dewanny Adawlut Decisions of 1853, page 58, and Agra Sudder Dewanny Adawlut Decisions of 1853, pages

৭৬১ পৃষ্ঠাতে ও মেক্‌নাটনের হিন্দু-ল-র দ্বিতীয় বালামের ১১৯ পৃষ্ঠাস্থ ১১ নম্বর মকদ্দমাতে প্রাপ্য,—শেষোক্ত মকদ্দমা প্রস্তাবিত বিষয়ের সহিত ঠীক মিলে।

· যদি কোন বিধবা (পতির) কথিত অনুজ্ঞানুসারে প্রতিনিধি স্বরূপ কোন কর্ম্ম করে, এবং তৎ-পতির দায়াদেরা বর্ত্তমান থাকে ও তাহারা ঐ অনুজ্ঞা না থাকা বলিয়া আপত্তি করে কিম্বা করা সম্ভব হয়, আর ঐ দায়াদরা উক্ত বিধবার মরণের পর বই নালিশ করিতে না পারে, এবং ব্যবহিত কালের মধ্যে সাক্ষিরা যদি সরিয়া পড়ে, তবে ঐ বিধবাকে তাহার স্বত্ব প্রকাশ করিবার নিমিত্তে নালিশ করিতে অনুমতি দেওয়াই ন্যায্য কার্য্য। বস্তুতঃ এমত স্বত্ব সাব্যস্ত বিনা কোন বিজ্ঞ ব্যক্তি নিজ শিশু পুত্রকে ঐ অব্যবস্থিতাবস্থায় পতিত হইতে দিবে না যাহা অবৈধাচরণ হেতু কোন ব্যক্তির দত্তকতা অসিদ্ধ হইলে ঘটে।

কোন বিধবার প্রাপ্ত অনুমতি অসিদ্ধ হইলে পর যদি সে দত্তক গ্রহণ করে তবে ঐ গৃহীত বালক ঐ মকদ্দমাতে কোন পক্ষ নাথাকিলেও সে ডিক্রী তাহার উপর খাটিবে, কেননা ঐ মকদ্দমা ঐ বিধবার কথিত ও পতি হইতে প্রাপ্ত অনুমতি সাব্যস্ত করণের নিমিত্তে উপস্থিত হয় যে মকদ্দমাতে তাহার স্বতঃ এলাকা ছিল ও বিচারান্তে তাহার স্বত্ব অসিদ্ধ হইয়াছে, অতএব যে ব্যক্তি তাদৃশ অনুমতি প্রাপ্তির কার্য্যদ্বারা অধি-কারী সে (অবশ্যই) ঐ ডিক্রীর দ্বারা প্রতিসিদ্ধ হইবে, কেননা ঐ ডিক্রী ঐ বিধবার উপর বলবৎ হওয়াতে, যে সকল ব্যক্তির স্বত্ব তাহার কার্য্যের উপর নির্ভর করে তাহাদের উপর তাহা অবশ্যই খাটে।

প্র. কু. ঠাকুর

ব্যবস্থা। ৫০৯ সপত্নী পুত্রের সহিত কলহ হইলে দত্তক গ্রহণ করিবে এমত অনুমতি পতি-কর্ত্তৃক দত্ত হইলেও পত্নী তদবস্থায় দত্তক গ্রহণ করিতে পারে না। *

৫০৯ সপত্নীপুত্রেণ সহ কলহ জননে দত্তকং গৃহ্নীয়াদিত্যনুমতৌ পত্যা দত্তায়া-মপি সা তদবস্থায়াং দত্তকং গ্রহীতুং ন শক্নোতি। *

কারণ যেহেতু পুত্র থাকিতে পুত্রান্তর গ্রহণের অনু-মতি দান পতির ক্ষমতাতীত হওয়াতে সে অনুমতি অতীব অকর্ম্মণ্য, এবঞ্চ সপত্নী পুত্রদ্বারা পুত্রবতীত্ব শাস্ত্রসিদ্ধ হওয়াতে ঐ পুত্র বাঁচিয়া থাকিতে দত্তক গ্রহণ করিতে বিমাতার ক্ষমতা নাই।

পুত্রসত্ত্বে পুত্রান্তরগ্রহণানুমতেস্তস্য ক্ষমতাতীত-ত্বেন তদনুমতেরতীবাকর্ম্মণ্যত্বাৎ,—সপত্নী পুত্র-দ্বারেণ পুত্রবত্তায়াঃ শাস্ত্রসিদ্ধত্বেন জীবতি তস্মিন্ বিমাতুরপি পুত্রান্তরগ্রহণ যোগ্যতারাহিত্যাৎ।

ব্যবস্থা ৫১০ পত্নীদের প্রত্যেককে এক এক দত্তক গ্রহণার্থ দত্তানুমতি সমকালীন বা অসমকা-লীন হউক, ঐ দত্তক কএকটি যদি এককালে গৃহীত হয় তবে সিদ্ধ, নতুবা প্রথমে গ্রহীত দত্তকই সিদ্ধ, সে থাকিতে পরে গৃহীত নয়।

৫১০ পত্নীনাং প্রত্যেকম্প্রত্যেকৈক দত্ত-ক গ্রহণানুমত্যঃ সমকালা ভিন্নকালা বা ভবন্তু—তে দত্তকাঃ এককালং গৃহীতা-শ্চেৎ সিদ্ধাঃ—অন্যথা প্রথম এব সিদ্ধঃ, তস্মিন্ জীবতি পশ্চাদ্ গৃহীতো ন সিদ্ধঃ।

* ইহা ব্যবস্থাপিত হইয়াছে যে পতি কোন এক স্ত্রীকে এমত অনুমতি দিলে যে তোমার সপত্নীপুত্রের সহিত না বনিলে সে থাকিতেও দত্তক গ্রহণ করিবে, তাহা কার্য্যকারক হইবে না। পরন্তু পুত্র মরণ সত্ত্বে দত্তক গ্রহণ সিদ্ধ হইবে। মেক্. হি. ল. বা. ১, পৃ. ৮৪—৮৬। দ্রষ্টব্য—মোসম্মাৎ সুলক্ষণা—বনাম—রামদুলাল পাঁড়ে। স. দে. আ. রি. বা. ১, পৃ. ৩২৫।

679 and 761, and also Macnaghten's Hindoo L. vol II. page 199, Case No. 19, which is directly to the point.

When a widow is acting as an agent in the performance of a certain duty under the alleged instructions of her deceased husband, and there are presumptive heirs who dispute or are likely to dispute the existence of the authority, and the presumptive heir cannot sue for the inheritance till after the death of the widow, and witnesses of the matter may in the mean while be removed from the scene, it is nothing but just that the widow should be allowed to bring a suit to declare her right. In fact, without the establishment of such a right, no prudent parent would like to place his infant son in a position so anomalous as that assigned to persons whose adoption is set aside on account of irregularity.

If a widow adopt a person after her right to adopt is declared to be invalid, that decree will be binding upon him though he was no party to that suit. As the suit is brought to establish a right alleged to have been delegated to her by her husband, and her right is invalidated after an investigation in which she is directly interested as delegatee, the person who afterwards wishes to exercise a right derived from an act of such delegatee will be barred by the decree. For as that decree was binding upon the widow, it necessarily binds all those whose rights depend on her act.

P. C. Tagore.

509 Although authorised by her husband to adopt a son, in the event of a disagreement between her and the son of her rival wife, a woman cannot, even in that case, adopt a son.* Vyavastha'.

Inasmuch as the husband having no power to give permission to adopt while a son of his was living, such permission is utterly ineffectual, and a stepmother, being in the eye of the law mother of male issue by the son of her rival wife, has no power to adopt a son. Reason.

510 Whether permission to one's wives for each to adopt a son, be given simultaneously or at different times, if the adoptions take place at one and the same time they are valid, otherwise only the first is valid, and not any other, (if made during the lifetime of the son already adopted.) Vyavastha'.

* It has also been ruled, that authority to a wife to adopt, in the event of a disagreement between her and a son of her husband then living, will not avail, though authority in the event of that son's death would be valid.—Macn. H. L. vol. I. pp. 84—86.—See the case of Mussummat Soolukkhuna v. Ram Doolal Pande, S. D. A. R. vol. I. p. 325.

যেহেতু ভিন্ন ভিন্নকালে গৃহীত দত্তকদের মধ্যে প্রথমই ধনির অপুত্রাবস্থায় গৃহীত অতএব সিদ্ধ,—প্রথমের গ্রহণমাত্রে ধনী পুত্রবান্ হওয়াতে অন্য দত্তক গ্রহণ শাস্ত্রানুমতির অভাব হেতু অসিদ্ধই।

সমকালীনং গৃহীত দত্তকানাং সিদ্ধঃ—প্রথম এব ধনিনো২পুত্রদশায়াং কৃতঃ, প্রথমস্য গ্রহণমাত্রেণ পুত্রবত্তস্য দত্তকান্তরগ্রহণং শাস্ত্রানুমত্যভাবেনাসিদ্ধএব।

যদ্যপি কোন কোন নব্য পণ্ডিত পতি হইতে প্রাপ্ত দত্তক গ্রহণানুমতিকে গর্ভধারণ স্বরূপ কহিয়াছেন * তথাপি শাস্ত্রগ্রন্থ সমূহের কোথাও তাহা লিখিত দৃষ্ট না হওয়াতে তাহা প্রামাণিক বোধ হইতেছে না, এবং সাংদৃষ্টিক ন্যায়ে দত্তক গ্রহণানুমতি প্রাপ্তি গর্ভধারণের তুল্য হইতে পারে না। প্রকৃত প্রস্তাবে অনুমতি প্রাপ্তি গর্ভধারণের তুল্য হইলে তদনুমতির কার্য্য গর্ভধারণের অসাদৃশ্য রূপেই হইত না। অর্থাৎ প্রসব কালের অপরিমিত কাল পূর্ব্বে বা পরে দত্তক গ্রহণ করা হইতে পারিত না, মূলে দত্তক গ্রহণ না করাও হইতে পারিত না। ফলতঃ পণ্ডিতদিগের তাদৃশ মত বা কল্পনা ব্যবহারে স্বীকৃত হয় নাই*।

জয়মালার বিরুদ্ধে গৌরীপ্রসাদের মকদ্দমাতে ধনি এক স্ত্রীর সহিত দত্তক গ্রহণ করার পর ঐ দত্তক থাকিতে তাহার অন্য পত্নীকে দত্তকান্তর গ্রহণের নিমিত্তে দত্ত অনুমতি দৃঢ় করা দৃষ্ট হইতেছে, তাদৃশ অনুমত্যনুসারে গৃহীত দত্তক গ্রাহ্যও হইয়াছিল। পরন্তু তাদৃশ দত্তক সিদ্ধ নয়, ও সে নিষ্পত্তিও যথাশাস্ত্র নয়। এ বিষয়ে প্রিবিকৌন্‌সিলে যে নিষ্পত্তি হইয়াছে তাহা সর্ব্বতোভাবে শাস্ত্রসিদ্ধ ও সিদ্ধান্ত—উক্ত নিষ্পত্তিতে উক্ত রূপ দত্তক অশাস্ত্রীয় জ্ঞানে তদ্বিচার অগ্রাহ্য হইয়াছে।

ব্যবস্থা। ৫১১। দত্তক গ্রহণে অনুমতি প্রাপ্তা পত্নী যখন গ্রহণযোগ্য বালক পায় তখনই গ্রহণ করিতে পারে।

৫১১। দত্তকগ্রহণানুমতা পত্নী যদা গ্রহণার্হ বালকং প্রাপ্নোতি তদৈব গ্রহীতুমর্হতি।

কারণ। যেহেতু তাহা গ্রহণের কাল নিয়মিত হয় নাই।

তদ্‌গ্রহণ কালস্যানিয়মিতত্বাৎ।

ব্যবস্থা। ৫১২। কিন্তু গ্রহণযোগ্য বালক পাওয়া গেলেও যদি সে দত্তক গ্রহণ না করে, তবে সে পিণ্ডোদক ক্রিয়া ও বংশ লোপের অপরাধে অপরাধিনী।

৫১২। কিন্তু প্রাপ্তে২পি গ্রহণার্হ বালকে যদি দত্তকং ন গৃহ্ণাতি তদা সা পিণ্ডোদক ক্রিয়ায়াঃ নামসঙ্কীর্ত্তনস্য চ লোপাপরাধিনী।

এ বিষয়ে মেকনাটনের হিন্দু-ল-র দ্বিতীয় বালামে এক ব্যবস্থা আছে, তদ্‌যথা,—

প্র। এক ব্যক্তি নিজ মৃত্যুর পূর্ব্বে পত্নীদ্বয়ের প্রত্যেককে এক দত্তক গ্রহণ করিতে অনুমতি দেয় তাহার মৃত্যুর পর তজ্জ্যেষ্ঠা পত্নী দত্তক গ্রহণ করিল না এবং দুই বিধবাতে সমান রূপে বিষয় ভাগ করিয়া লইল। জ্যেষ্ঠা বিধবা নিজ অংশের সমুদয় অপর এক ব্যক্তিকে দান করিয়া লোকান্তর গতা হইল অনন্তর কনিষ্ঠা বিধবা এক দত্তক গ্রহণ করিল, এমত অবস্থায় ঐ জ্যেষ্ঠা বিধবার অংশ ঐ গ্রহীতাকে বর্ত্তিবে, অথবা কনিষ্ঠা বিধবার দত্তক পুত্রকে অর্শিবে?

* দ্রষ্টব্য রাণীকৃষ্ণমণি—বনাম—রাজা উদবন্ত সিংহ ও রাজা জানকী সিংহ। স. দে. আ. বা. ৩. পৃ. ২২৮।
তারিণীদেবী—বনাম—বামনদাস মুখোপাধ্যায় প্রভৃতি। স. দে. আ. রি. ৩০ সেপ্‌টেম্বর ১৮৫০ সাল।

Inasmuch as of the sons so adopted only the first was received when the husband was destitute of male issue, but he being the father of a son immediately after the first adoption, the law does not permit the adoption of another son for him; consequently, all subsequent adoptions during the existence of the son first adopted are invalid.

Although some of the modern *pundits* are of opinion that the act of receiving permission to adopt is equal to being pregnant,* yet the opinion does not appear to be of any weight, as it has not been recognised in any of the law tracts respected as authority. By parity of reasoning too, the act in question does not appear to be equal to pregnancy;—for had it been so, the acts to be performed under that permission would always be done similarly or consistently with pregnancy; that is to say, a son would be adopted neither long before nor long after the time for giving birth to a child, but just after the expiry of the period of gestation, and not to adopt a son would be impossible. In fact, this opinion of the *pundits* has not been accepted in the administration of justice. *

In the case of Gouree Prosaud *versus* Joymala† it appears that the husband, after adopting a son in conjunction with one of his wives, had confirmed his permission already given to another wife to adopt, and the adoption made under such permission during the existence of the son already adopted was declared valid by the Sudder Court; but such adoption was by no means valid according to the Hindu Law, and the decision declaring the validity thereof is certainly inconsistent with that Law. The decision passed by the Privy Council, whereby the adoption of a second son during the existence of the first has been held to be invalid, appears to be in strict conformity with the law, and decisive on the point.

511 Authorised by her husband to adopt a son, a woman may adopt at any time when a boy fit to be adopted is procurable. Vyavasthá.

Since there is no period fixed within which a son is to be adopted. Reason

512 But if a wife, authorised to adopt, do not adopt a son, notwithstanding a boy fit to be adopted were to be had, then she becomes guilty of discontinuing the oblations of food and libations of water, and extinguishing the lineage. Vyavasthá.

There is on this subject a *Vyavasthá* in Macnaghten's work on the Hindoo Law, vol. II as follows.—

Q. A person, previously to his death, gave directions to his two wives that they should each accept a son in adoption. Subsequently to his death, his elder wife did not accept a son, and the two widows equally divided his estate. The elder widow made a gift of her whole share to a stranger, and died. Afterwards the younger widow received a boy in adoption. In this case, will the share of the elder widow go to the donee, or will it devolve on the adopted son of the younger widow?

* See Ranee Kishenmunee *versus* Rajah Oodwant Singh and Jankee Singh, S. D. A. R. vol. III. p. 228, and Tarinee Debea *versus* Baman Doss Mookerjea and others, S. D. A. R., 30th September, 1850. † S. D. A. R. vol. I. p. 136.

উ। ঐ জ্যেষ্ঠা বিধবা দত্তক গ্রহণ না করিয়া পতির আজ্ঞা উল্লঙ্ঘন করিয়াছে, তাহার অংশে তৎ-পত্তির অনুমত্যানুসারে কনিষ্ঠা বিধবার গৃহীত দত্তক অধিকারী। জ্যেষ্ঠা পত্নী সপত্নীর সহিত বিভাগে যে অংশ পায় তাহার দান শাস্ত্রসম্মত নয়, এবং দত্ত বস্তু গ্রহীতা লইতে পারে না, যেহেতু এমত অবস্থায় জলপিণ্ড দানের উপায় কেবল দত্তক গ্রহণ মাত্র ছিল, পরন্তু যখন সে মৃত পতির তাদৃশ উপকার না করিয়া বিষয় দান করিয়াছে তখন সে অনধিকারিণী বিধবাগণের শ্রেণিভুক্ত হওন যোগ্য। অতএব তৎকৃত দান অদত্ত ও অসিদ্ধ। জিলা দিনাজপুর, ৩১ আগষ্ট ১৮১৩ সাল। মেক্. হি. ল. বা. ২, চ্যা. ৮, মকদ্দমা ৫০, পৃ. ২৬৭।

উক্ত মতের শেষ ভাগ অর্থাৎ—"যখন সে মৃত পতির তাদৃশ উপকার না করিয়া বিষয় দান করিয়াছে তখন সে অনধিকারিণী বিধবাদের শ্রেণিভুক্ত হওন যোগ্য"—শাস্ত্র সিদ্ধ বোধ হইতেছে না, যেহেতু যে পাপে পাতিত্য হয় না তাহাতে কোন ব্যক্তি বিষয়ে অনধিকারী হইতে পারে না।—পঞ্চ মহাপাতকের কোন পাতকে অথবা পুনঃ পুনঃ কৃত উপপাতকেই কেবল পাতিত্য হয়*। পরন্তু দত্তক গ্রহণ না করণ দ্বারা জলপিণ্ড লোপ বা বংশ লোপ রূপ পাপ উক্ত পঞ্চ মহাপাতকের অথবা উপপাতকের মধ্যে পরিগণিত না হওয়াতে তাদৃশ পাপে কোন নারী অনধিকারিণী হইতে পারে না, এতাবতা উক্ত মত যথাশাস্ত্র নয়।

ব্যবস্থা	৫১৩ পত্নী অপ্রাপ্তব্যবহারকালেও পতির অনুমতিক্রমে দত্তকগ্রহণ করিতে পারে।	৫১৩ পত্নী অপ্রাপ্তব্যবহারকালেঽপি পত্যুরনুজ্ঞাক্রমেণ দত্তকং গ্রহীতুমর্হতি।
কারণ	যেহেতু পত্নী তাহাতে পতির আজ্ঞামাত্র পালন করাতে পতি-ই তৎকার্য্যের কর্ত্তা।	তস্যাঃ পত্যুরাজ্ঞাপালনব্যাপারমাত্রস্যৈব সম্পা-দনীয়ত্বেন তত্র পত্যুরেব কর্তৃত্বাৎ।

বিবেচনা

দত্তক গ্রহণে পতির অনুমতিপ্রাপ্তা পত্নী অপ্রাপ্তব্যবহারকালেও যে দত্তক গ্রহণ করিতে পারে ইহা ব্যবস্থাপিত হইয়াছে। কিন্তু পতি অপ্রাপ্তব্যবহারকালে দত্তক গ্রহণ করিতে বা তদর্থে পত্নীকে অনুমতি দিতে পারে কি না তাহা অদ্যাপি নির্ব্বিবাদরূপে স্থিরীকৃত হয় নাই।

দত্তকমীমাংসার ও দত্তকচন্দ্রিকার টীকাকর্ত্তা স্মার্ত্তবর ভরতচন্দ্র শিরোমণি দত্তক মীমাংসা তাৎ-পর্য্য বিবৃতিতে কহেন "নাবালগ্ (অর্থাৎ অপ্রাপ্তব্যবহার) স্ত্রী এবং পুরুষ উভয়েই দত্তক লইতে পারে,—ধর্ম্মকার্য্যে বাল্যাদি প্রতিবন্ধক হয় না।"।

গৌড়ীয় দায়াবলীকর্ত্তা বিজ্ঞবর বাবু প্রসন্নকুমার ঠাকুরের মতে অপ্রাপ্তব্যবহার পুরুষ দত্তক গ্রহণে সক্ষম নহে। তাঁহার লিখিত মত যথা,—"বালগ্' ও 'নাবালগ্' এই শব্দদ্বয়ের সংস্কৃত প্রতিশব্দ 'প্রাপ্ত-ব্যবহার' ও 'অপ্রাপ্তব্যবহার'। গৌতম-সূত্রের টীকাকর্ত্তা উদ্যোতকরাচার্য্য ব্যবহার শব্দের যে ব্যাখ্যা করিয়াছেন তদ্যথা,—'ব্যবহারের প্রতি পাঁচ কারণ, প্রথম উদ্দেশ্য কর্ম্মের নিমিত্তে যোগ্যতা বোধ, দ্বিতীয় তৎসম্ভাব্য ফলের জ্ঞান, তৃতীয় তাহাতে সম্ভাব্য অত্যনিষ্টের অগ্রসূচনা, চতুর্থ তৎ কর্ম্মে স্পৃহা, পঞ্চম তৎ সফলতার উপায় জ্ঞান, শাস্ত্রে এই স্থিরীকৃত হইয়াছে যে ষোল বৎসর বয়ঃক্রম না হইলে কোন যুবার উপরি উক্ত হিতাহিত জ্ঞান হয় না। মিতাক্ষরার ঋণাদান প্রকরণে লিখিত আছে যে—'শিশু অষ্টম বৎসর পর্য্যন্ত গর্ভস্থ সদৃশ জ্ঞেয়, ষোড়শ বৎসর পর্য্যন্ত সে বালক বাচ্য, তাহার পর ব্যবহারজ্ঞ হইয়া প্রাপ্তব্যবহার কথিত হয়'। তৎকালে তাহার পিতা মাতা না থাকিলে সে স্বাধীন বিবেচিত (ইহা কাত্যায়ন কহিয়াছেন)।"

* অনধিকার বিষয়ক অধ্যায় দ্রষ্টব্য

R. The son adopted by the younger widow, with her husband's sanction, is entitled to the share of the elder widow, who infringed her husband's directions by omitting to make an adoption. The gift of the share which she received by participation with her rival wife is not legal, and the donee cannot take the property conveyed; because the adoption of a son is the only means in this case of preserving the libations of food and oblations of water at the funeral repast; and when she, without doing such benefit to her deceased husband, made the gift, she deserves to be ranked among those widows who are incompetent to succession. Consequently the gift by her is null and void. Zillah Dinagepore, August 31st, 1813. Macn. H. L. vol. II. Chap. VIII. Case. XL. p. 217.

The latter part of the above opinion, namely, "when she, without doing such benefit to her deceased husband, made a gift, she does not deserve to be ranked among those widows who are competent to succession," does not appear to be consistent with the law; inasmuch as no crime which does not cause degradation can render a person incompetent to succession. Degradation is caused by one of the five atrocious crimes or by small sins committed over and over.* But the act of omitting to adopt a son, or in other words, of discontinuing the presentation of the oblations of food and libations of water, is neither one of those five atrocious crimes, nor a small sin; consequently it can not render a woman incompetent to succession.—The opinion in question is not therefore warranted by law.

512 A wife even when an infant may adopt a son under the authority of her husband. Vyavastha'.

As in doing so she only executes her husband's order, the husband being in effect the doer of that act. Reason

It has been decided that a wife, while an infant, can adopt a son under her husband's authority; but the question, whether a husband can during his minority adopt or authorise to adopt a son, remains still undecided. Remark.

"*Pandit* Bharat Chunder Shiromoni, the writer of commentaries on the *Dattaka-mimansá* and *Dattaka-chandriká*, says in his Synopsis to the *Dattaka-mimánsá*, that "both male and female infants may adopt sons,—infancy not being a bar to the performance of religious rites."

Baboo Prosunno Coomar Tagore, author of the *Gouríya Dáyábalí*, is however of opinion that a minor is incompetent to adopt a son.—The opinion written by him on the subject is as follows:—

"The corresponding terms in Sanscrit for 'major' and 'minor' are '*prápta-vyavahár*,' or one who has attained discretion, and '*aprápta-vyavahár*,' one who has not attained discretion. The word '*vyavahár*' is defined as follows by *Woodyotakaráchárjya*, a commentator on *Goutama Sútra*. There are five causes which lead to '*vyavahár*' or discretion. 1st. Knowledge of one's qualification for a proposed work. 2nd. Perception of possible advantage from it. 3rd. Reflection of great possible disadvantage from it. 4th. Desire for the work. 5th. Knowledge of the means of effecting it. The *Shástras* determine that a youth who has not attained sixteen years of age cannot possess discretion as above defined. The *Mitákshará* in the Chapter on Loans states that a child from birth to the age of eight is to be considered as yet in the womb, and till the age of sixteen he is to be termed a boy; after that age he arrives at the years of discretion and is recognised as a major. If he has no parents, he is then to be considered as no longer in a state of dependance (so says *Kátyáyana*.)

* See the Chapter treating of Exclusion from Inheritance.

"মিতাক্ষরাকার কহেন—'কোন বালকের পিতা মাতা না থাকাতে সে স্বাধীন হইলেও সে স্বয়ং পতৃঋণের দায়ী হয় না, কেননা কাত্যায়ন কহেন—কোন বালক পিতা মাতার অভাব হেতু অনধীন হইলেও পিতৃ ঋণের দায়ী নয়—যেহেতু জ্যেষ্ঠ অর্থাৎ প্রাগ্‌বর্ণিত বয়স ও গুণ বিশিষ্টই স্বতন্ত্র। প্রাপ্তব্যবহারকালের পূর্ব্বে কোন বালক যেমত ঋণের দায়ী নয়, তেমনি সে কোন বিচারালয়ে আহূত অথবা কারাবদ্ধ হইতে পারে না; কেননা কথিত হইয়াছে যে—যাহারা অপ্রাপ্তব্যবহার, রাজদূত, ধর্ম্ম কর্ম্মে দানোন্মুখ, ধর্ম্ম কর্ম্মে প্রবৃত্ত, ও যাহারা বৃদ্ধ তাহারা কোন বিচারাগারে আহূত অথবা কারাগারে রুদ্ধ হইতে পারে না'। উপরি উক্ত ঋষির মতে (অর্থাৎ প্রাপ্তব্যবহার হইলেই পিতৃঋণে দায়ী এই মতে) এবং যে ঋষি কহেন পুত্র জন্মাবধি পিতৃঋণ পরিশোধ করিতে এবং নিজ ধনেও পিতাকে রক্ষা করিতে বাধিত, তাঁহার মতে প্রকাশ্য রূপ বৈলক্ষণ্য আছে। ঐ ঋষির উক্তির ভাবার্থ এই যে পুত্র প্রাপ্তব্যবহার হইলে পিতৃঋণের দায়ী, তৎপূর্ব্বে নয়। পরন্তু প্রাপ্তব্যবহার হওন পর্য্যন্ত ঋণ শোধের প্রতি যে বাধা তাহা পিতৃলোকের শ্রাদ্ধাদিতে প্রযুজ্য নহে, যেহেতু তাহা করিতে বালকেরাও (শাস্ত্রে) অনুজ্ঞাত হইয়াছে"।

"যাহা উপরে লিখিত হইল তাহা হইতে প্রকাশ যে কোন বালক প্রাপ্তব্যবহার না হইলে কি বৈষয়িক কি শাস্ত্রীয় কোন কর্ম্ম করিতে নিষিদ্ধ,—কেবল শ্রাদ্ধাদি করা শাস্ত্রে বিশেষে আদিষ্ট হওয়াতে ও তাহা কাম্য কর্ম্ম না হওয়াতে তাহাই সে করিতে পারে। অপ্রাপ্তব্যবহার ব্যক্তির দত্তকগ্রহণার্থ পত্নীকে অনুমতি দান নিষিদ্ধ কর্ম্মের মধ্যে পরিগণিত,—প্রথমতঃ শাস্ত্রোক্ত বয়স্‌ প্রাপ্ত না হওয়াতে তাদৃশ কর্ম্মের নিমিত্তে আবশ্যক যে যোগ্যতা তাহা তাহার হইতে পারে না।—দ্বিতীয়তঃ, দত্তকগ্রহণ শাস্ত্রে নিত্য কর্ম্ম বলিয়া উক্ত হয় নাই, কিন্তু কাম্য কথিত হইয়াছে, যথা উক্ত হইয়াছে যে ব্যক্তি পিণ্ডোদকক্রিয়ার ও নাম-সঙ্কীর্ত্তনের আশা করে তাহাকে দত্তক পুত্র গ্রহণ করিতে হইবে। কিন্তু দত্তক গ্রহণ না করিলে সে পাপী হয় না, সে কেবল নিজে বিশেষ ফলে বঞ্চিত হয়, অতএব দত্তকগ্রহণ নিত্য কর্ম্ম নয়, কিন্তু কাম্য বটে, তাহা হওয়াতে ইহা আর সকল কাম্য কর্ম্মের ন্যায় ঐ ব্যক্তির ইচ্ছার উপর নির্ভর করে, কিন্তু শাস্ত্রাদিষ্ট নয়। অপ্রাপ্তব্যবহার ব্যক্তি হিতাহিত জ্ঞান বিহীন, যথা উপরেই উক্ত হইয়াছে,—অতএব তৎকর্ত্তৃক গৃহীত দত্তক অসিদ্ধ। অপ্রাপ্ত ব্যবহারকর্ত্তৃক তদ্বিষয়ক কোন অনুমতি দত্ত হইয়া থাকিলে তাহা তাহার কৃত উইল বা বাচনিক দানের ন্যায় শাস্ত্রতঃ অসিদ্ধ। এই মত যুক্তিযুক্তও বটে, কেননা দত্তক গ্রহণ দ্বারা যথাশাস্ত্র উত্তরাধিকারী নিজ অধিকারে বঞ্চিত হয়, এবং বর্ণিত হিতাহিত জ্ঞানবিশিষ্ট ব্যক্তি তাদৃশ কার্য্য করিতে যোগ্য। শাস্ত্র মতে ঐ হিতাহিত জ্ঞান ষোল বৎসরের মধ্যে না হওয়াতে যেহ কর্ম্ম করায় শাস্ত্রে বিশেষ রূপে আদেশ নাই তাহাতে ষোলবৎসর পর্য্যন্ত ঐ বাধা খাটিবে। অপিচ অপ্রাপ্তব্যবহারের বিবেচনা অপরিপক্ক হওয়াতে,—তাহার তাদৃশ ক্ষমতা হইলে স্বার্থপর ব্যক্তিদের প্ররোচনায় তাহা অত্যন্ত অনিষ্টকর হইবে। এই নিমিত্তই যে স্থলে কোন কার্য্য সিদ্ধির প্রতি তৎকর্ত্তার হিতাহিত জ্ঞান থাকার আবশ্যকতা সে স্থানে ধর্ম্মশাস্ত্রকর্ত্তারা কৌশলপূর্ব্বক অপ্রাপ্তব্যবহারের তৎক্ষমতা দৃঢ় রূপে নিষেধ করিয়াছেন"॥

"এই মত ভিন্ন দেশীয় ব্যবহারশাস্ত্রকর্ত্তাদেরও কৌশলানুমত। রোমীয় দেওয়ানী আইনে পুত্র-প্রতিনিধিকরণ রূপ পরিবার পরিবর্ত্তন কার্য্য এত গুরুতর বিবেচিত এবং তাদৃশ কার্য্য এত মনোযোগ পূর্ব্বক নিরীক্ষিত হইয়াছে যে—তাহাতে মাজিসট্রেটের অনুজ্ঞা ভিন্ন কোন পুত্রপ্রতিনিধি গৃহীত না হওয়ার বিধান হয়। এই রূপ বাধার স্পষ্ট তাৎপর্য্য এই যে অন্যকে বঞ্চিত করিয়া কোন পরিবারে অধিকারি শৃঙ্খলার এরূপ পরিবর্ত্তনের শাসন হয়। এই মত হিন্দুদের ধর্ম্মশাস্ত্রকারি ঋষিদের মতের সহিত অনেকাংশে মিলে, তাঁহারা বিধান করিয়াছেন যে দত্তকগ্রহণোন্মুখ ব্যক্তি জ্ঞাতি কুটুম্বকে আহ্বান

The author of the *Mitákshará* observes that, if a boy have no parents, he, though independent, should not be personally liable for the debts of his father, for *Kátyáyana* has said that, though a boy have no parents and in consequence be free from dependence, yet he is not to be responsible for his paternal debts, because, independence is vested in the eldest, that is, in him who has attained age and qualification as before described. Before majority, no boy is liable to be summoned to any Court or to be imprisoned, just as he is not liable for debts. For it is said, they who have not attained discretion, ambassadors, persons about to give gifts for the sake of religion, persons engaged in religious ceremonies, and persons who are advanced in years, are not to be summoned to any Court or imprisoned. There is an apparent inconsistency of opinion between the sage before quoted and another sage who declared that a son from his birth is bound to pay his paternal debts, even from his own resources, to preserve his father from perdition, while that sage says that he becomes responsible only after attaining years of discretion. The meaning of the sage alluded to is that the son is bound to pay such debts after arriving at majority and not before. But the restriction as to the payment of debts till attaining majority is *not applicable to the performance of the obsequies of ancestors, which even a boy is enjoined to perform.*

From the above it will appear that, before attaining majority, every act whether worldly or religious is prohibited, *except the performance of obsequies*, or of the like nature, which is specially enjoined by the *Shástras* and not optional. Now the authority of a minor to his wife for the adoption of a son will come under the class of restrictions. 1st. He has not arrived at the age of discretion determined by the *Shástras*, and therefore cannot possess the qualifications required for such an act.—2ndly. Adoption is not enjoined by the *Shástras* as "*Nitya*," or enjoined, but "*Kámya*," or optional, as it is said that he, who desires the funeral cake, libations, and solemn rites, and the celebrity of his name, is required to adopt a son. But by the omission of adoption he incurs no sin, he only deprives himself of certain advantages: and therefore adoption is not a "*Nitya*" but a "*Kámya*" act: as such, like all other acts of a like nature, it rests in the desire of the party and is not enjoined by the *Shástras*. Adoption by a minor is invalid, since he cannot possess discretion as already defined. Any authority of the kind given by a minor, like any testamentary writing or verbal bequest made by him, is invalid, according to the Hindu law.—This doctrine is likewise consistent with reason, because adoption in general deprives the legal heir of his rights, and a person who is capable of doing that should be qualified to perform the acts specified in the definition of discretion. That discretion being unattainable, according to the *Shástras*, by persons under the age of sixteen, the restriction must be applied to all acts of a minor which he is not specially allowed to perform. Besides, as the judgment of a minor must be immature, any such power on his part is obviously liable to the greatest abuses, through the influence of interested and designing parties. It has therefore been the policy of the Hindu Legislators most strictly to forbid the recognition of any power in a minor where discretion is necessary to the validity of an act. This policy is consonant with the opinion of foreign jurists.

The civil Roman law attached such weight to so important an alteration in families, as adoption, and so zealously watched such acts, that it provided that no adoption should take place without the authority of the magistrate. The intention of such restriction evidently was to control such alteration in the line of inheritance in a family to the prejudice of others. This principle in a great measure coincides with that of the Hindu Legislative sages, who ordain that

করিয়া ও রাজাকে নিজ অভিপ্রায় নিবেদন করিয়া নিকট জ্ঞাতিকে অথবা জ্ঞাতির নিকট কুটুম্বকে গ্রহণ করিবে—ইত্যাদি"।

উক্ত মতদ্বয় বিবেচনা করিলে বোধ হইবে যে—শিরোমণিমহাশয় দত্তকগ্রহণকে নিত্য কর্ম্ম বিবেচনা করিয়া তাহা অপ্রাপ্তব্যবহার পুরুষেও করিতে পারার ব্যবস্থা করিয়াছেন। পক্ষান্তরে ঠাকুর বাবু তাদৃশ কার্য্যদ্বারা অধিকারি শৃঙ্খলার পরিবর্ত্তন ও দত্তক গৃহীত না হইলে যে ব্যক্তি যথাশাস্ত্র উত্তরাধিকারী হইত তাহার বঞ্চন ভাবনা করিয়া অপিচ দত্তকগ্রহণকে কাম্য কর্ম্ম বিবেচনায় তাহা অপ্রাপ্ত ব্যবহারের যোগ্যতাতীত কহিয়াছেন।—দত্তকগ্রহণ যে ধর্ম্ম কর্ম্ম হইয়াও ব্যবহার সম্লিষ্ট তাহা নির্ব্বিবাদ, কেননা কোন বালক যদি কেবল জলপিণ্ডদানাদি ক্রিয়ার্থে গৃহীত হইত তবে তদ্গ্রহণ শুদ্ধ ধর্ম্ম কর্ম্ম বলিয়া পরিগণিত হইতে পারিত, পরন্তু তাহা শুদ্ধ তদর্থে নয় কিন্তু তাহার বিষয়াধিকারী ও তাবৎ ব্যবহার বিষয়ে স্থলাভিষিক্ত হওন নিমিত্তেও বটে, এতাবতা দত্তক গ্রহণ যে ব্যবহার সম্লিষ্ট ধর্ম্মকার্য্য অত্র সন্দেহো নাস্তি। এক্ষণে বিবেচ্য এই যে তাহা নিত্য ধর্ম্ম কর্ম্ম, কি কাম্য?—কাম্য হইলে তাহা ব্যবহার সম্লিষ্ট না হইলেও, যথা ঠাকুর বাবু কহিয়াছেন, অপ্রাপ্তব্যবহার ব্যক্তি তাদৃশ কার্য্য করিতে পারিত না। কিন্তু "ব্রাহ্মণো হ বৈ জায়মানো ত্রিভির্ঋণৈ ঋণবান জায়তে। ব্রহ্মচর্য্যেণ ঋষিভ্যো, যজ্ঞেন দেবেভ্যঃ, প্রজয়া পিতৃভ্যঃ" অর্থাৎ ব্রাহ্মণ জন্মমাত্রে তিন ঋণে ঋণী হইয়া ভূমিষ্ঠ হয়,—ব্রহ্মচর্য্যার্থে ঋষিদের নিকট, যজ্ঞার্থে দেবতাদের নিকট, সন্তানোৎপাদনার্থে পিতৃলোকদের নিকট ঋণী হয়।—এই বেদবচনে, ও "ঋণানি ত্রীণ্যপাকৃত্য মনোমোক্ষে নিবেশয়েৎ, অনপাকৃত্য মোক্ষন্তু সেবমানো পতত্যধঃ।" অর্থাৎ তিন ঋণ পরিশোধ করিয়া মোক্ষে মনোনিবেশ করিবে, যে ঐ ঋণ পরিশোধ না করিয়া মোক্ষ চেষ্টা করে তাহার অধোগতি হয়।—এই মনুবচনে, এবং "অপুত্রেণ সুতঃকার্য্যো যাদৃক্ তাদৃক্ প্রযত্নতঃ। পিণ্ডোদক ক্রিয়াহেতোর্নাম সঙ্কীর্ত্তনায়চ" অর্থাৎ শ্রাদ্ধ তর্পণ ক্রিয়া ও নাম সঙ্কীর্ত্তন নিমিত্তে অপুত্র ব্যক্তি যত্নপূর্ব্বক যাদৃক্ তাদৃক্ পুত্র করিবে,"—দত্তকচন্দ্রিকাধৃত এই মনুবচনে, এবঞ্চ "অপুত্রতায়া নিমিত্ততা শ্রবণাৎ পুত্রাকরণে প্রত্যবায়োবগম্যতে" অর্থাৎ অপুত্রতা (পুত্রকরণের প্রতি) নিমিত্ত শ্রুতহওয়াতে পুত্র না করণে প্রত্যবায় বোধ হইতেছে,—দত্তকমীমাংসার এই উক্তিতে দত্তক গ্রহণ নিত্য কর্ম্ম রূপে প্রতীয়মান হইতেছে। অপিচ "পুত্রোৎপাদন বিধের্নিত্যতয়া তল্লোপস্য প্রত্যবায় নিমিত্ততা পর্য্যবসানাৎ, না পুত্রস্য লোকোঽস্তীতি পুত্রসামান্যাভাব এবালোকতা শ্রবণাৎ" অর্থাৎ পুত্রোৎপাদন বিধি নিত্য হওয়াতে তদুল্লঙ্ঘন প্রত্যবায়ের কারণ পর্য্যবসান হয়, যেহেতু 'অপুত্রের স্বর্গনাই' ইহাতে পুত্রমাত্রেরই অভাবে স্বর্গের অলাভ শ্রুত—দত্তকমীমাংসার এই বিশেষোক্তিতে দত্তক গ্রহণ তন্মতে নিত্যকর্ম্ম বলিয়াই বোধ্য—কেননা নিত্যকর্ম্মের লক্ষণ এই যে তাহা না করিলে প্রত্যবায় হয়। অপিচ দত্তকমীমাংসাতে পুত্রকরণ বিধি নিত্য বলিয়া লিখিত ও তাহা না করণে প্রত্যবায় উক্ত হওয়াতে, তন্মতে দত্তক গ্রহণ নিত্য ধর্ম্ম কর্ম্ম, এবং দত্তক চন্দ্রিকাতে তাহার বিরুদ্ধোক্তি না থাকাতে অন্য মতে দত্তক গ্রহণ কাম্য কর্ম্ম হইলেও দত্তকমীমাংসার মত মান্য, যেহেতু দত্তক বিষয়ে দত্তকমীমাংসা ও দত্তকচন্দ্রিকার উক্তি সর্ব্বোপরি প্রবল।—পরন্তু দত্তক গ্রহণ নিত্য কর্ম্ম হইলে, ও তাহা হওয়াতে নিস্সন্তান পুরুষের দত্তক গ্রহণ আবশ্যক হইলেই যে তাহা যেকোন অপ্রাপ্তব্যবহার ব্যক্তি করিতে পারে শাস্ত্রীয় যুক্তি এমত বোধ হয় না, কেননা কি নিমিত্তে দত্তক গ্রহণ করিতে হয়, ও তাহা না করিলে কি হয় সে বোধ যাহার জন্মে নাই সে কি কারণে দত্তক গ্রহণে অধিকারী হইবে? এই নিমিত্ত প্রায়শ্চিত্ত কাণ্ডে বালকের বয়োবিশেষে বোধাবোধ কল্পনায় প্রায়শ্চিত্তাদির তারতম্য করিয়াছেন। এবং ব্যবহারকাণ্ডে অষ্টম বর্ষ পর্য্যন্ত শিশু গর্ভস্থ* সরূপ কল্পিত, দশম বর্ষ পর্য্যন্ত সে পোগণ্ড কথিত হইয়া* অবোধ বিবেচিত হইয়াছে,

* দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ৫৫৪. ৫৫৩.

a person being about to adopt a son should take an unremote kinsman or the near relation of a kinsman, having convened his kindred and announced his intention to the king, &c."

It appears on consideration of the two opinions above mentioned, that *Pundit* Bhurut-chunder Shiromani, considering the adoption of a son to be a positive act of religion, held that an infant is competent to adopt;—while Baboo Prosunno Coomar Tagore, considering that the order of succession would be changed, and the person, who would have been an heir if adoption did not take place, would be deprived of his rights by the act of adopting a son, considering also that act to be an optional one, held it to be beyond the capacity of a minor.—That adoption is a religious rite mixed with a civil function is unquestionable; for had a boy been adopted merely for the sake of the oblation cake, water, and solemn rites, his adoption might have been deemed a mere religious act, but he is adopted not only for those purposes, but also to inherit the adoptor's estate, and to be his representative in all civil matters. Thus there is no doubt that adoption is partly for religious and partly for civil purposes. Now, it is to be seen whether it is an optional or positive religious act.—If optional, an infant cannot do it, even though it did not partake of a civil nature.—But it appears from the following text of the *Veda.* "A *Bráhmana*, immediately on being born, is pronounced a debtor on three obligations: to the holy saints, for the practice of religious duties; to the gods for the performance of sacrifices; to his forefathers for offspring" and from the following text of *Manu:* "When he has paid his three debts (to the sages, the manes, and the gods,) let him apply his mind to final beatitude; but low shall he fall, who presumes to seek beatitude, without having discharged those debts;" and from the following text of the same sage cited in the *Dattaka-chandriká:* "A son of any description must be anxiouly adopted by a man destitute of male issue; for the sake of the funeral cake, water, and solemn rites, and for the celebrity of his name;" also from the following passage of the *Dattaka-mímánsá:* "Since it is shown by this, that being so destitute is a cause, in omitting to adopt a son, an offence even is incurred;" that the adopting of a son is a positive act; and from this special dictum of the latter authority: "The precept enjoining the production of a son being positive, it results that the contravention of it is the cause of an offence; and on defect of any son in general, exclusion from heaven is declared in this text: 'Heaven awaits not one destitute of a son: "&c.,—adoption in his opinion is certainly a positive religious act (*nitya dharma karma;*) since any (religious) act the non-observance or non-performance where of causes an offence is termed '*nitya karma*' (positive act.) Further, the *Dattaka-mímánsá*, having declared that the precept enjoining the production of a son is a positive act, and the contravention of it is the cause of an offence, and there being nothing contrary to it in the *Dattaka-chandriká*, the opinion of the former must be respected, even though according to other authority or authorities the act in question is an optional one, the *Dattaka-mímansá* and *Dattaka-chandriká* being the highest and predominant authorities on the subject of adoption. But though adoption be a positive act of religion, and as such, it be incumbent upon persons destitute of sons to adopt, yet consistenly with the reason of the law it does not appear that an infant is competent to adopt a son; for how can that boy do so who does not understand why a son is to be adopted, and what is the consequence of not adopting a son? In the *Práyashchitta-kánda* distinction is made with regard to severity in the penance or expiation of infants, according to their age and understanding. In the *Vyavahára-kánda* too, an infant (*shishu*) before his eighth year is considered as similar to a child in the womb,* and to the tenth year a (mere) child,*

* See *ante*, pp. 555, 557.

অতএব তৎকাল পর্য্যন্ত তৎকর্ত্তৃক দত্তক গ্রহণ (তৎকার্য্য নিত্য ধর্ম্ম কর্ম্ম হইলেও) শাস্ত্রের মর্ম্মানুমত ও যুক্তিযুক্ত বোধ হয় না। দশম বর্ষ হইতে পঞ্চদশ বৎসর পর্য্যন্ত কিশোর কাল, এই কালে ক্রমে হিতাহিত বোধোদয় হইতে থাকে, তাহা হইলে দত্তক গ্রহণে অধিকারী হয়। অপিচ এতদ্দেশে ষোড়শ বর্ষ বয়ঃক্রমের পূর্ব্বে প্রায় স্বভাবতঃ পুত্রোৎপাদন শক্তি জন্মে, (ও সে শক্তি জননকালে প্রায় হিতাহিত বোধোদয়ও হইয়া থাকে,)—এতাবতা কাহারো পুত্রকরণশক্তি স্বভাবতঃ হইলে তদ্ব্যক্তির হিতাহিত বোধ সত্ত্বে তাহা শাস্ত্রতঃ হওয়াও যুক্তি সিদ্ধ। বৃহস্পতি কহেন "কেবলং শাস্ত্রমাশ্রিত্য ন কর্ত্তব্যো বিনির্ণয়ঃ, যুক্তিহীন বিচারেণ ধর্ম্মহানিঃ প্রজায়তে।" অর্থাৎ কেবল শাস্ত্রকে আশ্রয় করিয়া নিষ্পত্তি করিবে না,— যুক্তিহীন বিচারে ধর্ম্মহানি হয়॥ অতএব নাবালগকে দত্তক গ্রহণ করিতে শাস্ত্রে স্পষ্টতঃ নিষেধ নাই বলিয়াই যে হিতাহিত বোধশূন্য বালক দত্তক গ্রহণ করিতে পারে এমত ব্যবস্থা শাস্ত্রীয় যুক্তি সম্মত নয়, কিন্তু শাস্ত্রের যুক্তি বা তাৎপর্য্যানুসারে হিতাহিত জ্ঞানবান্ বালকেরই দত্তক গ্রহণ করা সঙ্গত। এতাবতা শিরোমণি মহাশয় যে নাবালগকে দত্তকগ্রহণে অধিকারি কহিয়াছেন সে নাবালগমাত্রে নয় কিন্তু হিতাহিত বোধ বিশিষ্ট অর্থাৎ তাহা গ্রহণ করিলে কি ফল ও না করিলে কি দোষ তজ্জ্ঞান বিশিষ্ট যে সেই। পক্ষান্তরে ইহাও শাস্ত্রীয় যুক্তি সম্মত নহে, যে ষোড়শ বৎসর প্রাপ্ত হইলেই হিতাহিত জ্ঞানবান্ হয় ও দত্তক গ্রহণ করিতে পারে ও তৎ পূর্ব্বে কখনো সে জ্ঞান ও ক্ষমতা হয় না,—কেননা পঞ্চদশ বৎসরের শেষ দিবসে কিশোরেরা হিতাহিত জ্ঞানহীন থাকে ও ষোড়শ বৎসরের প্রথম দিবসেই হঠাৎ হিতাহিতজ্ঞ ও বিজ্ঞ হইয়া উঠে এমত বিবেচনা কখনই কারণাধীন নয়, সঙ্গতও নয়।—তবে ষোড়শ বর্ষ বয়ঃক্রমের পূর্ব্বে কোন ব্যক্তি ব্যবহারকার্য্য করিতে স্পষ্টতঃ প্রতিষিদ্ধ হওয়াতে তাহার ন্যূন বয়স্ক ব্যক্তি হিতাহিত জ্ঞান হইলেও দত্তক গ্রহণানুসঙ্গিক যে ব্যবহার কার্য্য তাহাই করিতে পারে না, কিন্তু শুদ্ধ গ্রহণরূপ যে ধর্ম্ম কর্ম্ম তাহা করিতে কোন নিষেধ নাই, প্রত্যুত অপুত্র ব্যক্তিদের তাহা করা আবশ্যক রূপে আদিষ্ট হইয়াছে। এতাবতা এই নিষ্কর্ষ বোধ হইতেছে যে অপ্রাপ্তব্যবহার ব্যক্তি ষোড়শ বর্ষের পূর্ব্বে হিতাহিত জ্ঞানবান্ হইলে অথচ দত্তক গ্রহণ তাহার আবশ্যক হইলে সে তাহা করিতে পারে, পরন্তু সে স্বাভাবিক অধিকারির শৃঙ্খলা পরিবর্ত্তন করিয়া ঐ দত্তককে বিষয়াধিকারি করিতে পারে না, কেননা কোন ব্যক্তিকে দত্তক গ্রহণ ও পিণ্ডাধিকারি করা ধর্ম্ম কর্ম্ম, কিন্তু তাহাকে ধনাধিকারি করা ব্যবহার-কার্য্য, যাহা ষোড়শ বর্ষ বয়ঃক্রমের পূর্ব্বে কোন ব্যক্তি করিতে শাস্ত্রে নিষিদ্ধ, ও করিলে তাহা অকৃত অর্থাৎ অসিদ্ধ,—এতাবতা হিতাহিত জ্ঞানবান্ অপ্রাপ্তব্যবহার ব্যক্তি দত্তক গ্রহণ করিলেও সে দত্তক বিষয়াধিকারী হইতে পারে এমত বোধ হয় না, কেননা তাহার যে অধিকার সে তদ্গ্রহীতার কার্য্যদ্বারা। কিন্তু সে যখন ব্যবহার কার্য্য করণে অর্থাৎ ধনবিনিয়োগে অনধিকারী ও তৎকৃত তৎকার্য্য অকৃত গণিত, তখন তৎকার্য্যদ্বারা তদ্দত্তক কি রূপে ধনাধিকারী হইতে পারে? তথাচ যেমত দত্তকচন্দ্রিকাতে বিধান হইয়াছে যে ক্লীবাদির পিতৃধনে অধিকার না থাকা হেতু তাহাদের দত্তক পৈতামহ ধনে অধিকারী নয়, কিন্তু অন্নাচ্ছাদন মাত্রে অধিকারী,* তৎসাৎ দৃষ্টিক ন্যায়ে অপ্রাপ্তব্যবহার ব্যক্তির দত্তকও অন্নাচ্ছাদন পাইতে অধিকারী বোধ হইতেছে,—কেননা শাস্ত্রের সাধারণ বিধান এই যে—"একত্র নির্ণীতঃ শাস্ত্রার্থো

* "অথান্ধ পঙ্গুপ্রভৃতি পুত্রাণাং ধনানধিকারিতয়া তদৌরস ক্ষেত্রজয়োরেব পিতামহ ধন ভাগিত্ব শ্রুতের্নতদ্গৃহীত পুত্রাদেঃ পিতামহ ধনাধিকারঃ, কিন্তু ভরণ মাত্রং"।—অর্থাৎ অন্ধ পঙ্গু প্রভৃতি পুত্রের (পিতৃ) ধনে অধিকার না থাকাতে ও তাহাদের ঔরস ও ক্ষেত্রজ পুত্রই কেবল পিতামহ ধনভাগি হওয়াতে তাহাদের গৃহীত দত্তক পুত্রাদি পিতামহ ধনে অধিকারি নয়, কিন্তু ভরণ মাত্রে অধিকারি।—দ. চ. পৃ. ৩৩।

প্র. জিলা শাহাবাদ নিবাসী কোন ব্যক্তি (তৎকালীন অপুত্র থাকায়) ভ্রাতৃপুত্রকে গ্রহণ করিয়া তাহাকে নিজ দত্তক পুত্র করিল। ঐ দত্তক গ্রহণের পরে গ্রহীতার এক ঔরস পুত্র জন্মিল। এমত অবস্থায় ঐ গ্রহীতার মরণোত্তর তাহার ত্যক্ত বিষয়ে কি পরিমাণে তৎপ্রত্যেক পুত্র অধিকারী?

ঔরস পুত্রের সহিত বিভাগে দত্তক পুত্র চতুর্থাংশভাগী।

উ.—উপরি উক্ত অবস্থাতে ঐ বিষয় চারি অংশে বিভাজ্য। তন্মধ্যে তিন অংশ ঔরস পুত্র লইবে, ও বক্রী এক অংশ দত্তক পুত্র পাইবে।* এই মত শাহাবাদপ্রভৃতি প্রদেশে† প্রচলিত মিতাক্ষরা, দত্তকমীমাংসা এবং আর২ গ্রন্থানুমত।

প্রমাণ—উক্ত গ্রন্থসমূহে ধৃত বশিষ্ঠবচন—'এক দত্তক পুত্র গৃহীত হইলে পর যদি ঔরস পুত্র জন্মে, (তবে) দত্তক পুত্র চতুর্থাংশ ভাগী'॥

সদরদেওয়ানী আদালত। মেক্. হি. ল বা. ২, চ্যা. ৬, মকদ্দমা ১১, পৃ. ১৮৪, ১৮৫।

প্র. কিঞ্চিৎ ভূমি সম্পত্তির অধিকারী এক ব্যক্তি এক পুত্র ও চারি কন্যা রাখিয়া মরে। তাহার মৃত্যুর পর তৎপুত্র ঐ সমুদায় পৈতৃক বিষয়ে অধিকারী হইয়া উপরি উক্ত কএক ভগিনী রাখিয়া অপুত্রক মরে।—তন্মধ্যে দুই ভগিনী পতিপুত্রবিহীনাবস্থায় মরে; বক্রী দুই ভগিনীর মধ্যে এক জন তিন পুত্র আর এক জন এক দত্তক পুত্র রাখিয়া মরে। এমত অবস্থায় বিষয়ের কি পরিমাণে তৎপ্রত্যেকে অধিকারী?

*বঙ্গদেশে তিন জন ভাগিনেয়ের সহিত বিভাগে আর এক ভগিনীর দত্তক সপ্তমাংশ ভাগী।

উ. উপরি বর্ণিত অবস্থাতে, শাস্ত্রানুসারে ঐ বিষয় সাত ভাগে বিভক্ত হইবে, তন্মধ্যে এক ভগিনীর তিন পুত্র ছয় ভাগ লইবে, এবং অন্য ভগিনীর দত্তক পুত্র বক্রী এক ভাগ পাইবে।

জিলা হুগলি, ২৮ সেপ্টেম্বর, ১৮১২ সাল।—মেক্ হি ল. বা. ২, সেক্. ৬, মকদ্দমা ৭, পৃ ৮৮, ৮৯।

গোপীমোহন দেব—বনাম—রাজা রাজকৃষ্ণ।

৫৮৩ সংখ্যক ব্যবস্থার নজীর।

রাজা নবকৃষ্ণের পাঁচ পত্নী ছিলেন, এবং গোপীমোহন দেবকে দত্তক গ্রহণ কালীন তাঁহার পুত্র সন্তান ছিলনা;—গোপীমোহন রাজা নবকৃষ্ণের এক ভ্রাতা রামসুন্দর দেওর্তার (ঔরস) পুত্র ছিলেন। প্রথা এই যে—বহু পত্নীবিশিষ্ট কোন পুরুষ দত্তক গ্রহণ করিতে হইলে তাহাদের এক জনের পুত্ররূপে তাহাকে গ্রহণ করিয়া থাকে,—কিন্তু তাহা আবশ্যক নয়। তদনুসারে ঐ রাজা নিজ জ্যেষ্ঠা পত্নী হিরামণি দাসীর পুত্র রূপে গোপীমোহন দেবকে গ্রহণ করিলেন।

দত্তক গ্রহণের পূর্ব্বে উক্ত রাজা এক একরার লিখিয়া দেন, এই একরারের দ্বারা ঐ রাজা—রামসুন্দর দেওর্তা নিজ পুত্র গোপীমোহন দেবকে হিরামণির পুত্র রূপে দত্তক গ্রহণার্থ দেওয়ার নিমিত্তে স্বীকার করেন যে যদি ভবিষ্যতে তাঁহার ঔরস পুত্র না জন্মে তবে গোপীমোহন দেবকে সমুদায় বিষয় দিবেন। (কিন্তু) যদি তাঁহার ঔরস পুত্র জন্মে তবে এই নিয়ম করা হইল যে ঐ দত্তক ও ঔরস

* কাশী প্রদেশীয় শাস্ত্রানুসারে দত্তক পুত্র ঐ পরিমিত অংশে অধিকারী বটে, কিন্তু বঙ্গদেশীয় শাস্ত্রানুসারে দত্তক তৃতীয়াংশে অধিকারী।—মেক্. হি. ল. বা. ১, পৃ. ১০৮৫।

† উপরি উক্ত ব্যবস্থা বঙ্গদেশ প্রচলিত শাস্ত্রানুসারে যথার্থ বটে, কিন্তু কাশীপ্রদেশ প্রচলিত শাস্ত্রানুসারে ঐ বিষয় দশ ভাগে বিভক্ত হইত, তন্মধ্যে দত্তক পুত্র এক ভাগ লইত। ভগিনীর দত্তক পুত্রের অধিকারসূচক স্পষ্টতঃ শাস্ত্র নাই, কিন্তু তাহার স্বত্ব অনুভবদ্বারা স্বীকৃত হইয়াছে।—সর্ উইলিয়ম্ মেক্নাটন্ সাহেবের বিবেচনা।

ঔরস ও দত্তক রূপ সন্তানদিগের মধ্যে বিভাগে অংশের পরিমাণ বিষয়ে উক্ত ব্যবস্থা যথার্থ বটে,—কিন্তু ভগিনীর দত্তক পুত্রের অধিকার শাস্ত্রে নাই (দুহিতার দত্তকের বিষয়ে যাহা লিখিত হইল তাহা দ্রষ্টব্য), এবং (জীবিত বা মৃত) কোন গ্রন্থকর্ত্তা অনুভবদ্বারা তাহার অধিকার স্বীকার করেন নাই। প্রকৃত উক্ত সর্ উইলিয়ম্ মেক্নাটন্ সাহেব-ই নিজ গ্রন্থের প্রথম খণ্ডে (যাহা ইহার পরে লিখিত হয়) তদধিকার অস্বীকার করিয়া তদ্বিরুদ্ধ ব্যবস্থাই সংস্থাপন করিয়াছেন।—দ্রষ্টব্য বা. ১, পৃ. ২৭।

Authorities.—The text of *Nárada* cited in the above authorities: "Should they give or sell their own shares, they do all that they please, for they are masters of their own wealth."

Musst. Taramani Debia *versus* Deb Naraen Roy and Bishen Persaud.—Sudder Dewanny Adawlut. January 14th, 1824. Macn. H. L. vol. II. Ch. VI. Case 10, pp. 183, 184.

Q. An inhabitant of *zillah* Shahabad, (being childless at the time,) took his brother's son, and made him his adopted son. Subsequently to the adoption, a son was born to the adopting father. In this case, on the death of the adopting father, to what proportions of the property left by the deceased is each of the sons entitled ?

R. Under the circumstances stated, the property should be divided into four shares, three of which will be taken by the son of the body, and the remaining one by the adopted son. This opinion is conformable to the *Mitákshará, Dattaka-Mimánsá*, and other authorities, as current in the district of *Sháhábad, &c.**

An adopted, son sharing with a son of the body, is entitled to a fourth.

Authorities.—The text of *Vashistha*, cited in the above (mentioned) authorities: "When a son has been adopted, if a legitimate son be afterwards born, the given son shares a fourth part."

Sudder Dewanny Adawlut.—Macn. H. L. vol. II. Ch. VI. Case 11. pp. 184, 185.

Q. A person possessing some landed property dies, leaving a son and four daughters. Subsequently to his death, the son takes possession of the whole of his paternal estate, and dies without male issue, leaving his sisters above named, two of whom died, leaving neither husband nor children; and of the surviving sisters, one had three sons, and the other a son by adoption. Under these circumstances, to what proportion of the estate will each individual survivor be entitled ?

R. Under the circumstances above stated, according to the law, the estate will be made into seven parts, of which the three sons of one sister will take six shares, and the adopted son of the other the remaining one.†

In Bengal, the adopted son of a sister takes a seventh, as co-heir with three sons of another sister.

Zillah Hooghly, September 28th, 1812. Macn. H. L. vol. II. Sect. 6, Case 7, pp. 88, 89.

Gopeemohun Deb versus *Rajah Rajkishen.*

Rajah Nubkishen had five wives, but no male issue, when he took *Gopeemohun Deb* in adoption.—*Gopeemohun* was a son of Ramsoonder Bewertah, one of the brothers of Rajah Nubkishen. It is usual, although not necessary, where a man, who adopts, has several wives, to adopt the son *as a child of one of them.* The *Rajah* accordingly adopted *Gopeemohun Deb* as the son of his eldest wife *Heera-monee Dossee.*

CASE Bearing on the Vayvasthá No. 686.

The *Rajah* entered into an agreement, previous to the adoption, by which he promised, in *consideration* of *Ramsoonder Bewertah's* giving his son *Gopeemohun Deb* to be adopted by him, (*Rajah*

* This is the proportion to which the adopted son is entitled, according to the law of Benares ; but according to the law of Bengal, he may claim a third.

† The above is an accurate exposition of the law as current in Bengal; but, according to the law of Benares, the property would have been made into ten parts, of which the adopted son would take one. There is no express authority for the succession of a sister's adopted son, but his right is admitted by inference.—Remark by Sir W. Macnaghten.

The above exposition is accurate as regards the proportion of the shares of the adopted and legitimately begotten relations; but the succession of a sister's adopted son is not recognised by the law: (see the part treating of a daughter's adopted son, *supra.*) And no authority, living or dead, has admitted his right by inference. Nay, Sir W. Macnaghten himself has disowned it in his first volume (which was written after the second,) and laid down a contrary principle.—See *Ibid.* p. 24.

সমভাগবণ্টিনী হইবে, যদি একাধিক ঔরস পুত্র জন্মে তবে তাঁহারা ও গোপীমোহন সকলে ঐ রাজার বিষয় সমান ভাগ করিয়া লইবে। দত্তক গ্রহণের কএক বৎসর পরে রাজা নবকৃষ্ণের এক কনিষ্ঠা পত্নীর গর্ভে এক পুত্র জন্মে, ইঁহার নাম রাজকৃষ্ণ, ইনি পিতার মরণান্তে রাজা রাজকৃষ্ণ হইলেন।

রাজকৃষ্ণের জন্মের কিয়ৎকাল পরে রাজা নবকৃষ্ণ এক উইল করিলেন, তদ্দ্বারা তিনি দত্তক পুত্র গোপীমোহনকে অধিক বিষয় দিলেন বটে—পরন্তু তাহা সমুদায় বিষয়ের অর্দ্ধেকের সহিত মিলাইলে অল্প বই নয়। উইলে তিনি অনেককে দাতব্য দিয়া যান। এবং যাহা বিশেষ করিয়া কাহাকেও দিলেন না তৎসমুদায়ই রাজকৃষ্ণের রহিল।

নবকৃষ্ণের মৃত্যুর পরে, গোপীমোহন রাজারাজকৃষ্ণের বিরুদ্ধে নালিশী আর্জি দাখিল করিলেন, যদ্দ্বারা হিসাব ও নবকৃষ্ণের বিষয়ের অর্দ্ধেক দাওয়া করিলেন। এই দাওয়া দত্তক গৃহীত হওন কারণে অথচ নবকৃষ্ণের লিখিয়া দেওয়া একরারের বুনিয়াদে হয়।

রাজকৃষ্ণ নিজ জওয়াবে দত্তকতা স্বীকার করিলেন না অস্বীকার-ও করিলেন না, এবং আর্জিতে উল্লিখিত একরার দস্তখত হওয়া স্বীকার করিলেন না অস্বীকার-ও করিলেন না,—কিন্তু নবকৃষ্ণ তাঁহার লাস্তার্থে যে উইল করিয়াছিলেন তাহারই উপর নির্ভর করিলেন।

মকদ্দমার শুনানি হইলে—আদালত কর্ত্তৃক উক্ত হইল যে গোপীমোহন যথাবথ রূপে দত্তক গৃহীত বটে।

রাজা নবকৃষ্ণ যে একরার লিখিয়া দিয়াছিলেন তাহা বিশিষ্টরূপে সপ্রমাণ হইতে পারিত, কিন্তু উভয় পক্ষ বিবাদ নিষ্পত্তি করিতে পরামর্শ প্রাপ্ত হইলেন,—এই নিষ্পত্তি ঐ একরারের সূত্রেই করিলেন, এবং তদ্দ্বারা রাজা নবকৃষ্ণের উইলের যে অংশ রাজা রাজকৃষ্ণের বা গোপীমোহনদেবের স্বত্ববিষয়ক তাহা রদ করিলেন।

আমার বোধ হয় রাজা নবকৃষ্ণের লিখিয়া দেওয়া একরার অনুসারে উভয় পক্ষ মধ্যে আপোসে যেমত নিষ্পত্তি হইল আদালতে-ও সেইরূপ নিষ্পত্তি হইত;—কিন্তু কথা এই যে, ঐ একরার না থাকিলে কি হইত? ইহাতে আমি উত্তর দিতে পারি যে গোপীমোহনের কৌন্সলিদের তাহাতে কোন সন্দেহ ছিল না। আদালত কর্ত্তৃক যাহা উক্ত হইল তাহা হইতে এবং তৎকালে প্রচলিত শাস্ত্র হইতে আমাদের নিকট এই নিশ্চিত হইল যে রাজা নবকৃষ্ণ যে উইল করিয়াছিলেন তাহার দ্বারা গৃহীত দত্তককে তৎ স্বত্ব হইতে বঞ্চিত করিতে ক্ষমতা প্রাপ্ত হইতেন না, এবং যদি গোপীমোহনদেব একরার প্রমাণ করিতে-ও না পারিতেন (তথাপি) উইল সত্ত্বে-ও বিষয়ের তৃতীয়াংশ পাইতে অধিকারী কথিত হইতেন।—মেক্. হি. ল. পৃ. ২৩০।

গোপীমোহন ঠাকুর—বনাম—সেবন কুঙর প্রভৃতি।

৶০ শ্যামচরণ দাস ১৮১০ সালে নিজপত্নী (প্রতিবাদিনী) সেবন কুঙরকে এবং (শ্যামল দাসের দ্বিতীয় ঔরস পুত্র) নিজ দত্তক পুত্র গোবরচরণ* দাসকে উত্তরাধিকারি ও যথাশাস্ত্র স্থলাভিষিক্ত রাখিয়া কাল প্রাপ্ত হয়।

যদ্ধকে আবদ্ধ অবিভক্ত পৈতৃক বিষয়ের অর্দ্ধেক শ্যামল দাসের হওয়াতে তাহার অর্দ্ধেক অংশ আবদ্ধ করিতে যে তাহার অধিকার ছিল ইহাতে সন্দেহ নাই। তন্মরণান্তে তাহার দুই অপ্রাপ্তব্যবহার পুত্র জগন্নাথ দাস ও বলরাম দাস উপযুক্ত রূপেই আদালতে তাহার স্থলাভিষিক্ত হইয়াছে। শ্যামল দাসের দ্বিতীয় পুত্র গোবরচরণ* দাস শ্যামচরণকর্ত্তৃক দত্তক গৃহীত হওয়াতে শাস্ত্রানুসারে সে আর জনক শ্যামল দাসের পুত্র ও উত্তরাধিকারী বিবেচিত হইতে পারিল না। কিন্তু গ্রহীতা পিতা শ্যামচরণের পুত্র ও উত্তরাধিকারী হইল।

* এই নাম প্রকৃত রূপে 'গোবর্দ্ধন,'—ভ্রমক্রমে 'গোবরচরণ' লিখিত হইয়াছে।

Nubkishen) as the son of his eldest wife *Heera-monee Dossy*, that he (the *Rajah*) would give the whole of his property to *Gopeemohun Deb*, if he did not thereafter beget a son. In case the Rajah should have a son born to him, it was stipulated that he and *Gopeemohun* should share the property equally between them—and if more than one son should be born, that they and *Gopeemohun* should be equal participators in the *Rajah's* estate. Some years after the adoption, *Rajah Nubkishen* had a son by one of his younger wives. This was *Rajkrishna*, who upon the death of his father became *Rajah Rajkrishna*.

Rajah Nubkishen, some time after the birth of *Rajkrishna*, made a will, by which he left his adopted son Gopeemohun property to a considerable amount, although but little in comparison with the half of his estate. He made several bequests, and gave every thing not particularly disposed of, to his son *Rajkrishna*.

Upon the death of Nubkishen, Gopeemohun Deb filed a bill against Rajah Rajkrishna, by which he prayed an account, and claimed a moiety of *Nubkishen's* estate. This claim was made as well upon the ground of his having been adopted, as upon that of the agreement which had been entered into by *Nubkishen*.

Rajkrishna did not, by his answer, either admit or deny the adoption, nor did he either admit or deny the execution of such an agreement as had been set forth;—but he relied upon the will which *Nubkishen* had made in his favor.

Gopeemohun, upon a hearing of the cause, was declared to have been duly adopted.

The agreement which had been entered into by Rajah Nubkishen could have been satisfactorily proved—but the parties were advised to come to a settlement of their dispute. This they did upon the footing of the agreement, and thereby revoked the will of *Rajah Nubkishen* as far as it related to the interests of *Rajah Rajkrishna* or *Gopeemohun Deb*.

I believe this cause would have been decided by the Court, as it was settled by the parties themselves, that is according to the agreement which had been entered into dy *Rajah Nubkishen*; but the question is, what would have been done, if such an agreement had never existed? To this I can only answer that the counsel of *Gopeemohun* had not any doubt. From what had been declared upon the bench, and from the law as it was understood at that day, we were quite certain that Rajah Nubkishen would not have been suffered, by his will, to deprive the son whom he had adopted, of his rights—and Gopeemohun Deb, if he had failed in proving the agreement, would, notwithstanding the will, have been declared entitled to *one third* of the estate.—Macn. Cons. H. L. pp. 230—233.

Gopeemohun Tagore versus *Sebun Cower and others*.

II. Saumchurn Doss died in 1810, leaving Sebun Cower (one of the defendants) his widow, and an adopted son, Goberchurn* Doss, (the second son of the body of Samol Doss,) his heir and legal representative.

As to Samol Doss, who had a moiety of the undivided patrimonial estate which was mortgaged, there was no doubt of his right to bind his moiety; and he was now, since his death, properly represented before the Court by the defendants Jugernath Doss and Bulram Doss, his two infant sons and heirs. By Saumchurn's adoption of Samol Doss's second son Goberchurn* the latter ceased by the Hindu law to be considered as a son and heir of Samol Doss, his natural father, but became the son and heir of Saumchurn, his adopting father.

* This should be *Goberdhun*, Goberchurn is an evident mistake.

বন্ধকে আবদ্ধ বিষয়ের অন্য অর্দ্ধেক শ্যামচরণের সৃষ্ট হইতেছে। এক্ষণে কথা এই যে যথাযোগ্য ব্যক্তি উঁহার স্বত্বাতিবিক্ত হইয়াছে কি না বথা তদ্দ্বারা ঐ অর্দ্ধেক আবদ্ধ হইতে পারে কি না। প্রকাশ যে ঐ অর্দ্ধেক উঁহার দত্তক পুত্র গোবরচরণের অধিকার, সে অপ্রাপ্তব্যবহার, বিলের দ্বারা তাহাকে উপযুক্ত রূপে আদালতে আনা হইয়াছে বটে, কিন্তু বন্ধকপত্র স্বাক্ষরকারিদের মধ্যে সে এক জন নয়, এবং অপ্রাপ্ত ব্যবহারতা প্রযুক্ত সে তাহা হইতেও পারিত না। শ্যামচরণের পত্নী সেবন কুঁওর যে ঐ বন্ধকপত্র দস্তখত করিয়াছিলেন বিষয়ে উঁহার কোন স্বত্ব নাই,—কেবল ঐ অপ্রাপ্তব্যবহার পুত্রের স্থানে অন্নাচ্ছাদন পাইতে মাত্র উঁহার অধিকার আছে, এবং তাদৃশ বন্ধকপত্র সহী করিয়া দিতে উঁহার ক্ষমতা কেবল যথার্থ আবশ্যকতা বশতই সম্ভবে—তাহা পতিকৃত ঋণ পরিশোধন, তৎশ্রাদ্ধ সম্পাদন অথবা অন্য ধর্ম্ম কর্ম্ম নিমিত্ত, কিম্বা নিজ জীবন ধারণ ও পরিবার প্রতিপালন জন্য হয়, যদিও পরিবারের অবস্থানুসারে ইহা সম্ভবই বটে, যে ঋণের অথচ উপযুক্ত রূপে পরিবারপালনের নিমিত্তে ঐ টাকার সমুদায় বা কিয়দংশ সংগ্রহ করা আবশ্যক ছিল তথাপি তন্মধ্যে কিছুই প্রমাণে সাব্যস্ত হয় নাই, দলীলেও বর্ণিত নাই।—১১ ফেব্রুওরি, ১৮১৭ সাল। ইস্ট্ সাহেবের নোট্, মকদ্দমা ন. ৬৪।

রাণীকৃষ্ণমণি আপিলান্ট্—বনাম—রাজা উদ্বন্ত সিংহ ও রাজা জানকীরাম সিংহ রেস্পণ্ডেন্ট্।

৮৭, ৫৮৮, ও ৭৮২. প্রাক্ ব্যবস্থার নম্বর।

/০ জিলা রাজশাহীর অন্তর্গত তরফ কঙ্করাকরপুর প্রভৃতিতে মালিকী স্বত্ব সংস্থাপন এবং প্রতিবাদিনীরা অন্যায় রূপে ঐ বিষয় হইতে যে মুনফা লইয়াছেন তাহা পাইবার নিমিত্তে রেস্পণ্ডেন্টেরা আপিলান্টের ও রাণীজয়মণির বিরুদ্ধে এই নালিষ উপস্থিত করেন। আর্জির মর্ম্ম এই যে—রাণীকৃষ্ণমণিকে উঁহার স্বামী মহারাজা বিশ্বনাথ রায় বাহাদুর নিজ উইল দ্বারা স্বকীয় স্থাবর অস্থাবর সমুদায় সম্পত্তির দখিলকার ও অধ্যক্ষ করিয়া যান। তিনি ঐ রাজার তৃতীয়া পত্নী ছিলেন, উঁহার মৃত স্বামী অপুত্র হওয়াতে উক্ত উইলের দ্বারা দত্তক পুত্র গ্রহণ করিতে উঁহাকে ক্ষমতা দিয়া যান। এক্ষণে দাবীকৃত বিষয় উঁহার পতির জীবনকালেই জগমোহন নামক এক ব্যক্তির নিকট বন্ধক দেওয়া হয়, এবং ১৮০৬ সালের ১৭ আইনের মর্ম্মানুসারে বয়বাত্ জারির নির্ণিত সময় নিকট হইয়াছিল, তখন কৃষ্ণমণি ঐ ঘটনা না ঘটিতে পারে এই নিমিত্তে বাদিদিগের নিকট ঐ বিষয় ৬৫৯০১ টাকাতে বয়বলওফা করেন। রীতিমত কবালা লিখিত পঠিত হইয়া বিক্রেতা এক একরার লিখিয়া দেন যে—ঋণকৃত টাকা সুদসমেত এক বৎসরের মধ্যে তিনি পরিশোধ করিতে না পারিলে ঐ বিক্রয় নাতক হইবে। পণের টাকার মধ্যে ২৫৭০ টাকা গৃহবিগ্রহদিগের পূজার ব্যয় নির্ব্বাহ নিমিত্তে কৃষ্ণমণিকে দেওয়া হয়, ও বক্রী টাকা উঁহার সম্মতিক্রমে বন্ধক গ্রহীতার ঋণপরিশোধে ব্যবহার ও তদর্থে আদালতে আমানত করা হয়। এক বৎসর মেয়াদ্ গতে—বিক্রয় নাতক করণের সময় উপস্থিত হওয়াতে, বাদিরা রাজশাহীর জজের নিকট ঐ একরার বলবৎ করিবার নিমিত্তে এক সরাসরি দরখাস্ত করিলেন, তদনুসারে কৃষ্ণমণিকে এক লিখিত নোটিস্ দেওয়া হয়, প্রতিবাদিনী কৃষ্ণমণি জওয়াবে বাদিদের বর্ণিত কর্জ্জ স্বীকার করিয়া এই ওজর করিলেন যে—উক্ত ঋণের সুদ আইন বিরুদ্ধ, ও তিনি পতির অনুমতিক্রমে গোবিন্দচন্দ্র রায় নামক এক দত্তকপুত্র গ্রহণ করিয়াছেন, উক্ত বিষয়ে তাহার স্বত্ব নির্ব্যূঢ়, ও সে উঁহার কৃত শাস্ত্র বিরুদ্ধ কোন কার্য্য দ্বারা ঐ বিষয় হইতে বঞ্চিত হইতে পারে না, অপিচ তিনি ঐ টাকা দিতে উপস্থিত করিয়াছিলেন, কিন্তু বাদিরা তাহা ছলক্রমে লয় নাই। প্রতিবাদিনী জয়মণি নিজ জওয়াবে অন্যা প্রতিবাদিনীর বয়ান অস্বীকার করিলেন।

১৮১৯ সালের ২৭ জুলাই তারিখে কোর্ট আপিলের প্রধান জজ এই মকদ্দমাতে রায় প্রকাশ করিলেন (তাহাতে) দাবীকৃত বিষয়ের দখল খরচা সমেত ডিক্রী হইল।

রাণীকৃষ্ণমণি সদর দেওয়ানী আদালতে উক্ত ফয়সলার আপীল করিলেন। দ্বিতীয় জজ সি. ইস্মিথ সাহেবের সমীপে এই মকদ্দমার প্রথম শুনানি হয়; তিনি মকদ্দমার হালাতের আরো প্রমাণ লইতে

The other moiety of the mortgaged premises appeared to be in Saumchurn; and the question was whether he was properly represented, so as to bind that moiety. The title to that moiety was evidently in his adopted son Goberchurn, the infant, who was properly brought before the Court by the bill, but who was no party to the mortgage deed, nor, indeed, could have been by reason of his infancy. Sebun Cower, the widow of Saumchurn, and by whom the mortgage was executed, had clearly no interest in the estate, having only a right of maintenance from the infant son, and her power to execute such a mortgage could only be supported by actual necessity, either for the debts of her husband, or for the performance of his *shrád*, or other necessary religious observances, or for the absolute maintenance of herself and family; but none of these things were proved in evidence, nor were they even recited in the deed, though it was probable enough, from the circumstances of the family, that the sum might, in whole or in part, have been necessary to be raised, both for debts and the due support of the family. 11th of February 1817.—East's Notes, Case No. 64.

Ranee Kishenmunee, Appellant, versus *Rajah Woodwunt Singh and Rajah Junkeeram Singh, Respondents.*

CASES Bearing on the Vayvasthás No. 58, 588, 589.

I. This action was instituted by the respondents against the appellant and Ranee Joymunee, to establish their proprietory right to *Turuf* Kunkurakurpore, &c., situate in Zillah Rajshahye, and to recover the profits which had been unduly appropriated from the estate by the defendants. The plaint was to the following effect. Ranee Kishenmunee had been left by the will of her late husband, Maharajah Bishennath Roy Bahadoor, sole possessor and manager of all his property, real and personal. She was his third wife; and in the same will her deceased husband invested her with authority to adopt a son, by reason of his having died childless. The estate now claimed had been mortgaged in her husband's life time to one Jugomohun, and the period fixed for the foreclosure of the mortgage had nearly arrived under the provisions of Regulation XVII of 1806, when Kishenmunee, with a view to avert that event, made a conditional sale of the lands to the plaintiffs for the sum of 65,901 rupees. A regular deed of sale was executed, and a written agreement was entered into by the seller, that, in the event of her inability to repay the sum borrowed, with interest, within the period of one year, the sale should become absolute. Of the purchase money, 2570 rupees were paid to Kishenmunee for the purpose of defraying the expenses attendant on the worship of the idols, and the remainder was, with her consent, applied to the liquidation of the mortgagee's debt, and deposited in court for that purpose. On the expiration of the term of one year, as the time had arrived for making the sale absolute, the plaintiffs made a summary application to the Judge of Rajshahye to enforce the written agreement. Accordingly a written notice was served on Kishenmunee. The defendant, Kishenmunee, replied by admitting the loan as stated by the plaintiffs, but she averred in defence that the loan was usurious; that she had, with the permission of her husband, adopted a son named Gobind Chunder Roy, whose right to the estate was indefeasible, and who could not legally be deprived of the property by any act of hers, which might prove contrary to the rules of Hindoo law, that she had offered repayment of the money borrowed, the receipt of which, however, the plaintiffs had evaded. The defendant Joymunee replied by denying the allegation of the other defendant.

On the 27th of July, 1819, the Senior Judge of the Court of Appeal gave judgment in this case, and possession of the estate claimed was decreed to the plaintiffs, with costs.

An appeal was preferred to the Court of Sudder Dewanny Adawlut from the above decision

হুকুম দেওয়ার পর, পণ্ডিতদিগের ব্যবস্থার নিমিত্তে শাস্ত্র ঘটিত বক্ষ্যমাণ প্রশ্ন করিলেন।—(কৃষ্ণমণির স্বামী) বিশ্বনাথ রায় যদি তাঁহাকে দত্তক গ্রহণ করিতে অনুমতি দিয়া থাকেন, তবে তিনি নিজ পতির বিষয় বয়বল্‌ওফা করিতে ক্ষমতাবতী ছিলেন কি না?—অর্থাৎ ঐ বিষয় ঐ রাণীর সম্পত্তি, অথবা তিনি যে বালককে গ্রহণ করিতে অনুমতা হইয়াছিলেন তদ্‌গ্রহীতব্য দত্তকের?—পণ্ডিতেরা এই প্রশ্নের যে উত্তর দিলেন তদ্যথা,—কৃষ্ণমণি মৃত পতিকর্ত্তৃক দত্তক গ্রহণ করিতে যথা যোগ্যরূপে অনুমতি প্রাপ্তা হওয়াতে, ও তদ্বিষয়ের অধ্যক্ষ নিযুক্তা হওয়াতে তিনি কোন অভিপ্রায়ে ঐ বিষয়ের বয়বল্‌ওফা করিতে ক্ষমতাবতী ছিলেন না, কেননা তদনুমতি উক্ত হওন মাত্রে তাহার অবিকল সেই ফল যেমত তদ্বিধবার গর্ভে সন্তান থাকিলে হয়, পতির অনুমত্যানুসারে তাঁহার দত্তক গ্রহণের যে অভিপ্রায় ছিল তাহা সর্ব্বতো ভাবে তাঁহার গর্ব্বিণী হওনের তুল্য ফলদায়ক, এবং অনন্তর তৎকর্ত্তৃক গৃহীত বালকের তত্তাবৎ অধিকারই থাকে যাহা পিতৃমরণকালীন গর্ভস্থ ও পশ্চাৎ ভূমিষ্ঠ বালকের হয়। তাহার বিষয়ের হানি সম্ভবে এমত কোন কর্ম্ম করিতে কৃষ্ণমণির কোন অধিকার ছিল না, বিশেষতঃ তদ্বিষয়ের বয়বল্‌ওফা করিতে (ক্ষমতা ছিল না) কেননা তাহাতে প্রথম বন্ধক খালাস্ না হইলে যাহা হইত তদপেক্ষা তাহার উত্তম অবস্থা কিছু হয় নাই। সংক্ষেপতঃ—পরে গৃহীত বালকে তদ্বিষয়ের স্বত্ব বর্ত্তিয়াছে। ঐ রাজার মৃত্যুর দিবস হইতে তদ্দত্তক গ্রহণের দিবস পর্য্যন্ত মধ্যবর্ত্তি কালব্যাপিয়া মৃত পতির উইল অনুসারে অধ্যক্ষতা করণা-তিরেকে তাঁহার (অর্থাৎ ঐ রাণীর) কোন ক্ষমতা ছিল না।

প্রমাণ—যে (সকল সন্তান) জাত, যাহারা অজাত, ও যাহারা গর্ভস্থিত, সকলেই সমভাবে বর্ত্তন পাইতে অধিকারি;—বৃত্তিলোপ ধর্ম্মতঃ বিগর্হিত"। স্মৃতি—"অস্বামিকর্ত্তৃক বিক্রয়কে তথা অস্বামিক দান ও বন্ধককেও প্রাড্‌বিবাক অসিদ্ধ করিবেন"। দ্বিতীয় জজ উক্ত ব্যবস্থা এবং অতিরিক্ত যে সকল প্রমাণ লওয়া হইয়াছিল তাহা পাঠ করিয়া নিম্ন আদালতের ডিক্রী তরমিম্ হওয়ার রায় লিখিলেন। তাঁহার বিবেচনা এই হইল যে ঋণ-দাতা অবৈধ রূপে আসল হইতে সুদ কাটিয়া লইয়াছেন,—তাহা অনুভবদ্বারা অথচ এতদ্দেশীয় সর্‌রাফ্‌দিগের সাধারণ রীতি বিবেচনায় প্রকাশ। যদি তাহা না হইত, তবে অধমর্ণ যে দস্তাবেজ দস্তখত করিয়াদিয়াছেন তাহাতে প্রথম বন্ধকগ্রহীতার প্রাপ্য টাকা হইতে অধিক টাকা লিখিত হইত না। প্রথম বন্ধক খালাস ও দ্বিতীয় ব্যাপারের ইষ্টাম্প কাগজ (ক্রয়) নিমিত্তে যে টাকা আবশ্যক ছিল তাহার অধিক ধার করা হইত না। ঐ আবশ্যক টাকার অধিক যে দেওয়া হইয়াছে তাহা সন্তোষ জনক রূপে সপ্রমাণ হয় নাই। ঋণের সংখ্যা হইতে কর্ত্তন করিয়া অথবা কোন উপায়ে বা ছলে অবৈধ সুদ লওয়ার চেষ্টাকরা ১৭৯৫ সালের ১৫ আইনের ৯ ধারাতে নিষিদ্ধ হইয়াছে। উক্ত জজের এমত দৃষ্ট হইল যে এ বিষয়ে রেস্‌পণ্ডেন্ট্ অতি অবিশ্বস্ত রূপে কর্ম্ম করিয়াছেন। এবং আদালতের পণ্ডিতেরা যে ব্যবস্থা দিলেন তদ্দ্বারা তিনি ইহাও সাব্যস্ত জ্ঞান করিলেন যে রাজা বিশ্বনাথ রায়ের ত্যক্ত ভূমি সম্পত্তি তদ্বিধবাকে স্বত্ব বলিয়া অর্শে নাই, কিন্তু মৃত পতির দত্ত অনুমত্যানুসারে তিনি যে দত্তক পুত্র গ্রহণ করিয়া-ছিলেন তাহাকে অর্শিয়াছে। মকদ্দমার এই সকল অবস্থাতে দ্বিতীয় জজ তাঁহার এইরূপ মত প্রকাশ করিলেন যে রেস্‌পণ্ডেন্টেরা ধার দেওয়া টাকা অথবা ভূমি দুয়ের একও পাইতে অধিকারি নয়,—টাকা পাইতে অধিকারি নয় অবৈধ সুদ লওয়ার চেষ্টা করার নিমিত্তে,—ভূমি পাইতে অধিকারি নয় এই নিমিত্তে যে তাহা ঐ শর্‌ত্তি বিক্রেতার বিষয় নয়, কিন্তু ঐ দত্তক পুত্রের। অন্ততঃ তিনি এই বিবেচনা করিলেন যে এই দাবী ডিস্‌মিস্ হয় ও রেস্‌পণ্ডেন্ট্‌দিগকে তাঁহাদের টাকা উসুলের নিমিত্তে নূতন নালিষ করিতে অনুমতি দেওয়া যায়। অনন্তর এই মকদ্দমার কাগজাত বিচারের নিমিত্তে তৃতীয় জজ (শেক্‌স্‌পিয়র) সাহেবের নিকট অর্পিত হওয়াতে তিনি বক্ষ্যমাণ বিষয়ে পণ্ডিতদিগকে আর এক প্রশ্ন করা আবশ্যক বোধ করিলেন,—"উক্ত বিধবা যে দত্তক পুত্র গ্রহণ করিয়াছেন তাহা যদি তৎস্বামির বিষয় বয়বল্‌ওফা করার পরে গৃহীত হইয়া থাকে, এবং ঐ প্রথম বন্ধক খালাসের যদি এই বয়্‌বল্‌ওফা ভিন্ন অন্য উপায় না রহিয়া থাকে, তবে তদুভয়ের যে কোন অথবা তদুভয় অবস্থাদ্বারা ঐ ব্যাপার শাস্ত্রসিদ্ধ

by Ranee Kishenmunee, and the second Judge (C. Smith,) before whom the case originally came to a hearing, after directing further evidence to be taken with respect to the facts of the case, referred the following question of the law for the opinion of the *pundits*:—'Supposing Bishennath Roy, the husband of Kishenmunee, to have authorised her to adopt a son, was she at liberty to make the conditional sale of her late husband's estate? in other words, was such estate the property of her or of the child, to adopt whom she had received permission?' To this question the *pundits* replied, that Kishenmunee, having been duly authorised by her late husband to adopt a son, and having been appointed manager of his estate, was not at liberty to make a conditional sale of that estate for any purpose, inasmuch as, at the moment permission to adopt was pronounced, it had the same effect as if a child had been conceived in the womb of the widow, and her intention to adopt under the permission operated, to all intents and purposes, as if she were *enceinte;* that the boy subsequently adopted by her had all the rights of a posthumous child; and that Kishenmunee had no right whatever to do any act tending to injure his-property, especially to make a conditional sale of the estate, which evidently left him in no better condition than if the original mortgage had never been redeemed; that, in fine, the right of property vested in the son, subsequently adopted, from the time of the Rajah's death, and that the adopting widow had no authority but that of intermediate management under her late husband's will.

Authorities.—"The children who are born, those yet unborn, and those in the womb, are equally entitled to maintenance; the privation of which is not sanctioned by law." *Smriti*:—"Let the judge declare void a sale without ownership, and a gift or pledge *unauthorised by the owner.*" The second Judge, having perused the above opinion and the additional evidence which had been called for, recorded his opinion that the decree of the Court below should be amended. It was evident, that he was of opinion that an illegal deduction from the loan had been made by the lenders, as well from the positive evidence of witnesses as from the presumption arising from the universal practice of the bankers of this country. Had this not been the case, a larger sum than was due to the original mortgagee would not have been inserted in the written obligation executed by the borrower; more would not have been borrowed than would be sufficient to redeem the mortgage and pay the price of the stampt paper used in the second transaction. The delivery of more than this has not been proved satisfactorily. Any attempt to take more than the legal interest, whether by deduction from the loan, or by any meams or device whatever, has been prohibited by Section 9, Regulation XV, 1795. There appeared to him to have been great want of faith on the part of the respondents in this transaction; and he morover held it to be established, by the exposition of the law delivered by the Court *pundits*, that the landed property of the late Rajah Bishennath Roy belonged of right, not to his widow, but to the son adopted by her in pursuance of the permission granted by her deceased husband. Under all the circumstances of the case, the second Judge expressed himself to be of opinion that the respondents were not entitled to recover either the money lent or the landed estate; the first from their having attempted to extort illegal interest, and the second by reason of the estate being the property of the adopted son and not that of the conditional seller. At all events he thought the present claim should be dismissed, and the respondents referred to a new action to recover the amount of their loan. The papers of the case being made over to the third Judge (J. Shakespear) for his opinion, he deemed it necessary to put another question to the *pundits* to the following effect:—'Supposing the adoption made by the widow to have taken place

হইবে কি না?—তদুত্তরে পণ্ডিতেরা একমত হইয়া কহিলেন যে দত্তক গ্রহণের তারিখ মকদ্দমার যৌবত্ত্ব পরিবর্ত্তন করিতে পারে না, পরন্তু অন্য কথায় তাঁহারা বিভিন্ন মত হইলেন; গোতারাম শাস্ত্রী নিজ মত এইরূপ কহিলেন যে—এমত বিপদে যাহাতে বিষয় হস্তান্তর করা নিতান্ত আবশ্যক ঐ বিধবা হস্তান্তর করিতে ক্ষমতাবতী, এবং বর্ত্তমান মকদ্দমা তদ্রূপই বটে; পক্ষান্তরে রামতনু অত্যন্ত বিপদে বিষয় হস্তান্তর করা যে শাস্ত্রসিদ্ধ ইহা মানিয়া, এই আপত্তি করিলেন যে (এ মকদ্দমায়) তাদৃশ আবশ্যকতা হয় নাই, কেননা ঐ অপ্রাপ্তব্যবহার বালক প্রাপ্তব্যবহার না হওয়া পর্য্যন্ত পিতৃঋণের দায়ী নয়। তৃতীয় জজ এই বিভিন্ন মত দৃষ্টে প্রথম মত অধিক নির্ভরের যোগ্য বিবেচনা করিলেন,—তাহার প্রধান কারণ এই যে তাহা উক্ত রূপ পূর্ব্বং ঘটনাতে দত্ত ব্যবস্থার সহিত মিলে, ও আংশিক কারণ এই যে—শাস্ত্রে যেমত বিপদ্ অনুভূত হইয়াছে বর্ত্তমান মকদ্দমাঘটিত বিপদ্ তদ্রূপই বটে। তাঁহার রায়ে ঋণের টাকা হইতে কর্ত্তন করিয়া লওয়ার কোন বিশিষ্ট প্রমাণ প্রদর্শিত হয় নাই। প্রত্যুত তিনি ঐ ব্যাপারকে যথার্থ এবং অকাল্পনিক বিবেচনা করিলেন, এবং আপিলান্টের লিখিয়া দেওয়া দস্তাবেজে নির্দ্ধারিত মেয়াদ গতে ঐ বয়্বল্ওফা নাতক হইয়াছে বলিতে হইবে, এবঞ্চ তাঁহার রায় এই হইল যে তদ্বিষয়ে নিম্ন আদালতের ডিক্রী সর্ব্বতোভাবে যথার্থ ও উচিত বলিয়া স্থিরতর থাকা উচিত। দ্বিতীয় ও তৃতীয় জজের মধ্যে মতের এইরূপ অনৈক্য হওয়াতে চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্তে মকদ্দমা আর এক এজ্লাসে প্রেরিত হওনের নিমিত্তে মুল্তবী রহিল। ১৮২৩ সালের ২৪ জুন তারিখে প্রধান ও চতুর্থ জজ (ডবলিউ লিসেস্টর ও ডবলিউ ডোরিন) সাহেব তৃতীয় জজ যে বিবেচনা করিয়াছিলেন তাহাতেই নিজং সম্মতি প্রকাশ করিলেন। তাঁহাদের বিচারে এই স্থির হইল যে নির্ণিত কাল গতে বয়্বল্ওফা যে নাতক হইয়াছে তাহা অসিদ্ধ করিতে প্রচুর প্রমাণ প্রদর্শিত হয় নাই। এক্ষণে কেবল এই কথা বিবেচনা করিতে থাকিল যে হিন্দুদের ধর্ম্ম শাস্ত্রীয় বিধানানুসারে উক্ত রূপ ব্যাপার সিদ্ধ বলিয়া স্বীকৃত কি না। এই বিষয়ে তাঁহারা গোতা রাম শাস্ত্রীর লিখিত মতের উপর নির্ভর করিলেন (তাহা এই) যে বিশ্বনাথ নিজ পত্নীকে দত্তক গ্রহণের অনুমতি দিয়া থাকিলে, ও পরে তদনুমত্যনুসারে তিনি দত্তক গ্রহণ করিয়া থাকিলেও, বিশ্বনাথের ঐ পত্নীর কৃত তৎ পতির ভূমি সম্পত্তির বয়্বল্ওফা সিদ্ধ,—কেননা উভয় পণ্ডিতেই এ বিষয়ে একমত হইয়াছেন যে অত্যাবশ্যকতা সপ্রমাণ হইলে উক্ত ব্যাপার শাস্ত্রসিদ্ধ হইবে, এবং এ কথা-ও অবশ্য স্বীকার করিতে হইবে যে আসল বন্ধকের বয়বাত্ জারির নির্ণিত সময় আসন্ন হইলে উক্ত কার্য্যরূপ উপায় করার নিমিত্তে প্রচুর বিপদ্ হইয়াইছিল। উক্ত বন্ধকের বয়বাত্ নিবারণ নিমিত্তই বয়্বল্ওফা করা হইয়াছিল যদ্দ্বারা ঐ বিধবার গ্রহীতব্য দত্তকের স্বত্ব রক্ষার উৎকৃষ্ট উপায় চিন্তা হইত ইহাতে সন্দেহ নাই। এবং যদিও ঐ উপায়দ্বারা অবশেষে বিষয় হস্তান্তর রক্ষা হয় নাই, তথাপি তদ্দ্বারা তাৎকালিক বিপদ্ রক্ষা হইয়াছিল এবং মধ্যাব্যবহিত কালে ঐ ক্ষতি একেবারে নিবারণের উপায় করা-ও হইতে পারিত। এই সকল অথচ অন্যান্য কারণে চূড়ান্ত রূপে এই ডিক্রী হইল যে নিম্ন আদালতের ফয়সলা বহাল থাকে। ২৪ জুন ১৮২৩ সাল, সু. দে. আ. রি. বা. ৩, পৃ. ২২৮—২৩১।

মকদ্দমা ন. ৫৪১—১৮৪৭সাল।

বামনদাস মুখোপাধ্যায় প্রভৃতি আপিলান্ট্—বনাম—তারিণী ওরফে শয়ামণি দেবী রেস্পণ্ডেন্ট্।

মকদ্দমা ন. ১২৬—১৮৪৮সাল।

তারিণী ওরফে শয়ামণি দেবী আপিলান্ট্—বনাম—বামনদাস মুখোপাধ্যায় প্রভৃতি রেস্পণ্ডেন্ট্।

৶০ বাদিনী মোসম্মাৎ তারিণী ওরফে শয়ামণি দেবী কর্ত্তৃক তদ্ভর্ত্তপতি চন্দ্রভূষণের পত্নীত্ব স্বত্বে

subsequently to her conditional sale of her husband's estate, and supposing such conditional sale to have been the only means of preventing the foreclosure of the original mortgage, would either or both of these circumstances have the effect of legalizing the transaction ?' In reply, the *pundits* concurred in stating that the date of the adoption could not affect the merits of the case, but they differed as to the other point; Sobharam Shastree giving it as his opinion, that the widow would be authorised in making the transfer in case of distress, which rendered it inevitable, and that this was such a case; Ramtunnoo, on the other hand, admitting the legality of the transfer in a case of inevitable distress, but contending that this was not a case of that nature, as the minor would not be answerable for his father's debts until he came of age. The third Judge, on weighing these conflicting opinions, considered the former to be entitled to the greater weight, chiefly because it coincided with the *Vyavasthás* delivered on former and similar occasions, and partly because it was evident that the distress in the present case was of that nature which was contemplated by law. He was of opinion, that no sufficient proof had been advanced that any deduction had been made from the loan. On the contrary, he conceived the transaction to have been fair and open; that the conditional sale should be held to have become absolute on the expiration of the period specified in the written obligation of the appellant, and he was of opinion, that the decree of the Court below to that effect should be affirmed as being in every respect just and proper. By reason of this difference between the opinions of the second and third Judges, the case was postponed to another sitting for a final decision. On the 24th of June 1823, the chief and fourh Judges (W. Leycester and W. Dorin) expressed their concurrence in the view of the case taken by the third Judge. They held that no sufficient evidence had been adduced to invalidate the conditional sale, which had become absolute on the expiration of the specified period, and that the only point which remained to be determined was whether or not the transaction should be recognised as valid according to the tenets of the Hindoo law. On this question they inclined to the doctrine laid down by Sobharam Shastree, that the conditional sale, by the widow of Bishennath, of her husband's landed estate, was valid, notwithstanding the fact of his having given her permission to adopt, and of her having subsequently adopted a son in pursuance of such permission, inasmuch as both the law officers agreed in declaring that the transaction would be legal supposing a sufficient case of necessity to have been made out, and as it must be admitted that, when the period fixed for the foreclosure of the original mortgage drew nigh, there did exist a sufficient case of distress to justify recourse to the measure. The conditional sale was executed to prevent the foreclosure of the mortgage, whereby the interest of the son about to be adopted by the widow would doutless be best consulted; and although the measure had not the effect of saving the estate ultimately from alienation, yet it put off the evil day, and steps might have been taken in the interval to avert the loss altogether. For these and other reasons, it was finally decreed that the judgment of the Court below be affirmed. Date the 24th of June 1823.—S. D. A. Rep. vol. III. pp. 228 to 231.

Case No. 541 of 1847.

Bamon Doss Mookerjee and others, Appellants, versus *Tarinee* alias *Shoyamunee Debea, Respondent.*

Case No. 166 of 1848.

Tarinee alias *Shoyamunee Debea, Appellant,* versus *Bamon Doss Mookerjee and others, Respondents.*

II. These are two regular appeals brought against the decision of the Principal Sudder Ameen

উত্তরাধিকারের দাবীতে কৃত মকদ্দমায় ১৮৫৭ সালের ২০ মে তারীখে নদিয়ার প্রধান আমীনের কৃত নিষ্পত্তির বিরুদ্ধে এই দুই জাবেতা আপীল রুজু হয়।

এই দুই মকদ্দমা শুনানির নিমিত্তে দরপেশ হইলে, ৫৪১ নম্বর মকদ্দমার আপিলান্টেরা আপত্তি করিলেন যে আর্জিতে বস্তুতঃ (পরস্পর) বিপরীত দুই দাবী থাকাতে তাহা গ্রাহ্য হইতে পারে না,—এক (দাবী) মৃত চন্দ্রভূষণের পত্নী তারিণী পত্নী বলিয়া নিজ পক্ষে তদ্বিষয় অধিকারের নিমিত্তে করেন,—অন্য (দেবী) তৎপতির অনুমত্যনুসারে পরে গ্রহীতব্য দত্তকের পক্ষে হয়।

বাদিনী এই বয়ান করেন যে তিনি (যে পরিবারের শাখাভুক্তা তাহার মূল পুরুষ মহাদেবের কৃত বিভাগপত্রানুসারে) নিজ পতির উত্তরাধিকারিণী, এবং ঐ মৃত ব্যক্তির বিষয়ের যথার্থতঃ অধিকারিণী,—এবক্ষ যেমত গ্রহীতব্য দত্তক-পুত্র তেমতি তিনি নিজ পতির অংশের মালিক বটে।

প্রতিবাদী রামদাস এই জওয়াব দেন যে বাদিনী দত্তক গ্রহণ করিয়াই কেবল গ্রহীত বালকের পক্ষে দখলের অথবা মৃত ব্যক্তির পত্নী বলিয়া নিজ পক্ষে অন্নাচ্ছাদনের—নালিশ করিতে পারেন; এবক্ষ ভ্রাতৃগৃহে থাকিয়া দত্তক গ্রহণের অনুমতি সপ্রমাণ না করিলে তদনুমতিপত্রবলে নালিশ করিতে পারেন না।

অন্য প্রতিবাদিরা তদভিপ্রায়েই জওয়াব দেন, ও তদতিরেকে কহেন যে—বাদিনী দত্তক গ্রহণ করিবার অভিপ্রায় প্রকাশ করিয়া ভবিতব্য দত্তক পুত্রের দাবী উপস্থিত করিতেছেন, অথচ—তদ্বিরুদ্ধে নিজ স্বত্বে-ও উপস্থিতা হইতেছেন (কিন্তু এতদুভয়ের) এক দাবী অন্যের বাধক।

(পরন্তু) আপিলান্টেরা আর্জিতে দুই দাবী থাকার ওজর পরিত্যাগ করাতে আমাদের কেবল ইহাই বাচ্য—যে আমাদের নিকট সপ্রকাশ এই যে বাদিনী নিজ পক্ষেই উপস্থিতা হইয়া পত্নীত্ব কারণে মৃত পতির বিষয়ে অধিকারিণী হওয়ার স্বত্বে তদংশ বর্ত্তমানকালে উপভোগের দাওয়া করিতেছেন।

নালিশ করিতে বাদিনীর অধিকার বিষয়ক বিচার—

বাদিনী তারিণী ওরফে শ্যামমণি দেবীর বিরুদ্ধে এই আপত্তি করা হয় যে—যেহেতু আদালতের সম্মুখে তাঁহার আর্জিতে দত্তক গ্রহণের অনুমতি প্রাপ্তির বয়ান স্পষ্টতঃ করা হইয়াছে, (তাহাতে) তাঁহার নিজ বয়ানেই পত্নীত্বজন্য তাঁহার যে নিজ স্বত্ব তাহা ধ্বংস হওয়া বিবেচনা করিতে হইবে,—কেননা হিন্দুদের ধর্ম্ম শাস্ত্রীয় বিধানানুসারে বিশেষতঃ (সদর আদালতীয় ১৮৪৮ সালের রিপোর্টের ৭৬২ হইতে ৭৬৩ পৃষ্ঠায় মুদ্রিত) শ্যামাসুন্দরী দেবীর বিরুদ্ধে বিজয়া দেবীর মকদ্দমার নজীর অনুসারে তাঁহার পতির মৃত্যুর দিবস হইতে ঐ স্বত্ব ভবিষ্যতে তাঁহার গ্রহীতব্য বালকে বর্ত্তিয়াছে।

ঐ কথা সম্পূর্ণরূপে ও মনোযোগপূর্ব্বক বিবেচনান্তে এবং আপিলে নিযুক্ত উকীলদিগের সুদীর্ঘ বাদানুবাদের ফল লাভান্তে ও তাঁহাদের দর্শিত ভাবৎ প্রমাণ সূক্ষ্ম রূপে পরীক্ষান্তে, আমাদের যে নিষ্কর্ষ হইল তাহা উপরি উক্ত শ্যামাসুন্দরী দেবীর বিরুদ্ধে বিজয়া দেবীর অধুনিক মকদ্দমাতে অধিকাংশ জজেরা (অর্থাৎ টকর ও হাকিন্‌স্) সাহেব উক্ত কথার যে নিষ্পত্তি করিয়াছিলেন তাহা হইতে বিভিন্ন;—আমাদের রায় এই যে—কোন নারী দত্তক গ্রহণ করিতে অনুমতি প্রাপ্তা হইলেও তাহাতে তাহার পত্নীত্বজন্য স্বত্বের অতিক্রম ও ধ্বংস হয় না, এবং ঐ স্বত্ব বস্তুতঃ দত্তক গৃহীত হওয়া পর্য্যন্ত বলবৎ থাকাতে* বাদিনী বিধবা বলিয়া যে বর্ত্তমান দাওয়া করিয়াছেন তাহা গ্রাহ্য করিতে বাধা নাই।

উপরি উক্ত নিষ্পত্তি যে সকল কারণমূলক তাহা তন্নিষ্পত্তির বক্ষ্যমাণ চুম্বকে প্রকাশ পাইবে। দৃষ্ট হইবে যে ঐ আপিল পণ্ডিতের প্রতি কৃত প্রশ্নের উত্তরে তৎকর্ত্তৃক যে ব্যবস্থা দত্ত হয় ও (সদরদেওয়ানী

---

* এই কথা ভ্রমময় বোধ হইতে,—করণ আদৌ দত্তক গ্রহণ করিতে অনুমতি প্রাপ্তা নারীর পতি ধনে উত্তরাধিকারিত্বের স্বত্ব-ই হয় না।—দ্রষ্টব্য ব্য. দ. পৃ. ১০৬১, নোট্।

of Nuddea, dated the 20th of September 1847, in a suit brought by the plaintiff, Musst. Tarinee alias Shoyamunee Debea, on her right of inheritance as widow of her deceased husband, Chunder Bhoosun.

These cases being called on for hearing, the appellants in case No 541 objected that the plaint could not be admitted, as it contained in fact two conflicting claims,—one on the part of Tarinee, widow of Chunder Bhoosun, advancing her own right to succeed to his estate as his widow, and another in behalf of her son, hereafter to be adopted, under permission from her husband.

Plaintiff sets forth that she is (under the deed of division made by Mohadeb, the common ancestor of the branch of the family with which she is connected,) heir to her husband, and the rightful owner of the deceased's estate; and that she is proprietor of her husband's share, as is her son to be adopted.

The defendant, Bamon Doss, answers that plaintiff can only sue for possession, *when she has made* an adoption, as on the part of the child adopted; or on her own part, for maintenance as widow of the deceased; and residing as she does in her brother's house, she cannot, on the strength of the permission to adopt, without proving the *anoomuttee-putter*, sue for possession.

The other defendants answer to the same effect; and add that plaintiff declares her intention to adopt, and sets forth the to-be-adopted son's claims, notwithstanding which she comes in for her own right, in opposition to these claims,—the one claim being destructive of the other.

As, however, the appellants have abandoned the plea that it is a double plaint, we need only remark that it is clear to us that the plaintiff has come in on her own part, claiming the present enjoyment of the share of her deceased husband by right of succession to his estate, as his widow.

JUDGMENT ON THE RIGHT OF THE PLAINTIFF TO SUE.

It being contended against the plaintiff, Tarinee Debea alias Shoyamunee, that since there is such a mention, distinctly made, of authority to adopt, in her plaint before the Court, her personal right, as widow, must be taken, upon her own statement, to have lapsed,—the right vesting, from the date of her husband's death, in the boy thereafter to be adopted by her, according to the principles of Hindoo law, and specially according to the precedent in the case *Bijoyah Debea* versus *Shama Soonderee Debea*, (Sudder Dewanny Adwalut Reports of 1848, pp. 762 to 766.)

We have, after a full and careful examination of the question, and with the advantage of a very protracted discussion, and of a minute examination of all the authorities, by the pleaders of the parties in this appeal, come to a conclusion differing from that of the majority, (Messrs Tucker and Hawkins,) who ruled the point in the recent decision, in the case above cited of Bijoyah Debea *versus* Shama Soonderee Debeah; and are of opinion that the fact of an authority to adopt a son being possessed by a widow, does not supersede and destroy her personal rights as widow; and that those rights continuing of force *till an adoption is actually* made,* there is no bar to the admission of the present claim by the plaintiff as widow.

The subjoined extract from the decision in question shows all the grounds on which it rested. These grounds, it will be seen, are the opinion given by the *pundit* on the question put

* This is erroneous, inasmuch as, in the first place, a widow authorised to adopt a son has no heritable right in her late husband's estate. See *ante*, p. 1042.

আদালতীয় রিপোর্টের ৩ বালামের ২২৮ পৃষ্ঠায় ধৃত) রাণী কৃষ্ণমণির মকদ্দমায় পণ্ডিতেরা যে সকল মত দেন, ঐ সমস্ত তৎকারণ।

"শ্রীযুক্ত টকর ও হাকিন্‌স্‌ সাহেবান্—বাদিনী মৃত পুত্রের উত্তরাধিকারিণী বলিয়া (সাধারণ) বিষয়ে নিজ অংশের নিমিত্তে নালিশ করে; এবং আর্জিতে বয়ান করে যে তজ্জাত পুত্রের মৃত্যু ঘটন সত্ত্বে তৎপতি তাহাকে দত্তক গ্রহণের অনুমতি দিয়াছেন। অত্র আদালতের পণ্ডিতকে এই প্রশ্ন করা হয় যে— 'পতি হইতে দত্তক গ্রহণের অনুমতিপ্রাপ্তা কোন বিধবা নারী নিজ স্বত্ব বলিয়া পৈতৃক বিষয়ে অংশের নিমিত্তে নালিশ করিতে পারে কি না?'—পণ্ডিত স্পষ্টরূপে এই উত্তর দিলেন যে সে পারে না। বস্তুতঃ রাজা উমেদ সিংহ প্রভৃতি রেস্‌পণ্ডেন্টের বিরুদ্ধে রাণী কৃষ্ণমণি আপিলান্টের মকদ্দমাতে (দ্রষ্টব্য স. দে. আ. রি. বা. ৩, পৃ. ২২৮) স্পষ্ট লিখিত হইয়াছে যে পত্নীর প্রতি দত্তক গ্রহণের অনুমতি উচ্চরিত হইবা মাত্রে তাহার সেই ফল হইবে যেমত ঐ বিধবার গর্ভে পুত্র থাকিলে হয়, এবং তদনুমত্যানুসারে তাহার দত্তক গ্রহণের অভিপ্রায় সর্ব্বতোভাবে সেইরূপই কর্ম্মণ্য হইবে যে মত সে গর্ভিণী থাকিলে হয়; আর তৎকর্ত্তৃক পরে গৃহীত বালকের সেই সমস্ত অধিকার হইবে যাহা পিতৃমরণকালীন গর্ভস্থ পরে ভূমিষ্ঠ বালকের হইয়া থাকে, এতাবতা দৃষ্ট হইতেছে যে বর্ত্তমান মকদ্দমার আর্জি স্থিরতর থাকিতে পারে না, বাদিনী কহে—দত্তক গ্রহণ করিতে তাহার ক্ষমতা আছে; অতএব তাহার নালিশী আর্জি প্রায় ঐ রূপ যেন তাহার অধিকারের পূর্ব্বে অধিকারবিশিষ্ট আর এক উত্তরাধিকারী থাকায় উল্লেখে নিজে উত্তরাধিকারিণী প্রকারে নালিশ করিয়াছে"।

রাণী কৃষ্ণমণির মকদ্দমা যাহা হাকিন্‌স্‌ ও টকর্ সাহেবের কৃত নিষ্পত্তির আর এক মূল তাহা বর্ত্তমান মকদ্দমাতে আমাদের বিচার্য্য কথা হইতে সম্পূর্ণরূপে বিভিন্ন কথার উপর নিষ্পন্ন হইয়াছিল। উক্ত মকদ্দমাতে বিচারের বিষয় এই ছিল যে কোন ব্যক্তি দত্তক রূপে গৃহীত হওনের পর তৎপূর্ব্ব হইতে তাহার অধিকার থাকার দাওয়া করিতে পারে কি না, যথা তাহার গৃহীত হওনের পূর্ব্বে তদ্‌গ্রহীত্রী মাতা তাহার তৎকালে সম্ভাব্য ও ভবিতব্য স্বত্বের হানি করিয়া বিক্রয় করিলে তাহা রদ করিতে পারে কি না? সে মকদ্দমায় দত্তক পুত্র গৃহীত হইলে নিঃসন্দেহে উত্তরাধিকারী হইত। এবং এই মত অবশ্যই যথার্থ—যে কোন বিষয়ে যাবজ্জীবন সঙ্কুচিত স্বত্ববতী বিধবা ঐ বিষয় বিক্রয় করিলে তাহা অত্যন্ত আবশ্যকতা বশতঃ না হইয়া থাকিলে দত্তক পুত্র বা অন্য কোন ভাবি উত্তরাধিকারির বিরুদ্ধে স্থিরতর থাকিতে পারে না। এতাবতা ঐ মকদ্দমার নিষ্পত্তি অনাত্তে প্রযুজ্য নয়, এবং তাহা সাধারণ নজীর-ও হইতে পারে না, যদিও তাহা হয় তথাপি দত্তক গৃহীত হওনের পর দত্তক পুত্র যেং অধিকার দাওয়া করিতে পারে তাহা তদ্বিষয়ক (মাত্র)।

এক্ষণে ইহাতে সন্দেহ নাই যে বঙ্গদেশে পতির মরণে প্রপৌত্র পর্য্যন্ত উত্তরাধিকারির অভাবে (মৃত ব্যক্তির) বিধবার পতির ধনে অধিকার স্বীকৃত হইয়াছে।—ঐ অধিকার নিশ্চিত ও নির্ব্বিবাদ। পক্ষান্তরে এমত কোন স্পষ্ট বচন দর্শিত হয় নাই যে কোন নারী পতির মরণ কালীন গর্ভিণী থাকিলে সে পুত্র সন্তান কি কন্যা সন্তান প্রসব করে ইহা যাবৎ দৃষ্ট না হয়, তাবৎ তাহার বিষয়াধিকারিণী হওনের অধিকার অনাশ্রিত থাকিবে*। দত্তক গ্রহণ করিতে অনুমতিপ্রাপ্তা বিধবাকে যে গর্ভিণী বিবেচনা করিতে হইবে এ তর্ক কেবল পণ্ডিতদিগের উক্তি মূলক। বস্তুতঃ গর্ভিণী যে নারী তাহার স্বত্ব অনাশ্রিত থাকার বিষয়ে যদি কোন বচন দর্শান না যাইতে পারে*, তবে দত্তক গ্রহণের অনুমতি বলে কল্পিতা গর্ভিণী নারীর অধিকার ধ্বংস বোধক তদ্রূপ কোন বিধান নাই ইহা আরো নিশ্চিত।

---

* এই কথা ভ্রমমূলক বোধ হইতেছে,—কেননা বিবাদভঙ্গার্ণব ধৃত বশিষ্ঠ বচনে ও তদ্ব্যাখ্যানে স্পষ্টই কথিত হইয়াছে যে গর্ভিণী নারী অংশ পাইতে পারে বটে, কিন্তু সে তাহা নিজ অধিকারে পায় না, পরন্তু গর্ভস্থিত পুত্রের উদ্দেশেই পায়। দ্রষ্টব্য. ব্য. দ. পৃ. ৩, নোট্।

to him in that appeal, and the opinions of the *pundits* in Ranee Kishen-munee's case, (Reports, Sudder Dewanny Adawlut, vol. III. p. 228.)

"Messrs Tucker and Hawkins.—The plaintiff sues for her share of the estate as heir to her deceased son; and in her plaint sets forth that she has power from her husband, in the event of her born son's death, to adopt a son. The question was put to the *pundit* of this Court, whether a widow, with power from her husband to adopt a son, can sue as heir in her own right for a share of the ancestral estate? The *pundit* replied distinctly that she cannot. In fact, it was laid down by the *pundits* in the case of Ranee Kishen-munnee, appellant, *versus* Rajah Woodwunt Singh and another, respondents, (p. 228, vol. III. Sudder Dewanny Adawlut Reports,) that the moment permission to a widow to adopt a son was pronounced, it had the same effect as if a child had been conceived in the womb of the widow; and her intention to adopt, under the permission, operated, to all intents and purposes, as if she were *enceinte;* and that the boy, subsequently adopted by her had all the rights of a posthumous child. It thus appears that the plaint in the present case cannot be sustained. The plaintiff declares she has a power to adopt: her plaint, therefore, is much the same as if she had sued as heir alleging, that another existed having a right by inheritance prior to her own."

The case of Ranee Kishen-munee, which is the other ground on which the judgment of Messrs Hawkins and Tucker proceeded, is one which turned on a point perfectly distinct from that now before us. The point in that suit was whether a *retrospective* right could be claimed by a son *after he had been adopted,* so as to bar a sale made by his adoptive mother, previous to his adoption, to the injury of the rights, at that time contingent and eventual, but which actually accrued to him upon his adoption. In that case, the son, *when adopted,* became an undoubted heir; and it was of course the correct doctrine that no sale, made by a widow, who possesses only a very restricted life interest in an estate, could have been good against any ultimate heir, whether an adopted son or otherwise, unless made under circumstances of strict necessity. The case, then, stands by itself, and affords no general precedent, although, even if it did, it would relate only to the rights claimable by an adopted son, after adoption made.

Now, there is no doubt as to the declared right of a widow in Bengal to succeed to her husband's estate upon his death, in default of lineal male heirs, down to the great grandson in the male line. This is a right certain and incontestable. It is not urged, on the other hand, that there is any direct text, enjoining that, in the event of the pregnancy of a widow on the death of her husband, her right to succeed shall be held in abeyance, until it be seen whether she is delivered of a male or a female child.* The argument as to a widow who has a permission to adopt, is only that, according to the *dicta* of the *pundits,* she is to be regarded as *enceinte.* If no text can be shown for the suspension of the rights of a widow actually pregnant,* it is still more certain that there is no similar provision for divesture of right in the case of a widow, held only to be constructively pregnant of a son through the effect of a permission to adopt.

* This finding appears to be erroneous; inasmuch as in the text of *Vashishtha* and the interpretation thereof as contained in the *Vivádabhangárnava,* (the translation whereof is known as 'Colebrooke's Digest,') it is plainly mentioned that a woman supposed to be pregnant can have a share, but she is to have it not in her own right, but for the behoof of her son to be born. See *ante,* p. 6, note.

হিন্দুদের ধর্ম্মশাস্ত্রীয় যে বাক্য বলে বিধবার (সে যথার্থতঃ বা কাল্পনিক রূপ গর্ব্ভিণী হউক) অধিকারের প্রতি আপত্তি সংস্থাপন করা হইয়াছে তাহা নিম্নে দৃষ্ট হইল, এবং তাহা উক্ত দুই মকদ্দমাতেও উল্লিখিত হইয়াছে*, ও তাহার অনুবাদ কোলব্রুকের দায়ভাগানুবাদ হইতে দেওয়াগেল।—'যাহারা জাত, যাহারা অদ্যাপি অজাত, ও যাহারা (যথার্থতঃ) গর্ব্ভস্থিত, সকলেই বৃত্তি আকাঙ্ক্ষা করে; বৃত্তিলোপ বিগর্হিত (কর্ম্ম)"। এই বচনের উপর বিধবার পক্ষে এই আপত্তি করা হইয়াছে যে—তাহা কর্ত্তব্যতাসূচক, শাস্ত্রতঃ করিতেই হইবে এমত বোধক নয়।—কেননা ঐ বচন যদি দৃঢ় বিধান রূপে বলবৎ হইত তবে তাহা বঙ্গদেশে কোন হিন্দু পিতার স্বেচ্ছানুসারে উইলের দ্বারা বিষয় দানাদি করিতে স্বীকৃত ক্ষমতার বাধক হইত। পরন্তু এতদ্ভিন্ন উক্ত বচনের যেং উক্তি অদ্যাপি অজাত পুত্রদের উপায় বিধায়ক তাহা সম্ভাব্য ও ভবিতব্য স্বত্বের সহিত সম্বন্ধ রাখে, বর্ত্তমান স্বত্বের সহিত সম্বন্ধ রাখে না†। এই কথার সহিত সম্পূর্ণ সঙ্গতরূপে দৃষ্ট হইতেছে যে উক্ত গ্রন্থেতেই পরে জাত পুত্রের পৈতৃক স্থাবর বিষয়ে স্বত্ব বক্ষ্যমাণ রূপে কথিত হইয়াছে।

তাহা বিষ্ণুকর্ত্তৃক উক্ত হইয়াছে—"পিতৃকর্ত্তৃক বিভক্তেরা বিভাগের পর উৎপন্ন পুত্রকে ভাগ দিবে"। (তথা) যাজ্ঞবল্ক্য—"পুত্রেরা পৃথক্ হইলে পর ধনির সবর্ণা স্ত্রীর গর্ব্ভে যে পুত্র জন্মে সে ভাগভাগী,—তদ্বিভাগ আয় ব্যয়াত্তে স্থিত বিষয়ের হইবে"‡।

মিতাক্ষরানুযায়ি বিভাগশাস্ত্রে এক দৃঢ় দৃষ্টান্ত পাওয়া যাইতেছে, (দ্রষ্টব্য চ্যা. ৬, সেক্. ১১, ১২,) তাহাতে লিখিত হইয়াছে যে—'যদি অভিপ্রেত বিভাগকালে ভ্রাতৃপত্নী আত্তগর্ব্ভা হয় তবে তাঁহার প্রসবকাল পর্য্যন্ত বিভাগ হওয়া স্থগিত থাকিবে'।—কোনং টীকাকর্ত্তা কহেন উক্ত উক্তির অর্থ এই যে বিভাগ একেবারেই হইতে পারে, কিন্তু ঐ অনুদ্ভূতগর্ব্ভা বিধবা (ভ্রাতৃ) পত্নীর অংশ পৃথক্ করিয়া রাখিতে হইবে, এবং সে (পুত্র) প্রসব করিলে ঐ অংশ তৎপুত্রের হইবে। অন্যান্য টীকাকর্ত্তারা এই অর্থ অগ্রাহ্য করেন, তাহার প্রধান কারণ এই যে পশ্চিম প্রদেশীয় শাস্ত্রানুসারে বিষয় অবিভক্ত থাকিলে পত্নীরা উত্তরাধিকারিণী রূপে অংশ ভাগিনী নয়§।

---

* উপরি উক্ত রাণী কৃষ্ণমণির মকদ্দমা। রিপোর্টবহি, বা. ৩, পৃ. ২২৮ হইতে ২৩১।
রামকৃষ্ণ সরখেলের মকদ্দমা। ঐ পৃ. ৩৬১।

† অদ্যাপি অজাত পুত্রের স্বত্ব এক প্রকার ভবিষ্যৎ কথিত হইতে পারিলেও তাহা পিতৃমরণকালীন গর্ব্ভস্থ পশ্চাৎ ভূমিষ্ঠ পুত্রের স্বত্ব বৎ। এবং দত্তক গৃহীত হওনমাত্রে তদ্গ্রহীতৃপিতার ধনে তাহার অধিকার অবশ্যম্ভাবি, কিন্তু বিজ্ঞবর জজদিগের বিচারানুসারে তৎস্বত্ব পূর্ব্বেই ঐ বিধবাতে জন্মিয়াগেলে তাহা তৎসম্বন্ধে ধ্বংস হইতে না পারায় ঐ দত্তকে বর্ত্তিতে পারিবে না,—কেননা শাস্ত্র এই যে একবার কাহারো অধিকার জন্মিয়াগেলে, তদধিকার তাহার মরণ পাতিত্যাদি বা উপরতস্পৃহা বিনা ধ্বংস হইতে পারে না, এতাবতা ঐ বিচারের ফল এই হইবে যে দত্তক পুত্র গৃহীত হইয়া শাস্ত্রবিধানানুসারে তৎক্ষণাৎ পিতৃ ধনে অধিকারী হইলেও সে বস্তুতঃ অধিকারী হইতে পারিবে না, কিন্তু সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ ও মুখ্য উত্তরাধিকারী যে পুত্র সে থাকিতে তাহাকে নিরাস করিয়া পত্নী ধনাধিকারিণী থাকিবে,—ইহা হইতে অন্যায় ও অকারণ আর কি আছে?

‡ চ্যা. ৭, সেক্. ১১, ১২। দায়ক্রম সংগ্রহের বিভক্ত-বিভাগ প্রকরণ-ও দ্রষ্টব্য,—চ্যা. ৫, সেক্. ২১—২৪।

পরন্তু ইহা সম্পূর্ণরূপ ভিন্ন অধ্যায়ের কথা, ঐ অধ্যায়—তৎকালীন বর্ত্তমান পুত্রদের মধ্যে পৈতৃক ধন বিভাগ বিষয়ক, এবং তাহাতে,—যে পর্য্যন্ত ধনির আর পুত্র হওনের সম্ভাবনা থাকে সে পর্য্যন্ত পুত্রেরা পৈতৃক ধন বিভাগ করিবে না, তথাপি যদি পুত্রেরা ঐ ধনবিভাগ করে তবে কোন ভ্রাতা পরে জাত হইলে অন্য ভ্রাতারা নিজং অংশ হইতে পরিমাণানুসারে দিয়া তাহার অংশ পূরণ করিবে।—ইহা বলিয়া তৎকালে গর্ব্ভস্থ অথচ অজাত ও পরে গর্ব্ভস্থ ও জাত পুত্রের উপায় বিধান করা হইয়াছে। উক্ত অধ্যায়ে পত্নীর অধিকারের কোন উল্লেখ না থাকাতে, এবং যাবজ্জীবন সঙ্কুচিত ও জঘন্য স্বত্ববতী পত্নীর অধিকার পুত্র পৌত্র ও প্রপৌত্রের অভাবে মাত্র হওয়াতে সে কখনই পুত্রের সম্ভাবনা স্বত্বে তাহার অগ্রে অধিকারিণী হইতেও থাকিতে পারে না, অতএব উক্ত অধ্যায়ভুক্ত বচনাদি কোন রূপে উক্তাবস্থার পত্নীর অধিকারের সূচক বা পোষক হইতে পারে না।

§ ইঁহাদের এ বিবেচনা অমমূল বোধ করিতে হইবে—কেননা গর্ব্ভিণী নারী যে অংশ পায় তাহা সে নিজ স্বত্বাধিকার বলিয়া পায়না, কিন্তু তদ্গর্ব্ভস্থ পুত্রের স্বত্ব বলিয়া তাহারই নিমিত্তে এক প্রকার নিয়াসধারী বা নিকটতম বন্ধু রূপে প্রাপ্তা হয় (দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ৩)। অতএব বিষয়ের বিভক্ততা বা অবিভক্ততা পুত্রের স্বত্বের ও অংশের বাধক হইতে না পারাতে প্রথম-শ্রেণি টীকাকারদিগের কৃত অর্থই যথার্থ।

The one passage of the Hindoo law on which the objection to the widow's right, in the either of a real or of a constructive pregnancy, is directly based, is the following, which is noticed in the two cases,* and of which a translation is subjoined from Colebrooke's translation of the *Dáyabhága*: "They who are born, they who are yet unbegotten, and they who are (actually) in the womb, all require the means of support; and the dissipation of their hereditary maintenance is censured." Upon this passage, it has been contended, on behalf of the widow, that it prescribes a moral duty rather than a legal obligation; as, were it held to be of strict legal force, it would militate against the admitted right of a Hindoo father in Bengal to dispose of his property according to his own choice by will. But, apart from this, it is to be observed that the very terms of the text, providing for sons *yet unbegotten*, refer to a contigent and future, and not to a present right†. In perfect consistency with this, we find that the right accruing to an after-born son, in regard to real ancestral property, is thus described in the same treatise.

"That is declared by *Vishnu*, 'sons with whom the father has made a partition, should give a share to the son *born* after the distribution.' *Jágnyavalkya*:—'When the sons have been separated one *afterwards born*, of a woman equal in class, shares in the distribution. His allotment must positively he made out of the *visible estate, corrected for income and expenditure*.'"‡

A strong illustration to the same effect is to be drawn from the law of partition, according to the *Mitákshará*, in which it is laid down, (Chap. VI. Sects. 11 and12,) that if the pregnancy of a brother's widow be manifest at the time of an intended partition, the partition should be postponed *till after the delivery*. Some commentators hold the sense of the passage to be that partition may at once take place, but that a share should be set apart *for the widow* who is supposed to be pregnant, *and, when she is delivered, the share is to be assigned to her son;* and this interpretation is rejected by others, chiefly because, according to the law of the Western schools in regard to an estate *still undivided*, 'widows are not *entitled* to participate *as heirs*.'§

* Ranee Kishenmunee's case, above referred to, Reports, vol. III, pp. 228—231.
Ramkishen Surkeyl's case, ditto, page 367.

† The right of an *yet unbegotten* son, though it may in a manner be called 'contingent or future,' is similar to that of a posthumous son; so the heritable right to the property of the adoptive father must, as a matter of course, vest in the adopted son as soon as he is adopted; but if, according to the holding of the learned Judges, the right had already vested in the widow, it could not again vest in the son,—as long as the widow is not divested of it; for our law is that a right being once vested in one, that person cannot be deprived of it before his or her death, natural or civil, or voluntary abandonment. The result of the above finding would, however, be that an adopted son, when adopted, shall not be vested with his father's property, though it is provided by the law that it must devolve upon him immediately on his being adopted, but that the widow shall continue to hold it in preference to, and to the exclusion of, the son, the best and foremost of the heirs. This is as illegal and absurd as any thing can be.

‡ Chap VII. Sect. 11 to 12. See also the *Dáyakramasangraha*, as to the right accruing to sons afterwards born. Chap, V. Sect. 21 to 24.

But this is the subject of an altogether different chapter, which refers to the partition of the paternal property amongst the sons in existence, and provides for the son (if any) then conceived but not known, or afterwards conceived and born, laying down that sons should not divide the patrimony whilst there is a probability of another son being born, but if they nevertheless divide it, they must, in that case, contribute portions from their respective shares to make up the share of their after-born brother. Thus as the chapter in question does not treat of the inheritance of a widow, whose right is limited to a restricted life interest, and who, being as she is entitled only where there is no son, son's son, or son's grandson in themale line, can by on means have a heritable right where a posthumous son is to be born, and inherit prior to such son, the texts in question cannot serve as authority for the position above laid down.

§ The judgment of the latter (set of commentators) must be pronounced to be erroneous, inasmuch as the share which is received by a pregnant widow is not received in her own right, but as a guardian, or *prochein amie*, for the behoof of her to-be son. (See *ante*, p. 1042.) Therefore, the circumstance of the estate being joint or divided being no bar to the inheritance and participation of a son, the interpretation given by the first set of commentators is only right.

ধর্ম্ম শাস্ত্রের উক্তি ও টীকা ভিন্ন অন্যান্য প্রমাণ সকলের মধ্যে বক্ষ্যমাণ প্রমাণ কতিপয় উদ্ধৃত হইতে পারে—

মেকনাটনের হিন্দু-ল, বা. ১, পৃ. ২।—'অত্যন্ত প্রামাণিক নিষ্কর্ষ এই বোধ হইতেছে যে (উত্তরাধিকারির) জন্মাধীন স্বত্ব এবং ধন স্বামির মরণ বা অন্য হেতুতে স্বত্বত্যাগ একত্রতয়ে মিলিতরূপে ঐ স্বত্বোৎপাদক। পূর্ব্বে জন্মাধীন যে স্বত্ব জন্মে তাহা ধনির মরণাদিতে ও ইচ্ছাপূর্ব্বক স্বত্বত্যাগে সম্পূর্ণ হয়'*।

এস্‌ট্রেঞ্জ্ সাহেবের গ্রন্থের দ্বিতীয় বালামে ধৃত হেন্‌রি কোল্‌ব্রুক্ সাহেবের মত—'এস্থলে কথিত বিষয় ঐ নারীর স্ত্রী-ধন না হইয়া পতির মরণে তাহা তাহাতে বর্ত্তিয়াছে এমত বিবেচনা করিলেও সে নিজ পতির ও নিজের নিমিত্তে যথাশাস্ত্র দত্তক গ্রহণ করণমাত্রে ঐ বিষয় আর তাহার রহিল না, যথা ভর্ত্তিণী নারীর হস্তে বিষয় আসিলে পুত্র ভূমিষ্ঠ হওন মাত্রে সে নারী ঐ উপায়দ্বারা তাহা স্বকীয় বিষয়ের ন্যায় ব্যবহার করিতে পারে না। দত্তক গৃহীত হওন মাত্রে তদ্বালক ঐ বিধবার (অর্থাৎ গ্রহীত্রীর) পতির উত্তরাধিকারী হয়, এবং মাতা ও নিসৃষ্টার্থের যে অধিকার তাহা বই ঐ বিধবার আর কোন অধিকার থাকে না'†।

বিচার্য্য বিষয়ে এই গুরুতর ও মুখ্য রূপে প্রযুজ্য মতের প্রয়োগ হইতে না দেওযার উপায় কেবল এই তর্কদ্বারা করা হইয়াছিল যে তাহা মান্দ্রাজের এক মকদ্দমাতে ধৃত হয় ও তাহা মিতাক্ষরা শাস্ত্রের সহিত সম্বন্ধ রাখে।

শ্যামাসুন্দরীর বিরুদ্ধে ধর্ম্মদাস পাঁড়ের মকদ্দমাতে প্রিবি কৌন্‌সিলের উক্তি (দ্রষ্টব্য—মূর্‌স্ রিপোর্ট বা. ৩, পৃ. ২৪৩)।—'এক্ষণে উক্ত প্রমাণানুসারে ইহাতে কোন সন্দেহ নাই যে দত্তক গ্রহণ ক্রিয়ার তাৎপর্য্য-ই ঐ,—কেননা স্বামির মৃত্যুর দিবস হইতে দত্তক গ্রহণার্থ প্রাপ্ত ক্ষমতার কার্য্য হওন (অর্থাৎ দত্তক গ্রহণ করণ) পর্য্যন্ত বিষয় ঐ বিধবাতে বর্ত্তে। অনন্তর দত্তক গ্রহণ কারণে বিধবার স্বত্ব ধ্বংস হইয়া তাহা দত্তক পুত্রে বর্ত্তে'‡।

মর্লির রিপোর্টে (তাহার দ্বিতীয় বালামে) ধৃত সর্ এড্‌ওয়ার্ড হাইড্ ইস্‌ট সাহেবের অমুদ্রিত কাগজে লিখিত মকদ্দমাও উল্লিখিত হইতে পারে, তাহাতে প্রসঙ্গাধীন উক্ত মত দৃঢ় রূপে প্রকাশ করা হইয়াছে, তদ্‌যথা— প্রতিবাদী ষোড়শ বর্ষবয়স্ক হইলে ঐ বিধবা তাহার সম্পূর্ণ কর্তৃত্বাধীনে ও লাভ ভোগ জন্যে বিষয় পরিত্যাগ করিয়াছিল, এই কথা (এ মকদ্দমার) প্রতিবাদিনীর এজহারের দৃঢ় পোষক, কেননা উক্ত দত্তক গৃহীত হইলে ঐ বিধবা আপনার জীবনান্ত স্বত্বে আপনি বর্জ্জিতা হইয়াছিল'§।

কোল্‌ব্রুকের ডাইজেষ্টের দ্বিতীয় বালামের ৫০৫ পৃষ্ঠায় এক বাক্যের উল্লেখ করা হইয়াছে, তাহাতে কথিত হইয়াছে যে—'জন্ম শরীরের সম্বন্ধ বিশেষ, পরন্তু তাহা জন্মদেওন মাত্রেই হয় না'। করুণাময়ীর মকদ্দমাতে দত্ত প্রথম ব্যবস্থাতে এই আদালতের পণ্ডিত কহিয়াছেন—'জন্ম দুই প্রকার'।

---

* এই স্বত্ব কারণ বর্ণনা এতদ্দেশীয় মতানুমত নয়। দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ৪, নোট্।

† এই মত এতদ্দেশপ্রচলিত শাস্ত্রের সহিত সম্বন্ধ রাখিলে-ও ইহা পূর্ব্বোক্ত দোষ জন্য কোন মকদ্দমাতে প্রযুজ্য ও ব্যবহারে মান্য হইতে পারে না। দ্রষ্টব্য—ব. দ. পৃ. ১০৪১, ও ১০৭১, নোট্।

‡ এই উক্তি ভ্রমময়—কেননা স্বত্ব একবার ঐ বিধবাতে বর্ত্তিলে তাহা সে থাকিতে বা নির্দ্দোষে, বাঁচিয়া থাকিতে কিম্বা উপরতস্পৃহা না হইলে আমাদের ধর্ম্মশাস্ত্রানুসারে তৎস্বত্ব কখনো ধ্বংস হইতে ও দত্তক পুত্রে বর্ত্তিতে পারে না।—দ্রষ্টব্য ব্য. দ. পৃ. ১—১০।

§ উক্ত মকদ্দমাতে স্পষ্টই দৃষ্ট হইতেছে যে ঐ বিধবা উপরতস্পৃহা হইয়া বিষয় পরিত্যাগ করাতে তাহা তদ্দত্তক পুত্রে অর্শিয়াছিল, পরন্তু সে যদি তাহা ত্যাগ না করিত তবে সে পাতিত্যাদি দোষে অদুষ্টারূপে বাঁচিয়া থাকিতে কখনই তাহার অধিকার ধ্বংস হইতে ও তাহা ঐ দত্তক পুত্রে বর্ত্তিতে পারিত না। কিন্তু বর্ত্তমান মকদ্দমার বাদিনী যে বিষয় পরিত্যাগ করিয়া তদ্দত্তক পুত্রকে দিবে ইহার প্রতীতি কই,—সে তাহা শাস্ত্রানুসারে অধিকারিণীরূপে পাইয়া পরিত্যাগ করিতে নিজে স্বীকার না করিলে কেহ তাহাকে শাস্ত্রানুসারে তাহা ছাড়াইতে পারে না, এবং তাহাকে ছাড়াইতে না পারিলেও তদ্দত্তক বিষয় প্রাপ্ত হইতে পারে না,—সে স্বতঃ পরিত্যাগ করিয়া দত্তককে দিবে এমত বিবাদেও ডিক্রী দেওয়া হইতে পারে না,—অতএব উক্ত মকদ্দমার অবস্থা এমকদ্দমা হইতে ভিন্ন হওয়াতে উক্ত দৃষ্টান্ত ইহাতে অযুক্ত নয়।

Of authorities, other than the direct text of the law and commentaries, the following may be quoted:—

Macnaghten's Hindu Law, volume I. p 2.—"The most approved conclusion appears to be that the inchoate right *arising from birth*, and the relinquishment by the occupant (whether effected by death or otherwise,) conjointly create this right,—the inchoate right which previously existed becoming perfected by the removal of the obstacle.*"

H. Colebrooke in Strange, vol. II. p. 157.—"Presuming the property, here spoken of as the woman's, to have been what devolved upon her by the death of her husband, and not to have been her proper *strídhun*, it *ceased to be hers at the moment of a valid adoption*, made by her, of a son to her husband and herself; in the same manner as property, *coming into the hands of a pregnant widow*, by the same means, cannot be used by her *as her own, after the birth of a son.* From the moment of the *adoption taking effect*, the child became heir of the widow's husband, and the widow could have no other authority but that of mother and guardian."†

The only means of evading the application of this opinion, so weighty and so directly to the point, has been by arguing that it was given in regard to a Madras case, and had reference to the law of the *Mitákshárá*.†

Dictum of the Privy Council in case of *Dhurm Dass Panday* versus *Sham Soondree Debeah.*—

Moore's Rep. vol. III. p. 243—"Now that, upon the authorities, there can be no doubt that that is the result of an act of adoption, because *the property is in the widow from the death of the husband* till the power of adoption is exercised; *then*, that adoption divests it from the widow, and vests it in the adopted son."‡

A case may also be cited from the manuscript papers of Sir E. H. East, in Morley's Reports, (vol. II. p 18,) in which, incidentally, the same opinion is very strongly expressed.—"Since the defendant had come to the age of 16, the widow had given up the property entirely to his management and benefit, which was a strong corroboration of the truth of the defendant's case, *because the widow herself had actually by the adoption deprived herself of a life estate.*§

A passage in Colebrooke's Digest (vol. II. p. 505) has been referred to, in which birth is spoken of, 'as a praticular relation of body, not a relation taking place at the first instant of procreation.' The *pundit* of this Court, in his first *Vyavasthá* in Kuroonamye's case, says: 'Birth

* This definition of the cause of the heritable right is not according to the doctrine current in Bengal.—See *ante*, p. 5, note.

† Even if it had reference to the law as current in Bengal, it could not be applicable to any case and followed in practice, for the defects already stated.—See *ante*, pp. 1042 & 1068, notes.

‡ This is erroneous, inasmuch as the heritable right, if once vested in the widow, according to our law, could never be divested from her and vested in the adopted son, so long as she lived or continued free from any defect causing disinherison, or so long as she did not voluntarily abandon.—See *ante*, pp. 2,—11.

§ In the above case it clearly appeared that, the widow having voluntarily abandoned the property, it had vested in the adopted son; but if she had not so abandoned it, she could not have been divested of it, and the same vested in the adopted son, so long as she lived or continued free from any of the defects causing disinherison. How can it be certain that the plaintiff in the present case will relinquish the property and give it up to the adopted son? If she gets the property as heir according to law, then no one can oblige her to give it up, unless she voluntarily agrees to do so; and the adopted son connot get the property, unless *she* can be made to give it up; nor can a decree be made upon the belief that she will voluntarily abandon it. The circumstances of the above case being therefore different from those of the present, it cannot be a precedent in the latter.

ইহাতে গর্ভস্থাবস্থার অথবা ভূমিষ্ঠ হওনের কাল লক্ষ্য হইতে পারে। লক্ষ্মীপ্রিয়ার মকদ্দমার হাসিয়াতে মে. জে. সি. সি. সদরলাণ্ড সাহেব (যাঁহার মত হিন্দুদের ধর্ম্মশাস্ত্র বিষয়ে অতিশয় মাননীয়) বক্ষ্যমাণ কথা লিখিয়াছেন—'ধনির স্বত্ব ধ্বংসকালীন তাদৃশ উত্তরাধিকারির গর্ভাধান না হইলে তাহার জন্মের অপেক্ষাতে স্বত্ব নিরাশ্রয় থাকিতে পারে না'*। এই তর্ক করা হইয়াছে যে—হিন্দুদের নিয়ম ও কুলাচারানুসারে গর্ভাধানের ষষ্ঠমাস কাল হইতে শাস্ত্রতঃ গর্ভ গণ্য করা যাইতে পারে। পরন্তু এই সকল অতি দুর্ব্বল কারণ। এবং বস্তুতঃ গর্ভাধানের ও দত্তকগ্রহণের অনুমতিবলে কল্পিত গর্ভাধানের মধ্যে যে সাদৃশ্য থাকার আনুমানিক তর্ক করা হইয়াছে তাহা এস্থলে খাটিবে না, কেননা ঐ তর্ক এই যে পতিকর্ত্তৃক দত্তক গ্রহণের অনুমতি উচ্চরিত হইবা মাত্রে গ্রহীতব্য বালকে স্বত্ব বর্ত্তিয়াছে,—তাহা গর্ভাধানের ষষ্ঠ মাসে কিম্বা তৎপরে অন্য কোন কালে বর্ত্তে নাই।

ফল কথা এই যে—যে ভ্রূণ কখনো সম্পূর্ণ জীবদ্দশাপ্রাপ্ত হইয়া বিদ্যমান হইতে পারে না তাহাতে নিশ্চিত ও যথার্থরূপে স্বত্ব বর্ত্তিবার যে কল্পনা তাহা কথিত হওনমাত্রে অগ্রাহ্য করা উচিত। বিশেষতঃ যে স্থলে দত্তক গ্রহণের সম্ভাবনা থাকে মাত্র তাহা অনেক বৎসর গতে হইতে অথবা কখনো না হইতেও পারে সে স্থলে (যে ভ্রূণ সম্পূর্ণ জীবদ্দশাপ্রাপ্ত হইয়া কখনো বিদ্যমান হইতে না পারে তাহাতে নিশ্চিত ও যথার্থরূপে স্বত্ব বর্ত্তিবার কল্পনা) সাধারণ বিবেচনার বিরুদ্ধ। যদি ঐ কল্পনা স্বীকার ও তদনুসারে কার্য্য করা হয় তবে তাহার ফল এই হইবে যে স্বাভাবিক উত্তরাধিকারির শৃঙ্খলা সম্পূর্ণরূপে উলটিয়া যাইবে,†—কেননা দত্তক পুত্রের দায়াধিকারিদিগের এক শৃঙ্খলা হইবে, এবং ঐ বিধবার মরণে তাহার স্বামির উত্তরাধিকারিদের অন্য শৃঙ্খলা হইবে (যথা এক্ষণে হইতেছে)—তাহার দৃষ্টান্ত এই যে প্রথম অবস্থাতে (অর্থাৎ দত্তকের ধন হইলে) ঐ বিধবার পতির কন্যাদের স্বত্ব এককালে রহিত হইত।

অতএব আমারদিগের মত এই যে উপরি উক্ত বিষয়ে নিজ স্বামির অংশের এবং মহাদেব হইতে তাঁহার উত্তরাধিকারিদিগকে যে বিষয় অর্শিয়াছে ও যাহা প্রতিবাদি বামনদাসের হস্তে আছে তাহার অংশের ডিক্রী বাদিনীর পক্ষে হয়।

বিবেচনা—'কোন ব্যক্তি নিজ পত্নীকে দত্তক গ্রহণের অনুমতি দিলে তদনুমতিকে ঐ পত্নীর গর্ভে তৎপুত্রের গর্ভাধান জ্ঞান কর্ত্তব্য'—এই তর্ক অগ্রাহ্য করণে এবং যে ভ্রূণ সম্পূর্ণ জীবদ্দশাপ্রাপ্ত হইয়া কখনো বিদ্যমান হইতে না পারে তাহার নিশ্চিত ও যথার্থ রূপে স্বত্ব হওয়ার কল্পনা অগ্রাহ্য করণে আদালত ন্যায্য কার্য্যই করিয়াছেন, পরন্তু 'ঐ বিধবা যতকাল দত্তক গ্রহণ না করে ততকাল সে পতির উত্তরাধিকারিণী রূপে নিজ স্বত্বে ধনাধিকারিণী থাকিবে, (পরে) যখন দত্তক গৃহীত হইবে তখন ঐ স্বত্ব বিধবার সম্বন্ধে ধ্বংস হইয়া তৎপুত্রকে বর্ত্তিবে' ইহা বলিয়া ঐ বিধবার নিজ স্বত্বে ঐ বিষয় তাহার পক্ষে ডিক্রী করণে ভ্রমের কার্য্য করিয়াছেন। বর্ত্তমান মকদ্দমাতে যে সকল উক্তি করা হইয়াছে বোধ হইতেছে তৎসমস্তই প্রায় এক বিষয়ের ভ্রমমূলক, অর্থাৎ তাহা দত্তক গ্রহণ হওনমাত্রে ঐ বিধবা হইতে স্বত্ব ধ্বংস হইয়া তৎপুত্রে বর্ত্তিতে পারার ভ্রমময় অনুমান মূলক; এবং দৃষ্ট হইতেছে যে এই ভ্রম প্রথমে হেনরি কোলব্রুক সাহেব হইতে হয় (যাঁহা হইতে কখনো এমত ভ্রম হইবার আশা করা যাইতে

* রিপোর্ট, বা. ৫, পৃ. ৩১৫। ব্য. দ. পৃ. ২২৩।

† এই বিবেচনা যথার্থ বোধ হইতেছে না,—কারণ দত্তক পুত্র গৃহীত হইলে উত্তরাধিকারির শৃঙ্খলা কিছু মাত্র উলটিতে পারিবে না,—তাহার পর তাহার দায়াদরাই অধিকারী হইবে, আর যদি দত্তক না হয়, তবে ঐ দত্তকের স্বত্ব বলিয়া ডিক্রী করিলে পরে ঐ দত্তকের দায়াদ পাইবার আশঙ্কাতে মূলধনির দায়াদের নিরাশ হওয়ার যে আশঙ্কা সে মূলে ভুল,—কেননা ঐ পুত্র মূলে গৃহীত না হইলে তাহার স্বত্ব বলিয়া রাখা হইত যে ধন তাহা তাহার অভাব হেতু তৎ পূর্ব্ব স্বামির উত্তরাধিকারির অর্থাৎ ঐ বিধবারই হইবে অতএব এ অবস্থাতেও উত্তরাধিকারির শৃঙ্খলা পরিবর্ত্তনের আশঙ্কা নাই, যেহেতু যখন ঐ দত্তকই হইল না, তখন তাহার উত্তরাধিকারীও হইতে পারিবে না।

† এই বিষয় মূল নিষ্পত্তিপত্রে উক্ত হইয়াছে, ইহাতে ভুল হয় নাই।

was twofold.' It might be referred *to the period of 'conception or of actual production.'* In the marginal note by Mr. J. C. C. Sutherland, (a gentleman whose opinion on points of Hindoo law is deserving of much respect,) to the case of Lukkhipria,* he has introduced the words :—'Right of succession cannot remain in abeyance in expectation of the future production of such heir, *not conceived* at the time of *succession* opened.' It has been urged that Hindoo rules and family customs have established a period in the sixth month of pregnancy, from which conception, in a legal sense, can be calculated. These, however, are very feeble grounds; and it is obvious that the fanciful analogy, which has been contended for, between a real pregnancy, and a constructive pregnancy through a permission to adopt, will here fail; for the argument has been that the right vests in the child to be adopted *from the moment that permission* to adopt is pronounced by the husband, and not from the sixth month, or any other period after that.

The truth is, that the supposition of a positive and actual right, vested in an embryo, which may never come into full existence, is one which must almost be rejected on the mere statement of it. It is particularly repugnant to reason in the case of a possible adoption, which may be made after the lapse of many years, or may never be made at all. If the supposition were to be admitted and acted upon, the effect would be to alter the whole course of natural inheritance;† for there would be one course of inheritance *as from the son to be adopted,* and another (as is usual at present) from the widow's husband, upon her own death. The rights, for instance, of any daughters of the husband would, in the former case, be wholly set aside.

We are, therefore, of opinion that a decree must pass in favour of plaintiff for her husband's share of the above mentioned property,‡ as well as for that which, it is admitted, descended from Mohadeb to his heirs, and was held by the defendant Bamun Doss.—Sudder Reports, 30th of September 1850.

REMARK.—The Court was right in overruling the argument that—'the permission to one's own wife to adopt a son is to be dealt with as the conception of a son in her womb,' as well as in rejecting the supposition of positive and actual right in an embryo which may never come into full existence; but wrong in decreeing that the widow was to have the property in her own right as heir to her husband, until she adopted a son, when divesting of her it was to vest it in the son adopted.—Almost all the rulings in the present case appear to have proceeded from the error in one point,—namely, the erroneous supposition of the widow's being divested of the right, and its being vested in the son as soon as adopted. The error in question seems to have been made originally by Mr. H. Colebrooke (from whom it was not to be expected.) We are nevertheless led to suppose that, at the time of writing the foregoing opinion, it did not occur to the

* Reports, vol. V. p. 315; *ante*, p. 225.

† This does not appear to be accurate, for, if a son be adopted, there would be no change in the order of succession, as in that case the heir of that son would succeed after him; and if a son be not adopted, in such case the apprehension of the succession of the heir of such son, to the exclusion of the heir of the former owner, on the ground of the decree having been made in right of the son, is quite groundless; because, when the expected son did not at all come into existence, the property reserved as his, must, owing to his non-existence, exclusively belong to the heir (that is, the widow) of the original-proprietor: so, in this case also, there is no apprehension of the order of succession being changed, inasmuch as, when the adopted son did not come into existence, there could be no heir to him.

‡ The mention of this property is not quoted here from the original decision.

পারিত না)। বোধ হইতেছে উপরি উক্ত মত লিখিবার সময়ে ঐ পণ্ডিতবর সাহেবের মনে স্মরণ হয় নাই যে যেশাস্ত্রানুসারে তিনি ঐ মত দিতেছেন সেই শাস্ত্রানুসারেই স্বত্ব একবার কোন ব্যক্তিতে বর্ত্তিলে ঐ ব্যক্তি যতকাল থাকে বা স্বত্বনাশকদোষবর্জ্জিতরূপে বাঁচিয়া থাকে অথবা উপরতস্পৃহ হইয়া পরিত্যাগ না করে ততকাল ঐ স্বত্ব তৎ সম্বন্ধে ধ্বংস হইতে এবং অন্য ব্যক্তিতে বর্ত্তিতে পারে না,—নতুবা ঐ পণ্ডিতবরকর্ত্তৃক তাদৃশ ভ্রমময় মত লিখিত হওন সম্ভাব্য নহে; এবং যখন কোল্‌ব্রুক সাহেব কর্ত্তৃক এই ভ্রম হইল তখন তাহা শাস্ত্র বিষয়ে লেখক অন্য সাহেব কর্ত্তৃক সংশুদ্ধ হইবে এমত আশা করা যাইতে পারে না। উক্ত ভ্রমে ভ্রান্ত হইয়া সদর আদালত তদনুরূপে এই ডিক্রী করিয়াছেন। আমি এমত বলি না যে ঐ বিধবার পক্ষে ডিক্রী করা অনুচিত হইয়াছে, কিন্তু আমি ইহা বলি যে উক্ত কারণে ঐ বিধবাকে পতির উত্তরাধিকারিণী বলিয়া তাহার নিজ স্বত্বে তাহার হস্তে ডিক্রী দিয়া আবার দত্তক পুত্র গৃহীত হইলে সে ঐ বিধবার স্বত্ব ধ্বংস করিয়া স্বয়ং স্বত্ববান্ হইবে এমত আদেশ করা শাস্ত্রসম্মত হয় নাই,—কেননা ঐ বিধবার স্বত্ব জন্মিয়াগেলে পর দত্তক পুত্র গৃহীত হইলেও শাস্ত্রানুসারে তদ্বিধবার স্বত্ব ধ্বংসে ঐ দত্তকের স্বত্ব হইতে পারে না। এতাবতা তৎসম্ভাব্য দত্তক পুত্রের উদ্দেশে ঐ বিধবার পক্ষে বিষয় ডিক্রী করাই উচিত ছিল তাহা করিলে ঐ বিধবা অধিকারিণী পত্নীর ন্যায় বিষয়ের উপভোগ রূপ ফল পাইতে পারিত, অথচ দত্তক পুত্র গৃহীত হইলে পর সে তাহাতে অধিকারী হওয়ার কোন বাধা থাকিত না। পরন্তু যে রূপ ডিক্রী করা হইয়াছে তাহাতে ঐ পত্নী থাকিতে বা নির্দ্দোষে বাঁচিয়া থাকিতে অথবা সে পরিত্যাগ না করিলে দত্তক পুত্র ডিক্রীতে আদেশ থাকিলেও তদ্ধনাধিকারী হইতে পারিবে না।

আদালত (এমত) কএকটি প্রমাণ ভুলিয়া (যাহা প্রকৃত প্রস্তাবে বিচার্য্য বিষয়ে প্রযুজ্য নয়) বিচার করিলেন যে ঐ বিধবা যতকাল দত্তক গ্রহণ না করে ততকাল সে নিজে দায়াধিকারিণী থাকিবে, অনন্তর দত্তক পুত্র গৃহীত হইলে সে ঐ বিধবার স্বত্বাধিকার নাশ পূর্ব্বক অধিকারী হইবে,—কিন্তু এই বিচার যে ঐ দত্তক পুত্রের অধিকারজ্ঞাপক হইয়াও তদধিকারের বাধক হইল বোধ হইতেছে এ বিবেচনা তাঁহাদের হয় নাই,—অর্থাৎ বিধবাকে তাহার নিজ স্বত্বে দায়াধিকারিণী করিলে পর যে দত্তক পুত্র শাস্ত্রানুসারে তাহার স্বত্ব নাশ পূর্ব্বক স্বয়ং তদ্ধনাধিকারী হইতে পারিবে না ইহা বিচার কালে বিচারপতিদিগের মনে পড়ে নাই। এমত নিষ্পত্তির মত শাস্ত্রবিরুদ্ধ ও যুক্তিবিরুদ্ধ আর কিছুই হইতে পারে না যদ্দ্বারা প্রপৌত্রের পর জঘন্য স্বত্ববতী পত্নী মুখ্য দায়াধিকারি ও সকল দায়াধিকারিকে নিরাসকারী যে পুত্র তাহাকে যাবজ্জীবন নিরাস করিয়া অধিকারিণী হয় ও থাকে। অতএব উক্ত ডিক্রী প্রাগুক্ত বশিষ্ঠ বচন ব্যাখ্যানুসারেই* হওয়া উচিত ছিল—অর্থাৎ এমত হুকুম হওয়া উচিত ছিল যে বাদিনী ঐ বিষয় তাহার সম্ভাব্য পুত্রের নিমিত্তে পাইবে, ও পুত্র গৃহীত হইলে সে তাহাতে অধিকারী হইবে। এমত করিলে তৎপুত্রের অধিকারে প্রতি শাস্ত্রানুসারে কোন প্রতিবন্ধক থাকিত না, বাদিনীর পক্ষে হানি হইত না, উত্তরাধিকারির শৃঙ্খলা পরিবর্ত্তনও হইত না,—কেননা তাহাতে পুত্র গৃহীত হইলে সে অনায়াসে ঐ বিষয়ে অধিকারী হইতে পারিত, বাদিনী যে রূপ ফলভোগিনী হওয়া উক্ত ডিক্রীতে বিবেচিতা হইয়াছে, ইহাতেও সেইরূপ উপভোগাধিকারিণী হইত, (অর্থাৎ বিরোধীয় বিষয় তাহার নিজ স্বত্বে ডিক্রী হউক বা ভাবি পুত্রের স্বত্বরূপে ডিক্রী হউক উভয়থা ঐ বিধবার একই ফল হইত, কেননা উভয়থা সে শাস্ত্রবিহিত সঙ্কুচিতরূপে যাবজ্জীবন বিষয়ের উপভোগ করণে ক্ষমতা পাইত মাত্র,) এবঞ্চ কোন ভ্রূণ শব রূপে বা জীবিত কন্যা রূপে ভূমিষ্ঠ হইলে যেমত তাহার নিমিত্তে রক্ষিত বিষয়ে পূর্ব্বস্বামির কন্যাপেক্ষা প্রবল উত্তরাধিকারী অধিকারী হয়, দত্তক পুত্র না হইলেও সেইরূপ হইত।

* দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ১০৪১ ও ১০৭৭, নোট্।

mind of that learned gentleman that, according to the law, which he was administering, the right once vested in one could not be divested from that person and vested in another as long as the former lived, or continued free from any of the faults causing disinherison, or voluntarily abandoned it; or else that scholar was not the person to write so unfounded an opinion. And when Mr. Colebrooke fell into such an error, it could by no means be expected to be rectified by the other gentlemen who wrote on the subject. Misled by that erroneous opinon, the Sudder Court accordingly passed the above decree. I do not say that the Court were wrong in making the decree in favor of the widow, but I do say that they did not act consistently with Hindoo law in making the decree in her favor, declaring her (on the above mentioned ground) to be heir to her husband, and holding at the same time that, as soon as a valid adoption should be made by her, she would be divested of the property already held by her; and the same should vest in the son; inasmuch as, according to our law, the right vested in the widow cannot be divested from her and vest in the son subsequently adopted. The court ought therefore to have passed the decree in favor of the widow, but for the behoof of the son to be adopted, as in that case, she, like a widow, could enjoy the benefit of the property, and there could be no legal impediment to the succession of her son, when adopted. But according to the decree, as it has been made, the adopted son, when he came into existence, would not by law be entitled to the property, notwithstanding the decretal order, so long as the widow lived, or continued free from any defect causing disinherison, or voluntarily abandoned it.

The Court, by citing some authorities, which strictly speaking are irrelevant to the matter in question, held that the widow should inherit until the actual adoption of the son, who, when adopted, would take the inheritance, which, passing from the widow, would then vest in the son but they appear not to have perceived the barrier thrown by such holding of theirs to the succession of the son when adopted; that is to say, they provided that the widow should inherit the property until the adoption of a son by her, and that such son, when adopted, would be vested with the property, and the widow, divested of it, but at the same time forgot that such order could not be executed consistently with the law, according to which property already vesting in the widow could not be divested from her and vested in the son. Nothing could therefore be more illegal and absurd than the finding by which a son, who is the best and foremost of all heirs, and has a right to inherit to the exclusion of all other heirs, should himself be excluded by the widow, who by our law has a much weaker right, and is excluded not only where there is a son, but also where there is a son's son or son's grandson (in the male line.) The decree in question ought therefore to have been, as already said, according to the interpretation of the text of *Vashishtha**,—that is, the widow ought to have been ordered to have the property in behoof of her to-be son, who would take it, when adopted, as in that form there would be no legal impediment to the succession of the son, no injury to the widow, and no change in the order of succession;—the son being enabled to inherit the property as soon as adopted, the widow having the same benefit under it as is contemplated under the decree in question, (for, whether the property sued for be decreed to her in her own right or in right of her to-be son, the effect as respected herself would be the same, namely, in both cases she would only have a restricted life interest as prescribed by the law,) and as in the case of a fœtus being born dead, or a living daughter, the heir of the former owner, whose claim is superior to that of a daughter, is entitled to the property reserved for the fœtus, so also would be the case in the instance of non-adoption of the son.

* See *ante*, pp. 1042 & 1068, notes.

(মৃত রামলক্ষ্মীদেবীর অপ্রাপ্তব্যবহার দত্তক পুত্র ঈশ্বরচন্দ্র রায়ের ওসী) রামকৃষ্ণ সরখেল আপিলান্ট—বনাম—মোসম্মাৎ শ্রীমতীদেবী প্রভৃতি-রেস্পণ্ডেন্ট্।

মোসম্মাৎ রামলক্ষ্মীদেবী জমীদারী কৃষ্ণরায় চৌধুরীর সাড়ে তিন আনা অংশের এক আনা তিনগণ্ডা এক কড়া এক ক্রান্তি পরিমাণে এবং উক্ত কৃষ্ণরায় চৌধুরী নামে খ্যাত তালুকের পাঁচ আনা ছয় গণ্ডা দুই কড়া অংশে আর নৃসিংহদেব রায় নামে খ্যাত তালুকের পাঁচ আনা সাড়ে ছয় গণ্ডা অংশে দখল পাইবার নিমিত্তে রেস্পণ্ডেন্ট্ প্রভৃতির নামে এই নালিশ উপস্থিত করে।

আর্জির বয়ান এই যে উপরি উক্ত ভূমিসকল বাদিনীর শ্বশুর কালিকাপ্রসাদের সম্পত্তি,—তিনি বাঙ্গলা ১২২৩ সালের পৌষ মাসে কালপ্রাপ্ত হয়েন, বাদিনী ও তাহার গৃহীত দত্তক পুত্র তাঁহার উত্তরাধিকারি। পরন্তু তাঁহার মৃত্যু ঘটনায় বাদিনীর শ্বশুরের দুহিতা শ্রীমতীদেবী নিজ পতি কালীপ্রসাদ গাঙ্গুলি এবং আর২ প্রতিবাদির সহিত মন্ত্রণা করিয়া ঐ বিষয় দখল করিয়া লইয়াছে, তন্নিমিত্তে বাদিনী উক্ত বিষয়ের স্বত্বাধিকারী যে তৎপুত্র তাহার নিসৃষ্টার্থরূপে নালিশ করে।

প্রতিবাদিদের মধ্যে একজন কালীপ্রসাদ গাঙ্গুলি বয়ান করে যে মৃত কালিকাপ্রসাদ তাহার সহিত নিজ কন্যার বিবাহ দেন, এবং পুত্র সন্তান বর্ত্তমান না থাকাতে আর্জিভুক্ত তাবৎ ভূমি এক দানপত্র-দ্বারা ঐ প্রতিবাদিকে দেন ও তৎসম্বলিত শায়স্তানগরের অন্তর্গত কতক ভূমি এবং আরঙ্গপুর পরগণার অন্তর্গত কৃষ্ণরাম রায় নামক তালুক-ও দিয়া যান, কেবল নিজ ভরণ পোষণের নিমিত্তে দুই মৌজা রাখেন, ও মৃত পুত্রের পত্নীর অর্থাৎ বাদিনীর ভরণ পোষণের নিমিত্তে এক মৌজা রাখেন। অপিচ তাহার শ্বশুর আর এক দস্তাবেজ লিখিয়া দেন যদ্দারা এমত একরার করেন যে নিজ ভরণপোষণার্থে যে দুই মৌজা পৃথক্ রাখিলেন তাহা তন্মরণান্তে তাঁহার কন্যা শ্রীমতীর হইবে। কালিকাপ্রসাদের জীবনকালেই প্রতি-বাদী উক্ত দলীলের বুনিয়াদে ঐ বিষয় দখল করিয়াছে ও তদবধি মালগুজারি করিয়া আসিতেছে। সে আরো বয়ান করে যে বাদিনীর পতি দত্তক গ্রহণার্থ তাহাকে অনুমতি না দিয়া কালপ্রাপ্ত হইয়াছে,—এতাবতা যে দত্তকতার উপর বাদিনীর আদ্দাশ নির্ভর করে তাহা সর্ব্বথা অশাস্ত্রীয় বিবেচনা করিতে হইবে।

বাদিনী জিলা আদালতের নিষ্পত্তিতে অসন্তুষ্টা হইয়া ঢাকার প্রবিন্স্যাল কোর্টে আপীল করে; এবং কালিকাপ্রসাদ মরাতে তৎপত্নী শ্রীমতী আপনাকে তাহার উত্তরাধিকারিণী প্রমাণ করিয়া মকদ্দমা চালায়। ঐ কোর্টের প্রথম জজ তৃতীয় জজের সহিত একমত হইয়া যে বিচার করিলেন তাহার মর্ম্ম এই যে আপিলান্টের দাবীর ডিস্মিস্ স্থিরতর থাকিবে, কিন্তু ঈশ্বরচন্দ্রের দত্তকতার অসিদ্ধি বিষয়ক যে উক্তি তাহা স্থিরতর থাকিবে না।

আপিলান্টের খাস আপীলের ওজর সদর দেওয়ানী আদালতে মঞ্জুর হইল। এবংআদালতের পণ্ডি-তের প্রতি বক্ষ্যমাণ প্রশ্ন কএকটি করা হইয়া তাঁহা হইতে তাহার উত্তর প্রাপ্তি হইল।

প্রথম প্রশ্ন,—বঙ্গদেশবাসী কোন হিন্দু এক সধবা দুহিতা রাখিয়া এবং আপনার অগ্রে মৃত পুত্রের এক দত্তক পুত্র রাখিয়া লোকান্তরগত হয়েন; তাঁহার মৃত্যুর কএক বৎসর পরে ঐ দুহিতা এক পুত্র প্রসব করে। এমত অবস্থায় বঙ্গদেশ প্রচলিত শাস্ত্রানুসারে তাঁহার দায়রূপ ধন তৎপুত্রের দত্তককে অর্শিবে, অথবা তাহার দৌহিত্রকে অর্শিবে;—যদি উভয়কেই অর্শে, তবে তৎপ্রত্যেকের অংশের পরিমাণ কি?

দ্বিতীয় প্রশ্ন,—কোন হিন্দু বিধবা পতি হইতে দত্তক গ্রহণের অনুমতি প্রাপ্তা হইয়া পতির মৃত্যুর দশ বৎসর পরে দত্তক গ্রহণ করে, ঐ বিধবা নিজ পতির মৃত্যুর এত দীর্ঘকাল পরে দত্তক গ্রহণ করাতে তাহা বৈধ ও শাস্ত্রসিদ্ধ কি না? ও তাদৃশ দত্তক পুত্র গ্রহীতৃমাতার শ্বশুরের ধন পাইতে অধিকারী কি না?

Ramkishen Surkeyl, (Guardian of Iswur Chunder Roy, minor, adopted son of Ramlukkhee Debya, deceased,) appellant,* versus *Mussummat Sreemotee Debya, and others, respondents.

CASES Bearing on the Vyavasthá No. 592.

I. This was an action brought by *Mussummat* Ramlukkhee Debya, against the present respondent and others, to obtain possession of a one *anna*, three *gunda*, one *cowree*, one *krant* share of a three and half anna share in the Zemindary of Kishenram Roy Choudery, of a five *anna*, six *gunda*, tow *cowree* share of a *talook* known by the name of the said Kishenram Roy, and of a five *anna*, six and half *gunda* share in a *talook* known by the name of Nursingdeb Roy.

The plaint set forth that the above lands had been the property of the plaintiff's father-in-law Kalikaprosaud, who died in the month of Pous 1223, B. S., and of whom she and a son adopted by her were the heirs; that however on the occurrence of the aforesaid death, the defendant Sreemotee Debya, daughter of her father-in-law, with Cally Prosaud Gangooly her husband, had conspired with the other defendants, and taken possession of the estate; that, therefore, she sued in her capacity of guardian of her son who was the rightful proprietor.

Cally Prosaud Gangooly, one of the defendants, stated that the deceased Kalikaprosaud had given his daughter in marriage to him, and, having no son living, had made over to him, the defendant, by a deed of gift, all the lands included in the present plaint, with some others situated in the pergunnah of Shayustanugur and a talook known by the name of Kishenram Roy, in the pergunnah of Arungpore, reserving only two mouzahs for his own maintenance, and one for that of the plaintiff, his deceased son's wife; that his father-in-law had, at the same time, executed an engagement promising that, on his death, the two mouzahs, which he had set aside for his own support, should belong to his daughter Sreemotee; that he, the defendant, had obtained possession through the aforesaid deed during Kalikaprosaud's life time, and had paid the *jumma* ever since. He further stated that the husband of the plaintiff had died without giving powers to his wife to adopt a son; and that, therefore, the adoption on which the plaintiff rested her plea must be held altogether illegal.

The plaintiff, dissatisfied with the Zillah Court's decision, appealed to the Provincial Court of Dacca; and Cally Prosaud dying, his widow *Sreemotee*, proving herself to be his heir, maintained the suit.

The first Judge of the Court, agreeing in the opinion of the third Judge, gave judgment to the effect that the dismission of the appellant's claim should be affirmed, but the declaration as to the illegality of the adoption of Iswur Chunder should not be maintained.

The appellant's plea of special appeal was admitted in the Sudder Dewanny Adawlut.

The following interrogatories were put to the court *pundit*, and answers received from him. *Question* 1st.—A Hindoo inhabitant of Bengal died, leaving a daughter, whose husband is alive, an adopted son of his son who died before him; and some years after his death his daughter brought forth a male child. In this case, according to the law, as current in Bengal, will his inheritance devolve on the adopted son of his son, or on his daughter's son? if on both, what are their respective shares?

Question 2nd.—A Hindoo widow, having obtained her husband's sanction to adopt a son, does so ten years after his death. Is the adoption which took place after so long a period from her husband's death good and legal, and is such adopted son entitled to inherit from his adopting mother's father-in-law or otherwise?

তৃতীয় প্রশ্ন,—ঐ দত্তক তাহার পিতামহের অনুজ্ঞা ও সম্মতিতে উক্ত বিধবাকর্ত্তৃক গৃহীত হইয়াছিল, দত্তক গৃহীত হওনের পর তিনি পুত্রবধূর উপর বিরক্ত হইয়া জামাতাকে এক দানপত্র লিখিয়া দিয়া পৈতৃক ও স্বোপার্জ্জিত সমুদায় ভূমি-সম্পত্তিতে তাহাকে দখিলকার করেন। এমত অবস্থায়, ঐ দানপত্র সিদ্ধ কি না, ও তাহা উক্ত বিষয়ে ঐ দত্তক পুত্রের অধিকারী হওনের বাধক কি না?

চতুর্থ প্রশ্ন,—দত্তক গৃহীত হওনের পূর্ব্বে যদি তৎপিতামহ নিজ জামাতাকে দানপত্র লিখিয়া দিয়া থাকেন, তবে এমত অবস্থায় তাহার বিষয় ঐ দত্তক পুত্রকে অর্শিবে কি না?

পঞ্চম প্রশ্ন,—উক্ত দাতা যদি ঐ দানপত্র বাঙ্গলা ১২২১ বা ১২২২ সালে দস্তখত করিয়া জামাতার সহিত যোগ সাজসে তাহা পূর্ব্বকার (অর্থাৎ) বাঙ্গলা ১২১৮ সালের তারিখ দিয়া থাকেন, তবে এমত অবস্থায় ঐ মিথ্যা লিপি থাকার নিমিত্তে ঐ দানপত্র অসিদ্ধ ও অকর্ম্মণ্য গণ্য হইবে, অথবা ইহাতে-ও তাহা বৈধ ও শাস্ত্রসিদ্ধ বিবেচিত হইবে?

প্রথম উত্তর,—বঙ্গদেশবাসী কোন হিন্দু যদি পুত্রসম্ভাবিতা এক দুহিতা রাখিয়া আর আপনার অগ্রে মৃত নিজপুত্রের এক দত্তক পুত্র রাখিয়া মরে, এবং তাহার কএক বৎসর পর ঐ দুহিতার এক পুত্র হয়, তবে এমত অবস্থায় ঐ দুহিতা ও তাহার পুত্র বাঁচিয়া থাকিতে-ও ঐ দত্তক পুত্র ধনাধিকারী হইতে অধিকারী। পরন্তু দায়ভাগধৃত দেবলবচনে এবং ধর্ম্মশাস্ত্রকারিদের মধ্যে প্রধান যে মনু তাঁহার বচনে উক্ত বিষয়ে মতবৈলক্ষণ্য আছে। এই মত মনুবচনানুসারে দত্ত হইল।

দ্বিতীয় উত্তর,—কোন হিন্দু বিধবা পতির অনুমতি প্রাপ্তা হইয়া পতির মৃত্যুর দশ বৎসর পর দত্তক গ্রহণ করিতে পারে, ও তদ্দত্তকতা সিদ্ধ। তাদৃশ দত্তক পুত্র গ্রহীতৃপিতার পিতৃধনে অধিকারী,—কেননা দত্তক গ্রহণের নিমিত্তে এমত কোন সময় নির্ণীত নাই যে তাহা অতীত হইলে পর দত্তকতা অসিদ্ধ হইবে।

তৃতীয় উত্তর,—ঐ বিধবা যদি মৃত পতির ও তৎপতির পিতার সম্মতিতে দত্তক গ্রহণ করিয়া থাকে, অনন্তর ঐ পিতা যদি পুত্রবধূর প্রতি বিরক্ত হইয়া নিজ স্থাবর অস্থাবর বিষয় জামাতাকে দিয়া থাকেন, তবে ঐ দানকে অসিদ্ধ বিবেচনা করিতে হইবে। এবং তদ্দ্বারা ঐ দত্ত বিষয়ে উক্ত জামাতার কোন স্বত্ব হইতে পারে না।

প্রমাণ,—"ভয়ার্ত্ত, রাগার্ত্ত, কামার্ত্ত, শোকার্ত্ত, এবং অচিকিৎস্যরোগার্ত্ত প্রভৃতি ব্যক্তিকর্ত্তৃক যাহা দত্ত হয় তাহা অদত্ত বিবেচনা করিতে হইবে"। বিবাদার্ণবসেতুধৃত নারদবচন।

চতুর্থ উত্তর,—যদিও ঐ পিতামহ দত্তক গ্রহণের পূর্ব্বে নিজ বিষয় জামাতাকে দানপূর্ব্বক এক দানপত্র সহি করিয়া দিয়া থাকেন, তথাপি তদ্বিষয়ে ঐ দত্তক পুত্রের স্বত্ব অগ্রে বর্ত্তিয়াছে,—কেননা পরে গৃহীত দত্তকের ঐ সমস্ত অধিকারই হয় যাহা পিতৃমরণকালীন গর্ভস্থ পশ্চাৎ ভূমিষ্ঠ পুত্রের হইয়া থাকে।

প্রমাণ,—"যাহারা জাত; যাহারা (অদ্যাপি) অজাত, ও যাহারা গর্ভে স্থিত সকলেই জীবিকা আকাঙ্ক্ষা করে, জীবিকালোপ বিগর্হিত কর্ম্ম"॥—দায়ভাগধৃত মনুবচন।

পঞ্চম উত্তর,—ঐ দাতা যদি বাঙ্গলা ১২২১ বা ১২২২ সালে নিজ জামাতাকে দানপত্র সহি করিয়া দিয়া, পুত্রের দত্তককে বঞ্চনা করিবার নিমিত্তে পূর্ব্বকার (অর্থাৎ) বাঙ্গলা ১২১৮ সালের তারিখ দিয়া থাকেন, এমত অবস্থায় ঐ দানপত্রে মিথ্যা লিপি থাকাতে তাহা অসিদ্ধ ও অকর্ম্মণ্য বিবেচনা করিতে হইবে। এই ব্যবস্থা মনু ও দায়ভাগ এবং বঙ্গদেশে প্রচলিত আর২ গ্রন্থমতানুমত।

৫২২ সংখ্যক ব্যবস্থার। নজীর।

৴৹ উক্ত ব্যবস্থা পাঠান্তে দ্বিতীয় জজ আপন রায় লিপিবদ্ধ করিলেন, তাহার মর্ম্ম যথা,—সপ্রমাণ হইয়াছে যে ঈশ্বরচন্দ্র বাঙ্গলা ১২২১ সালের অগ্রহায়ণ মাসে দত্তক গৃহীত হয়, সংশোধিত জওয়াব দাখিলের দুই মাস পূর্ব্বে এক দান পত্রের প্রথম উল্লেখ করাতে সুতরাং এমত বিবেচনা করিতে হইবে যে লেখক ঐ দত্তকপুত্রকে আপন স্বত্ব হইতে বঞ্চিত করিতে ও যে জামাতা নিজ ভাবি পুত্রের নিমিত্তে তৎকালে ঐ দায়রূপ ধন হাতে রাখিতে ইচ্ছা করিয়াছিল তাহাকে তুষ্ট করিবার নিমিত্তে এই উপায় করিয়াছিল।

Question 3rd.—The grandfather, by whose direction and consent the widow had adopted the son, after such adoption, having been displeased with his son's widow, made out a deed of gift in favor of his son-in-law, and put him (the donee) into possession of his entire landed property of both descriptions, ancestral and self-acquired. Is the deed of gift valid in such case, and is it an impediment to the adopted son's right of succession to the property?

Question 4th.—Should the grandfather have executed the deed of gift in favor of his son-in-law previously to the adoption, in this case will his property devolve on the adopted son or not?

Question 5th.—If the donor executed the deed of gift either in 1221 or 1222 B. S., and antedated it to 1218 B. S. by the collussion of his son-in-law, in this case, will the deed of gift be held null and void by reason of such false entry, or will it be considered good and legal notwithstanding?

Reply 1st.—If a Hindoo of Bengal die, leaving a daughter who is likely to have male issue, and an adopted son of his son, the son dying before his father, and a few years after that the daughter bear a son, in this case the adopted son is entitled to the succession, even though the daughter and her son are living. However, a discrepancy exists in this point between the text of *Devala*, quoted in the *Dáyabhága*, and that of *Manu*, who held the first rank among legislators. This opinion is delivered agreeably to the doctrine of *Manu*.

Reply 2nd.—A Hindoo widow, having obtained her husband's sanction, may adopt a son after ten years from the date of her husband's death, and the adoption is legal. Such adopted son is entitled to inherit from his adopting father's father; for there is no fixed period for adopting a child on the expiration of which the adoption can be held void.

Reply 3rd.—Should the widow of the son, with the consent of her late husband and his father, have adopted a son, and subsequently should the father, being displeased with his son's widow, have given his property movable and immovable to his son-in-law, the gift must be considered illegal, and the son-in-law can derive no right thereby to the property given.

Authorities:—"What has been given by men agitated with fear, anger, lust, grief, or the pain of an incurable disease, &c. must be considered as ungiven." The passage of *Nárada* cited in the *Vivádárnava-setu*.

Reply 4th.—Though the grandfather, previously to the adoption, have executed a deed of gift assigning his property to his son-in-law, yet the adopted son had acquired a prior title to the property, the boy ultimately adopted being entitled to all the rights of a posthumous son.

Authorities.—"Even they who are born, and (yet) unborn, and they who exist in the womb, require funds for subsistence; the deprivation of the means for subsistence is reprehended." The text of *Manu* quoted in the *Dáyabhága*.

Reply 5th.—Should the donor in 1221 or 1222 B. S., have executed a deed of gift in favor of his son-in-law, and have antedated it to the year 1228 B. S. to defraud his son's adopted son, in this case the deed of gift must be held null and void, by reason of its containing a false entry. This *Vyavasthá* is in conformity to *Manu*, the *Dáyabhága*, and other legal authorities as current in Bengal.

After perusing the opinion, the Second Judge recorded his judgment to the following effect—that it had been established that the adoption of the boy Iswur Chunder had taken place in the month of Aghan 1221 B. S., two months before the filing of the amended defence, the mention of a deed of gift in which, for the first time, could in consequence, only be looked on as an expedient

অপিচ ইহাও সপ্রমাণ হইয়াছে যে পতি হইতে পূর্ব্বে প্রাপ্ত অনুমত্যনুসারে এবং শ্বশুরের সম্মতিক্রমে ঐ বিধবাকর্ত্তৃক ঈশ্বরচন্দ্র দত্তক গৃহীত হয়, আর আদালতের পণ্ডিতের দত্ত (২ সংখ্যক) উত্তরে সপ্রমাণ যে ঐ অনুমতির কার্য্য হওনের পূর্ব্বে দশ বৎসর গৌণ হওয়া অবৈধ নয়, অপিচ কোর্টের পণ্ডিত উক্ত দানপত্র অজ্ঞাত থাকিয়া যে ব্যবস্থা দিয়াছেন তাহার অবিকল ঐ মর্ম্ম হওয়া উক্ত মতের পোষক, যদিও দত্তক গ্রহণের পূর্ব্বে ঐ দানপত্র লিখিত পঠিত হওনের অনুমানে উক্ত পণ্ডিত যে আর এক ব্যবস্থা দেন ও তাহাতে কহেন যে ঐ দলীলে প্রবলতর স্বত্ব হইয়াছে, তথাপি ঐ দানপত্র পূর্ব্বে হওয়ার এজাহার প্রতারণাময় মাত্র প্রদর্শিত হওয়াতে এই ব্যবস্থা বর্ত্তমান মকদ্দমাতে প্রযুজ্য হইতে পারে না।

এতাবতা বিচার হইল যে সমুদায় বিষয় ঐ দত্তক পুত্রের অধিকার, ও তাহা এই আবশ্যক শর্তের অধীনে হইল যে ঐ বিষয় হইতে শ্রীমতীর অন্নাচ্ছাদন দিতে হইবে।

অনন্তর জুন মাসের ১৯ তারীখে পঞ্চম জজ (ডবলিউ বি. মার্টিন) সাহেবের সমীপে এই মকদ্দমা উপস্থিত হইলে তিনি উক্ত মতে আপনার সম্পূর্ণ সম্মতি প্রকাশ করিলেন।

নিম্ন আদালতের নিষ্পত্তি খরচা সমেত রদ হইল। তারীখ ১৯ জুন ১৮২৪ সাল। স. দে. আ. রি. বা. ৩, পৃ. ৩৬৭ হইতে ৩৭২।

গৌরবল্লভ বাদী—বনাম—জগন্নাথ প্রসাদ মিত্র প্রভৃতি।

৮/০ এই মকদ্দমাতে প্রধান বিচার্য্য কথা এই উপস্থিত হয় যে—(বিচারের মুখে কথিত) পিতামহের ধনে গৌরবল্লভের অধিকার আছে কি না?—ঐ কথিত ব্যক্তি (তিনি যথার্থতঃ বা অযথার্থতঃ গ্রহীতৃ পিতামহ হউন) রাজা রাজবল্লভ ছিলেন। তাঁহার কেবল এক পুত্র সন্তান মাত্র ছিল, ইঁহার নাম মুকুন্দবল্লভ, ইঁহার বিবাহ জয়মণি দাসীর সহিত হয়; জয়মণির গর্ব্ভে তাঁহার কোন সন্তান হয় না। মুকুন্দবল্লভ নিজ মৃত্যুর পূর্ব্বে জয়মণিকে এক দত্তক পুত্র গ্রহণ করিবার অনুমতি করেন। মুকুন্দবল্লভ নিজ পিতা রাজবল্লভের মৃত্যুর তিন বৎসর পূর্ব্বে এবং পত্নীকে দত্তক গ্রহণ করিবার অনুমতি দেওনের অল্পকাল পরে কালপ্রাপ্ত হয়েন। জয়মণি নিজ শ্বশুরের মৃত্যুর পরে দত্তক গ্রহণ করেন। কথিত হইয়াছে এবং এক ইষুতে দৃষ্ট হইয়াছে যে মুকুন্দবল্লভ জয়মণিকে দত্তক গ্রহণের যে আদেশ করেন তাহা শ্রুত হইয়া রাজবল্লভ তাহাতে সম্মত হয়েন। ১৮২৪ সালের ২৪ মার্চ তারিখে ডিক্রী হইল যে (নিজ পতি মুকুন্দবল্লভের আদেশানুসারে জয়মণিকর্ত্তৃক গৃহীত দত্তক) গৌরবল্লভ মুকুন্দবল্লভের অথচ রাজা রাজবল্লভের বিষয়ে অধিকারী।

•

প্রতিবাদিরা রাজা রাজবল্লভের ভাগিনেয় ছিলেন,—তিনি বিপুল বিভব রাখিয়া লোকান্তর গত হয়েন। ইঁহারা রাজা রাজবল্লভের উত্তরাধিকারি ছিলেন, এবং গৌরবল্লভ দত্তক গৃহীত না হইয়া থাকিলে ইঁহারা তাঁহার (অর্থাৎ রাজা রাজবল্লভের) বিষয়ে অধিকারি হইতেন।

•

নিজ পুত্রের (অর্থাৎ মুকুন্দবল্লভের) মৃত্যুর পর রাজবল্লভ তিন বৎসর বাঁচিয়া ছিলেন, এবং বাঙ্গলা ১২০৫ সালে লোকান্তরগত হইলেন। তিনি পত্নী কিম্বা সন্তান রাখিয়া যান নাই। রাজবল্লভের মৃত্যুর পর জয়মণি নিজ পতি মুকুন্দবল্লভ বিদ্যমানে তাঁহা হইতে যে উপদেশ প্রাপ্তা হয়েন তদনুসারে বাদি গৌরবল্লভকে দত্তক গ্রহণ করেন।

মকদ্দমা দায়ের থাকাকালীন—দত্তক গ্রহণ বিষয়ে জয়মণিকে মুকুন্দবল্লভ যে উপদেশ করেন রাজবল্লভ কর্ত্তৃক তাহা স্বীকৃত ও দৃঢ়ীকৃত হওয়া কতক আবশ্যক বোধ হওয়াতে, এবং মুকুন্দবল্লভের পুত্ররূপে গৌরবল্লভ দত্তক গৃহীত হইয়াছে কি না—এই এক ইষুর বিচার কর্ত্তব্য হওয়াতে আমি আদালতের পণ্ডিতদিগকে জিজ্ঞাসা করিলাম যে গৌরবল্লভের দত্তক গৃহীত হওনকালীন এমত উক্ত হওয়া আবশ্যক ছিল কি না যে সে কাহার প্রযত্নে গৃহীত হয়,—অথবা সে রাজবল্লভের বা মুকুন্দবল্লভের কিম্বা উভয়ের ইচ্ছা-

The commentator on the *Dattaka-Chandriká* has, in his Synopsis, exclusively adopted the above mentioned doctrine of *Kullúka Bhatta*. Thus: "As a *dattaka* son is entitled to inherit from his (adoptive) father, so is he entitled to the property of his maternal grandfather and the other *bandhus* or cognates: this is according to the doctrine of the *Dattaka-Chandriká*.* But (although) many of the sages have included the *dattaka* son amongst the last six sons, yet *Manu*, who held the first rank amongst legislators, having included him among the first six, the compilers of the Digests have come to this decision that a *dattaka* son is entitled to inherit from those *bandhus* who belong to the *gotra* or race to which his adoptive father belonged, he shall not be entitled to the property of the *bandhus* of a different race, (such as) the maternal grandfather and the rest. This opinion is accepted and acted upon by the Courts of justice; and the decision has reconciled all the texts. Those legislators who declared the *dattaka* son not entitled to the property of *bandhus*, must have meant the *bandhus* of a different *gotra* or race, that is, the maternal grandfather and the like. And the other legislators, who recognised the *dattaka* son to be entitled to the property of *bandhus*, must have meant them to be such *bandhus* as are of the same *gotra*, (viz.) the paternal grandfather, brother, and the rest. For authority hereof, see *Manu* (Sanscrit,) page 14, verse 158."† Additioanl Authority.

Another point, which has been the subject of much discussion, is, as to whether an adopted son by the *dattaka* form succeeds collaterally, as well as lineally; but this may now be fairly said to be set at rest, and decided in the affirmative. It is true that *Jímútaváhana*, in the *Dáyabhága*, has contended that the son adopted in the *dattaka* form cannot succeed to the property of his adopting father's relations; but the doctrine, being in opposition to the text of *Manu*, cannot be held entitled to any weight. It should be observed, however, that a son so adopted has no legal claim to the property of a *bandhu* or cognate relation: for instance, if a woman, on whom her father's estate had devolved, adopt a son with the permission of her husband, the son so adopted will not be entitled to such estate, on his adopting mother's death. It will go to her father's brother's son, in default of nearer heirs. This point was determined

* By a *dattaka* son, entitled to inherit from a *bandhu*, is, however, meant, in the *Dattaka-Chandriká*, that son who may be endued with good qualities; inasmuch as the commentator for his authority refers to line 20, page 30 of the Sanscrit *Dattaka-Chandriká*, published by himself, but this line, the translation whereof is as follows: ('Therefore, by the same relationship of brother, and so forth, in virtue of which the real legitimate son should succeed to the estate of a brother or other kinsmen, where such son may not exist, (the adopted son) takes the whole estate even'—) is the consequential clause of the lines 18 and 19 just above it, wherein the title and non-title of a *dattaka* son is recognised, in accordance with his being endued with good or bad qualities. See D. Ch. Sect. V. § 22, 23, and *ante*, p. 1090.

† By this he alludes to the interpretation, reconciliation, and determination of *Kullúka Bhatta* already noticed.

মকদ্দমাতে§ এই কথার মীমাংসা হইয়াছে। পুত্রের দত্তক জ্ঞাতি ধনে অধিকারী ইহা স্বীকৃত হইয়াও যে দুহিতার দত্তক গ্রহীত্রী মাতার পিতৃধনে কেন অধিকারী নয় ইহা স্পষ্টতঃ প্রকাশ পাইতেছে না, কেননা হিন্দুদের ধর্ম্মশাস্ত্রকর্ত্তারা সকলেই মাতামহকে কুটুম্বমধ্যে গণ্য করিয়াছেন ;—পরন্তু ইহার কারণ এই যে শেষোক্ত অবস্থাতে গৃহীত দত্তক ঐ ব্যক্তিরই পুত্র হয় যাহার বংশ মাতামহ বংশ হইতে সম্পূর্ণ রূপে ভিন্ন।—মেক্. হি. ল. বা. ১, পৃ. ৭৮।

গ্রহীতৃ-মাতার পিতৃধনে অধিকারী না হওন পক্ষে মেক্‌নাটন্ সাহেব উপরি উক্ত যে এক কারণ দর্শাইয়াছেন তদ্বিষয়ে শুদ্ধ ঐ কারণটি মাত্র আছে এমত নহে, কিন্তু তদতিরেকে আরো অনেক কারণ আছে ; তন্মধ্যে কতিপয় যথা,—

২ 'অপুত্রেণৈব কর্ত্তব্যঃ পুত্রপ্রতিনিধিঃ সদা। পিণ্ডোদকক্রিয়াহেতোর্যস্মাৎ তস্মাৎ প্রযত্নতঃ' ॥—অত্রি। 'অপুত্রেণেতি'—পুংস্ত্বশ্রবণাৎ ন স্ত্রিয়া অধিকার ইতি গম্যতে ; অতএব বশিষ্ঠঃ—'ন স্ত্রী পুত্রং দদ্যাৎ প্রতিগৃহ্ণীয়াদ্বা অন্যত্রানুজ্ঞানাদ্ভর্ত্তুরিতি'। অস্যার্থঃ—শ্রাদ্ধ তর্পণ ও ক্রিয়া নিমিত্ত অপুত্রব্যক্তি যে কোন উপায়ে যত্নপূর্ব্বক সর্ব্বদা পুত্রপ্রতিনিধি করিবে ॥ 'অপুত্র'—এই পুংলিঙ্গ পদ শ্রুত হওয়াতে স্ত্রী লোকের অধিকার নাই ; অতএব বশিষ্ঠ কহিয়াছেন—'স্ত্রীলোকে ভর্ত্তার অনুজ্ঞাবিনা পুত্র দিবেনা প্রতিগ্রহ-ও করিবে না'।—দ. মী. পৃ. ৬।

৩ 'প্রতিগৃহ্ণীয়াদ্বেতি'—ভর্ত্রনুজ্ঞাং বিনা ভার্য্যয়া প্রতিগৃহীতে পুত্রে স্বত্বং সিদ্ধ্যতি, ন তত্র পুত্রকার্য্যকারিত্বং দায়গ্রহণ শ্রাদ্ধদানাদিকং,—পুত্রকরণস্য পুংকর্ত্তৃকত্ব বোধনাৎ, নহি ক্বচিৎ শাস্ত্রে স্ত্রিয়াঃ পুত্রকরণং দৃশ্যতে"। অস্যার্থঃ—'(ভর্ত্তার অনুজ্ঞাবিনা) প্রতিগ্রহ-ও করিবে না'—ভর্ত্তার অনুজ্ঞাবিনা ভার্য্যাকর্ত্তৃক পুত্র গৃহীত হইলে ঐ পুত্রে ভার্য্যার স্বত্ব সিদ্ধ হইবে, কিন্তু সে পুত্র পুত্রের কার্য্য কারক (অর্থাৎ) দায়গ্রাহী ও শ্রাদ্ধকারী হইবে না, কেননা পুত্রকরা পুরুষের কার্য্যই বোধিত হইয়াছে, স্ত্রীতে পুত্র করিবে শাস্ত্রে কোথাও এমত দৃষ্ট হয় না।—বিবাদ তঙ্গার্ণব।

৪ ন চ 'পত্নী বিরোহীনোগার্হস্থ্যাশ্রমবিরহিত্বাৎ গার্হস্থ্যপ্রকরণোক্তং পুত্রকরণং ন সঙ্গচ্ছতে' ইতি বাচ্যং, প্রমাণাভাবাৎ। অতএব ব্যাসাদীনাং অকৃতবিবাহানাং শুকদেবাদিরূপ পুত্রোৎপত্তিশ্চ শ্রূয়তে। অকৃতোদ্বাহকস্য মৃতপত্নীকস্য ত্যক্তপত্নীকস্য বা যস্য দৈবাৎ বিবাহো ন ভবতি অগত্যা সোঽসম্পূর্ণ সংস্কারক অগৃহস্থো বা, দত্তক প্রয়োগানামবধানসত্ত্বেঽপি তস্যাপুত্রত্বং অনুভববিরুদ্ধং জ্ঞেয়ং'। অস্যার্থঃ—পত্নীবিহীন ব্যক্তি গৃহস্থাশ্রমশূন্য হওয়াতে গৃহস্থাশ্রম প্রকরণোক্ত যে পুত্র করণ তাহা তৎপ্রতি সঙ্গত হয় না—ইহা প্রমাণাভাব হেতু বাচ্য নয়। অতএব ব্যাসাদি অবিবাহিত হইয়া-ও শুকদেবাদিরূপ পুত্রোৎপত্তি করিয়াছেন ইহা শ্রুত আছে। যাহার বিবাহ হয় নাই, যাহার পত্নী মরিয়াছে, যে পত্নী-ত্যাগ করিয়াছে, অথবা দৈবাৎ যাহার বিবাহ হয় নাই সে অগত্যা অসম্পূর্ণসংস্কার কিম্বা অগৃহস্থ হইলেও দত্তক-গ্রহণের প্রয়োগ সকল পালনপূর্ব্বক পুত্র গ্রহণ করিলে যে সে পুত্রের পুত্রত্ব হইবে না ইহা অনুভব বিরুদ্ধ জানিতে হইবে।—বিবাদতঙ্গার্ণব।

৫ 'পিতৃঋণমোক্ষার্থং পুংসামেব পুত্র আবশ্যকঃ'। অস্যার্থঃ—পিতৃঋণ মোচনার্থ পুরুষদেরই পুত্র আবশ্যক।—ঐ।

৬ 'এবমুক্তঞ্চ জরৎকারু রুচি প্রভৃতি পুংসঃ পুত্রার্থং ভার্য্যা গ্রহণাদিকঞ্চ মহাভারতাদৌ, ন ক্বচিৎ স্ত্রিয়াঃ। অস্যার্থঃ—মহাভারতাদিতে উক্ত হইয়াছে যে জরৎকারু রুচি প্রভৃতি পুরুষেরা পুত্রার্থে দারপরিগ্রহাদি করিয়াছেন, কিন্তু কোথাও এমত উক্ত হয় নাই যে নারীতে (পুত্রার্থে) বিবাহ করিয়াছেন।—ঐ।

§ অর্থাৎ গঙ্গামায়া—বনাম—কৃষ্ণকিশোরপ্রভৃতি—এই মকদ্দমাতে। দ্রষ্টব্য স. দে. আ. রি. বা. ৩, পৃ. ১২৮ ; এবং ব. র. পৃ. ১২৮, ১৩০।

in a case recently decided by the Court of Sudder Dewanny Adawlut.* It is not quite evident why a daughter's adopted son should be excluded from inheriting the estate of his adopting mother's father, while a son's adopted son's right of succeeding collaterally has been acknowledged, inasmuch as the maternal grandfather is enumerated among the kindred by all the Hindu legislators; but the reason is, that the party adopted in the latter case becomes the son of a person whose lineage is distinct from that of the maternal grandfather.—Macn. H. L. vol. I. p. 78.

The reason assigned by Sir William Macnaghten is not the only one, but there are many other reasons for an adopted son's not having legal claims to inherit from the adoptive mother's father; some of which are as follow:—

2. 'By a man destitute of a son only, must a substitute for the same always be adopted: with some one resource, for the sake of the funeral cake, water, and solemn rites." (Atri.)—"By a man destitute of a son."] From the masculine gender being here used, it follows that a woman is incompetent (to adopt.) Accordingly *Vashishtha* ordains: "let not a woman either give or receive a son in adoption, unless with the assent of her husband.—D. Mím. Sect. I. § 15.

3. "Nor let a woman accept a son (without the assent of her husband.)"—If a son be accepted by a wife without the assent of her husband, her property in that child is valid, but not his performance of filial duties: he can neither possess the heritage, nor offer the *sráddha* or the like; for it is shown that the adoption of a son is the act of the man; in no code of law is it found that adoption can be the act of the woman.—Coleb. Dig. vol. III. p. 244.

4. It should not be argued, that one who has no wife, being consequently excluded from the order of the householder, cannot properly adopt a son, this being an act mentioned when treating of the order of a housekeeper or married man. There is no argument to support such an induction. And it is recorded, that *Vyása* and others, who had contracted no marriages, nevertheless obtained sons, namely, *Sukadeva* and others. He who happens to have no wife, (whether he have contracted no marriage, or his wife have died, or have been forsaken by him,) either has not completed the ceremonies or belongs to no order; but it is contrary to common sense that, although the form of adopting a son given have been observed, the adoption should be void.—Coleb. Dig. vol. III. pp. 252, 253.

5. Males only need sons to relieve them from the debt due to ancestors.—*Ibid.* p. 253.

6. And it is recorded in the *Mahábhárata* and other works, that *Jaratkáru*, *Ruchi*, and other males, have taken wives for the sake of obtaining male issue, but it is no where said that a woman has taken a husband for that purpose.—*Ibid.* p. 53.

* That is, Gunga Mya *versus* Kishen Kishore and others.—S. D. A. R. vol. III. p. 128: see *ante*, pp. 159, 161.

৭ অতএব পার্ব্বণে পিতৃপক্ষশ্রাদ্ধস্যৈব আবশ্যকত্বং পুত্রস্য, নতু মাতামহপক্ষশ্রাদ্ধস্য, কিন্তু পিতৃপক্ষ শ্রাদ্ধং কুর্ব্বতো মাতামহপক্ষশ্রাদ্ধাকরণে এব নিন্দা। তথাচ বিকৃতপার্ব্বণাদৌ মাতামহপক্ষবর্জ্জিতা-কৃতশ্রাদ্ধসিদ্ধেঃ কৃষ্ণপক্ষশ্রাদ্ধসিদ্ধৌ মাতামহশ্রাদ্ধাস্যা মানুষ্ঠানমিতি স্মার্ত্তভট্টাচার্য্যাদিভিরুক্তং* সঙ্গচ্ছতে। অস্যার্থঃ—অতএব পার্ব্বণে পিতৃপক্ষের শ্রাদ্ধ করাই পুত্রের আবশ্যক, মাতামহপক্ষের শ্রাদ্ধ নয়, কিন্তু পিতৃপক্ষের শ্রাদ্ধকারী মাতামহের শ্রাদ্ধ না করিলে নিন্দা হয়। তথাচ বিকৃতপার্ব্বণাদিতে মাতামহপক্ষ বর্জ্জিয়া কৃত শ্রাদ্ধ সিদ্ধ হওয়াতে কৃষ্ণপক্ষের শ্রাদ্ধ সম্পাদনে মাতামহের শ্রাদ্ধের অনুষ্ঠান নয়—স্মার্ত্তভট্টাচার্য্য প্রভৃতির এই উক্তি সঙ্গত।—ঐ।

৮ এতাবতা শ্রেষ্ঠ কারণ এই বোধ হইতেছে যে শ্রাদ্ধাদি সম্পাদন নিমিত্তে পুত্রের যে আবশ্যকতা সে পুরুষেরই নারীর নয়,—তাহার মুক্তি তদুপায়ের উপর তাদৃক্ নির্ভর করে না, এমতে যখন উপযুক্ত রূপে অনুমতিপ্রাপ্তা কোন স্ত্রী দত্তক গ্রহণ করে সে তাহা নিজ পতির নিমিত্তেই করে নিজের নিমিত্তে করে না।—এস্‌ট্রে. হি. ল. বা. ১, পৃ. ৬৭।

ব্যবস্থা। ৫৯৬ কিন্তু দত্তকের ধনে সগোত্রের ন্যায় অসগোত্র বন্ধুর-ও অধিকার নির্ব্বিবাদ।

৫৯৬ দত্তকস্য ধনে তু সগোত্রবদসগোত্র বন্ধূনামপ্যধিকারো নির্ব্বিবাদঃ।

কারণ। যেহেতু দত্তকের ধনে তাহাদের অধিকার কুত্রাপি নিষিদ্ধ না হওয়াতে তাহাতে বাধা নাই।

তেষাং তদ্ধনাধিকারে কুত্রাপি নিষেধাভাবেন বাধকাভাবাৎ।

ব্যবস্থা। ৫৯৭ ধনির অন্য পুত্র থাকিলে যে দত্তক রূপ পৌত্রের (গ্রহীতা) পিতা মৃত সেও দত্তকযোগ্যাংশভাগী*।—দ. চ. পৃ. ৩০।

৫৯৭ ধনিনঃ পুত্রান্তরসত্ত্বে মৃতপিতৃকস্য দত্তকপৌত্রস্যাপি দত্তোচিতাংশভাগিত্বং*।—দ. চ. পৃ. ৩০।

৫৯৮ অন্য পুত্র না থাকিলে (মৃত পুত্রের দত্তক) সমগ্রধনাধিকারী*।—ঐ, পৃ. ৩০।

৫৯৮ তদসত্ত্বে সর্ব্বহরত্বমপীতি*।—ঐ, পৃ. ৩০।

৫৯৯ কিন্তু ধনির দত্তকের ঔরসপুত্র ঔরসপিতৃব্যের সহিত সমাংশভাগী, তদভাবে সমস্তধনাধিকারী।

৫৯৯ ধনিনো দত্তকস্যৌরসপুত্রস্তু ঔরসপিতৃব্যেণ সহ সমাংশভাগী, তদভাবে সমগ্রধনাধিকারী।

৬০০ প্রপৌত্রেতেও এই নিয়ম চলিবে।—দ. চ. পৃ. ৩১।

৬০০ এবং রীতিঃ প্রপৌত্রেপ্যনুসর্ত্তব্যেতি।—দ. চ. পৃ. ৩১।

কারণ। কেননা বিশেষ নিয়ম এই যে যে পৌত্রের পিতা মৃত তাহারা স্বসমান পিতার যোগ্যাংশ পাইবে।

মৃতপিতৃক পৌত্রাণাং স্বসমানপিতৃতুল্যাংশ গ্রহণস্য বিশেষনিয়মাৎ।

প্রমাণ। পৌত্র স্বপিতৃযোগ্যাংশভাগী এই নিয়ম হওয়ায়,† দত্তকগ্রহীতা (ঐ দত্তকের) পিতামহের ঔরস পুত্র হইলে ঔরস পিতৃব্যের তুল্যাংশ ঐ দত্তকের যোগ্যাংশ হওয়ায় দত্তকরূপ পৌত্র পিতৃতুল্যাংশই পাইবে—ইহা বাচ্য নয়, কেননা তাহাতে এই বৈষম্য ঘটে যে পুত্র দত্তক হইলে চতুর্থাংশ‡, ও

ন চ—পৌত্রস্য স্বপিতৃযোগ্যাংশ ভাগিত্বনিয়মাৎ† দত্তকস্য গ্রহীতুঃ পিতামহৌরসত্ত্বে তাদৃশ পিতৃব্য তুল্যাংশস্যৈবাংশস্য তদ্‌যোগ্যত্বাদ্দত্তক পৌত্রঃ পিতৃতুল্যমেবাংশং লভতাং—ইতি বাচ্যং, পুত্রস্য দত্তকত্বে চতুর্থাংশঃ‡ পৌত্রস্য তু তথাত্বে সমানাংশ

* এই দুই ব্যবস্থা অবিকল রূপে সংস্কৃত দত্তকচন্দ্রিকাতে আছে, কিন্তু সদরল্যাণ্ড্ সাহেবের ইংরাজি অনুবাদে নাই, বোধ হয় তদনুবাদ তাহাতে ভ্রম বশতঃ বর্জ্জিত হইয়া থাকিবে।

† দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ২৫।

‡ এতদ্দেশে তৃতীয়াংশ। দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ১০৪১।

7. Accordingly, in the double set of oblations, it is indispensably necessary that the son should perform the *Sráddha* for the paternal line, not for the line of his maternal grandfather: but it is simply reprehensible in one who performs the *sráddha* for the paternal ancestors, not to perform it also for the maternal grandfather and his progenitors. Consequently, since the *sráddha* may be performed without noticing the maternal grandfather's line in a subordinate double set of oblations, and the like, the *sráddha* for the maternal ancestors is not requisite to the completion of the obsequies performed in the dark fortnight of *A'swina*. This observation of *Ragunandana* and others is accurate.—*Iibd.* p. 253.

8, The better reason, therefore, perhaps is that the necessity of a son to celebrate the funeral rites regards the man, rather than the woman, who depends less for redemption upon such means, so that whenever a woman, duly authorised, adopts, it is on her husband's account, and for his sake, not her own.—Str. H. L. vol. I. p. 67.

596. The right of the relations of a different race, like those of the same race, to inherit from a *dattaka*, is, however, unquestionable. Vyavasthá.

For there is no impediment to their succession to the property of a *dattaka* relation, the same not being prohibited by any authority. Reason.

597. If there exist a another son of the proprietor, then the adopted son of his deceased son will get such share as an adopted son would have been entitled to.* Vyavasthá.

698. Should there exist no son, the adopted son of the deceased son will take the whole property.* „

599. An adopted son's legitimately begotten son is entitled to an equal share with the legitimately begotten son of his adoptive grandfather; and in default of such uncle, he is entitled to the whole property. „

600. The same rule is to be applied by inference to the great grandson also.—D. Ch. Sect. V. § 25. „

For, the special rule is, that grandsons, whose father is dead, take such share (of the heritage) as would have devolved upon their father of the same description as themselves. Reason.

'Since it is a restrictive rule, that a grandson succeed to the appropriate share of his own father†, the son given, where his adopter is the real legitimate son of the paternal grandfather, is entitled to an equal share, even with a paternal uncle, who is also such description of son: therefore, a grandson, who is an adopted son, may (in all cases) inherit an equal share even with an uncle.'—This must not be alleged (as a general rule.) For there would be this discrepancy: if the father of the grandson were an adopted son, he would receive a fourth share‡, but the grandson, if he were such son (of him,) would receive an equal share (with an uncle in Authority.

* The original of these two *Vyavasthás* is in the Sanscrit *Dattaka-Chandriká*, but an English version thereof is not to be found in Mr. Sutherland's translation of the work, and must have been inadvertently omitted.

† See *ante*, p. 26. ‡ In Bengal, a third share: see *ante*, p. 1042.

পৌত্র তদ্রূপ হইলে সমানাংশ পায়, এতাবতা স্বসমানরূপ পিতার যে পরিমিত অংশ শাস্ত্রসিদ্ধ তাহাই তাহার পিতৃযোগ্যাংশ—এইরূপ যাহা উক্ত হইয়াছে তাহাই শুদ্ধ।—দ. চ. পৃ. ৩০, ৩১।

ইতি বৈষম্যাৎ। অতঃ স্বসমানরূপস্য পিতুর্যাবৃদ্ধাংশঃ শাস্ত্রসিদ্ধস্তদেব স্বপিতৃযোগ্যাংশশব্দেনেতি যথোক্তমেব সাধুঃ।—দ. চ. পৃ. ৩০, ৩১।

৬০১ বেদবিহিত ক্রিয়াদ্বারা গৃহীত যথাযোগ্য দত্তক প্রতিগ্রহক্রিয়ার উপাঙ্গ হীন হইলে অথবা অন্য কারণে অসিদ্ধ এবং অনধিকারী হইতে পারে না*।

৬০১ বেদবিহিত ক্রিয়য়া গৃহীতো যথাযোগ্য দত্তকঃ প্রতিগ্রহক্রিয়াণামুপাঙ্গহীনত্বেন কারণান্তরেণ বা অসিদ্ধঃ অনধিকারী চ ভবিতুং নার্হতি*।

৬০২ বিধিবিহিতরূপে দত্তক গ্রহণোত্তর গ্রহীতা উইলপত্রাদিদ্বারা ঐ দত্তককে বিষয়ে অনধিকারি করিতে পারেন না।

৬০২ বিধিপূর্ব্বকগ্রহণানন্তরং গ্রহীতা স্বেচ্ছাপত্রাদিনা দত্তকং বিষয়ানধিকারিণং কর্ত্তুং ন শক্নোতি।

৬০৩ একমাত্র বা জ্যেষ্ঠ পুত্র যদি বেদবিহিত ক্রিয়াদ্বারা গৃহীত হয় (তবে) অপ্রশস্ত হইলেও অসিদ্ধ নয়।

৬০৩ একমাত্রো জ্যেষ্ঠ পুত্রো‡ বা বেদবিহিত ক্রিয়য়া গৃহীতশ্চেৎ অপ্রশস্তঃ সন্নপি নাসিদ্ধঃ।

৬০৪ ঔরসের ন্যায় দত্তক পুত্র-ও (গ্রহীতা) পিতার ধন ত্যাগ করিতে পারে, কিন্তু পুত্রত্ব-সম্বন্ধ ও তৎকর্ত্তব্যতা হইতে মুক্ত হইতে পারে না।

৬০৪ ঔরসবদ্দত্তকোঽপি পিতৃধনং পরিত্যক্তুমর্হতি, পরন্তু পুত্রত্বসম্বন্ধাৎ তৎকর্ত্তব্যত্বাচ্চ মুক্তোভবিতুমক্ষমঃ।

৬০৫ প্রাপ্তব্যবহার দত্তক যদি এমত নিয়ম করে যে অমুক কর্ম্ম না করিলে আমার অধিকারধ্বংস হইবে তবে তন্নিয়মের অসম্পাদনে তাহার অধিকার লোপ হয়§।

৬০৫ অনাচরিতে বিশেষকর্ম্মণি মমাধিকারধ্বংসো ভবিষ্যতি ইতি নিয়মে কৃতে প্রাপ্তব্যবহার দত্তকেন তদাচরণং বিনা তস্যাধিকারো লুপ্যতে§।

সদরদেওয়ানী আদালতে দত্ত ও গ্রাহ্য হওয়া এবং সর উইলিয়ম্ মেক্‌নাটন্ সাহেবের পরীক্ষিত ও মনোনীত ব্যবস্থা।

প্র.। বঙ্গদেশনিবাসী পৈতৃক ভূমি সম্পত্তির অর্দ্ধভাগী শিবনাথনামক এক ব্যক্তি বাঙ্গলা ১২০৪ সালে ভগবতী নাম্নী এক গর্ভিণী পত্নীকে ও গোবিন্দপ্রসাদ নামক এক সহোদর ভ্রাতাকে রাখিয়া

* দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ১০০৯।

† ('নত্বেকং পুত্রং) প্রতিগৃহ্নীয়াদিতি তৎকুলোচ্ছেদস্যাকর্ত্তব্যত্বাদিতিভাবঃ নতেন দত্তকত্বাসিদ্ধিঃ'—'এক পুত্র প্রতিগ্রহ করিবে না' ইহার ভাব এই যে তদ্বংশ লোপ কর্ত্তব্য নয়, (কিন্তু) তাহাতে দত্তকত্ব অসিদ্ধ হয় না।—বিবাদভঙ্গার্ণব। এই মত অসঙ্গত বোধ হয় না, কেননা দাতা যদি নিজ বংশ লোপ করিয়া একমাত্র পুত্র দান করে তবে তদ্গ্রহণ দূষ্য হইলেও অসিদ্ধ হওয়ার কোন কারণ নাই।

‡ দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ৯৩৭।

§ দ্রষ্টব্য—মেক্. হি. ল. বা. ২, চ্যা. ৩, মকদ্দমা ১০, পৃ. ১৮৩, ১৮৩। ব্য. দ. পৃ. ১০২১, ১০৫৩।

the heritage of the grandfather.) And accordingly whatever share may be established by law, for a father of the same description as himself, to such appropriate share of his father does the individual in question (viz. the adopted son of one adopted) succeed. Thus, only what had been advanced is correct.—The same rule is to be applied by inference to the great grandson also.—D. Ch. Sect. V. § 25.

601. The adoption of a fit person made by the performance of the rites ordained in the *Vedas* cannot be rendered invalid by the omission to perform an unessential ceremony, or any other cause.* Vyavasthá.

602. The adoption of an only son†, or the eldest son‡ (of a person,) if made by the performance of the rites ordained in the *Vedas*, cannot be invalidated or set aside, although it should be deemed not to be a good one. ..

603. After having adopted a son in due form, the adopter, by his will or other deed, cannot disinherit such son.

604. Like a lawfully begotten son, an adopted son also may resign his right to the property of his adoptive father, but nevertheless he cannot free himself from his connection and duties as adopted son.

605. If an adult adopted son make an agreement, stipulating the stability of his right to depend upon his performance of certain conditions, his non-performance of those conditions will cause his right to become extinct.

Legal opinion delivered in, and admitted by, the Sudder Dewanny Adawlut, and approved of by Sir William Macnaghten.

Q. A person named Sheonath, an inhabitant of Bengal and proprietor of half an ancestral landed estate, died in the year 1204 B. S., leaving a pregnant widow by name *Bhugovutty*,

* See *ante*, page 1010.

† "Let no man accept (an only son") because he should not do that whereby the family of the natural father becomes extinct: but this does not invalidate the adoption of such son (actually) given. (Coleb. Dig. vol. III. 243.) This opinion of *Jagannátha* does not seem to be an inconsistent one, for if the giver give his only son in adoption causing his own lineage to become extinct, there is no reason why the adoption of such son should be invalid, though it be a blamable act.

‡ See *ante*, page 938.

§ See Macn. H. L. vol. II. Ch. 6, Case 10, pp. 183, 184. See also *ante*, pp. 1052, 1054.

কাল প্রাপ্ত হয়; ঐ বৎসরেই তাহার পত্নী এক কন্যা প্রসব করে, তাহার নাম গঙ্গামায়া, বাঙ্গলা ১২০৭ সালে ঐ পত্নী মরে, ও ১২১৭ সালে গঙ্গামায়া রামকেশব দত্ত নামক এক ব্যক্তির সহিত বিবাহিতা হয়। মূল ধনির ভ্রাতা গোবিন্দপ্রসাদ বাঙ্গলা ১২১৮ সালে কৃষ্ণকিশোর নামে এক পুত্র ও দয়াময়ী নামে এক কন্যা রাখিয়া লোকান্তর গত হয়। বাঙ্গলা ১২২৬ সালে গঙ্গামায়ার পতি রামকেশব দত্ত নিসসন্তান মরে। মূল ধনির মরণে তৎপত্নী ভগবতী অথবা তদ্ভ্রাতা গোবিন্দপ্রসাদ তাহার ধনে অধিকারী? যদি ঐ পত্নী যথার্থতঃ উত্তরাধিকারিণী হয়, তবে তাহার মরণে তৎকন্যা গঙ্গামায়া অথবা গোবিন্দপ্রসাদ ঐ বিষয়ে অধিকারী? যদি ঐ কন্যা উপযুক্ত উত্তরাধিকারিণী হয়, ও পতির অনুমতিক্রমে দত্তক গ্রহণ করিয়া থাকে, তবে গঙ্গামায়ার মরণে তাদৃশ দত্তকপুত্র ধনাধিকারী কি না? যদি সে ধনাধিকারী না হয়, তবে গঙ্গামায়ার মরণে শাস্ত্রানুসারে কে অধিকারী, ও কাহাকে ধন অর্শিতে পারে।

দুহিতাকে পৈতৃক ধন অর্শিলে ঐ দুহিতার মরণে তাহা তাহার দত্তক পুত্রকে অর্শিবে না, কিন্তু ঐ দুহিতার পিতার উত্তরাধিকারিদিগকে অর্শিবে।

উ.। শিবনাথের মরণে তাহার বিষয় তৎপত্নী ভগবতীকে স্বত্বরূপে অর্শে, শিবনাথের ভ্রাতা গোবিন্দপ্রসাদকে অর্শে না; কেননা প্রপৌত্র পর্য্যন্ত অধিকারি না রাখিয়া মরে যে ব্যক্তি তাহার ধন দায়শাস্ত্রানুসারে তৎপত্নীকে বর্ত্তে। ভগবতীর মরণে ঐ বিষয় (যাহা সে পতির উত্তরাধিকারিণী রূপে প্রাপ্ত হইয়াছিল) তৎকন্যা গঙ্গামায়াকে (যে ভগবতীর পতির মরণকালীন অবিবাহিতা ছিল) অর্শে, ঐ ভ্রাতা শিবনাথকে অর্শে না; কেননা দায়শাস্ত্রানুসারে তিন প্রকার দুহিতার মধ্যে অর্থাৎ কুমারী, সম্ভাবিত পুত্রা সধবা ও পুত্রবতী ইহাদের মধ্যে প্রথমোল্লিখিতাই আর২ উত্তরাধিকারি হইতে শ্রেষ্ঠা অধিকারিণী, কিন্তু গঙ্গামায়া যে ধনে অধিকারিণী হইয়াছে—তাহাতে তাহার পতির অনুমতিক্রমে গৃহীত দত্তকের অনধিকার, কেননা দায়ভাগানুসারে বন্ধুর ধন দাওয়া করিতে দত্তক পুত্রের অধিকার নাই, এবং মনুর যে বচনে দত্তক বন্ধুর ধনে অধিকারী কথিত তাহার অর্থ এই যে 'সে গ্রহীতৃ-পিতার সগোত্র বন্ধুর ধনে অধিকারী,' যথা কুল্লূকভট্ট প্রভৃতির কৃত মন্বর্থমুক্তাবলী নাম্নী টীকাতে এবং আর২ গ্রন্থে প্রকাশ। এতাবতা গঙ্গামায়ার মরণে তাহার পিতার ত্যক্ত বিষয় (যাহাতে সে নিজ মাতার মরণান্তে অধিকারিণী হইয়াছিল, ও যাহাতে তাহার যাবজ্জীবনমাত্র স্বত্ব ছিল,) তাহার মাতার দেবরপুত্র কৃষ্ণকিশোরকে অর্শিবে, কেননা যখন (পতির অর্দ্ধাঙ্গ রূপে স্বীকৃতা) কোন অবীরা নারীকে বিষয় অর্শিলে ঐ বিষয় ঐ নারীর মরণে তাহার পতির উত্তরাধিকারিগণকে বর্ত্তে, তখন পত্নীর অপেক্ষা জঘন্য উত্তরাধিকারিণী যে দুহিতা তাঁহাকে বিষয় অর্শিলে তাহা অবশ্যই তৎপিতার উত্তরাধিকারিদিগকে বর্ত্তিবে।

প্রমাণ—দায়ভাগপ্রভৃতি গ্রন্থে ধৃত যাজ্ঞবল্ক্যবচন—'পত্নী ও দুহিতারা, পিতামাতা, তথা ভ্রাতারা ও ভ্রাতৃপুত্ররা, গোত্রজ ও বন্ধুরা' ইত্যাদি—(দায়ভাগ পৃষ্ঠা ১৬০)।

সদরদেওয়ানী আদালত, ১ সেপ্টেম্বর ১৮২১ সাল। গঙ্গামায়া—বনাম—কৃষ্ণকিশোর চৌধুরী প্রভৃতি।—মেক্ হি. ল. বা. ২, চ্যা. ৬, মকদ্দমা ১৩, পৃ. ১৮৭—১৮৯।

সূচনা। মেক্‌নাটনের উক্ত গ্রন্থের ৮৮ ও ৮৯ পৃষ্ঠাস্থ ব্যবস্থা (দ্রষ্টব্য ব্য. দ. পৃ. ১৯৫৩) এই ব্যবস্থার স্পষ্টতঃ বিপরীত। এক বিষয়ে পরস্পর বিপরীত ব্যবস্থাদ্বয় উক্ত সর্ উইলিয়ম্ মেক্‌নাটন্ সাহেব কর্ত্তৃক শুদ্ধ ও সিদ্ধ বলিয়া স্বীকৃত হইলেও তন্মধ্যে একটিবই শুদ্ধ হইতে ও সিদ্ধ থাকিতে পারে না; এতাবতা তাহার কোনটি শুদ্ধ ও কোন্‌টি অশুদ্ধ তন্নির্ণয় আবশ্যক। যদিও পূর্ব্বব্যবস্থায় তিন জন ভাগিনেয়ের সহিত আর এক ভগিনীর দত্তক পুত্র বিভাগে সমাংশে অধিকারী কথিত হইয়াছে বটে, তথাপি লিখনের ভঙ্গিতে বোধ হয় তাদৃশ ব্যবস্থা প্রশ্নের উদ্দেশ্যানুসারেই দেওয়া হইয়াছিল, তদুদ্দেশ্য এই ছিল যে—'বিষয়ের কি পরিমাণে তৎপ্রত্যেক ব্যক্তি অধিকারী হইবে'? যদি এমত উদ্দেশ্য হইত যে ভাগিনীর দত্তক মাতুলের ধনে অধিকারী কি না? তবে ভিন্ন প্রকার ব্যবস্থাই হইত। অপিচ

and an uterine brother named Gobindprosad; in the same year his widow brought forth a daughter, who was named *Gunga Mya*. The widow died in 1207 B. S. *Gunga Mya*, in the year 1217 B. S., was married to a person called Ramkesob Dutt. Gobindprosad, the original proprietor's brother, died in the year 1218 B. S., leaving *Kishenkishore* a son, and *Dayamye* a daughter. In the year 1226 B. S., Ramkesob Dutt, the husband of Gunga Mya, died childless. Whether, on the death of the original proprietor, was his widow Bhugovuttv, or his brother Gobindprosad, entitled to inherit his estate? If the widow was the proper heir, whether was Gobindprosad or her daughter Gunga Mya entitled to inherit the estate on her death? If the daughter was the proper heir, and if she by consent of her husband adopted a son, was such adopted son entitled to inherit the estate on her death; and if he was not, who was the proper heir on whom the estate should devolve after the death of Gunga Mya?

R. On the death of Sheonath, his property belonged, of right, to his widow Bhugovutty, and not to his brother Gobindprosad; for the estate of him who dies leaving no other heir down to a great grandson, devolves by the law of inheritance on his widow. On the death of Bhugovutty, the estate which she had inherited from her husband should devolve on her daughter, who was unmarried at the time of her husband's death, and not on the brother of Sheonath; for, by the law of inheritance, of the three descriptions of daughters, that is, the unmarried daughter, she whose husband is living, and of whom there is probability of a son being born, and the daughter who has borne a son, the first mentioned has the best title to the succession, in default of other preferable heirs; but the son adopted by Gunga Mya, by the consent of her husband, has no title to the estate to which she had succeeded, because, according to the *Dáyabhága*, an adopted son has no legal claim to the property of a *bandhu* or cognate; and according to the interpretation of the text of *Manu*, which admits adopted sons to the right of succession collaterally, the meaning is, succession to the property of persons belonging to the same family as the adopting father, as fully appears from the *Manwartha Mooktávallee*, compiled by *Kullúka Bhatta*, and other authorities. On the death of Gunga Mya, therefore, the estate left by her father, to which she had succeeded on the death of her mother, and her right to which was limited to a life-interest, should devolve on Kishenkishore, the brother's son of her husband, because when an estate devolves on a childless widow, who is held to be half the body of her husband, it reverts at her death to the heirs of her husband. So an estate which had devolved on a daughter, who has a weaker claim, should, *a fortiori*, revert to the heirs of her father.

Ancestral property which had devolved on a daughter will not at her death go to her adopted son, but to the heirs of her father.

Authority—The text of *Jágnyavalkya*, cited in the *Dáyabhága* and other law tracts: "The wife and the daughters, also both parents, brothers likewise and their sons, gentiles, cognates", &c. (*Dáyabhága*, p. 160.)

Sudder Dewanny Audawlut, September 1st, 1821. *Gunga Mya* versus *Kishenkishore Chowdhooree* and others. Macn. H. L. vol. II. Case XIII. pp. 187—189.

Remark.

The *Vyavasthá* or law opinion contained at pages 87—89 of the above work of Macnaghten's (see *ante*, p. 1054) is directly opposed to the *Vyavasthá* quoted above; and though both of them are approved of by him as correct and valid, yet only one of those two *Vyavasthás* can be so held. It is therefore necessary to ascertain which of them is to be preferred as being the just one. Although in the former of the two *Vyavasthás* in question, the adopted son of a sister is declared entitled to a seventh, as coheir with three sons of another sister, yet it appears, from the manner of writing the *Vyavasthá*, that it was given agreeably to the object of the question, which was: "to what proportion of the estate will each individual survivor be entitled?"

সর্ উইলিয়ম্ মেক্নাটন্ সাহেব তদ্বিষয়ে নিজ লিখিত নোটে পণ্ডিতের উক্ত অংশপরিমাণকে শুদ্ধ কথনপূর্ব্বক 'ভগিনীর দত্তকপুত্রের অধিকারসূচক স্পষ্টতঃ শাস্ত্র নাই' ইহা স্বীকার করিয়াছেন; তথাপি 'কিন্তু তাহার স্বত্ব অনুভবদ্বারা স্বীকৃত হইয়াছে'—এই যে একটি কথা যোগ করিয়াছেন ইহাতে বোধ হয় ঐ নোট্ লিখনকালীন তদ্বিষয়ে গ্রন্থকর্ত্তাদের মত কি তদনুসন্ধান না করিয়া নিজেই ঐ অনুভব করিয়া থাকিবেন। কেননা ভারতবর্ষীয় কোন স্মার্ত্ত সে অনুভব প্রকাশ করেন নাই, প্রত্যুত তাহা মহামান্য গ্রন্থকর্ত্তাদের মতের বিপরীতই দৃষ্ট হইতেছে, যথা প্রাগুক্ত মনুবচনব্যাখ্যানে মিতাক্ষরাকার বন্ধু পদে সপিণ্ড সমানোদক ধরিয়া তাহাদের ধনেই দত্তকের অধিকার কহিয়াছেন*; দায়ভাগকর্ত্তা দত্তককে বন্ধুধনে এককালে অনধিকারি করিয়াছেন*; দত্তকচন্দ্রিকাকার গুণবান্ দত্তককেমাত্র (বন্ধুধনে) অধিকারি বলায় এবং গুণবান্ দত্তক কলিযুগে অপ্রাপ্য হওয়ায় সুতরাং তন্মতে কলিতে দত্তক বন্ধুধনে অনধিকারী*; জগন্নাথকেও তন্মতাবলম্বি বলা যাইতে পারে*। কুল্লূকভট্ট উক্ত মনুবচনের টীকায় দত্তককে সগোত্রবন্ধুমাত্রের ধনে অধিকারি স্থির করিয়াছেন*; আর২ গ্রন্থকর্ত্তারাও অসগোত্র বন্ধুধনে দত্তকের অধিকার লিখেন নাই। লিখিলেও তাহা উক্ত মহামান্য গ্রন্থকর্ত্তাদের মতবিরুদ্ধে মাননীয় হইত না। পরন্তু দৃষ্ট হইতেছে যে পরে সর্ উইলিয়ম্ মেক্নাটন্ সাহেব নিজেই তদনুভবের ও ব্যবস্থার বিরুদ্ধ মত সংস্থাপিত করিয়াছেন,—অর্থাৎ তাঁহার ধর্ম্মশাস্ত্রীয় গ্রন্থের দ্বিতীয় বালাম (যাহাতে ঐ বিরোধীয় ব্যবস্থা ও অনুভব আছে, ও আদালতের মঞ্জুরী ব্যবস্থাসমূহমাত্র যাহার অভিধেয়) ১৮২৮ সালে প্রকাশিত হয়, ও প্রথম বালাম (যাহা তাঁহার মত সমূহে পূর্ণ) ১৮২৯ সালে মুদ্রিত হয়, এই বালামে তিনি মনু, দায়ভাগ ও দত্তকচন্দ্রিকা প্রভৃতি গ্রন্থের মত বিবেচনা করতঃ নিজ ধৃত পূর্ব্ব-ব্যবস্থার ও নিজকৃত পূর্ব্ব-অনুভবের বিরুদ্ধে এই মর্ম্মে নিজ মত ব্যক্ত করিয়াছেন যে 'দত্তক রূপে গৃহীত পুত্র যেমত ক্রমাগত ধনে, তেমনি জ্ঞাতির ধনে অধিকারী, ইহা এক্ষণে স্থির হওয়া ন্যায়ানুরূপই বলা যাইতে পারে; তদ্রূপে গৃহীত পুত্রের অসগোত্র বন্ধুধনে শাস্ত্রানুসারে কোন দাওয়া নাই,'—এবং অসগোত্র বন্ধুরধনে দত্তকের যথাশাস্ত্র দাওয়া না থাকার কারণও দর্শাইয়াছেন, ও নিজ মতের নজীরস্বরূপ কৃষ্ণকিশোর প্রভৃতির বিরুদ্ধে গঙ্গামায়ার মকদ্দমার উল্লেখ করিয়াছেন†—যাহা উক্ত বিপরীত ব্যবস্থাদ্বয়ের শেষ ব্যবস্থানুসারে নিষ্পন্ন, ও তদ্ব্যবস্থা কুল্লূকভট্টের মতানুসারে দত্ত। এতাবতা পূর্ব্বে একরূপ ব্যবস্থা প্রকটিত করিয়া পরে যখন তাহার বিপরীত ব্যবস্থা ধরিয়াছেন ও তদনুসারে নিজ মত স্থাপন করিয়াছেন তখন স্পষ্টতঃই জানা যাইতেছে যে মেক্নাটন্ সাহেব নিজ পূর্ব্ব ব্যবস্থা ও অনুভবকে অগ্রাহ্য করিয়া পর ব্যবস্থাকে ব্যবস্থাপিত করিয়াছেন;—বিশেষতঃ ঐ পর ব্যবস্থা যখন তাঁহার সংস্থাপিত মতের ও দত্ত কারণের সহিত সম্পূর্ণ রূপে মিলে তখন আর তদ্বিষয়ে কোন সন্দেহ হইতে পারে না। ফলতঃ তাঁহার পরে লিখিত ব্যবস্থা ও মতই প্রচলিত শাস্ত্রসম্মত, প্রথমে প্রকটিত ব্যবস্থা নয়।

শ্যামচন্দ্র ও রুদ্রচন্দ্র আপিলান্ট্—বনাম—নারায়ণীদেবী ও রামকিশোর রায় রেস্পণ্ডেন্ট্।

৩৯৫ সংখ্যক ব্যবস্থার।

নজীর।

শ্যামচন্দ্র ও রুদ্রচন্দ্রকর্ত্তৃক নারায়ণীদেবীর ও রামকিশোর রায়ের স্থানে কৃষ্ণকিশোর রায়ের বিভব পরগনা মৈমন সিংহ প্রভৃতির চারি আনা অংশ পাইবার নিমিত্তে জিলা মৈমন সিংহের আদালতে এই নালিস উপস্থিত করা হয়; উভয় পক্ষের পরিবারীয় ব্যক্তিগণের বিবরণ যথা,—মৈমন সিংহ প্রভৃতির জমীদার শ্রীকৃষ্ণ চারি পুত্র রাখিয়া লোকান্তর গত হয়েন, অর্থাৎ—এক স্ত্রীর গর্ভজাত প্রথম ও দ্বিতীয় পুত্র, ও অন্যা স্ত্রীর গর্ভজাত তৃতীয় ও চতুর্থ পুত্র। (তন্মধ্যে) প্রথম (পুত্র) কৃষ্ণকিশোর রায় বিরোধীয় চারি আনার জমীদার ১১৭১ সালে দুই পত্নী রাখিয়া নিঃসন্তান কালপ্রাপ্ত হয়েন। (তাঁহার) প্রথমা পত্নী বত্নমালা নন্দকিশোরকে দত্তক গ্রহণ করিয়া ১১৯১ সালে কালপ্রাপ্তা হয়েন; দ্বিতীয়া স্ত্রী (প্রতিবাদিনী) নারায়ণীদেবী নন্দকিশোরের মরণান্তে প্রতিবাদিরামকিশোরকে দত্তক গ্রহণ করেন। (শ্রীকৃষ্ণের)

* দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ১০৮৩—১০৯৩।

† দ্রষ্টব্য—মেক্. হি. ল. বা. ১ পৃ. ৭৮, ৭৯

and the law officer's answer was restricted to that alone. Had the question been, 'whether a sister's adopted son is entitled to inherit from a maternal uncle?' the answer had doubtless been a different one. The learned compiler, morover, having, in his note thereon declared the pundit's proportion of the shares to be accurate, has at the same time admitted that there is no express authority for the succession of the adopted son of a sister. But nevertheless he has added: 'but his right is admitted by inference.' It seems that, at the time of writing the note, he himself must have drawn the inference without consulting the paramount authorities on the law; for, none of them has drawn such an inference as the above. In fact, it appears to be contrary to their doctrine on the point in question. For instance, the author of the *Mitákshará* in his exposition of the text of *Manu*, already cited, having taken the word '*bandhu*' to mean *sapindas* and *samánodakas*, has held the *dattaka* son entitled to their property;* the author of the *Dáyabhága* has at once denied his title to inherit from a *bandhu*;* the author of the *Dattaka-Chandriká* having recognised such *dattaka* alone as may be endued with good qualities entitled to inherit from a *bandhu*, and a *dattaka* endued with the required qualities not being found at the present (*kali*) age, the effect of his opinion is that a *dattaka* at the present age is not entitled to inherit from a *bandhu*.* *Jagannátha* may be said to have followed the above doctrine. *Kullúka Bhatta*, in his commentary upon the above text of *Manu*, has determined that the *dattaka* son is entitled to inherit from a *bandhu* of the same family as his adoptive father. The other authors have said nothing in particular regarding an adopted son's succession to the property of a *bandhu*; and even if they had, their doctrine could not be of any weight against the doctrine of the paramount authorities aforesaid. It appears, however, that the learned gentleman himself has subsequently laid down his principle of the law, with regard to the point in question, contrary to the former *Vyavasthá* and the inference; that is to say, after having published the *Vyavasthá* and inference in question in vol. II (of his work on Hindu Law) which contains the admitted law opinions, and was published in 1828, he, in vol. I. which was published in 1829, and contains his doctrine and principles of Hindu law, having consulted and considered the text of *Manu* and the doctrines of the *Dáyabhága*, *Dattaka-Chandriká*, and other authorities, has, in spite of the Vyavasthá and the inference in question, laid down the principle to the effect that "an adopted son by the *dattaka* form succeeds collaterally as well as lineally: this may now be fairly said to be set at rest; and that a son so adopted has no legal claim to the property of a *bandhu* or cognate relation." He has then given his reason why a *dattaka* son has no legal claim to inherit from a cognate relation; and, as a precedent of the principle laid down by him, he has cited the case of Gunga Mya *versus* Kishen Kishore and others,† which was decided according to the latter of the two conflicting *Vyavasthás*, and this (latter) *Vyavasthá* is based upon the doctrine of *Kullúka Bhatta*.‡ Thus when, having already published a *Vyavasthá*, he has afterwards published another directly opposed to the former, though relating to the same point, and has, in accordance with the latter, laid down his principle of the law, then it is quite clear that the learned compiler has rejected the former *Vyavasthá* and the inference in question, and approved of the latter *Vyavasthá*; particularly when the principle of the law laid down by him entirely corresponds with the latter *Vyavasthá*.—Indeed, it is not the former, but the latter *Vyavasthá* and his principle that are in accordance with the law in force.

Sham Chunder and Rooder Chunder, Appellants, versus *Narayni Debeh and Ramkishor Roy, Respondents.* CASE Bearing on the Vyavasthá No. 595.

This was an action brought by Sham Chunder and Rooder Chunder in the Zillah Court of Mymunsing, to recover from Narayni Debeh and Ramkishor Roy, a 4 anna share of Pergunnah Mymunsing, forming the estate of the late Kishenkishor Roy. The family of the parties was as follows:—Srikishen, Zemindar of Mymunsing, &c. left four sons, the 1st and 2nd by one wife; the 3rd and 4th by another.—1st Kishenkishor Roy, the Zemindar of the 4 annas in dispute died in 1171, without issue, leaving two widows,—1st, Ruttunmala, who died in 1191, after adopting Nundkishor; 2nd Narayni Debeh (defendant) adopted Ramkishor Roy (defendant) after Nundkishore's death.—The 2nd son Gopaulkishor, had no issue, but an adopted son Joogulkishor;

* See *ante*, pp. 1086—1094. † See Macn. H. L. vol. I. pp. 78, 79. ‡ See *ante*, pp. 159—161.

দ্বিতীয় পুত্র গোপালকিশোর নিঃসন্তান হওয়াতে যুগলকিশোরকে দত্তক গ্রহণ করেন। তৃতীয় পুত্র গঙ্গানারায়ণও সন্ততি ও বনিতা না রাখিয়া মরেন; চতুর্থ পুত্র লক্ষ্মীনারায়ণ দুই পুত্র অর্থাৎ (বাদিদ্বয়) শ্যামচন্দ্র ও রুদ্রচন্দ্রকে রাখিয়া কালপ্রাপ্ত হয়েন। বাদিরা চারি আনা অংশের প্রতি তাহাদের দাবীর পোষকতার্থে বয়ান করে যে প্রতিবাদিনী নারায়ণীদেবী রামকিশোরকে দত্তক গ্রহণার্থে যথাযোগ্য ক্ষমতা প্রাপ্তা হয়েন নাই; বিরোধীয় চারি আনা অংশ সমুদায়ের মালিক-জমীদারের জ্যেষ্ঠা পত্নী রত্নমালার গৃহীত দত্তক নন্দকিশোরের মরণান্তে বাদিরা তাঁহার গ্রহীতৃপিতাকৃষ্ণকিশোরের ভ্রাতৃপুত্র বলিয়া তাঁহার দায়াদ বটে। প্রতিবাদিরা প্রথমতঃ রামকিশোরের দত্তকতা অবৈধ হওন বিষয়ক বাদিদের উক্তি অস্বীকার করেন। দ্বিতীয়তঃ আপত্তি করেন যে বাদিরা নন্দকিশোরের গ্রহীতৃপিতার বৈমাত্রেয় ভ্রাতার পুত্র মাত্র, তাহারা নন্দকিশোরের অনিকট সম্পর্কীয় হওয়াতে তাঁহার বিষয়ে অধিকারি নয়। জিলাতে পূর্ব্বে নিষ্পন্ন আর-এক মকদ্দমার কাগজ পত্র দৃষ্টে জিলার জজের বিবেচনা হইল যে (বর্ত্তমান মকদ্দমায়) বিচার্য্য কথার পূর্ব্বেই মীমাংসা হইয়াছে। উল্লিখিত মকদ্দমাতে কৃষ্ণকিশোরের ভ্রাতা গোপালকিশোরের গৃহীত দত্তক যুগলকিশোর নন্দকিশোরের উত্তরাধিকারিত্ব সত্ত্বে বিরোধীয় বিষয়ের দুই আনার নিমিত্তে নারায়ণীদেবীর নামে অভিযোগ করে। পতির অনুমত্যনুসারে নারায়ণীদেবীকর্ত্তৃক রামকিশোর দত্তক গৃহীত হওন বিষয়ে তৎকালে প্রমাণ গৃহীত হয়, তাহাতে সাক্ষিরা সাক্ষ্য দেয় যে ঐ অনুমতি তাহাদের শ্রবণ গোচরে বাচনিক দত্ত হইয়াছিল। বহুকালান্তে সাক্ষিরা স্মরণ বলে এইরূপ বর্ণনা করাতে এবং তদুপলক্ষে উপস্থিতি কৃত কোন২ কাগজের প্রতি সন্দেহ জন্মিবাতে তদ্দত্তকতা স্বীকার করা উপযুক্ত বিবেচনা হয় নাই। অনন্তর ঐ জিলা আদালতের এবং নিকটবর্ত্তি জিলা সকলের অথচ সদরদেওয়ানী আদালতের পণ্ডিতদিগকে এই কথার নিশ্চয়ার্থে ব্যবস্থা জিজ্ঞাসা করা হয় যে—নন্দকিশোরের অধিকৃত দুই আনা রকম বিষয়ের অধিকার হিন্দুদের শাস্ত্রানুসারে কৃষ্ণকিশোরের জীবিতা পত্নী নারায়ণীকে বর্ত্তিবে, অথবা কৃষ্ণকিশোরের ভ্রাতার দত্তক পুত্র যুগলকিশোরকে অর্শিবে, কিম্বা কৃষ্ণকিশোরের বৈমাত্রেয় ভ্রাতার পুত্র শ্যামচন্দ্র ও রুদ্রচন্দ্রকে বর্ত্তিবে? ভিন্ন২ জিলার পণ্ডিতেরা যে সকল উত্তর পাঠাইলেন তাহা পরস্পর বিপরীত; কিন্তু ত্রিপুরা জিলার ও সদরদেওয়ানী আদালতের পণ্ডিতেরা পৃষ্ট প্রশ্নের যে মীমাংসা করেন (অর্থাৎ উত্তর দেন) তাহা এই যে যুগলকিশোর কৃষ্ণকিশোরের ভ্রাতার দত্তক পুত্র বলিয়া উক্ত দুই আনা অংশের যথাশাস্ত্র অধিকারী; তদনুসারে যুগলকিশোরের পক্ষে ডিক্রী হয়। অতএব বর্ত্তমান মকদ্দমাতে জিলা জজের এমত মত হওয়াতে যে বাদিরা (অর্থাৎ শ্যামচন্দ্র ও রুদ্রচন্দ্র) বিরোধীয় চারি আনার কোন অংশে অধিকারি নয়, জিলা আদালতে খরচা সমেত তাহাদের দাবী ডিস্মিস্ হইল।

বাদিরা উক্ত নিষ্পত্তির প্রতি ঢাকার প্রবিন্স্যাল কোর্টে আপিল করিল। প্রকাশ পাইল যে ১৮০১ সালের ৪টা ডিসেম্বর তারিখে নারায়ণীদেবীর এবং গোপালকিশোরের দত্তক যুগলকিশোরের মধ্যে উপস্থিত মকদ্দমার আপিলে সদরদেওয়ানী আদালতে এক ডিক্রী সাদের হয়। ঐ আপিলে সদরদেওয়ানী আদালতের পণ্ডিতেরা ব্যবস্থা দেন যে নন্দকিশোরের উত্তরাধিকারী হরকিশোরই হইবে, নারায়ণী হইবেন না, কেননা তিনি নন্দকিশোরের বিমাতা, মাতা নহেন;—পরন্তু যদি তাঁহার দত্তক গ্রহণে ক্ষমতা ছিল তবে রামকিশোর তৎকর্ত্তৃক গৃহীত হওয়াতে রামকিশোরই নন্দকিশোরের দত্তকরূপ ভ্রাতা বলিয়া উত্তরাধিকারী হইবে। জিলা রংপুরে পূর্ব্ব এক মকদ্দমাতে রামকিশোরকে দত্তক গ্রহণ বিষয়ে (নারায়ণীর) ক্ষমতা থাকা সম্বন্ধে যে প্রমাণ দেওয়া হয় তাহা প্রবিন্স্যাল কোর্টের সন্তোষজনক হওয়াতে ঐ আদালত এই স্থির করিলেন যে রামকিশোর যথাযোগ্য রূপে ও যথাশাস্ত্র দত্তক গৃহীত হইয়াছে, ও তদ্ধেতু এমত বিবেচিত হওয়ায় যে আপিলান্টেরা ঐ চারি আনা রকমের কোন অংশে অধিকারি নয়, জিলার নিষ্পত্তির প্রতি কৃত আপিল খরচা সমেত ডিস্মিস্ হইল।

অনন্তর শ্যামচন্দ্র ও রুদ্রচন্দ্র সদরদেওয়ানী আদালতে (এইচ্. কোল্‌ব্রুক্ ও জে. ফম্বেল সাহেবের নিকট) আপিল করে, পূর্ব্বোক্ত দুই ডিক্রীর বিরুদ্ধে তাহারা যে যে আপত্তি করে তাহার প্রথম এই যে

the 3rd son Gunganaraen left neither issue nor a widow; the 4th son Lukkhoenaraen left two sons, viz. Shamchunder and Rooder Chunder (plaintiffs.) The plaintiffs, in support of their claim to the 4 anna share in dispute, alleged, that the defendant, Narayni Debeh, had not been duly empowered to adopt Ramkishor: that, on the decease of Nundkishor, adopted by Ruttunmala, the Zemindar's elder widow, and therefore by law proprietor of the whole 4 anna share, the plaintiffs were his heirs, as nephews of Kishenkishor, his adoptive father. The defendants, first, contradicted the assertion of the plaintiffs with respect to the illegality of Ramkishor's adoption; second, insisted, that the plaintiffs were only sons of the half brothers of the adoptive father of Nundkishor, and the distant degree of relationship which they bore to Nundkishor, would not entitle them to succeed to his property. On referring to the proceedings in another cause before tried by the Zillah Court, it appeared to the Zillah Judge, that the question at issue had been already virtually decided. In the cause alluded to, a claim had been preferred against Narayni Debeh, by Joogulkishor (who was adopted by Gopaulkishor, brother of Kishenkishor) for 2 annas of it, by right of succession to Nubkishor. Evidence was at that time taken as to the adoption of Ramkishor by Narayni Debeh under authority from her husband; and it was deposed by witnesses, that permission had been granted her verbally, in their hearing. On the ground of this being related by the witnesses from memory, after a long lapse of time, and of its being thought that suspicion attached to some documents brought forward on the occasion, it was not thought proper to admit the adoption. A reference was then made to the pundit of the Court, as well as to those of the adjacent Zillahs, and of the Sudder Dewanny Adawlut, to ascertain whether the succession to the 2 annas, held by Nundkishor, was vested, by the Hindoo law, in Narayni Debeh, the surviving widow of Kishenkishor; or in Joogulkishor, the adopted son of Kishenkishor's brother; or in Sham Chunder and Rooder Chunder, sons of his half brother? The answers returned by the pundits of several Zillahs were contradictory; but the solution of the question, as given by the pundits of Zillah Tiperah and the Sudder Dewanny Awdalut, was that Joogulkishor, as adopted son of Kishenkishor's brother, was legal heir to the 2 anna share; and judgment was passed accordingly in Joogulkishor's favour. In the present case, therefore, the Zillah Judge being of opinion that the plaintiffs (Sham Chunder and Rooder Chunder) were not entitled to any part of the 4 anna share in dispute, judgment was given against them in the Zillah Court, with costs.

The plaintiffs appealed from the above decision to the Provincial Court of Dacca. It appeared that, on the 4th of December 1801, a decree was passed in appeal by the Sudder Dewanny Adawlut, in a cause between Narayni Debeh and Hurkishor (son of Joogulkishor who was adopted by Gopaulkishor,) on which appeal the pundits of the Sudder Dewanny Adawlut gave an opinion, that the heir of Nundkishor would be Hurkishor, not Narayni Debeh, as she was not mother, but stepmother; but that if she had authority to make an adoption, then Ramkishor, having been adopted by her, would be heir to Nundkishor, as his adoptive brother. The Provincial Court were satisfied with the evidence given in the former cause, in the Zillah Court of Rungpore, with respect to the authority for adopting Ramkishor, and held it to be established that he was duly and legally adopted; and it being in consequence considered that the appellants were entitled to no part of the 4 anna share, the appeal against the zillah decree was dismissed with costs.

On a further appeal by Sham Chunder and Rooder Chunder to the Sudder Dewanny Adawlut (present H. Colebrooke and J. Fombelle), the pleas set up by them against the foregoing

রেস্পণ্ডেন্ট রামকিশোর একই পরিবারের দ্বিতীয় দত্তক হওয়াতে তাহার দত্তকতা অশাস্ত্রীয়; দ্বিতীয় এই যে দুই দত্তককে শাস্ত্রসিদ্ধ বিবেচনা করিলেও এক দত্তক অন্য দত্তকের ধনে জ্ঞাতিরূপ উত্তরাধিকারী বলিয়া অধিকারী হইতে পারে না। আদালত নিজ পণ্ডিতদিগকে বক্ষ্যমাণ রূপে শাস্ত্র-সংক্রান্ত প্রশ্ন প্রস্তাব করিলেন—'চারি আনা রকম বিষয়ের জমীদার কৃষ্ণকিশোর নিসন্তান মরিলে পর, তাঁহার জ্যেষ্ঠা পত্নী নন্দকিশোরকে দত্তক গ্রহণ করে, এবং ঐ জ্যেষ্ঠা পত্নীর ও নন্দকিশোরের মরণান্তে (কৃষ্ণকিশোরের) কনিষ্ঠা পত্নী রামকিশোরকে দত্তক গ্রহণ করে, অনন্তর রামকিশোর ও কৃষ্ণকিশোরের ভ্রাতার দত্তক যুগলকিশোর এবং কৃষ্ণকিশোরের বৈমাত্রেয় ভ্রাতার পুত্র শ্যামচন্দ্র ও রুদ্রচন্দ্র উক্ত বিষয়ের প্রতি দাবী করিতেছে; দাবীদার ব্যক্তিদের মধ্যে কে শাস্ত্রানুসারে অধিকারী? এবং এক গ্রহীতৃ-পিতার দুই দত্তক পুত্র হইলে তন্মধ্যে একের মরণে তাহার ধনে অন্য দত্তক জ্ঞাতিরূপ উত্তরাধিকারী বলিয়া অধিকারী কি না? এই প্রশ্নের উত্তরে পণ্ডিতেরা উক্তি করিলেন যে কৃষ্ণকিশোরের মৃত্যুর পর তাহার জ্যেষ্ঠা পত্নী উপযুক্তরূপে ক্ষমতাবতী হইয়া যদি এক দত্তক গ্রহণ করিয়া থাকে তবে ঐ পুত্র বিষয়ের অধিকারী; এবং ঐ পুত্রের মরণের পর কনিষ্ঠা পত্নীও যদি উচিত ক্ষমতানুসারে দত্তক গ্রহণ করিয়া থাকে, তবে জ্যেষ্ঠা পত্নীর দত্তক নিজসন্ততি অথবা গ্রহীত্রী-মাতার পুত্র রূপ ভ্রাতা না রাখিয়া মরিয়া থাকিলে তাহার বিষয় কৃষ্ণকিশোরের কনিষ্ঠাপত্নীর গৃহীত দত্তককে অর্শিবে কৃষ্ণকিশোরের ভ্রাতার দত্তক পুত্রকে অথবা তাঁহার বৈমাত্রেয় ভ্রাতার দত্তক পুত্রদিগকে অর্শিবে না,—এক দত্তকের বিষয় অন্য দত্তককে অর্শে, যেহেতু সেই তাহার নিকটতম জ্ঞাতি। কৃষ্ণকিশোরকে দত্তক গ্রহণ করণ বিষয়ে উপযুক্তরূপে নারায়ণীদেবীর ক্ষমতা প্রাপ্তা হওয়া সপ্রমাণ হওন পক্ষে সদরদেওয়ানী আদালতের মত ঢাকার প্রবিন্সল কোর্টের মতের সহিত ঐক্য হওয়াতে এবং পণ্ডিতদিগের উপরি উক্ত ব্যবস্থায় এমত প্রকাশ পাওয়াতে যে এক পুরুষের সংসারে দুই দত্তক সিদ্ধ, ও দত্তক গ্রহীতৃপিতার গোত্রে যেমত ক্রমাগত ধনে অধিকারী তেমত জ্ঞাতির ধনেও অধিকারি বটে, অপিচ সমুদয় চারি আনা রকম বিরোধীয় বিষয়ে রামকিশোর যথার্থতঃ অধিকারী হওয়াতে, তৎসম্বন্ধে আপিলান্টদের কৃত দাবী অগ্রাহ্য উক্ত হইল, ও তন্নিমিত্তে তাহা সদরদেওয়ানী আদালত কর্তৃক খরচা সমেত ডিস্‌মিস্ হইল। ২১এ আগষ্ট ১৮০৭ সাল, স, দে, আ, রি, বা, ১, পৃ. ২০৯।

দেবনারায়ণ রায় মৃত, তৎস্থলাভিষিক্ত ঐ দেবনারায়ণ রায়ের কন্যা মোসম্মাৎ সুধাময়ীদাসীর পুত্র শ্রীনাথ মিত্র আপিলান্ট (বাদী)—বনাম—মৃত দেবনারায়ণ রায়ের (বিধবা) কন্যা কেবলমণি, তৎস্থলাভিষিক্ত তৎপুত্র কৃষ্ণগোবিন্দ, রাজকৃষ্ণ ও শ্রীকৃষ্ণ রেস্পণ্ডেন্ট (প্রতিবাদিগণ)।

৫১৯ সংখ্যক ব্যবস্থার। নজীর।

কলিকাতার কোর্ট আপীল আদালতে দেবনারায়ণ রায় হীরামণির নামে মবলগে ১৯৫৮৯ টাকা।৵ আনা তমসুক্‌বাবৎ পাওনা পাইবার নিমিত্তে নালিশ করে। মকদ্দমা দায়ের থাকাকালীন বাদী কালপ্রাপ্ত হয়; তাহাতে তাহার চারি কন্যা সুধাময়ী, কেবলমণি, আনন্দময়ী, ও শিবসুন্দরী উত্তরাধিকারিণীরূপে তাহার স্থলাভিষিক্ত হইতে আদ্দাশ করে। ও সেইরূপ হয়। অনন্তর সুধাময়ীর মৃত্যু হইলে তাহার পুত্র অর্থাৎ বর্ত্তমান আপিলান্ট তাহার স্থলাভিষিক্ত হইল এবং প্রতিবাদিনীর সহিত রফা করিল। কেবলমণি ঐ রফানামা মোতাবেক হওয়া ফয়সলাতে অসম্মতা হইয়া সরাসরী আপীল করিল। ১৮৩৯ সালের ১৪ আগষ্ট তারিখে শ্রীযুক্ত রিড্ সাহেব আজ্ঞা করিলেন যে বাদিনীরূপে কেবলমণির (উপস্থিত করা) দাওয়ার বিচার হয়; ও তন্নিমিত্তে মকদ্দমা সাবেক নম্বরে বহাল হয়। অনন্তর মকদ্দমাটি ঐইরূপ দাঁড়াইল যে—

• এই মকদ্দমার নিষ্পত্তিতে গ্রহীতৃপিতার জ্ঞাতির ধনে দত্তকের অধিকার থাকা এবং এক ব্যক্তির দুই পত্নীকর্তৃক দত্তকগ্রহণার্থে পতি হইতে প্রাপ্ত ক্ষমতানুসারে পরং দুই দত্তক গ্রহণ শাস্ত্রসম্মত হওয়া সাব্যস্ত হইল (রিপোর্ট লেখকের অর্থাৎ সর্ উইলিয়ম্ মেক্‌নটিন্ সাহেবের নোট্)।

decrees were, first, that the adoption of the respondent Ramkishor, being a second adoption in the family of the same man, was illegal; second, that, even admitting two adoptions to be legal, one adopted son could not succeed to the property of the other adopted son, as the collateral heir. The questions of Hindoo law, connected with the case, were proposed by the Court to their pundits in the following form: "After the death of Kishenkishor, *zemindar* of the 4 anna estate, without issue, his elder widow having adopted Nundkishor; and when the elder widow, and Nundkishor died, his younger widow having adopted Ramkishor; and claims to the estate having been preferred by Ramkishor; by Joogulkishor, the adopted son of Kishenkishor's brother; and by Sham Chunder and Rooder Chunder, sons of Kishenkishor's half brother; which of the claimants is heir at law to the property? and in the case of two adopted sons of a common adoptive father, can one, on the decease of the other, succeed to his property as the collateral heir?" In answer to this reference, it was stated by the pundits, that "if, after the death of Kishenkishor, his elder widow, duly authorised, adopted a son, that son was proprietor of the estate; and if, after the death of that son, the younger widow also adopted a son, under due authority, then, provided the adopted son of the elder widow left no issue, or brother by the mother who adopted him, his property would devolve on the adopted son of the younger widow of Kishenkishor, and not on the adopted son of Kishenkishor's brother, or on the sons of his half brother. The succession to one adopted son is vested in the other adopted son, as being the nearest collateral." The Court of Sudder Dewanny Adawlut agreed with the Provincial Court of Dacca, with respect to the adoption of Ramkishor by Narayni Debeh being proved to have been duly authorised; and as, under the above opinion of the pundits, it appeared that two adoptions in the family of the same man are valid; that an adopted son succeeds collaterally as well as lineally in the family of his adoptive father; and that Ramkishor was the rightful heir to the whole 4 anna estate in contest, the claim preferred to it by the appellants was pronounced to be inadmissible. The appeal was in consequence dismissed by the Sudder Dewanny Adawlut, with costs. (a) August 21st, 1807.—S. D. A. R. vol. I. p. 209.

Debnaraen Roy, deceased, in his place Sreenath Miller, son of Musst. Soodamoyee Dassy, daughter of Debnaraen Roy, appellant (plaintiff,) versus Musst. Kewulmunee, (widow,) daughter of Debnaraen Roy deceased, in her place Kishen Gobind, Rajkishen, and Sreekishen, her sons, Respondents, (Defendants.)

CASE bearing on Vyavastha No. 796

Debnaraen Roy sued Heeramonee in the Calcutta Court of Appeal, to recover the sum of rupees 19,182-6 annas, due on a bond. Whilst the suit was pending, the plaintiff died; and his four daughters, Soodamoyee, Kewulmunee, Anundmoyee, and Seebsoonderee, claimed to be put in his place, as his heirs. This was done. Subsequently, Soodamoyee died; and her son, the present appellant, came in her place and compromised the case with the defendant. Kewulmunee appealed summarily from the decision founded on the compromise; and, on the 11th of August 1839, Mr. Reid ordered that Kewulmunee's claim as a plaintiff should be investigated, and the case re-admitted on the file for that purpose. The case then stood thus: as the defend-

(a) The right of a son by adoption to inherit from his collaterals, in the family of his adoptive father, was established by the decision in this cause, as well as the lawfulness of two successive adoptions, by the widows of the same person, under authority for that purpose from their husband (Note by the Reporter, that is, Sir William Macnaghten.)

যেহেতু রক্ষা করাতে প্রতিবাদিনী কাযেকাযে দাবীর সত্যতা স্বীকার করিয়াছে, (অতএব) কেবল এই কথার বিচার আবশ্যক যে ঐ ডিক্রী পাইতে কাহার অধিকার? একটিং জজ এই কারণে বাদির দাওয়া অগ্রাহ্য করিয়াছিলেন যে ঠাকুরাণীদাসীর দত্তক পুত্র গ্রহণকরা সত্য নয়; ও কেবল দখলবিষয়ক সরাসরি নিষ্পত্তিতে যথার্থ স্বত্বাধিকারের নিষ্পত্তি হইতে পারে না।

সদরদেওয়ানী আদালতের জজ গার্ডেন সাহেব মকদ্দমার কাগজাত্ মোলাহেজা করণান্তে উপরি উক্ত বিচারে অসম্মত হওয়ার কোন কারণ না দেখায় তাহা বহাল রাখিয়া খরচা সমেত আপীল ডিসমিস্ করিলেন।

অনন্তর ১৮৪৭ সনের ৬ ফেব্রুয়ারি তারিখে নিজ নিষ্পত্তির যথার্থতার প্রতি গার্ডেন সাহেবের সন্দেহ জন্মিবায় (আপিলান্টদের মধ্যে এক জন) শ্রীনাথ মিত্রের প্রার্থনাক্রমে তজবীজ সানি মঞ্জুর করিলেন।

অনন্তর মকদ্দমা শ্রীযুক্ত জ্যাক্সন্ সাহেবের হুজুরে পেশ হইল,—তিনি আজ্ঞা করিলেন যে দেবনারায়ণের এক দত্তক গ্রহণ করা সত্য কি না, ও যদি সত্য হয়, তবে দেবনারায়ণের দৌহিত্রদের মধ্যে কেহ২ তদ্দত্তক পুত্রের মরণকালীন জীবিত ছিল, ও তদ্ধেতু ঐ দত্তক পুত্রের ধনে উত্তরাধিকারিরূপে অধিকারি হইয়াছিল তাহার তদারক হয়।

তাহাতে (তদারক হইয়া) এক্ষণে এক রিটরণ পৌঁছিয়াছে তদ্দ্বারা প্রকাশ যে দেবনারায়ণ রায় রামনারায়ণকে দত্তক পুত্র গ্রহণ করে, ও রামনারায়ণ গ্রহীতৃ-পিতামাতার মরণান্তে বাঁচিয়া থাকে; আর রামনারায়ণের মরণকালে (দেবনারায়ণের) এই কএক দৌহিত্র জীবিত থাকে, যথা—শ্রীনাথ মিত্র, গঙ্গানারায়ণ (অনন্তর মৃত,) মাহেন্দ্রনারায়ণ (অনন্তর মৃত;)—ইহারা দেবনারায়ণের দুহিতা সুধাময়ীর পুত্র। এবং দেবনারায়ণের দুহিতা কেবলমণির পুত্র কৃষ্ণগোবিন্দ (ইহার তিন ভ্রাতা রামনারায়ণের মরণের পরে জন্মে,) ও মৃত আনন্দময়ীর পুত্র প্যারীমোহন (অনন্তর মৃত)।

দেবনারায়ণের চতুর্থ কন্যা শিবসুন্দরী নিঃসন্তান মরে।

নিম্ন আদালতের বিচারে অথচ গার্ডেন সাহেবের চূড়ান্ত বিচারে প্রতিবাদিনী হীরামণি ও শ্রীনাথের মধ্যে যে বন্দোবস্ত (অর্থাৎ রফানামা) হয় তাহা তমসুকবাবৎ কৃত দাবীর যথার্থতার স্বীকার বলিয়া অবশ্যই বিবেচিত হইল। এই হেতুতে জজ সাহেব রফানামা অগ্রাহ্য করিয়া বাদিকে সম্পূর্ণ দাবীর ডিক্রী দিলেন। এই ডিক্রীতে অসম্মতা হইয়া প্রতিবাদিনী কোন আপীল করিলেক না, (তাহাতে) তৎসম্বন্ধে এই ডিক্রী সম্পূর্ণরূপ শুদ্ধ বোধ হইতেছে।

বাদী দেবনারায়ণ কালপ্রাপ্ত হওয়াতে কে ঐ ডিক্রীর ফলভোগী হইবে তাহা নিশ্চয় করা আবশ্যক। নিম্ন আদালতের বিচারে যাহা গার্ডেন সাহেব স্থিরতর রাখিয়াছেন তাহাতে দেবনারায়ণের দুহিতা কেবলমণিকেই সমস্ত দেওয়ানতে তাহা এ বিষয়ে স্পষ্টতঃ ভ্রমময়। দেবনারায়ণ রামনারায়ণকে দত্তক পুত্র গ্রহণ করা সপ্রমাণ, রামনারায়ণই কেবল নিজ পিতৃধনে অধিকারী, তাহাতে আর২ বিষয়ের মত ঐ ডিক্রী পাইতেও অধিকারী। রামনারায়ণের মরণে দেবনারায়ণের যে কএক দৌহিত্র তৎকালীন বিদ্যমান ছিল তাহারাই রামনারায়ণের ধনে ধনাধিকারি। ঐ (বিদ্যমান) ব্যক্তিগণ যথা শ্রীনাথ মিত্র—/৪ অংশে, গঙ্গানারায়ণ (অনন্তর মৃত) তাহার উত্তরাধিকারী—/৪ অংশে, মাহেন্দ্রনারায়ণ (অনন্তর মৃত) তাহার উত্তরাধিকারী—/৪ অংশে, কৃষ্ণগোবিন্দ—/৪ অংশে, প্যারীমোহন (অনন্তর মৃত) তাহার উত্তরাধিকারী—/৪ অংশে (অধিকারি)। শ্রীনাথ ভিন্ন অন্য কেহ আদালতে উপস্থিত নাই; কৃষ্ণগোবিন্দ উকীল নিযুক্ত করিতে উপেক্ষা করিয়াছে। অতএব আজ্ঞা হইল যে দাবীকৃত সম্পূর্ণ সংখ্যার ডিক্রী প্রতিবাদিনীর উপর সাদের হয় ও তাহাতে উক্ত হয় যে উপরি উল্লিখিত ব্যক্তিগণকে অথবা তাহাদের উত্তরাধিকারিগণকে তৎপ্রত্যেকের নামে যৎপরিমিত অংশ অঙ্কপাত হইল তৎপরিমিত অংশে তাহারা বাদে অধিকারী। সদরদেওয়ানী আদালতের রিপোর্ট, ২১ জুন ১৮৪৭ সাল।

ant had virtually admitted the reality of the loan by entering into a compromise, the question to try was who was entitled to the decree? The acting judge rejected the appellant's claim, because it was not true that Thakooraeen Dassy had adopted a son; and because the question of the real right of ownership could not be decided by a mere summary award of possession.* The Sudder Court (present Mr. Gordon) seeing no reason, upon an examination of the proceedings, to dissent from the above judgment, upheld it accordingly, dismissing the appeal, with costs.

Subsequently, on the 6th of February 1847, Mr. Gordon, entertaining doubts of the correctness of his decision, admitted a review of judgment, at the instance of Sreenath Mitter (one of the appellants.)

The case then came before Mr. Jackson, who directed inquiry to be made into the fact of the adoption of a son by Debnareau Roy, and further, if the adoption was proved, who were living among the grand children at the time of the death of this adopted son, and, consequently, were entitled to succeed that adopted son as heirs.

To this a return has now been received, showing that Debnaraen Roy did adopt Ramnaraen Roy as his son, and that Ramnaraen survived his adoptive father and mother; and that the grand children of Debnaraen, surviving Ramnaraen, were Sreenath Mitter, Gunganaraen (since dead,) and Muhendronaraen (since dead,) sons of Musst. Soodamoyee, daughter of Debnaraen; Kishengobind, son of Kewulmunee, (his three brothers were born after the death of Ramnaraen,) daughter of Debnaraen; Peareemohun (since dead,) son of Annundmoyee, also dead.

The 4th daughter of Debnaraen, Shibsoonderee died without issue.

Both in the Lower Court and by Mr. Gordon in his final judgment, it was declared that the arrangement (*ruffanamah*) between the defendant Heeramonee and Sreenath must be considered an admission of the justness of the claim under the bond. The Judge, on this ground, gave an award in full to the plaintiff, throwing out the *ruffanamah*. From this decision no appeal has been made by the defendant; and it appears to be perfectly correct as regards her.

But the plaintiff Debnaraen having died, it is necessary to determine who shall benefit by this decree. The judgment of the Lower Court, confirmed by Mr. Gordon, awarding the whole to Debnaraen's daughter Kewulmunee, is evidently erroneous in this respect. It is established that Debnaraen adopted a son Ramnaraen who succeeded exclusively to his father's property, and to this decree among the rest. On Ramnaraen's death the succession devolved on the children of the daughters of Debnaraen then living. These were—Sreenath Mitter, (entitled to)—1-5th share; Gunganaraen (since dead) his heir—1-5th ditto; Muhendernaraen (since dead) his heir—1-5th ditto; Kishengobind—1-5th ditto; Peareemohun (since dead) his heir—1-5th ditto. There is no one in Court but Sreenath; Kishengobind having neglected to appoint a *vukeel*. Ordered, therefore, that a decree issue against defendant for the sum claimed in full, declaring the above-mentioned parties, or their heirs, entitled to benefit by it to the extent noted against their names respectively.—Sudder Decision, 21st of June 1848.

গঙ্গাপ্রসাদ রায় (বাদী) আপিলান্ট—বনাম—ব্রজেশ্বরী চৌধুরানী, ও বনওয়ারীলাল রায় প্রভৃতি (প্রতিবাদি) রেস্পণ্ডেন্ট্।

৫২৭ সংখ্যক ব্যবস্থার। নজীর।

বাদী আপনাকে মৃত গৌরসুন্দর রায়ের নিকটতম পুং-দায়াদ প্রকাশ করিয়া অত্র অভিযোগদ্বারা তাহার জমীদারী দখলের আদ্দাশ করে—এই হেতুবাদে যে এক্ষণে ঐ জমীদারী দখলকারিণী মৃত গৌরসুন্দরের পত্নী ব্রজেশ্বরী পতির অনুমতি বিনা বনওয়ারীলালকে দত্তক গ্রহণ করিয়াছে, এবং তাহার অব্যবহিত পরে ঐ বিষয়ে অধিকারী যে বাদী তাহার হানিজনক আর২ কর্ম্ম করিতেছে।

জওয়াবে (প্রতিবাদিরা) বিনা অনুমতিতে বনওয়ারীর দত্তক গৃহীত হওয়ার কথা অস্বীকার করে, পরন্তু যদি তেমত-ও হয়, তথাপি বনওয়ারীলাল কহে যে গৌরসুন্দরের উত্তরাধিকারী বলিয়া বাদির কোন অধিকার নাই। মৃত গৌরসুন্দরের মাতুল-পুত্র কৃষ্ণবিহারী রায় প্রশস্ত উত্তরাধিকারী কথিত হইয়াছে। বাদী জওয়াবলজওয়াবে কহে যে (গৌরসুন্দর নিজে দত্তক পুত্র হওয়াতে) কৃষ্ণবিহারী তাহার উত্তরাধিকারী হইতে পারে না, তাহার প্রথম কারণ এই যে কৃষ্ণবিহারীর পিতা ও গৌরসুন্দরের গ্রহীত্রী-মাতা সহোদর ভ্রাতা ও ভগিনী ছিলেন না, কিন্তু ভিন্ন২ মাতৃ গর্ভজাত ছিলেন। দ্বিতীয় কারণ এই যে গ্রহীত্রী-মাতার কুটুম্বেরা দত্তকের ধনে অধিকারি হইতে পারে না।

জিলার জজ পণ্ডিতের মত জিজ্ঞাসাকরণান্তে, ও তিনি এই কথা বলাতে যে—‘উভয়ের যে কোন ঘটনাতে বাদী কৃষ্ণবিহারি অপেক্ষা করিয়া গৌরসুন্দরের প্রশস্ততর দায়াদ হইতে পারে না, কৃষ্ণবিহারী যে নিকটতম উত্তরাধিকারী ইহাতে সন্দেহ নাই’—বাদির দাবী ডিস্‌মিস্ করিয়া মকদ্দমা নিষ্পত্তি করিলেন এই হেতুবাদে যে গৌরসুন্দরের উত্তরাধিকারী বলিয়া নালিশ করিতে তাহার অধিকার নাই। (সদর) আদালতকে জানান হইয়াছিল যে বাদির আপিলে হালাতের তক্‌রার নাই, নিম্ন আদালতের নিষ্পত্তিতে যে শাস্ত্রীয় কথার বিচার হয় কেবল সেই কথার উপর আপীল হইয়াছে। অতএব ১৮৫৩ সালের ১৫ আক্টের ১২ ধারানুসারে মকদ্দমা উপস্থিত ও শুনানি হইল।

আপিলান্টের উকীল একথা স্বীকার করেন যে গৌরসুন্দর কৃষ্ণসুন্দরের ঔরস পুত্র হইলে উত্তরাধিকারিগণের যে ক্রম নির্দ্দেশ হইয়াছে তাহা মান্য হইত; কিন্তু তিনি দত্তকের ধনে মাতৃকুটুম্বদের অধিকার অস্বীকার করেন না। তিনি কহেন দত্তক গ্রহণ পুরুষের কার্য্য, এবং বিবাহ না করিয়াও দত্তক গ্রহণ করা যাইতে পারে; কিন্তু স্ত্রীলোকে পতির স্পষ্ট অনুমতি ব্যতীত দত্তক গ্রহণ করিতে পারে না। উক্ত উকীল সিলেক্ট্ রিপোর্টের ৩ বালামের ১২৮ পৃষ্ঠায় ধৃত গঙ্গামায়ার মকদ্দমার* ও মেক্‌নাটনের হিন্দুলার দ্বিতীয় বালামের ১৮৭ পৃষ্ঠার† উল্লেখ করেন। এবং এতৎসাংদৃষ্টিক ন্যায়ে তর্ক করেন যে—যেহেতু দত্তক পুত্র গ্রহীত্রী-মাতার উত্তরাধিকারী কথিত হয় নাই, অতএব পতির পরিবার মধ্যে নিকটতর উত্তরাধিকারী না থাকিলেও তিনি অধিকারিণী হইতে পারেন না।

বাবু রমাপ্রসাদ রায় দায়শাস্ত্রবিষয়ক দীর্ঘ ও পরিশ্রমসম্পন্ন ব্যাখ্যা করিলেন। যেহেতু যে কথার বিচার আমাদের কর্ত্তব্য তাহা শুদ্ধ শাস্ত্রবিষয়ক, অতএব আদালতের পণ্ডিতের ব্যবস্থা জিজ্ঞাসা ব্যতীত ঐ কথার মীমাংসা করিতে আমরা আপনাদিগকে যোগ্য বিবেচনা করি না। যেহেতু দৃষ্ট হইতেছে যে—যে অবস্থাতে ঔরস পুত্রের জননীর কুটুম্বেরা তাহার উত্তরাধিকারি হয় সেই অবস্থাতে দত্তকের গ্রহীত্রী-মাতার কুটুম্বেরা তাহার উত্তরাধিকারি হইতে পারে কি না—এই সাধারণ কারণানুসারে উক্ত কথার বিচার করিতে হইবে (অতএব) তদনুরূপে পণ্ডিতকে প্রশ্ন করাতে, পণ্ডিত অধিকারি হওন পক্ষে উত্তর প্রদান করিয়াছেন, এবং তিনি যে সকল প্রমাণ তুলিয়াছেন তাহা হিন্দুদের ধর্ম্মশাস্ত্রীয় ভাল প্রামাণিক গ্রন্থসকল হইতে উদ্ধৃত হইয়াছে (এতাবতা) নিম্ন আদালতের কৃত নিষ্পত্তিতে হস্তক্ষেপ করার কোন কারণ দৃষ্ট না হওয়াতে আপিলান্টের বিরুদ্ধে আমরা ঐ নিষ্পত্তি খরচাসমেত স্থিরতর রাখিলাম। সদরদেওয়ানী আদালতের রিপোর্ট, ৩০ জুলাই ১৮৫৯ সাল।

* দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ১২৮। † দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ১০৯৯।

CASE Bearing on the Vyavastha No. 500

Gungapersaud Roy, (Plaintiff,) Appellant, versus *Brijessuree Chowdhrain, Bunwareeloll Roy and others, (Defendants,) Respondents.*

The plaintiff, calling himself the next male heir to Goursoonder Roy deceased, sought by this action to secure possession of his zemindaree, on the ground that Brijessuree, the widow in possession, had adopted Bunwareeloll without any permission, and was doing other acts prejudicial to his rights as next heir to the property.

The defence denies that Bunwaree's adoption is without permission; but even if it be so, Bunwareeloll denies any right in the plaintiff as heir of Goursoonder. The preferable heir was alleged to be Kistobeharee Roy, son of the deceased Goursoonder's maternal uncle. The plaintiff replied that Kistobeharee could not be the heir of Goursoonder, who was himself an adopted son, *first,* because Kistobeharee's father and the adopting mother of Goursoonder were not own brother and sister, but by different wives; *second,* because an adopted son could not be succeeded by the maternal relatives of the adopting family.

The Zillah Judge, after consulting the *pundit,* who said that, "in either event, the plaintiff could not represent Goursoonder in preference to Kistobeharee, who is undoubtedly the next heir," decided the suit by dismissing the plaintiff's claim, on the ground that he was not entitled to sue as the heir of Goursoonder. It was intimated to the (Sudder) Court that plaintiff's appeal involved no question of fact, and was preferred only on the point of Hindoo law involved in the lower Court's judgment. The case was therefore called up and heard under section 12, Act XV. of 1853.

Appellant's pleader admits that the line of successive heirs demarcated would be followed if Goursoonder had been the *natural born* son of Kishensoonder, but he denies the right of the maternal relations to succeed in the case of an adopted son. He argues that adoption is the act of the man, and can be done without marriage, but can never be done by the woman without the express permission of her husband. The pleader refers to the case of Gunga Mya, page 128, vol. III. of the Select Reports,* and page 187, vol. II. of *Macnaghten's Hindu Law*†, and reasons from this by analogy that, as the adopted son is declared to be no heir of the adoptive mother, neither can she take the estate of the adopted son on failure of nearer heirs in her husband's family.

Baboo Rumapersaud Roy entered into a long and elaborate explanation of the Hindoo law of inheritance. As the only question before us was one of pure Hindoo law, we did not consider ourselves competent to decide the point, without calling for a *bywustha* from the *pundit* of the Court. As it appeared to us that the point must be decided on the general ground of,—whether an adoptive mother's relations succeeded an adopted son under the same circumstances that would govern their succession to a natural born son,—we put the question in that form, and the reply of the *pundit* being in the affirmative, and the authorities quoted being derived from well recognised works on Hindoo law, we have seen no reason to interfere with the judgment passed by the lower Court, and uphold it, with costs against the appellant.—Sudder Dewanny Adwalut Reports, 30th of July 1859.

* *Ante,* p. 159. † *Ante.* p. 1100.

গোপীমোহন দেব—বনাম—রাজা রাজকৃষ্ণ।

৬০২ সংখ্যক ব্যবস্থার। নজীর।

/০ কোন হিন্দু দত্তকপুত্র গ্রহণ করিয়া পরে তৎপুত্রকে উইলের দ্বারা অনধিকারি করিতে পারে না। ইস্ট্‌ সাহেবের নোট্‌ মকদ্দমা ৭৫। এবঞ্চ দ্রষ্টব্য কল্‌. হি. ল. পৃ. ২৩০—২৩৩, ব্য. দ. পৃ. ১০৫৫।

৵০ শ্রীমতী জয়মণিদাসীর বিরুদ্ধে শ্রীমতী শিবসুন্দরী দাসীর মকদ্দমাতেও উক্তরূপ মীমাংসা হইয়াছে। দ্রষ্টব্য কুল্‌টনের রিপোর্ট, পৃ. ৭৫, এবঞ্চ ব্য. দ. পৃ. ৯৬৯।

প্রাণবল্লব গোকুল—বনাম—দেওকিষন ভুল্‌জারাম।

৶০ কোন হিন্দু দত্তক গ্রহণ করিয়া পরে তাহার প্রতি রাগতয়ে তাহার ও তাহার ভ্রাতাদের নামে এক উইল করে; বিচার হইল যে তাদৃশ উইল তদ্দত্তকের হানিজনক হইবে না, এবং ঐ উইল থাকাতে সে দত্তক নিজ পিতার ঋণের দায়ী নয়। ২৪ জুন ১৮২৪ সাল, বম্বে স, দে, আ, সিলেক্ট্‌ রিপোর্ট, পৃ. ৪।

অর্ণাচেলম পিলে—বনাম—বিয়াস্বামী পিলে।

৬০৩ সংখ্যক ব্যবস্থার। নজীর

/০ কাহারো একমাত্র পুত্র একবার দত্তক গৃহীত হইয়াগেলে তাহা অসিদ্ধ হইতে পারে না। (কিন্তু তাহাতে দাতা ও গ্রহীতা উভয়েই পাপভাগি হয়। মকদ্দমা ৫, ১৮১৭ সাল, মান্দ্রাজের ডিক্রী, বা. ১ পৃ. ১৫৪,—মর্লির ডাইজেস্ট্‌ বা. ১, পৃ. ২৪।

নন্দরাম প্রভৃতি—বনাম—কাশী পাঁড়ে প্রভৃতি।

৵০ একমাত্র পুত্র দত্তক গৃহীত হইয়াগেলে তাহার দত্তকতা পরে অসিদ্ধ হইতে পারে না। ৩০ জুন ১৮২৫ সাল, স. দে. আ. রি. বা. ৫, পৃ. ১০।

শ্রীব্রজভূষণ জী মহারাজ—বনাম—শ্রীগোকুলোৎসাও জী মহারাজ।

৬০৩ সংখ্যক ব্যবস্থার। নজীর

/০ বেদ ও শাস্ত্রবিহিত ক্রিয়া সম্পাদনদ্বারা দত্তক গ্রহণ সম্পন্ন হইলে যে ব্যক্তি তাহা অসিদ্ধ করণের চেষ্টা করে সে গ্রহীতার নিকট সম্পর্কীয় হইলেও ঐ দত্তকের দত্তকতা কোন আচারের অনাচরণে অথবা অন্য কারণে অসিদ্ধ হইতে পারে না। ৫ নবেম্বর ১৮১৭ সাল, বোরাদেল সাহেবের রিপোর্ট, বা. ১, পৃ. ১৮১। দ্রষ্টব্য মর্লির ডাইজেস্ট, বা, ১, পৃ, ২৪।

হয়বৎরাও মানকর—বনাম—গোবিন্দরাও বল্‌ওন্ত।

৵০ শাস্ত্র-বিধানের অতিক্রমে দত্তক গ্রহণ হইলে সে পাপ দাতারই হয়, গ্রহীতার হয় না, ও তদ্গ্রহণ অসিদ্ধ-ও হইতে পারে না,—কেননা বেদবিধানানুসারে দত্তক গ্রহণ কার্য্য একবার সম্পন্ন হইয়া গেলে তাহা কোন ছলে অসিদ্ধ হইতে পারে না। প্রথম সেসন, ১৮২৩ সাল, বোরাদেল সাহেবের রিপোর্ট, বা. ২, পৃ. ১৬। দ্রষ্টব্য মর্লির ডাইজেস্ট্‌, বা, ১, পৃ, ২৪।

ভাস্কর বচাজী—বনাম—নারু রঘুনাথ।

৶০ কোন বিধবা পতি হইতে দত্তক গ্রহণের অনুমতি প্রাপ্তা হইয়া তদনুসারে পতির ভ্রাতা ও তৎকুটুম্বদিগের স্থানে পুত্রের নিমিত্তে প্রার্থনা করায় তাহারা পুত্র দিতে অস্বীকার করিল;—বিচার হইল যে তৎপতির মৃত্যুর দীর্ঘকাল পরে, কিম্বা তাহাদের বাসস্থান ভিন্ন অন্য স্থানে দত্তক গ্রহণ হওয়া অথবা রাজপুরুষদের অনুমতি না হওয়া যথাযোগ্য ক্রিয়া সম্পাদনপূর্ব্বক দত্তকগৃহীত হইয়াথাকিলে তাহা অসিদ্ধির প্রচুর কারণ নয়; তাদৃশ দত্তক পুত্র গ্রহীতৃ-পিতার সমগ্র ধনে অধিকারী।—বম্বে স, দে, আ, সিলেক্ট্‌ রিপোর্ট, ১৮২৬ সাল, পৃ. ২৪। দ্রষ্টব্য মর্লির ডাইজেস্ট্‌, বা, ১, পৃ, ২৫।

রাণী ভদ্র শিউভদ্র—বনাম—রূপশঙ্কর শঙ্কর জী।

৬০৪ সংখ্যক ব্যবস্থার। নজীর

যেমত ঔরস পুত্র পিতৃধনে নিজঅংশ ত্যাগ করিতে পারে তেমনি দত্তক পুত্রও গ্রহীতৃ-পিতার ধনে নিজস্বত্ব ত্যাগ করিতে পারে, কিন্তু তথাপি সে দত্তকতা সম্বন্ধহইতে মুক্ত হইতে পারে না। সে যদি বিষয় অধিকার করিতে অস্বীকার করে এবং যে বিষয় তাহাকে অর্শে তাহা যদি বিভক্ত সম্ভ্রান্ত ধনের এক অংশ হয় তবে গ্রহীতার পত্নী তাহাতে অধিকারিণী হইবে। ১৩ মে ১৮২৪ সাল, বরদেলের আদালতের রিপোর্ট, বা. ২, পৃ. ৬৫৬। দ্রষ্টব্য মর্লির ডাইজেস্ট্‌, বা, ১, পৃ, ২৪।

৬০৫ সংখ্যক ব্যবস্থার। নজীর

মোসম্মাৎ তারামণি দেবী—বনাম—দেবনারায়ণ রায় প্রভৃতি।

১০ জুলাই ১৮২৪ সাল। স. দে. আ. রি. বা. ৩, পৃ. ৩৮৭। দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ৯৩১।

Gopeemohun Deb v. Rajah Rajkishen.

I. A *Hindu* having adopted a son, cannot disinherit such son by will.—East's Notes, Case 75. Cons. H. L. pp. 230—233; *ante*, p. 1056. Cases Bearing on the Vyavastha', No. 602

II. A similar decision was passed in Sreemutty Joymony Dossy *versus* Sreemutty Shibosoondry Dossy.—*Vide* Fulton's Reports, p. 75. *Ante*, p. 970.

Pranbullub Gokul v. Deokishen Tooljaram.

III. A Hindu having adopted a son, and from feelings of anger against him made a will in favor of him and his brothers, it was held that such will did not affect the adoption, and that he was not by reason of the existence of the will liable for his own father's debts.—24th June 1824. Bombay S. D. A. Sel. Rep. p. 4. Morley's Digest, vol. I. p. 25.

Arunachellum Pillay v. Jyasamy Pillay.

I. The adoption of an only son, once made, cannot be set aside. Both the giver and receiver in adoptions thereby commit sin. Case 3 of 1817.—1 Mad. Dec. 154. Morley's Digest, vol. I. p. 24. Cases Bearing on the Vyavasthá. No. 603

Nundram and others v. Kassy Pandey and others.

II. The adoption of an only son, once made, cannot be invalidated.—30th of June 1825. S. D. A. R. vol. IV. p. 70.

Sree Brijbhookhunjee Muharaj v. Sree Gokoolotsaojee Muharaj.

I. Adoption, performed according to the ceremonies of the *Vedas* and *Shástras*, cannot be set aside from any want of formality, or other cause, should the person opposing it be ever so near a kin to the adopter.—5th of November 1817. Borradale's Reports, vol. I. p. 181. Morley's Digest, vol. I. q. 24. Cases Bearing on the Vyavasthá. No 601

Huebut Rao Mauker v. Gobind Rao Bulwunt.

II. Where an adoption is made contrary to the provisions of the Hindu law, the sin lies with the person giving, and not with the party receiving, and it cannot be set aside, as an adoption, having once been effected according to the forms of the *Veda*, cannot on any pretence be annulled. —1st Sessions. 1823, Borradale's Reports, vol. II. p. 76. See Morley's Digest, vol. I. p. 24.

Bhaskker Buchajee v. Naroo Raghoo Nath.

III. Where a widow received instructions from her husband to adopt a son, and in accordance with them applied to her brother-in-law and his relations for a son, and they refused to give her one, it was held, that either length of time or after the decease of her husband, nor the adoption having taken place at other than the place of residence of the parties, nor want of permission of the Ruling authorities, are sufficient grounds for setting aside an adoption once made with sufficient ceremonies; and that a son so adopted becomes heir to the whole of his adoptive father's property. 1826. Bombay S. D. A. Sel. Rep. p. 24. *Vide* Morley's Digest, vol. I. p. 25.

Ranee Bhudr Shea Bhudr v. Roop Shunker Shunkerjee.

As a lawfully begotten son may renounce his share in the estate of his father, even so an adopted son is at liberty to resign his right to the property of his adoptive father, although he cannot free himself from adoption, and should he so refuse to take the property, and if the property to which he succeeds be a share of a divided heritage, the adopter's widow will succeed to it. 13th, May 1824. Borr. Rep. vol. II. p. 656. Morley's Digest, vol. I. p. 24. Case Bearing on the Vyavastha'. No 60

Mussummat Taramunee Debeah v. Deb Naraen Roy and another.

10 July 1824. 3 S. D. A. Rep. 387, p. 25. See *ante*, p. 931. Case Bearing on the Vyavastha'. No 602

দ্ব্যামুষ্যায়ণের ধনাধিকার।

ব্যবস্থা।

৬০৬ জনক ও গ্রহীতা উভয়েরই পুত্র না থাকিলে দ্ব্যামুষ্যায়ণরূপ দত্তক* (তদুভয়ের) সমস্ত ধনাধিকারী।—দ, চ, পৃ, ৩৫।

৬০৬ দ্ব্যামুষ্যায়ণ* দত্তকস্য জনক প্রতি-গ্রহীত্রোরুভয়োরপুত্রত্বে (তদুভয়োঃ) সর্ব্বরিক্থহরত্বং।—দ, চ, পৃ, ৩৫।

৬০৭ গ্রহীতার ঔরস পুত্র থাকিতে দ্ব্যামুষ্যায়ণ গৃহীত হইলে সে গ্রহীতার ধনভাগী নয়। ঐ।

৬০৭ সতোরসে (গ্রহীতুঃ) গৃহীতস্যতু নাংশহরত্বং। ঐ।

৬০৮ গ্রহণের পর ঔরস পুত্র জন্মিলে দ্ব্যামুষ্যায়ণ জনকের ধনে তদৌরসের অর্দ্ধাংশভাগী, ও গ্রহীতার ধনে তাহার অসাধারণদত্তক যাদৃশ অংশ† পাইত তাহার অর্দ্ধাংশভাগী।

৬০৮ গ্রহণানন্তরমৌরসোৎপত্তৌ তু জনকধনে তদৌরসার্দ্ধহরত্বং, গ্রহীতুরসাধারণ-দত্তকস্য যাদৃশোংশঃ শাস্ত্রীয়ঃ† তদর্দ্ধহরত্বঞ্চেতি। ঐ।

৬০৯ নিত্যদ্ব্যামুষ্যায়ণের পুত্র পৌত্রদের-ও এই রূপ অধিকার‡।

৬০৯ নিত্যদ্ব্যামুষ্যায়ণস্য পুত্রপৌত্রাণামপি এবমধিকারঃ‡।

৬১০ কিন্তু অনিত্যদ্ব্যামুষ্যায়ণের পুত্রাদির গ্রহীতৃ কুলে সম্বন্ধাভাবহেতু‡ সাংদৃষ্টিক ন্যায়ে অথচ যুক্তি মতে তদ্ধনাধিকারাভাব অবধৃত।

৬১০ অনিত্যদ্ব্যামুষ্যায়ণস্য পুত্রাদেস্তুগ্রহীতৃকুলে সম্বন্ধাভাবাৎ‡ সাংদৃষ্টিকন্যায়েন যুক্তি মতেনচ তদ্ধনাধিকারাভাব এবাবধৃতঃ।

* দ্রষ্টব্য—বা, দ, পৃ, ১৫১।　　† দ্রষ্টব্য—ব্য, দ, পৃ, ১০৪১, ১০৪৩।

যে স্থলে যথাশাস্ত্র দত্তক-গৃহীত হওনের পর গ্রহীতার ঔরস পুত্র জন্মে, সেস্থলে তাদৃশ পুত্রের সহিত দায়রূপ ধন বিভাগে, দত্তকচন্দ্রিকানুসারে দত্তক পুত্র চতুর্থ অংশ পায় (কিন্তু দ্রষ্টব্য ব্য, দ, পৃ, ১০৪১)। পরন্তু দ্ব্যামুষ্যায়ণ হইলে ভিন্ন রূপ হয়। ঐ গ্রন্থের এক দুর্জ্ঞেয় স্থল হইতে বোধ হইবে তদ্গ্রন্থকর্ত্তার মত এই যে—পরে জাত ঔরসের সহিত বিভাগে অসাধারণ দত্তক যৎপরিমিত অংশে অধিকারী হইত তাদৃশপুত্র তাহার অর্দ্ধাংশে অধিকারী। বোধ হয় এই নিয়মে ঐ গ্রন্থকর্ত্তা এমত বিধান করিয়াছেন যে (দ্ব্যামুষ্যায়ণ দানের) পরে জনকের ঔরস পুত্র জন্মিলে দ্ব্যামুষ্যায়ণ তাদৃশ পিতার বিষয়ে ঔরস পুত্রের অংশের কেবল অর্দ্ধ পরিমিত অংশ পায়।—সদরল্যাণ্ডের সিনপ্‌সিস্‌ পৃ ১৫৪।

সর্‌ উইলিয়ম্‌ মেক্‌নাটন্‌ সাহেব কহেন—"পরে জাত ঔরস পুত্রের সহিত (বিভাগে) দ্ব্যামুষ্যায়ণ গ্রহীতৃ-পিতার বিষয়ের অর্দ্ধাংশ-হারী"। এবং এতৎপ্রমাণে (অনুবাদিত) দত্তকচন্দ্রিকার ৫ পরিচ্ছেদের ৩৩ পারাগ্রাফে বরাত দেন, যাহার মূল সংস্কৃত উপরে ৬০৬, ৬০৭, ও ৬০৮ সংখ্যক ব্যবস্থারূপে ধৃত হইল, তদ্দৃষ্টে ব্যক্ত যে উক্ত সাহেবের উক্তি ভ্রমমূলক বটে, প্রত্যুত ভ্রমময়, কেননা উপরি ধৃত দত্তক চন্দ্রিকার উক্তিতে স্পষ্টতই প্রকাশ যে—ঔরস পুত্র পরে জন্মিলে দ্ব্যামুষ্যায়ণ গ্রহীতৃ-পিতার সমগ্র বিষয়ের অর্দ্ধাংশ-হারী নয়, কিন্তু তদবস্থায় তাহার অসাধারণ দত্তক যাদৃশ অংশ পাইত তাদৃশাংশের অর্দ্ধাংশভাগী। উক্ত সাহেবের উক্তির ভ্রম প্রকারান্তরেও জানাযাইতে পারে—অর্থাৎ (তদুক্তিক্রমে) দ্ব্যামুষ্যায়ণ গ্রহীতার বিষয়ের অর্দ্ধাংশভাগী হইলে তদৌরস পুত্রের নিমিত্তে সুতরাং অবশিষ্ট অর্দ্ধেক রহে-মাত্র, তাহাহইলে তদুক্তি শাস্ত্র ও যুক্তি উভয় বিরুদ্ধই হইল—কেননা শাস্ত্র এই যে (যথা ৯ ১ উক্ত সাহেব কর্ত্তৃক লিখিত হইয়াছে দ্রষ্টব্য বা, দ, পৃ, ১০৪১, ১০৪৩) দত্তকের পর ঔরস জন্মিলে দত্তক তিন অংশের এক অংশ পায়, ঔরস দুই অংশ পায় (অর্থাৎ দত্তক ঔরস পুত্রের অংশের অর্দ্ধেক পায় ও ঔরস দত্তক পুত্রের অংশের দ্বিগুণ পায়,) এবং যুক্তি এই যে ঔরস পুত্র জন্মিলে সেই ধনির ঔর্দ্ধ্বদেহিক ক্রিয়াদিতে অধিকারী হওয়ায় দত্তকের দ্বিগুণাংশে তাহার অধিকার (যদ্যপি যে উক্ত হইয়াছে তাহা) উচিত ও ন্যায়সিদ্ধ। এতাবতা দ্ব্যামুষ্যায়ণ ঔরসের সমান্ ভাগ-ভাগী হওয়ায় যে উক্তি তাহা যুক্তি বিরুদ্ধ ও শাস্ত্র-বিরুদ্ধ তো বটেই পরন্তু নিজউক্তির-ও বিরুদ্ধ।

‡ দ্রষ্টব্য—ব্য, দ, পৃ, ৯০১, ৯০৩।

SUCCESSION OF A DWYÁMUSHYÁYANA

606. The son given, who is a *Dwyámushyáyana* (son of two fathers*,) if both his adoptive and natural fathers have no other male issue, takes the whole estate of both. —D. Ch. Sect. V. § 33. Vyavasthá

607. One adopted, where legitimate issue (of the adopter) existed, does not participate in the estate of the adopter—*Ibid.*

608. But a legitimate son, being born (to the natural father) subsequent to the adoption, the adopted son takes *out of the natural father's estate*† half of the share of a legitimate son. (If however such issue be subsequently born to the adopter, the adopted in question) takes half of the share which is prescribed by law for an adopted son, exclusively related to his adoptive father,‡ (where legitimate issue may be subsequently born to that person.)—*Ibid.*

909. The son and son's son of a *Nitya-dwyámushyáyana* succeed also in the same manner.

610. The children of an *Anitya-dwyámushyáyana*, having no relation with the family of the adopter,§ it is inferred, by analogy, as well as by equity, that they are not entitled to inherit from them.

---

* See *ante*, p. 960. † The portion in Italics is omitted in Mr. Sutherland's translation.

‡ See *ante*, pp. 1012, 1014.

Where, subsequent to an adoption legally made, a legitimate son is born to the adopter, the adopted son, at a division of the heritage with such son, receives a quarter share (but see *ante*, p. 142.) according to the *Dattaka-Chandriká*. A distinction, however, obtains in the case of the *Dwyámushyáyana*. From an obscure part of that work it would appear to be the doctrine of its author, that such son would only take half the share, to which the son, absolutely adopted, would be entitled, in participating with a legitimate son, subsequently born.—On the same principles, this author appears to provide that, where legitimate issue is subsequently born to the natural father, the *Dwyámushyáyana* only takes, in the estate of such father, the half of the share of a legitimate son.—Sutherland's Synopsis, Head Fifth, p. 154.

Sir William Macnaghten says:—"With a legitimate son subsequently born, the *Dwyámushyáyana* takes half a share of his adopting father's property." (vol. I. p. 71;) and as authority for the same, he refers to the *Dattaka-Chandriká*, Sect. V. §. 33, that is, the *Vyavasthás* Nos. 606, 607, and 608, quoted hereinabove, on reference to which it appears that the above dictum of the learned gentleman is erroneous, and not in conformity with the passage of the *Dattaká-Chandriká* cited;—inasmuch as it is clear from the passage in question that a legitimate son being subsequently born, the *Dwyámushyáyana* does not inherit half of the whole estate of the adopter, but is, in that case, entitled to half of the share which an adopted son exclusively related to the adopter would have been entitled to.—The fallacy of the dictum may also be evinced in another way, namely, if in the above case, the *Dwyámushyáyana* is entitled to half of his adopting father's property (as held by the learned gentleman,) then the remaining half necessarily becomes the portion of the legitimately begotten son, and thus the dictum in question proves to be contrary to the principle of the law and inconsistent with reason:—contrary to the principle of the law, because, the rule is (see *ante*, pp. 1042, 1044,) that, "where a legitimate son is born subsequent to the adoption, the adopted son takes one third, and the legitimately begotten son is entitled to two thirds;—inconsistent with reason, because, a legitimate son, subsequently born, having the right to perform all the religious rites beneficial to the late proprietor's soul, is justly and deservedly entitled to double the share (as ordained by the law) of the adopted son. (See his own work, vol. I. p. 70.) Thus the dictum that a *Dwyámushyáyana* son is to have an equal share with a legitimately begotten son, is contrary not only to the law and to reason, but also to the principle laid down by himself.

§ See *ante*, pp. 962—964.

ব্যবস্থা। **৬১১ শূদ্রের দত্তক গ্রহীতা বাঁচিয়া থাকিতে তদৌরস পুত্রের তুল্যাংশভাগী, গ্রহীতার অভাবে তদৌরসের (অংশের) অর্দ্ধেকভাগী।**

৬১১ শূদ্রস্য দত্তকঃ জীবতি গ্রহীতরি তদৌরসেন সহ তুল্যাংশভাক্, তদভাবে ঔরসস্যার্দ্ধাংশভাগী।

প্রমাণ। পিতা (অর্থাৎ গ্রহীতা) থাকিতে ক্ষেত্রজ দত্তক প্রভৃতি ঔরসের সহিত সমাংশভাগি, কিন্তু পিতা না থাকিলে তদর্দ্ধাংশভাগি।—দ, চ, পৃ, ৩৩।

সতি পিতরি ক্ষেত্রজদত্তকাদীনামৌরসেন সমাংশঃ, অসতি তু তদর্দ্ধাংশঃ।—দ, চ, পৃ, ৩৩।

বিবেচনা। পরন্তু এই ব্যবস্থা এখানে নীচ শূদ্রদেরই প্রতি প্রযুজ্য,—কেননা এতদ্দেশে দ্বিজাতির ন্যায় আচারবন্ত সৎশূদ্রদের ধনাধিকার দ্বিজাতির ন্যায় আচারসিদ্ধ।—দ্রষ্টব্য ব্য, দ, পৃ, ১০৪৯, ১০৫১।

এষাতু ব্যবস্থাত্র নীচশূদ্রেষ্বেব প্রযুজ্যা।—দ্বিজাতিবদাচারাণাং সৎশূদ্রাণামত্র ধনাধিকারোঽপি দ্বিজবদাচারসিদ্ধত্বাৎ।—দ্রষ্টব্যা ব্য, দ, পৃ, ১০৪৯, ১০৫১।

ব্যবস্থা। **৬১২ অন্ধ পঙ্গু প্রভৃতিদের* শুদ্ধ দত্তক বা দ্ব্যামুষ্যায়ণ পুত্রদের গ্রহীতৃপিতামহের ধনে অধিকার নাই, কেবল অন্নাচ্ছাদনে মাত্র।**

৬১২ অন্ধপঙ্গুপ্রভৃতীনাং* দত্তকানাং দ্ব্যামুষ্যায়ণানাম্বা গ্রহীতৃ-পিতামহধনে নাধিকারঃ, কিন্তু ভরণমাত্রং।

প্রমান। অন্ধপঙ্গু প্রভৃতি* পুত্রেরা (পিতৃ) ধনে অনধিকারি হওয়াতে ও তাহাদের ঔরস ও ক্ষেত্রজ পুত্র মাত্র পিতামহধনে অধিকারি ইহা শ্রুত হওয়াতে তাহাদের দত্তক পুত্রাদি পিতামহধনে অধিকারি নয়। কিন্তু অন্নাচ্ছাদনে মাত্র অধিকারি,—কেননা অন্ধাদির ভার্য্যাদের অন্নাচ্ছাদন বিধান হওয়াতে তাহাদের গৃহীত পুত্রদের অন্নাচ্ছাদন প্রাপ্তি দণ্ডাপূপন্যায়ে সিদ্ধ। এতাবতা অন্ধ পঙ্গু প্রভৃতি অনধিকারি পুত্রের উল্লেখপূর্ব্বক কহিতেছেন—'তাহাদের ঔরস ও ক্ষেত্রজ পুত্রেরা নির্দ্দোষ হইলে ভাগভাগি। ইহাদের অপুত্রা পত্নীরা সাধুবৃত্তি হইলে অন্নাচ্ছাদন পাইবে। ইহাদের কন্যারা যে পর্য্যন্ত বিবাহিতা না হয় প্রতিপালিতা হইবে'।

অন্ধপঙ্গুপ্রভৃতি*পুত্রাণাং ধনানধিকারিতয়া তদৌরস ক্ষেত্রজয়োরেব পিতামহধনভাগিত্ব শ্রুতেস্তদগৃহীতদত্তকপুত্রাদেঃ পিতামহ-ধনাধিকারঃ, কিন্তু ভরণমাত্রং—অন্ধাদিভার্য্যাণাং ভরণবিধানেন তদ্ভরণস্য দণ্ডাপূপায়িতত্বাৎ। তথাহি অন্ধপঙ্গ্বাদীননধিকারিপুত্রানভিধায়াহ—'ঔরসাঃ ক্ষেত্রজাস্তেষাং নির্দ্দোষা ভাগহারিণঃ। অপুত্রাযোষিতশ্চৈষাং ভর্ত্তব্যাঃ সাধুবৃত্তয়ঃ। সুতাশ্চৈষাংপ্রভর্ত্তব্যা যাবদ্বৈভর্ত্তৃসাৎকৃতা' ইতি।—দ, চ, পৃ, ৩৩।

* যে গৃহী নয় অথবা যে অন্ধ বা ক্লীব কিম্বা আর যেকোন ব্যক্তি দায়াধিকারী হওনে অনধিকারী সে দত্তক গ্রহণ করিলে তাহা সিদ্ধ কি না তদ্বিষয়ে সন্দেহ হইতে পারে। পরন্তু যথার্থতর মত এই বোধ হইতেছে যে তাদৃশ ব্যক্তি দত্তক গ্রহণ করিলে তাহা সিদ্ধ হইবে। কিন্তু যে ব্যক্তি নিজে শাস্ত্রমতে দায়াধিকারী নয় সে পুত্রগ্রহণ করিলে তাদৃশ অনধিকারির গৃহীত পুত্রের দায়াধিকার না হওয়া কারণাধীন বোধ হইতেছে।—সদরল্যাণ্ডের সিনপসিস্, প্রথম হেড্, পৃ, ১৪৮।

অনধিকারিব্যক্তিগণ যথা—"ক্লীব, পতিত, পতিতের সুত, পঙ্গু, উন্মত্ত, জড়, অন্ধ, অচিকিৎস্যরোগার্ত্ত এবং তাদৃশ আরং অযোগ্য ব্যক্তিরা (অষ্টম অধ্যায় দ্রষ্টব্য)। তাদৃশ ব্যক্তিদের গৃহীত দত্তক শাস্ত্রীয় কি না, ইহা মিতাক্ষরার এক বাক্যে সন্দেহ-স্থল বোধ হইতেছে, তাহাতে উক্ত হইয়াছে যে যাজ্ঞবল্ক্যের বচনে ঔরস ও ক্ষেত্রজ পুত্র বিশেষে বর্ণিত হইয়া অনধিকারি ব্যক্তিদের তাদৃশ পুত্রের মাত্র ধনাধিকার উক্ত হওয়াতে—তাদৃশ ব্যক্তিগণকর্ত্তৃক অন্যরূপ পুত্র গ্রহণ নিষেধ অভিপ্রেত হইয়াছে। দত্তকচন্দ্রিকাকার-ও উক্ত বা তৎসদৃশ বচন হইতে এমত তর্ক করিয়া যে অনধিকারি ব্যক্তিদের পক্ষে দত্তক বিহিত হয় নাই—তাদৃশ ব্যক্তিগণের তাদৃশ পুত্রগণকে পিতামহধনে অনধিকারি করিতেছেন। পরন্তু প্রমাণান্তর প্রাপ্তি না হওয়ায় উল্লিখিত প্রমাণ অনধিকারির গৃহীত পুত্র সম্পূর্ণ রূপে অসিদ্ধ হওন পক্ষে সর্ব্ববাদিসম্মত বিধান বলিয়া সংস্থাপনার্থে কদাচ যথেষ্ট হইতে পারে। ফলতঃ দত্তকচন্দ্রিকাকার সে প্রসঙ্গ না করিয়া কেবল তাদৃশ গৃহীত পুত্রের পৈতামহ ধনাধিকার অস্বীকার করিয়াছেন মাত্র, এবং বোধ হয় মিতাক্ষরাকারও এতদতিরিক্ত কিছু অভিপ্রায় করেন নাই।—সদরল্যাণ্ডের সিনপসিস্, নোট্ ৪, পৃ, ১৫৩।

611. The adopted son of a *Shúdra* inherits in equal shares with the legitimately begotten son during the life-time of the adopter, but gets half of that son's share after the adopter's death. Vyavasthá.

The equal partition of the son of the wife, the son given, and the rest, with the real legitimate son, whilst the father lives, and their succession to the moiety of the share of such son, where the father may be dead at the time of partition, follow *a fortiori*.—D. Ch. Sect. V. §30. Authority.

The above *vyavasthá* is, however, applicable to the lower classes of *shúdras* of this country: inasmuch as here the inheritance of the good or high caste *shúdras*, whose conduct in other respects is like that of the twice-born men, is also customarily regulated like that of the regenerate classes. See *ante*, pp. 1050, 1052. Remark.

612. The exclusively given sons and *Dwyámushyáyanas* adopted by persons blind, lame, or otherwise disqualfied from inheriting, and so forth, have no right to the estate of their adoptive grandfather's estate, but to maintenance only*. Vyavasthá.

As sons, blind, lame, and so forth*, do not inherit, and since it is ordained, that their legitimate son, and son of the wife only, participate in the estate of the paternal grandfather, a son given or other description of son, adopted by such persons, has no right to the estate of the paternal grandfather, but to maintenance only. For, alimony being provided for the wives of the persons blind and so forth, maintenance for their adopted sons is inferred *a fortiori*. So also, having previously declared sons blind, lame, and so forth, not to be heirs (an author) adds,—" Of these, the sons legitimate, and sons of the wife, who are free from defect, participate in a share: the childless wives of those (who are blind and so forth) are to be supported, if virtuous. Their daughters are to be maintained as long as unmarried."—D. Ch. Sect. VI. § 1, 2. Authority.

---

* A doubt might be entertained, as to the validity of an adoption, by one not being in the order of the '*Grihi*' (the householder or married man,) or by a blind, impotent, or other person, disqualified from inheriting. The more correct opinion, however, appears to be, that an adoption, by any of the persons described, would be valid; though it seems reasonable, that the affiliation of one excluded from inheritance, should confer no right of succession on the adopted, of which the adopter is debarred by law.—Sutherland's Synopsis, Head First, p. 148.

The individuals excluded from inheritance are, " the impotent person, the outcast and his issue, one lame, a mad man, an idiot, a blind man, a person afflicted with an incurable disease, and others similarly disqualified," (See Chapter VIII.)—The possibility of a doubt, as to the legality of an adoption, by such persons, is suggested with reference to a passage in the *Mitákshará*, which declares, that the specific mention of ' the legitimate son and son of the wife' in a text of *Jágnyavalkya*, providing for the inheritance of such sons of disqualified persons, is intended to forbid the adoption, by them, of other sons. The author of the *Dattaka-Candriká* likewise, arguing from the same or a parallel text, that an adopted son, is not ordained for disqualified persons, excludes such son of those persons from succeeding to the estate of the paternal grandfather. In the absence, however, of other authorities, those alluded to can hardly be admitted as sufficient to establish a general rule, vitiating *in toto* the adoption by one excluded from inheritance.—In fact, the author of the *Dattaka-Chandriká*, without advancing such position, merely denies the right of one so adopted to inherit of his adoptive father; and ,perhaps no more was intended by the author of the *Mitákshará*.—Sutherland's Synopsis, Note iv, p. 156.

ব্যবস্থা। ৬১৩ পরন্তু 'পিতামহ-ধনে অধিকার নাই' ইহা বলাতে পিতামহাপেক্ষা জঘন্য সম্পর্কীয়দের (অর্থাৎ পিতৃ ভিন্ন অন্যের) ধনেও তাদৃশ পুত্রদের অধিকার নাই, ইহা দণ্ডাপূপন্যায়ে এবং তদ্ধনে তৎপিতাদের অধিকারাভাবহেতু নিষ্কর্ষ হইতেছে।

৬১৩ 'পিতামহধনাধিকারাভাব' ইতি কথনাৎ পিতামহাজ্জঘন্যানাংপিতৃভিন্নানামন্যেষাং ধনেঽপি তাদৃশপুত্রাণামনধিকার ইত্যবসীয়তে,—দণ্ডাপূপন্যায়াৎ, তৎপিতৄণাং তদ্ধনাধিকারাভাবাচ্চ।

৬১৪ তাহাতে তাদৃশ গ্রহীতৃদের নিজ ধনে তদ্দত্তক বা দ্ব্যামুষ্যায়ণদের অধিকার নির্ব্বিরোধ।

৬১৪ তথাসতি তাদৃশ গ্রহীতৃপিতৄণাংনিজ ধনে তদ্দকানাংদ্ব্যামুষ্যায়ণানাঞ্চাধিকারে ন কোঽপিবিরোধঃ।

কারণ। কেননা তাদৃশ গ্রহীতাদের নিজ ধনে তাহাদের অধিকার কোথাও নিষিদ্ধ হয় নাই।

তদ্ধনে তেষামধিকারস্য কুত্রাপি ন নিষিদ্ধত্বাৎ।

ব্যবস্থা। ৬১৫ ঔরসসত্ত্বে দত্তক বা দ্ব্যামুষ্যায়ণ গৃহীত হইলে সে গ্রহীতার ধনে অনধিকারী।

৬১৫ সত্যৌরসে গৃহীতদত্তকস্য দ্ব্যামুষ্যায়ণস্য বা গ্রহীতৃধনে নাধিকারঃ।

প্রমাণ। গ্রহণের পর ঔরস উৎপন্ন হইলে তাহার সহিত দত্তকের ভাগ-ভাগিতা দৃষ্ট হওয়াতে, ঔরস থাকিতে গৃহীত ব্যক্তি অংশভাগী নয়।—দ, চ, পৃ, ৩৬।

গ্রহণানন্তরমুৎপন্নৌরসেন সহ দত্তকস্য বিভাগদর্শনাৎ সত্যৌরসে গৃহীতস্যাপি নাংশভাগিত্বমিতি।—দ, চ, পৃ, ৩৬।

ব্যবস্থা। ৬১৬ বিহিত গ্রহণক্রিয়া সম্পাদনবিনা গৃহীত ব্যক্তি গ্রহীতার দায়াধিকারী নয়, কিন্তু বিবাহোপযুক্ত ধন পাইবে।

৬১৬ বিহিতগ্রহণক্রিয়া সম্পাদনম্বিনা পরিগৃহীতস্যাপি ন গ্রহীতৃদায়াধিকারিত্বং কিন্তু বিবাহোচিতধনভাগিত্বং।

প্রমাণ। বিধান সম্পাদন বিনা পরিগৃহীত-ও অংশভাগী নয় তাহা কহিয়াছেন যথা—'সে (অর্থাৎ ঔরস পুত্র) জন্মিলে ও বিধানবিনা দত্তক গৃহীত হইয়া থাকিলে, সে ধন তাহারই যে যথার্থতঃ পিতৃধনের স্বামী'। তথা মনু—'বিহিত ক্রিয়া করণবিনা যে পুত্র গ্রহণ করে, সে তাহাকে বিবাহোপযুক্ত ধন ভাগি করিবে, দায়াধিকারি করিবে না'।—দ, চ, ৩৬।

বিধানম্বিনা পরিগৃহীতস্যাপি নাংশভাগিত্বমিত্যাহ—'তস্মিন্‌জাতে সুতেদত্তে ন কৃতে চ বিধানকে। তৎ সংভবেৎসৌববিত্তস্য যঃ স্বামী পিতুরঞ্জসা। তথা মনুঃ—অবিধায় বিধানং যঃ পরিগৃহ্ণাতিপুত্রকং। বিবাহবিধিভাজং তং নকুর্য্যাৎ ধনভাজনং'।—দ, চ, পৃ, ৩৬।

ব্যবস্থা। ৬১৭ গ্রহীতার অস্বজাতীয় দত্তক-ও তদ্ধনাধিকারী নয়।

৬১৭ গ্রহীতুরস্বজাতীয় দত্তকস্যাপি ন তদ্ধনাধিকারঃ।

কারণ। কেননা কলিতে অসবর্ণ পুত্র গ্রহণ নিষিদ্ধ।

কলাবসবর্ণ পুত্রগ্রহণ নিষেধাৎ। পৃ, ৯২১।

প্রমাণ। অন্যজাতীয় দত্তককেও ধনে অনধিকারি কহিয়াছেন—'যদি কখনো অন্য জাতীয় সুত গৃহীত-ও হয়, (তবে) শৌনকের মত এই যে তাহাকে ধনাধিকারি করিবে না।—দ, চ, পৃ, ৩৭।

অন্যজাতীয়দত্তকস্যাপি নাংশভাগিত্বমিত্যাহ—'যদিস্যাদন্যজাতীয়ো গৃহীতোঽপিসুতঃকৃচিৎ। অংশভাজং ন তং কুর্য্যাৎশৌনকস্য মতং হিতৎ॥ দ, চ, পৃ, ৩৭।

613. From the dictum, that they have no right to the estate of their adoptive grandfather, it is inferred that *a fortiori* they have no right to the estate of the relations inferior to the grandfather, namely, those other than the parents, because their fathers (through whom they claim) had no right to the property of such relations. Vyavastha.

614. It follows, however, that the exclusively adopted sons, as well as *Dvyámushyáyana* sons, are entitled to such adoptive fathers' property, if there be any.

For they are no where prohibited to inherit their adoptive fathers' own property. Reason.

615. A son adopted, notwithstanding the existence of a legitimately begotten son, has no right to the property of the adopter. Vyavastha.

Since it is shown, that a son given participates with a real legitimate son, born subsequently to his adoption, a son, adopted where a legitimate son exists, does not take a share.—D. Ch. Sect. VI. § 3. Authority.

616. A son adopted, without the performance of the religious rites, ordained for the purpose, is not entitled to inherit from such adopter, but to receive wealth sufficient for his marriage. Vyavastha.

Accordingly, an author declares the non-succession to a share of one adopted without observance of rules;—" Him existing, a son being created, and a son given existing, one being adopted informally, that state is his only, who is justly master of the father's wealth. *Manu.*—" He, who adopted a son without observing the rules ordained should make him the participator of the rights of marriage, not a sharer of the wealth.—D. Ch. Sect. IV. § 63 Authority.

617. A son adopted from a different tribe or caste is not entitled to inherit from the adopter. Vyavastha.

Because it is prohibited in the present (*Kali*) age to adopt son from a different caste.—See *ante*, p, 922. Reason.

It is declared by an author, in the following text, that a son given likewise, who is of a different class, does not inherit:—" If one of a different class should, however, in any instance, have been adopted, as a son, he should not make him the participator of a share.—This is the doctrine of *Shounaka.*"—*Ibid.* § 4. Authority.

অষ্টম—অধ্যায়।

দায়রূপধনে অনধিকার প্রকরণ*।

'যেমত মন্দ নৌকায় গভীর জলে গমনকারী নিমগ্ন হয়, তেমতি কুপুত্রদ্বারা পিতা ঘোর অন্ধকারে নিমগ্ন হয়েন।

তথাচ নিত্য-নৈমিত্তিকাদি ক্রিয়াপরাঙ্মুখ পুত্র পিতার উপকারী নয়, এতারতা পিতৃধনে অধিকারী নয়।—বি, দা, দ্বী, র, ৫।

বৃহস্পতি—'সবর্ণার গর্ভজাত হইয়াও যে অগুণবান্ (অ) সে পিতৃধনে অধিকারী নয়। যাহারা শ্রোত্রিয় (ই) ও পিতৃপিণ্ডদাতা তাহারদিগকেই তাহা অর্শে। উত্তমর্ণ ও অধমর্ণ হইতে পুত্র পিতাকে ত্রাণ করে, অতএব তদ্বিপরীত পুত্রে কি প্রয়োজন। সে গরুতে কি কার্য্য যে দুগ্ধবতী নয়; গর্ভিণীও নয়। সে পুত্র জন্মিলে কি ফল যে বিদ্বান্ নয়, ধার্ম্মিক-ও নয়। ঐ। দা, ভা, পৃ, ১১৭।

(অ) 'অগুণবান্'—অর্থাৎ গুণবিরুদ্ধ দোষযুক্ত।—দা, ত, পৃ, ২০।

(ই) 'শ্রোত্রিয়'—ইহা উপলক্ষণ, তদ্দ্বারা নিত্য নৈমিত্তিক ক্রিয়া ও শ্রাদ্ধাদি ক্রিয়া করণশীল ব্যক্তি বোধ্য।—বি, দা, ভা, দ্বী, র, ৫।

দ্রব্য (অর্থাৎ ধন) যজ্ঞার্থে বিহিত হইয়াছে সেইহেতু তাহা যথাস্থলে ও ধর্ম্মযুক্ত পাত্রে নিয়োগ করিবে, স্ত্রী মূর্খ ও বিকর্ম্মিতে (উ (নিয়োগ করিবে না। ঐ। দা, ভা, পৃ, ২০।

(উ) 'বিকর্ম্মী'—সন্ধ্যাবন্দনাদি নিত্যকর্ম্মহীন। বেদে নারীর অধিকার না থাকাতে সে যজ্ঞে অযোগ্য মূর্খ ও বিকর্ম্মীও যজ্ঞে অযোগ্য উক্ত, ঐ। যথা।—

ক্রিয়াহীন ও মূর্খ, মহারোগী তথা যথে-

'যথা প্লবেনৌপলেন নিমজ্জত্যুদকে তরন্। তথা পিতা কুপুত্রেণ তমস্যন্ধে নিমজ্জতি। দা, ত, পৃ, ৩০। বি, দা, ভা, দ্বী, র, ৫।

তথাচ নিত্য নৈমিত্তিকাদিক্রিয়াপরাঙ্মুখঃ পুত্রো ন পিতুরুপকারী, অতঃ পিত্র্যধনে নাধিকারী।—বি, দা, দ্বী, র, ৫।

বৃহস্পতিঃ—'সবর্ণাজোঽপ্যগুণবান্নার্হঃ (অ) স্যাৎপৈতৃকে ধনে। তৎপিণ্ডদাঃ শ্রোত্রিয়া (ই) যে তেষাং তদভিধীয়তে। উত্তমর্ণাধমর্ণেভ্যঃ পিতরং ত্রায়তে সুতঃ। অতস্তদ্বিপরীতেন নাস্তি তেন প্রয়োজনং। তয়া গবা কিং ক্রিয়তে যা ন ধেনুর্ন গর্ভিণী। কোঽর্থঃ পুত্রেণ জাতেন যো ন বিদ্বান্ ন ধার্ম্মিকঃ। ঐ। দা, ভা, পৃ, ১১৭।

(অ) 'অগুণবান্'—গুণবিরুদ্ধদোষবান্।—দা, ত, পৃ, ২০।

(ই) 'শ্রোত্রিয়াঃ'—ইত্যুপলক্ষণং, তেন সাধ্যানুসারেণ নিত্যনৈমিত্তিকক্রিয়া শ্রাদ্ধাদিক্রিয়াকরণশীলস্য পরিগ্রহঃ।—বি, দা, ভা, দ্বী, র, ৫।

যজ্ঞার্থং বিহিতং দ্রব্যং তস্মাৎ তদ্বিনিযোজয়েৎ। স্থানেষু ধর্ম্মযুক্তেষু ন স্ত্রী-মূর্খ-বিকর্ম্মিষু (উ)। ঐ। দা, ভা, পৃ, ২০।

(উ) 'বিকর্ম্মী'—সন্ধ্যাবন্দনাদিরূপ নিত্যকর্ম্মহীনঃ, অত্র স্ত্রিয়া যজ্ঞাযোগ্যত্বং বেদানধিকারাৎ, মূর্খবিকর্ম্মিণোর্যজ্ঞাযোগ্যত্বমাহ। ঐ। যথা—

ক্রিয়াহীনস্য মূর্খস্য মহারোগিণ এবচ।

---

* হিন্দুদের দায়াধিকার যেরূপ কারণ-মূলক, দায়ে অনধিকার-ও সেইরূপ কারণ-মূলক, অর্থাৎ ইহা মৃত ধনির ক্রিয়াদি মূলক।—তৎসম্পাদনে অযোগ্য ব্যক্তিরা দায়াধিকারি হইতে অনধিকারি। অনধিকারের কারণ অতি বিস্তর,—তাহা জন্মের ও জন্মান্তরের পাপ সম্বলিত শারীরিক ও মানসিক দোষ, ও শেষ কারণ প্রব্রজ্যাদি জোর আশ্রমান্তর গ্রহণ। এস্ট্রে, হি. ল. ব., ১, পৃ. ২১১।

CHAPTER VIII.

EXCLUSION FROM INHERITANCE.*

As a man would be drowned who attempted to pass deep water in a boat made of woven reeds, so does a father sink in the gloom of death, who leaves only contemptible sons.—Coleb. Dig. Vol. III. p. 298.

Consequently, he who is averse from performing constant and occasional rites, does not benefit his father: hence he is not capable of inheriting the paternal estate.—*Ibid.*

Vrihaspati:—'Though born of a woman equal in class, one who is not virtuous (a) shall have no claim to the paternal estate; it is ordained to devolve on those learned priests (i) who offer the funeral cake to the deceased. A son redeems his father from debt to superior and inferior beings. Consequently, there is no use for one who acts otherwise. What can be done with a cow which neither gives milk, nor bears calves? For what purpose was that son born, who is neither learned nor virtuous?—Coleb. Dig. Vol. III. p. 301. Coleb. Dá. bhá. p. 102.

(a)" Not virtuous"—that is who has vices instead of virtues.—Dà. T. p. 20.

(i)" Learned priests" are mentioned illustratively, the term comprehends any person who duly performs the obsequies and other constant and occasional rites.—Coleb. Dig. vol. III. p. 302.

Wealth is conferred for the sake of defraying sacrifices; therefore, distribute it among honest persons for that purpose, but not among women, ignorant men, or such as neglect their duties (u).—*Ibid.* p. 317.

(u) "One who neglects his duties;" one who performs not the ceremonies enjoined at morning and evening twilight, and at noon, nor other daily acts of religion: a woman is disqualified for sacrificing, because she is incapable of sacred knowledge. The legislator declares an ignorant man, and one who neglects his duties, incompetent to sacrifice.—*Ibid.* pp. 317, 318.

"Him, who neglects solemn rites, the ignorant man, one who is afflicted with

* Exclusion from inheritance, with the Hindu, rests, in general, upon the same principle with succession to it, *i. e.* it is connected with the obsequies of the deceased; from their incapacity to perform which the excluded are incompetent as heirs. The causes of it are sufficiently numerous, defects both of body and mind, together with vice, constructive as well as actual, being attended with this effect; and lastly, devotion—to any of the religious orders.—Strange's Hindu Law, Vol. I. p. 213.

ষ্টাচারি মরণান্তপর্য্যন্ত অশুচি উক্ত॥ ঐ।

তথাচ ইহায়া মরণান্ত-পর্য্যন্ত অশুচি কথিত হওয়াতে শুচির সাধ্যবস্তুসম্পাদনে অযোগ্য ইহা সূচিত হইয়াছে। ঐ।

জীমূতবাহন 'অকর্ম্মিণঃ' স্থলে 'অকর্ম্মকর্ম্মিণঃ'— এই পাঠ ধরিয়াছেন। তাঁহার মতে জুয়াখেলা প্রভৃতিতে আসক্তরা 'অকর্ম্মকর্ম্মি' এই ভাবার্থ।

দানাদি নানা গুণশীল হইলেও শ্রাদ্ধাদিতে পরাঙ্মুখ বিষয়ে অধিকারী নয় ইহা জ্ঞাতব্য। ঐ

ক্ষেত্রজ পুত্রদেরই কেবল কথিত হইয়াছে অন্যের হয় নাই, ইহা মনোরম নয়; কেননা পুত্রিকাদি ও দত্তকাদি অনপরাধি, এবং মন্বাদির বচনে ক্ষেত্রজ আর ঔরস বিশেষ করিয়া কথিত হয় নাই। যাজ্ঞবল্ক্যের সহিত একবাক্যতা হেতু মনুর সঙ্কোচ, অথবা যাজ্ঞবল্ক্য বচন মনুবচনের উপলক্ষণ এতাবতা বিনিগমকাভাব ইহা বাচ্য নয়, কেননা "বেদার্থের উপনিবন্ধনহেতু মনুর স্মৃতিরই প্রাধান্য। মনুর স্মৃতির বিপরীত যে স্মৃতি তাহা প্রশস্তা নয়"—এই বৃহস্পতি বচনে মনুরই প্রাধান্য উক্ত। বি, দা, ভা, দ্বী, র, ৫।

নাং পুত্রয়োর্দায়াধিকারো নান্যেষামিত্যাহুস্তন্ন মনোরমং পুত্রিকাপুত্রাদের্দত্তকাদেশ্চানপরাধিত্বাৎ মন্বাদিবচনে ক্ষেত্রজৌরসয়োর্বিশেষেণানভিধানাচ্চ ন চ যাজ্ঞবল্ক্যৈকবাক্যত্বাৎ মনোঃসঙ্কোচঃ মনুবচনাদ্বা যাজ্ঞবল্ক্যবচনস্যোপলক্ষণতা ইত্যত্র বিনিগমকাভাবঃ ইতি বাচ্যং—বেদার্থোপনিবন্ধৃত্বাৎপ্রাধান্যংহিমনোঃস্মৃতেঃ। মন্বর্থবিপরীতা যা সা স্মৃতির্ন প্রশস্যতে—ইতি বৃহস্পতিনা মনোঃপ্রাধান্যকথনাৎ। বি, দা, ভা, দ্বী, র, ৫।

(গ) 'নির্দ্দোষ'—অর্থাৎ অন্ধত্ববধিরত্বাদিরূপ অনধিকারোৎপাদক দোষ রহিত। 'ভাগহারী' বলার তাৎপর্য্য এই যে ভরণমাত্রে অধিকারী নয়। ঐ।

(গ) 'নির্দ্দোষা'—ইতি অন্ধত্ব বধিরত্বাদিরূপ ভাগানর্হত্ব প্রয়োজক দোষরহিতা ইত্যর্থঃ। ভাগহারিণ ইতি নতু ভরণমাত্রং। ঐ।

(জ) 'প্রতিকূলা'—এস্থলে প্রাতিকূল্য বিষপ্রয়োগাদিকারিত্বরূপ বিবক্ষিত হইয়াছে, কেবল কলহমাত্রকারিত্ব নয়—এই রত্নাকরের কৃত অর্থ। তথাচ যে রূপ স্ত্রী ভর্ত্তৃকর্ত্তৃক দূরীকৃতা হওয়ার যোগ্যা ছিল দেবরাদিকর্ত্তৃকও তাদৃশী স্ত্রীদূরীকৃতা হওনের যোগ্যা এই ভাবার্থ। ঐ।

(জ) 'প্রতিকূলা'—ইত্যত্র প্রাতিকূল্যং বিষপ্রয়োগাদিকারিত্বং বিবক্ষিতং নতু কলহমাত্রকারিত্বং ইতি রত্নাকরঃ। তথাচ যাদৃশীপরিণীতা স্ত্রীভর্ত্রা-নির্ব্বাস্যা তাদৃশী দেবরাদিভিরপীতি ভাবঃ। ঐ।

ব্যবস্থা। ৬২৪ পুত্র থাকিলে দুহিতা দায়াধিকারিণী হইবে না কিন্তু অবিবাহিতা থাকিলে বিবাহোপযুক্ত ধন পাইবে।

৬২৪ সতিচপুত্রে দুহিতা ন দায়ভাগং কিন্তু সত্যামবিবাহিতায়াং বিবাহোচিতধনং প্রাপ্নোতি।

কারণ। কেননা পুত্রসত্ত্বে কন্যাকে চতুর্থাংশ দানাত্মক যে সকল বচন তাহা অধুনা বিবাহোপযুক্ত ধন দানবোধকরূপে অবধৃত হইয়াছে।—দ্রষ্টব্য পৃ, ৪৫৩, ৪৫৮।

সতিপুত্রে কন্যায়ৈ তুরীয়াংশদানবচনানামধুনা বিবাহোচিত ধনদানপরত্বেনাবধৃতত্বাৎ। দ্রষ্টব্য পৃ,৪৫৩, ৪৫৮।

ব্যবহারে-ও পুত্র থাকিলে দুহিতার দায়াধিকার দৃষ্ট হয় না।

ব্যবহারেঽপি সতিপুত্রে দুহিতুর্দায়াধিকারো ন দৃশ্যতে।

ব্যবস্থা। ৬২৫ গৃহস্থভিন্ন অন্যাশ্রমাশ্রয়ি বানপ্রস্থাদির ন্যায় উপরতস্পৃহের-ও স্বত্ব লোপ হয়*।—দ্রষ্টব্য পৃ, ১০।

৬২৫ বানপ্রস্থাদ্যাশ্রমান্তরগতানামিব উপরতস্পৃহস্যাপি স্বকত্বাধিকারলোপঃ*।—দ্রষ্টব্য পৃ, ১০।

*দুই কারণ আছে যদ্দ্বারা পুত্রেরা যে বিষয় বিভাগ করিয়া লইবার দাওয়া করে তাহা পৈতামহ বা স্বার্জ্জিত হউক, তৎ সম্বন্ধে পিতার প্রভুত্ব তাঁহার জীবন কালেই তদনুমতি বিনাও পুত্রেতে বর্ত্তে। ঐ কারণদ্বয় যথা স্বেচ্ছায় যোগে মনোনিবেশ (—যদ্দ্বারা পিতার বিষয় উপেক্ষা করা বিবেচিত হয়.) এবং জাতিপাত—যাহাতে স্বত্বলোপ হয়। আর এক নিশ্চিত কারণ ধর্ম্ম-নিবেশ অর্থাৎ দুই ধর্ম্মাশ্রমের একতরাশ্রয় যাহাতে হিন্দুরা ধর্ম্মতঃ মৃত বিবেচিত হয়. ইহার ফলও একই, অর্থাৎ উত্তরাধিকারিরা তাহার বিষয় গ্রহণ করে। উক্ত আশ্রমদ্বয় হিন্দুদের জন্মাবধি মৃত্যু পর্য্যন্ত পারম্পর্য্য ক্রমে চারি আশ্রমের মধ্যে তৃতীয় ও চতুর্থ। প্রথম ব্রহ্মচর্য্যাশ্রম, দ্বিতীয় গৃহস্থাশ্রম তৃতীয় (অর্থাৎ পূর্ব্বোক্ত আশ্রমদ্বয়ের প্রথম) বানপ্রস্থাশ্রম, যাহাতে প্রবেশের বয়ঃক্রম পঞ্চাশত বর্ষ, অন্যাশ্রম যতি বা সন্ন্যাস ধর্ম্ম। কলিযুগ প্রবৃত্ত হওনকালে যত্যাশ্রম বলবৎ রহিয়াছে কিন্তু বানপ্রস্থাশ্রম রহিত হইয়াছে।—এস্ট্রে হি, ল, পৃ. ১১৩—১১৫। দ্রষ্টব্য, মেক, হি. ল, পৃ, ২।

begotten, and one produced by a wife duly authorised, but not their other sons, are capable of inheriting. That is not satisfactory: for the issue of an appointed daughter, the son given, and the rest, are faultless; and the offspring of the wife, and the son legally begotten, are not specially mentioned in the texts of *Manu* and the rest. It should not be argued, that no ground of preference exists whether the text of *Manu* shall be restricted as bearing the same import with the text of *Jágnyavalkya*, or this be considered as exhibiting instances which elucidate the meaning of the other, for *Manu* is superior to all the legislators: Thus *Vrihaspati*:—"*Manu* holds the first rank among legislators, because he has expressed in his code the (whole) sense of the *Veda*: no code is approved which contradicts the sense of (any law promulgated by) *Manu*."—Coleb. Dig. vol. III. pp. 322, 323.

(g) "Provided they have no disability;"—that is, provided they are free from defects which cause exclusion from inheritance, such as blindness, deafness, and the like. "They may take shares;" not a mere maintenance.—Coleb. Dig. vol. III. p. 324.

(j) "Traitorous wives:" this term, according to the *Ratnákara*, positively denotes treason, such as the attempt to administer poison or the like, not merely a contentious spirit. Consequently, the same married wife, who ought to be banished from the habitation by her husband, shall in like manner be expelled by his brothers and the rest.—Coleb. Dig. vol. III. p. 324.

624. A son being *in esse*, the daughter does not share the inheritance, but, if unmarried, she is to have wealth sufficient for her marriage. Vyavasthá.

Because, the texts intimating that a quarter share should be given to the daughter, notwithstanding the existence of a son, are at present construed to mean that wealth sufficient for the nuptial expenses is to be given to the daughter, if unmarried.—See *ante*, pp. 457—459.

In practice too, a daughter's succession is never seen while there is a son.

625. The heritable right of the person who has given up the worldly concern becomes extinguished, just as that of the hermit and others quitting the condition of a householder.*—See *ante*, p. 11. Vyavasthá

* There are two occasions, upon either of which dominion may be transferred from the father in his life-time without his consent, whether the property, claimed by the sons to be divided, be ancestral or acquired. These are, voluntary devotion, by which the father is considered as having renounced it, and degradation from caste by which it is forfeited. Another undoubted one is his entry into religion; that is, his assumption of the one or other of two religious orders, by which a *Hindu* is accounted dead in law; the consequence also being the same, that his heirs take his estate. They constitute the third and fourth stages in the progressive advancement of the *Hindu*, from birth to death; the first being that of a *student*; the second that of a married man, or householder: the third (the first of the two in question) viz that of a *hermit* (*Vánaprastha*,) for which the appointed age is fifty; the next is that of *Anchoret*, (*Sannyási*, or *Yati*:) that of the *Anchoret* was left at the beginninig of the present (*kali*) age subsisting, when that of the *Hermit* is said to have been abrogated.—Str. H. L. vol. I. pp. 113—116. *Vide* Macn. H. L. vol. I. p. 2.

ব্যবস্থা

৬২৬ পতিতের ধনে পতিতাবস্থায় উৎপন্ন পুত্রাদির (ট) অধিকার, পাতিত্যের পূর্ব্বে উৎপন্নদিগের অধিকার নাই।

এস্থলে 'আদি' পদে পতিতের পতিত কুটুম্ব প্রভৃতি বোধ্য।

যথা বানপ্রস্থাদির ধনে তৎপ্রাগুৎপন্ন পুত্রাদির অধিকার নাই, সেইরূপ পাতিত্যের পর পতিতের উপার্জ্জিত ধনে তৎপ্রাগুৎপন্ন পুত্রাদির অধিকার নাই। 'একস্থানে নির্ণীত শাস্ত্রার্থ বাধক না থাকিলে স্থানান্তরেও সেইরূপ খাটে'—এই ন্যায়ে বানপ্রস্থাদির দায়াধিকারির ন্যায় পতিতের-ও দায়াধিকারী নির্দ্দেষ্টব্য—কেননা বানপ্রস্থাদির মত পতিত-ও মৃতকল্পিত, ও হৃতস্বত্ব*।

পাতিত্য দশায় উপার্জ্জিত ধনে পাতিত্যহেতু স্বত্বনাশ হয় ইহা বাচ্য নয়, কেননা তাহা হইলে তাহাকে ভোজনার্থে সর্ব্বদা চুরি করিতে হইবে।—বি, দা, ভা, দ্বী, র, ৫।

কলিভিন্ন অন্যযুগে অসজাতীয়া কন্যা বিবাহ এবং তদ্গর্ভজ সুতদের ন্যূনাধিক দায়াধিকার-ও শাস্ত্রানুমত ছিল, তদ্যথা,—

সবর্ণাপরিণয়ন এবং অনুলোমক্রমে স্ত্রীপরিণয়ন-ও বিহিত, তথা মনুঃ—"দ্বিজাতিদের প্রথমে সবর্ণাবিবাহ-ই প্রশস্ত, কিন্তু ইচ্ছাতে প্রবৃত্তদিগের বক্ষ্যমাণ (ন) ক্রমে অপ্রশস্ত। শূদ্রাই (ড) শূদ্রের ভার্য্যা, সে ও বৈশ্যা বৈশ্যের ভার্য্যা উক্তা। এই দুই এবং ক্ষত্রিয়া ক্ষত্রিয়ের, এই তিন এবঞ্চ নিজজাতীয়া ব্রাহ্মণের ভার্য্যা"।—দা, ভা, পৃ, ১৫০।

(ড) শূদ্রা-ই (সংস্কৃত শূদ্রা-এব) উক্ত হওয়াতে 'এব' শব্দ সকলের সহিত সম্বন্ধ রাখে। কেননা অনন্তর পূর্ব্বে উক্ত ঐ শব্দ 'সে, তাহারা দুই এবং তাহারা তিন' এই শব্দ সকলের সহিত উহা ইহার অর্থ এই যে প্রতিলোমক্রমে বিবাহ সর্ব্বথা অকর্ত্তব্য।

(ন) 'কিন্তু ইচ্ছাতে প্রবৃত্তদিগের' ইত্যাদি অল্পদোষ সুচনার্থ, (এককালে) দোষাভাব কথনার্থ নয়। তাহা শঙ্খলিখিত কহিয়াছেন 'ভার্য্যা কর্ত্তব্যা, সজাতীয়া সর্ব্বাপেক্ষা প্রশস্তা এই পূর্ব্বকল্প। অনন্তর অনুলোম কল্প, (যথা) আনু-

৬২৬ পতিতস্য ধনে পাতিত্যাবস্থায়ামুৎপন্নাদীনামধিকারঃ (ট) নতু পাতিত্যাৎপ্রাগুৎপন্নানাম্।

অত্র 'আদি' পদে পতিতস্য পতিত কুটুম্বপ্রভৃতয়ঃ বোধ্যাঃ।

যথা বানপ্রস্থাদীনাং ধনে তৎপ্রাগুৎপন্নপুত্রাদীনাং নাধিকারস্তথা পতিতস্য পাতিত্যানন্তরার্জ্জিতধনে তৎপ্রাগুৎপন্নপুত্রাদেরধিকারোনাস্তীতি একত্রদৃষ্টশাস্ত্রার্থো বাধকং বিনা অন্যত্রাপি তথেতি ন্যায়াৎ বানপ্রস্থাদীনাং ধনাধিকারিবৎ পতিতস্যাপি ধনাধিকারী নির্দ্দেষ্টব্যঃ—বানপ্রস্থাদিবৎ পতিতস্য মৃতত্বেন কল্পিতত্বাৎ হৃতস্বত্বাচ্চ*।

নহি পাতিত্যদশায়ামর্জ্জিতধনে পাতিত্যাৎস্বত্বংনশ্যতীতি বক্তুংযুজ্যতে পতিতস্য ভোজনার্থংসর্ব্বদাস্তেয়প্রসঙ্গাৎ। বি, দা, ভা, দ্বী, র, ৫।

কলীতরযুগে অসবর্ণাবিবাহস্তজ্জাতানাম্ ন্যূনাধিকোন দায়াধিকারশ্চ শাস্ত্রানুমতোঽভূত্ তদ্যথা,—

অস্তি চ সবর্ণানুলোমস্ত্রীপরিণয়নং। তথাচ মনুঃ—'সবর্ণাগ্রে দ্বিজাতীনাংপ্রশস্তা দারকর্ম্মণি। কামতস্তু প্রবৃত্তানামিমাঃ (ন) স্যুঃক্রমশোঽবরাঃ॥ শূদ্রৈব (ড) ভার্য্যা শূদ্রস্য সাচ স্বাচ বিশঃস্মৃতে। তেচ স্বাচৈব রাজ্ঞঃ স্যুস্তাশ্চ স্বাচাগ্রজন্মনঃ'॥ দা, ভা, পৃ, ১৫০।

(ড) শূদ্রৈবেত্যেবকারঃ সর্ব্বত্রসম্বধ্যতে। 'সা তে তা' ইত্যনন্তর পূর্ব্বোক্তপরামর্ষাৎ। প্রতিলোমপরিণয়নং সর্ব্বথৈব ন কার্য্যমিত্যর্থঃ।—দা, ভা, পৃ, ১৫১।

(ন) 'কামতস্তুপ্রবৃত্তানামিত্যাদি' দোষাল্পত্বখ্যাপনার্থংনতু দোষাভাবএব। তদাহতুঃ শঙ্খলিখিতৌ 'ভার্য্যাঃকার্য্যাঃসজাতীয়াঃ শ্রেয়স্যঃ সর্ব্বেষাং স্যুরিতি পূর্ব্বঃকল্পঃ, ততোঽনুলোমকল্পঃ

* দ্রষ্টব্য—ব্য, দ, পৃ, ১০৩ ২২৩

626 **To the property of an outcast his son born after degradation and the rest (t) are heirs,** and not the son born before that event. Vyavastha'

(T) Here by the term and "the rest" is meant his relations degraded like himself.

As, to the property of a hermit and the rest, their sons and others, born before their entering such states, are not heirs, so, to the property acquired by an outcast after his degradation, his sons and the rest, born before that event, have no heritable right. The successor to the property of a degraded man must therefore be ascertained like the successor to the property of a hermit and the rest, * according to the maxim—" the sense of the law, as ascertained in one instance, is applicable in others also, provided there be no impediment† ;" inasmuch as, like the hermit and the rest, the outcast is considered *civiliter mortuus*, and deprived of right to property.

It is not proper to affirm, that his property in wealth acquired during his fallen state is forfeited by reason of his degradation. Else, a degraded sinner would be always compelled to rob for his subsistence.—Coleb. Dig. vol. III. p. 315.

In ages other than the present (*Kali*,) marriages with damsels of unequal classes, and succession of the sons born of them, were allowed by law; thus the *Dáyabhága*:—" Marriage is allowed with women in the order of tribes, as well as with those of equal class; for *Manu* says, 'For the first marriage of the twice born classes, a woman of the same tribe is recommended; but for such, as are impelled by desire (n), those following are preferable in the order of the classes. A *Shúdrá* woman only (d) must be the wife of a *Shúdra*; she and a woman of his own tribe (are the only wives) of a merchant; they two, and a woman of his own class, are only eligible for a woman of the royal (or military) tribe; and those (three) and a woman of his own rank (may be wives) of a priest."—Coleb. Da'. bha'. p. 142.

(d) A *Shúdra* woman only.] The particle "only" is connected with every member of the sentence; for that term, expressed immediately before, is understood with the words 'she', 'they two,' and 'those three.' The meaning is, that marriage in the inverse order of the tribes must by no means be contracted.—*Ibid.* p. 142.

(n) But for such, as are impelled by desire, these &c.] This indicates an alleviation of offence, not entire exemption from blame. So *Sankha* and *Likhita* declare, " Wives must be espoused. Women of like class are preferable to all persons." This is stated as the principal rule. The succedaneous one follows: 'Four wives of a *Bráhmana* are allowed in the direct order; three, of a *Kshatriya*;

* See *ante*, pp. 11 & 297.

† Vide Coleb. Da'. bha'. p. 63.

পূর্ব্বিকক্রমে ব্রাহ্মণের চারি স্ত্রী, ক্ষত্রিয়ের তিন, বৈশ্যের দুই, ও শূদ্রের এক। জাতি ভেদে চারি প্রভৃতি সঙ্খ্যার সম্বন্ধ।—দা, ভা, পৃ, ৫১।

চতস্রোব্রাহ্মণস্যানুপূর্ব্বেণ তিস্রোরাজন্যস্য দ্বে বৈশ্যস্য একা শূদ্রস্য। জাত্যবচ্ছেদেন চতুরাদিসঙ্খ্যা সম্বধ্যতে।—দা, ভা, পৃ, ১৫১।

ইহারা বিবাহিতা ভার্য্যা যথা পৈঠীনসি কহিয়াছেন—'ব্রাহ্মণের বিবাহিতা স্ত্রী চারি, অন্যের (প) তিন, দুই, ও এক। ঐ।

এতাঃপরিণীতাএব ভার্য্যা ভবন্তি তদাহপৈঠীনসিঃ—'চতস্রোব্রাহ্মণস্য পরিণীতাস্তিস্রো দ্বে চৈকা চেতরেষাং (প)। ঐ, পৃ, ১৫২।

(প) অন্যের অর্থাৎ ক্ষত্রিয়াদির যথাক্রমে তিন, দুই, ও এক। ঐ।

(প) ইতরেষাংরাজন্যাদীনাং যথাক্রমং তিস্রো দ্বে চৈকাচেতি। ঐ।

অনুলোমক্রমে হইলেও দ্বিজাতির সহিত শূদ্রার বিবাহ মনু ও বিষ্ণু কর্ত্তৃক অত্যন্ত দূষ্য উক্ত হইয়াছে। ঐ।

আনুলোমেঽপি দ্বিজাতেঃ শূদ্রায়াংবহুদোষমাহতুর্ম্মনুবিষ্ণূ। ঐ।

অতএব শূদ্রাকে ত্যাগ করিয়া শঙ্খ দ্বিজাতির ভার্য্যা নির্ণয় করিয়াছেন যথা—ব্রাহ্মণী ক্ষত্রিয়া ও বৈশ্যা ব্রাহ্মণের, ক্ষত্রিয়া ও বৈশ্যা ক্ষত্রিয়ের, বৈশ্যা বৈশ্যের ও শূদ্রা শূদ্রের ভার্য্যা কথিতা। ঐ।

অতএব শূদ্রাবর্জ্জং দ্বিজাতিভার্য্যামাহ শঙ্খঃ—ব্রাহ্মণীক্ষত্রিয়াবৈশ্যা ব্রাহ্মণস্যপ্রকীর্ত্তিতা। ক্ষত্রিয়াচৈববৈশ্যাচ ক্ষত্রিয়স্যপ্রকীর্ত্তিতা। বৈশ্যৈবভার্য্যাবৈশ্যস্য শূদ্রাশূদ্রস্যকীর্ত্তিতা॥ ঐ।

অনন্তর মনু চারিজাতীয়া স্ত্রীর পুত্রদের বিভাগ কহিয়াছেন, যথা—যে পুত্র বিপ্র সে তিন অংশ, ক্ষত্রিয়ার সুত দুই অংশ, বৈশ্যার গর্ভজ দেড় অংশ ও শূদ্রার সুত একাংশ গ্রহণ করিবে॥ অথবা ধর্ম্মশাস্ত্রজ্ঞ ব্যক্তি সমুদায় ধন দশভাগ করিয়া (বক্ষ্যমাণ) বিধানে ধর্ম্মবিভাগ করিবেন'। বিপ্র চারি অংশ লইবে, ক্ষত্রিয়ার সুত তিন অংশ, বৈশ্যার পুত্র দুই অংশ ও শূদ্রার সুত এক অংশ লইবে। ঐ। ১৫৩

ততশ্চাতুর্ব্বর্ণ্যপুত্রাণাং বিভাগমাহমনুঃ 'ত্র্যংশংদায়াদ্ধরেদ্বিপ্রো দ্বাবংশৌক্ষত্রিয়াসুতঃ। বৈশ্যাজোঽধ্যর্দ্ধমেকাংশমংশং শূদ্রাসুতোহরেৎ॥ সর্ব্বংবা রিক্থজাতন্তু দশধা পরিকল্প্য তৎ। ধর্ম্ম্যং বিভাগংকুর্ব্বীত বিধিনানেন ধর্ম্মবিৎ। চতুরোঽংশান্ হরেদ্বিপ্রস্ত্রীনংশান্ ক্ষত্রিয়াসুতঃ॥ বৈশ্যাপুত্রো হরেদ্দ্ব্যংশমংশংশূদ্রাসুতো হরেৎ। —ঐ। ১৫৩।

কিঞ্চিৎ গুণ থাকিলে বিভাগ দুই প্রকার হয়—ক্ষত্রিয়ার গর্ভজ ব্রাহ্মণের বীর্য্যজাত পুত্র যদি সর্ব্বজ্যেষ্ঠ ও গুণবান্ হয় তবে ব্রাহ্মণের সহিত সমভাগ পাইবে, বৈশ্যার গর্ভে ব্রাহ্মণের বা ক্ষত্রিয়ের জাত পুত্র যদি তদ্রূপ হয় তবে ক্ষত্রিয়ের সহিত তুল্য ভাগী হইবে, যথা বৃহস্পতি কহিয়াছেন—'ক্ষত্রিয়ার গর্ভে ব্রাহ্মণের জাত পুত্র জন্মজ্যেষ্ঠ ও গুণান্বিত হইলে সমানাংশ হইবে, বৈশ্যার গর্ভে ক্ষত্রিয়ের জাত-ও ঐ রূপ, তথা বৌধায়নকর্ত্তৃক উক্ত হইয়াছে। দ্রষ্টব্য—দা, ভা, পৃ, ১৫৩।

কিঞ্চিদ্গুণবত্তেনবিভাগপ্রকারদ্বয়ং—ব্রাহ্মণজাতো রাজন্যাপুত্রএব যদি জন্মনা সর্ব্বজ্যেষ্ঠো গুণবাংশ্চ তদা ব্রাহ্মণেনসহতুল্যভাগঃ কার্য্যঃ ব্রাহ্মণেনক্ষত্রিয়েণ বা জাতো বৈশ্যশ্চেত্তদ্রূপঃ, তদা ক্ষত্রিয়েণ সহতুল্যাংশী। যথাহ বৃহস্পতিঃ—বিপ্রেণ ক্ষত্রিয়াজাতো জন্মজ্যেষ্ঠোগুণান্বিতঃ। ভবেৎ সমাংশঃ ক্ষত্রেণ বৈশ্যাজাতস্তথৈবচ। তথা বৌধায়নঃ দ্রষ্টব্য—দা, ভা, পৃ, ১৫৩।

কিন্তু প্রতিগ্রহদ্বারা যে ভূমি পিতার অর্জ্জিত তাহা কেবল ব্রাহ্মণীর পুত্রের, ক্ষত্রিয় পুত্রাদির নয়, ক্রমাগত গৃহ ও ক্ষেত্র দ্বিজাতি পুত্রদেরই শূদ্রপুত্রের নয়। তাহা বৃহস্পতিকর্ত্তৃক উক্ত হইয়াছে। দ্রষ্টব্য—দা, ভা, পৃ, ১৫৫।

যাতু প্রতিগ্রহেণ পিত্রার্জ্জিতাভূমিঃ সা ব্রাহ্মণীপুত্রস্যৈব ন ক্ষত্রিয়াদেঃ, গৃহং ক্রমাগতং ক্ষেত্রঞ্চ দ্বিজাতি পুত্রাণামেব ন শূদ্রস্য। তদাহবৃহস্পতিঃ। দ্রষ্টব্যো দায়ভাগঃ। পৃ, ১৫৫।

two, of a *Voishya*; and one of a *Shúdra*.'—The numbers here stated, 'four,' &c., are intended to refer to the tribes.—*Ibid.*

These women are wedded wives. So *Poithinasi* shows: "Four wedded wives of a *Bráhmana* are allowed; and three, two, and one, of the rest (p) respectively.

(p) Of the rest.] Of the *Kshatriya*, &c., in their order three, two, and one, may be allowed.—*Ibid.*

Though (such a marriage be) in the direct order of the classes, *Manu* and *Vishnu* have strongly censured the union of a man of a regenerate tribe with a *Shúdrá* woman.—*Ibid.* p. 143.

Accordingly, *Sankha* omits *Shúdra* in describing a wife eligible for a twice born man. "A *Bráhmaní*, a *Kshatriyá*, and *Voishyá*, are propounded as the allowed wives of a *Bráhmana*; a *Kshatriyá* and a *Voishyá*, of a *Kshatriya*; but a *Voishyá* is ordained the only wife of a *Voishya*: and, a *Shùdrá* of a *Shúdra*.—*Ibid.* p. 144

Manu (then) propounds the distribution among sons of four classes. "Let the venerable son take three shares of the heritage; and the son of the *Kshatriyá* wife, two shares; the son of the *Voishyá* wife, a share and a half; and the son of the *Shúdrá* wife may take a share. Or let a person, conversant with law, divide the whole collected estate into ten parts, and make a legal distribution by this (following) rule: let the venerable son receive four parts; the son of the *Kshatriyá*, three; let the son of the *Voishyá* have two parts; and let the son of the *Shúdrá* take a single part."—*Ibid.* p. 144.

Two modes (of partition) are propounded on the supposition of some (superiority of) good qualities.—The son of a *Bráhmana* by a *Kshatriyá* wife, if eldest of all by birth, and superior in virtue, shall be an equal sharer with the *Bráhmana* son: and the son of a *Bráhmana* or of a *Kshatriya* by a *Voishyá* wife shall, in like circumstances, be an equal participator with the *Kshatriya* son. So *Vrihaspati* directs:—'The son of a *Kshatriyá* wife, being elder by birth, and endowed with superior qualities, shall have an equal share with the venerable son of the *Bráhmaní*; and, in like manner, the son of a *Voishyá* wife shall share equally with the soldier.'—*Ibid.* P. 145

But land, wich has been acquired by the father, through acceptance (of a pious donation) shall belong to the son of the *Bráhmaní* exclusively, not to the *Kshatriya* son and the rest; and the house and hereditary field appertain to the sons of regenerate classes, not to the *Shúdra*.—*Ibid*, p. 146.

ব্যবস্থা। **৬২৭ পরন্তু কলিতে অসজাতীয়া কন্যা বিবাহ নিষিদ্ধ হওয়াতে* দণ্ডাপূপন্যায়ে অসজাতীয়ার গর্ভজ পুত্রের দায়াধিকার-ও প্রতিষিদ্ধ। তাহাতে অথচ উদ্ধারার্হজ্যেষ্ঠাভাবে জ্যেষ্ঠাংশও রহিত হইয়াছে†।**

অতএব এক্ষণে অসজাতীয়াকন্যার বিবাহ ও তদ্‌গর্ভজাতদিগের দায়াধিকার বর্ণনা বৃথা।

যাহা উপরে কথিত হইল তাহা যথাক্রমে বিবাহিতাদের গর্ভজসুতদিগের বিষয়ে,—

ব্যবস্থা **৬২৮ পরন্তু ক্রমাতিক্রমে বিবাহিতাদের মধ্যে সবর্ণার গর্ভজপুত্রের-ই কেবল অধিকার।**

প্রমাণ। নীচজাতিয়াকে বিবাহ করণানন্তর উচ্চজাতীয়াকে বিবাহ করিলে উভয়ই ক্রমের অতিক্রমে বিবাহিতা হয়, তাহাদের কাহারো গর্ভে সগোত্র নিযুক্তদ্বারা উৎপন্ন পুত্র ধনাধিকারী হয় না। ক্রমের অতিক্রমে বিবাহিতাদের মধ্যে সজাতীয়ার গর্ভে উৎপন্নপুত্র ধনাধিকারী হয়, তাহা কাত্যায়ন কহিয়াছেন—'ক্রমের অতিক্রমে বিবাহিতার পুত্র পিতৃকর্তৃক সজাতীয়ার গর্ভজাত হইলে ধনাধিকারী হয়, এবং যথাক্রমেবিবাহিতা অসবর্ণার গর্ভজ পুত্র-ও ধনাধিকারী। অক্রমোঢ়া অসবর্ণার গর্ভজ সুত অধিকারী নয়, কিন্তু বন্ধুরা তাহাকে গ্রাসাচ্ছাদনমাত্র দিবে। বন্ধুদের অভাবে সে পৈতৃক বিষয় পাইবে, বন্ধুরা নিজ পিতৃধন পাইলে রাজা তাহাদেরদিয়া উহাকে ধন দেওয়াইবেন না।

ব্যবস্থা। **পরন্তু ইদানীং অসজাতীয়ার পুত্রেরা অনুলোম বা প্রতিলোমক্রমে বিবাহিতার গর্ভজ হউক পুত্রত্বাভাব হেতু গ্রসাচ্ছাদনেও অধিকারি নয় ইহা জ্ঞেয়।**

৬২৭ কিন্তু কলাবসবর্ণাবিবাহ* নিষেধাদসবর্ণাজাতানাং দায়াধিকারো দণ্ডাপূপন্যায়েন প্রতিষিদ্ধঃ তেন উদ্ধারার্হজ্যেষ্ঠাভাবেন চ জ্যেষ্ঠাংশোঽপি রহিতঃ†।

অতএবালম্‌বিস্তরেণাধুনাসবর্ণাবিবাহবর্ণনং তজ্জাতানাংদায়গ্রহণঞ্চ।

যদুপর্য্যুক্তং তৎক্রমোঢাজাতপুত্র বিষয়কমেব,—

৬২৮ অক্রমোঢাজাতানান্তু সবর্ণায়াংসমুৎপাদিতস্যাধিকারোঽস্তীতি।

হীনবর্ণস্ত্রীপরিণয়নানন্তরং উত্তমবর্ণস্ত্রীপরিণয়নে দ্বয়োরপ্যক্রমোঢাত্বং, তয়োঃ সগোত্রাৎনিযুক্তাদুৎপন্নঃ ক্ষেত্রজঃ পুত্রোনার্হতিধনং, অক্রমোঢায়ামপি সবর্ণেনপরিণেত্রা উৎপাদিতঃ পুত্রো ধনাধিকারী। তদাহকাত্যায়নঃ—'অক্রমোঢাসুতস্তুক্‌থী সবর্ণশ্চেদা পিতুঃ। অসবর্ণপ্রসূতশ্চ ক্রমোঢায়াঞ্চ যোভবেৎ। প্রতিলোমপ্রসূতোযস্তস্যাঃ পুত্রো ন রিক্‌থভাক্‌। গ্রাসাচ্ছাদনমাত্রং তু দেয়ংযদ্বন্ধুভির্মতং। বন্ধূনামপ্যভাবেতু পিত্র্যংদ্রব্যংতদাপ্নুয়াৎ। স্বপিত্র্যংতদ্ধনংপ্রাপ্তুং দাপনীয়া ন বান্ধবাঃ।—দা. ভা পৃ, ১১৯, ১২০।

ইদানীন্তু সবর্ণাজাতানমনুলোমপ্রসূতানাং, প্রতিলোমপ্রসূতানাঞ্চ পুত্রত্বাভাবেন গ্রাসাচ্ছাদনাধিকারোঽপি নাস্তীতি জ্ঞেয়ং।

* সমুদ্র পরিভ্রমণ গৃহস্থের কমণ্ডলু ধারণ, তথা দ্বিজাতিকর্তৃক অসজাতীয়া কন্যা বিবাহ দেবরদ্বারা সুতোৎপত্তি, মধুপর্কে পশুবধ। তথা শ্রাদ্ধে মাংস দেওয়া ও বানপ্রস্থাশ্রম, দত্ত কন্যার পুনর্ব্বার বিবাহ দেওয়া, দীর্ঘকাল ব্রহ্মচর্য্য, নরমেধ এবং অশ্বমেধ যজ্ঞ, মহাপ্রস্থানে গমন তথা গোমেধ যজ্ঞ—মণীষিরা এই সকল আচারকে কলিযুগে বর্জ্জিত কহিয়াছেন।—উদ্বাহতত্ত্বধৃত বৃহন্নারদীয় পুরাণ বচন। দ্রষ্টব্য—পৃ, ৭০৯।

* সমুদ্রযাত্রাস্বীকারঃ কমণ্ডলুবিধারণং। দ্বিজানামসবর্ণাসু কন্যাসূপযমস্তথা॥ দেবরেণসুতোৎপত্তিঃ মধুপর্কেপশোর্বধঃ। মাংসদানংতথাশ্রাদ্ধে বানপ্রস্থাশ্রমস্তথা। দত্তায়াশ্চৈবকন্যায়াঃ পুনর্দানং বরস্যশ্চ। দীর্ঘকালং ব্রহ্মচর্য্যং নরমেধাশ্বমেধকৌ। মহাপ্রস্থানগমনংগোমেধঞ্চ তথামখং। ইমান্‌ ধর্ম্মান্‌ কলিযুগে বর্জ্যানাহুর্মনীষিণঃ উদ্বাহতত্ত্বধৃত বৃহন্নারদীয়পুরাণং। দ্রষ্টব্য—পৃ, ৭০৯।

† দ্রষ্টব্য—ব্য, দ, পৃ, ২২ ও ৪০০—৪০২।

627 But by the prohibition to marry, in the present (*kali* age, a damsel of a different tribe,* the heritable right of the children born of such a woman is, by analogy, disallowed: in consequence thereof, as well as of an elder brother worthy of a superior portion being now rare,† the right of primogeniture is also abrogated. Vyavasthá.

Now, therefore, it is useless to dwell upon the marriage with a girl of a different tribe and the heritable right of the children born of her.

What is above laid down relates to the children of the women married in the regular order.

628 But of the children born of the women married in irregular order, the son of her who is of the same tribe with the husband, has alone the heritable right. Vyavastha'.

If a man espouse a woman of superior tribe after marrying one of an inferior class, both marriages are contrary to regular order. The son of either of these women, being *kshetraja* or issue of the wife procreated by a kinsman authorised to raise up issue to the husband, is unworthy of the inheritance. But a son begotten by the husband himself, being of the same tribe, on his wedded wife espoused in irregular order, is heir to the estate: so likewise is a son begotten by the husband on a wife dissimilar in class but espoused in regular gradation. That is declared by *Kátyáyana*; "But the son of a woman, married in irregular order, may be heir, provided he belong to the same tribe with his father: and so may the son of a man belonging to a different (but superior) tribe, by a woman espoused in the regular gradation. The son of a woman married to a man of inferior tribe is not heir to the estate. Food and raiment only are considered to be due to him by his kinsmen. But on failure of them, he may take the paternal wealth. The kinsmen shall not be compelled to give the wealth received by them, not being his patrimony.—Coleb. Da'. bha'. p. 105. Authority.

629. But in the present (*kali*) age, the sons of women of a different class, whether married in the regular or irregular order, not being considered as sons of the man by whom they were begotten, cannot even be entitled to maintenance. Vyvvastha

* Under taking sea voyages (to circumnavigate the ocean) the marriage of twice born men with damsels not of the same class, procreation of a son by a younger brother of the (deceased) husband, slaughter of cattle in the entertainment of a guest, repast on fleshmeat at funeral obsequies, and the order of a hermit, the act of again giving a young (married) woman in marriage to (another) bridegroom, (a householder) continuing to be the student of the *Vedas*, for a very long time, the carrying of a water pot, (by a householder,) walking on a pilgrimage till the pilgrim die, the slaughter of a bull at a sacrifice: the wise have declared that these practices must be avoided in the *kali* age.—See the general note appended to Sir W. Jones' translation of *Manu*; and Coleb. Dig. Vol. III. pp. 141, 142' 271 272 & 288; also *ante*, pp. 21, & 911.

†See *ante*, pp. 23 & 401—403

৬০০ বেদবিহিতরূপে বিবাহিত হইলেও যে যে নারীর ভার্য্যাত্ব হয় না, তাহাদের গর্ভজাতরা পুত্রত্বাভাবহেতু বিষয়াধিকারি নয়।

"দাসীর অথবা অবিবাহিত অন্য শূদ্রার গর্ভেজাত শূদ্রের পুত্র পিতার অনুমতিতে অন্য পুত্রের সহিত তুল্যাংশভাগী, তাহা মনু কহিয়াছেন—'দাসীর কিম্বা দাসের দাসীর গর্ভে শূদ্রের যে সুত হয় সে পিতার অনুজ্ঞাক্রমে অংশ পায় এই ধর্ম্মশাস্ত্রীয় ব্যবস্থা'। কিন্তু অনুমতি বিনা অর্দ্ধাংশ পাইবে, তাহা যাজ্ঞবল্ক্য কহিয়াছেন—দাসীর গর্ভে শূদ্রের পুত্র জন্মিলে সে পিতার ইচ্ছাক্রমে অংশভাগী হয়, পিতা মরিলে ভ্রাতারা তাহাকে অর্দ্ধাংশভাগি করিবে। সে বিবাহিতা স্ত্রীর গর্ভজাত ও ভ্রাতৃহীন হইলে যদি দৌহিত্র না থাকে তবে সকল ধন লইবে, তাহা যাজ্ঞবল্ক্য কহিয়াছেন—'(ধনির) দৌহিত্র না থাকিলে ভ্রাতৃহীন সমুদায় ধন লইবে'। কিন্তু দৌহিত্র থাকিলে বিশেষ বিধানাভাবহেতু সমান ভাগ করিয়া লইবে—তথাচ তন্মধ্যে একজন অবিবাহিতার গর্ভজাত হইলেও তাহার পুত্রত্ব থাকাতে এবং অন্যে বিবাহিতার সন্তান হইয়াও দৌহিত্র হওয়াতে সমভাগই যুক্তি যুক্ত"।—দা, ভা, পৃ, ১৬০।

কিন্তু এক্ষণে এই ব্যবস্থা প্রচলিত নয়, কেননা আদৌ ঐ শূদ্রা অসজাতীয়া হইলে তাহার পুত্রের অধিকার রহিত, যেহেতু কলিতে অসবর্ণ দত্তক গ্রহণ নিষেধ অসবর্ণাকে বিবাহ প্রতিষেধ ও তাহার ভার্য্যাত্বাভাব* হেতু এবং অসবর্ণার গর্ভজেরপুত্রত্বাভাবহেতু দায়াধিকার রহিতরূপে অবধৃত হইয়াছে। দ্বিতীয়তঃ এক্ষণে শাস্ত্রোক্ত দাসী† অপ্রাপ্য হওয়ায় দাসীপুত্রের অভাবই অবধৃত। তৃতীয়তঃ—অবিবাহিতা সবর্ণানারীতে কাহারো সুতোৎপন্ন হইলে-ও তাদৃশ সুতে পুত্রবান্ হওয়া সৎশূদ্রদের আচার বিরুদ্ধ—যেহেতু এক্ষণে সে সুত জারজ বলিয়াই অবধৃত। অতএব উক্ত দায়ভাগীয়ব্যবস্থা এতদ্দেশে নীচ শূদ্রজাতিতেই প্রযুজ্য সৎশূদ্রে নয়—কেননা এক্ষণে দ্বিজাতির ন্যায় আচারবন্ত সৎশূদ্রদের দায়াধিকার-ও দ্বিজাতির ন্যায় আচারসিদ্ধ, এবং 'আচার পরম ধর্ম্ম'—ইত্যাদি মনুবচনে ধর্ম্মশাস্ত্রের বিধানাপেক্ষা আচার প্রবল‡।

৬০০ বেদবিহিতপরিণয়নেঽপি যাসাংভার্য্যাত্বাভাবঃ* তজ্জাতানাং ন দায়াধিকারোঽস্তি পুত্রত্বাভাবাৎ।

"শূদ্রস্য পুনরপরিণীতাদাস্যাদিশূদ্রাপুত্রঃ পিতুরনুমত্যা পুত্রান্তরতুল্যাংশহরঃ। তদাহ মনুঃ—'দাস্যাম্বাদাসদাস্যাংবা যঃশূদ্রস্য সুতোভবেৎ। সোঽনুজ্ঞাতো হরেদংশমিতি ধর্ম্মোব্যবস্থিতঃ'। অনুমতিমন্তরেণত্বর্দ্ধাংশহরঃ। তদাহ যাজ্ঞবল্ক্যঃ—'জাতোঽপিদাস্যাং শূদ্রেণ কামতোঽংশহরোভবেৎ। মৃতেপিতরি কুর্য্যুস্তংভ্রাতরস্ত্বর্দ্ধভাগিনং। পরিণীতাস্ত্রীজাতভ্রাতৃশূন্যস্ত সর্ব্বমেবধনংগৃহ্লীয়াৎ, যদি দৌহিত্রোনাস্তি তদাহ যাজ্ঞবল্ক্যঃ—'অভ্রাতৃকোহরেৎ সর্ব্বংদুহিতৃণাংসুতাদৃতে'। সতিতু দৌহিত্রে সমংবিভাজ্য গৃহ্লীয়াৎ বিশেষাশ্রবণাৎ। তথাহ্যপরিণীতাজাতত্বেঽপ্যস্য পুত্রত্বাৎ অপরস্য তু পরিণীতাসন্তানত্বেঽপি দৌহিত্রত্বাৎতুল্যাংশস্যৈবযুক্তত্বাৎ"।—দা, ভা, পৃ, ১৬০।

অধুনাত্বেষা ব্যবস্থা ন প্রচলিতা। যস্মাদাদৌ—সত্যামসবর্ণায়াং তস্যাঃ পুত্রস্যাধিকারো রহিতএব কলৌ অসবর্ণাদত্তক গ্রহণস্য প্রতিষেধেন অসবর্ণাবিবাহ নিষেধেন তস্যা ভার্য্যাত্বাভাবেন চ অসবর্ণাজাতস্য পুত্রত্বাভাবাদ্দায়াধিকারস্য রহিতত্বেনাবধৃতং। দ্বিতীয়তস্ত্বধুনাশাস্ত্রোক্ত দাসীনাং† বিরলতয়া দাসীপুত্রস্যচাভাবেনাবধৃতং। তৃতীয়ত উৎপন্নেঽপ্যপরিণীতায়াংনার্য্যাং কস্যাপি সুতে তাদৃশসুতেন পুত্রবত্বংসত্‌শূদ্রাণামত্র আচারবিরুদ্ধং তস্যাধুনাজারজত্বেনৈবাধৃতত্বাৎ। অতএবোক্ত দায়ভাগীয় ব্যবস্থাত্র নীচশূদ্রেষ্বেব প্রযুজ্যা—ন তু সৎশূদ্রেষ্বপি, অধুনা দ্বিজাতিসমাচারাণাংতেষাং দায়াধিকারস্য দ্বিজাতিসমাচারসিদ্ধত্বাৎ 'আচারঃপরমোধর্ম্ম' ইত্যাদিমনুবচনেন ধর্ম্মশাস্ত্রবিধানাপেক্ষয়া আচারস্য প্রবলত্বাচ্চ‡।

---

* দ্রষ্টব্য ব্যবস্থা—৩৯৯, ৪০০, ৪০১, ৪০২, ৪০৩, ৪০৪, ৪০৫ ৪০৮, ৪১০, ৪১১, ৪১৫, ৪১৬। পৃ, ৭৯ ৭২৯। এবং দ্রষ্টব্য—কোল, ডা, বা, ৩, পৃ, ৩২৯—৩৩২। † দ্রষ্টব্য—পৃ. ৫৫৫। ‡ দ্রষ্টব্য—৩০৩—৩১৩।

630 The sons born of those women who, though married according to the forms of the *Veda*, do not become wives,* have no heritable right, they not being sons (in the eye of the law.) **Vyavastha.**

"But the son of a *Shúdra*, by a female slave or other unmarried *Shúdrá* woman, may share equally with other sons, by consent of the father. Thus *Manu* says: 'A son begotten by a man of the servile class on his female slave, or on the female slave of his slave, may take a share of the heritage, if permitted: thus is the law established.' Without such consent, he shall take a half share; as *Jágnyavalkya* directs: 'Even a son begotten by a *Shúdra* on a female slave may take a share by the choice of his father: but if the father be dead, the brethren should make him partaker of half a share.' Begotten on an unmarried woman, and having no brother, he may take the whole property: provided there be not a daughter's son. So *Jágnyavalkya* ordains: 'One who has no brothers may inherit the whole property, for want of daughter's sons.' But if there be a daughter's son, he shall share equally with him: for no special provision occurs, and it is fit that the allotment should be equal; since the one, though born of an unmarried woman, is son of the owner; and the other, though sprung from a married woman, is only his daughter's son."—Coleb. Da'. bha'. P.151.

The principle above quoted is not, however, generally followed in practice in the present age. First, because, if the woman be of a different class, her son has no right to the heritage, by the analogy of the adoption of a *dattak* son from a different tribe as well as the marriage of a damsel with a man of a different class being prohibited, and, in the eye of the law, such a woman, though married, not being the wife* of the man to whom she was espoused, and the son born of such a woman not being his son. Secondly, because female slaves as described by law† being now rare, it is concluded that in the present age there is no female slave's son. Thirdly, because a son begotten by a man on a woman not married to him, is by custom held to be a bastard. The above principle of the *Dàyabhága* is, therefore, applicable only to to the low, and not to the good and high caste, *Shúdras* of this country, whose conduct and religious acts are like those of twice born men, and whose succession to heritage is also regulated by custom like that of the twice born classes; and custom being the transcendent law, as declared by *Manu* and the rest, must supersede the general maxims of the law‡.

* See the *vyavasthás* Nos. 399, 400, 401, 402, 403, 404, 405, 408, 410, 411, 415 & 416, pp. 909—929, and Coleb. Dig. vol. III. p. 329—332.

† See *ante*, p. 546.

‡ See *ante*, pp. 504—314.

নবম অধ্যায়।

হিন্দুদের জাতিবিষয়ে।

আদিমজাতি। আদৌ চারি জাতি ছিল—ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, ও শূদ্র*। এই জাতি চতুষ্টয়ের প্রথমত্রয় দ্বিজাতি কথিত*, যেহেতু উপনয়ন সংস্কারে সংস্কৃত হওয়া তাহাদের দ্বিতীয়বার জন্ম গ্রহণরূপে অবধৃত হইয়াছে।

সঙ্করজাতি। কলিভিন্ন অন্যযুগে আদি জাতি চতুষ্টয়ের মধ্যে পরস্পর বিবাহ শাস্ত্রানুমতা হওয়াতে এবং কার্য্যেও চলিত থাকাতে, অনেক সঙ্কর ‡ জাতির উৎপত্তি হয়।

স্বামি হইতে জাতিতে অনুলোমতঃ এক ক্রম নীচ স্ত্রীদের গর্ভে জাত সুতেরা ক্রমে মূর্দ্ধাভিষিক্ত, মাহিষ্য ও করণ§ বা কায়স্থ কথিত। এই কএকজাতি ক্রমে ব্রাহ্মণের ঔরসে ক্ষত্রিয়ার গর্ভে, ক্ষত্রিয়ের ঔরসে বৈশ্যার গর্ভে, ও বৈশ্যের ঔরসে শূদ্রার গর্ভে জাত¶।

প্রতিলোমক্রমে বিবাহিত অথবা জাতিতে দুই বা তিন ক্রম নীচ স্ত্রীদের পুত্রদের নাম ও জাতিভেদাদি যথা—"ব্রাহ্মণাদ্বৈশ্যকন্যায়াং অম্বষ্ঠোনামজায়তে। নিষাদঃশূদ্রকন্যায়াং যঃ পারশব উচ্যতে॥ ক্ষত্রিয়াচ্ছূদ্রকন্যায়াং ক্রূরাচারবিহারবান্। ক্ষত্রশূদ্রবপুর্জন্তুরুগ্রোনাম প্রজায়তে॥ বিপ্রস্য ত্রিষু বর্ণেষু নৃপতের্ব্বর্ণয়োর্দ্বয়োঃ। বৈশ্যস্য বর্ণেচৈকস্মিন্ ষড়েতেঽপসদাঃস্মৃতাঃ॥ ক্ষত্রিয়াদ্বিপ্রকন্যায়াং সূতোভবতি জাতিতঃ। বৈশ্যান্মাগধবৈদেহৌ রাজবিপ্রাঙ্গনাসুতৌ॥ শূদ্রাদায়োগবঃক্ষত্তা চাণ্ডালশ্চাধমোনৃণাং। বৈশ্য রাজন্যবিপ্রাসু জায়ন্তে বর্ণসঙ্করাঃ॥ অস্যার্থঃ—ব্রাহ্মণের ঔরসে (বিবাহিতা) বৈশ্যাস্ত্রীর গর্ভে অম্বষ্ঠ অর্থাৎ বৈদ্য জন্মে (ব্রাহ্মণের ঔরসে) শূদ্রাস্ত্রীর গর্ভে নিষাদ জন্মে তাহাকে পারশব-ও বলাযায়। ক্ষত্রিয়ের ঔরসে শূদ্রাস্ত্রীর গর্ভে উগ্র আখ্যাত সুত জন্মে সে ক্ষত্রিয় ও শূদ্র উভয় ধর্ম্মী, এবং ক্রূরাচার ও বিহারশীল॥ ব্রাহ্মণের ঔরসে তিন নীচ জাতীয়া স্ত্রীর গর্ভে, ক্ষত্রিয়ের ঔরসে দুই নীচ জাতীয়া স্ত্রীর গর্ভে, বৈশ্যের ঔরসে এক নীচ জাতীয়াস্ত্রীর গর্ভে, জাত এই ছয় সুতেরা অপসদ কথিত॥ ক্ষত্রিয়ের ঔরসে ব্রাহ্মণীস্ত্রীর গর্ভে জাতসুত সূত আখ্যাত। বৈশ্যের ঔরসে ক্ষত্রিয়া ও ব্রাহ্মণী স্ত্রীর গর্ভে জাত সুত (ক্রমে) মাগধ ও বৈদেহ উক্ত হয়॥ শূদ্রের ঔরসে বৈশ্যা ক্ষত্রিয়া ও ব্রাহ্মণী স্ত্রীর গর্ভে জাত সঙ্কর সুতেরা (ক্রমে) আয়োগব, ছত্রি ও নরাধমচণ্ডাল কথিত হয়। মনু, অ, ১০, ব, ৮—১২।

---

* ব্রাহ্মণক্ষত্রিয়োবৈশ্যস্ত্রয়োবর্ণাদ্বিজাতয়ঃ চতুর্থ একজাতিস্তু শূদ্রো নাস্তি তু পঞ্চমঃ।—অর্থাৎ ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্য এই তিন জাতি দ্বিজাতি। চতুর্থ একজাতি শূদ্র.—পঞ্চম (আদিম) জাতি নাই —মনু, অ, ১০, ব, ৪।

+দ্রষ্টব্য—ব্য, দ, পৃ, ১১৫৫।

‡ সর্ব্ববর্ণেষু তুল্যাসু পত্নীস্বক্ষতযোনিষু। আনুলোম্যেন সম্ভূতা জাত্যাজ্ঞেয়াস্তএবতে॥ স্ত্রীষ্বনন্তরজাতাসু দ্বিজৈরুৎপাদিতান্ সুতান্। সদৃশানেব তান হুর্মাতৃদোষবিগর্হিতান্।—অর্থাৎ সকল তুল্যবর্ণে অক্ষতাযোনিস্ত্রাবস্থায় বিবাহিতা ভার্য্যাতে অনুলোমক্রমে জাত সুতেরা পিতার সমজাতীয় জ্ঞেয়। অন্যবহিত নীচজাতিয়া স্ত্রীতে দ্বিজাতিদের উৎপাদিত সুতদিগকে মাতৃদোষে বিগর্হিত হওনহেতু ধর্ম্মশাস্ত্রকারেরা পিতৃ সদৃশ কহিয়াছেন।—মনু, অ. ১০, ব, ৫, ৬।

§এই করণ জাতিকে যদিও কোনং টীকাকর্ত্তা কায়স্থ কহিয়াছেন তথাপি করণ এতদ্দেশীয় উত্তররাঢীয় বা দক্ষিণরাঢীয় কায়স্থ নহে,—উত্তর ও দক্ষিণ রাঢীয় কায়স্থরা আদিম শূদ্র জাতীয় ও শূদ্রমণি অর্থাৎ শূদ্রশ্রেষ্ঠ বলিয়া পরিগণিত এবং জাতিতঃ লিখন পঠন ব্যবসায়ি, কিন্তু করণজাতি সঙ্কর, যথা উক্ত বচনেই প্রকাশ। করণজাতিয়েরা বাঙ্গলার পূর্ব্বাঞ্চলে বাস করে, শূদ্র কায়েত বলিয়া খ্যাত, ও দাসবৃত্ত্যপজিবি। দ্রষ্টব্য শব্দকল্পদ্রুমের ১ কাণ্ড, পৃ, ৫৪২ হইতে ৫৪৯ ও তৎপরিশিষ্ট পৃ ৪৫৭ হইতে ৪৬৩। এবং আচারনির্ণয়তন্ত্র ও কমলাকর ভট্টকৃত শূদ্রধর্ম্মতত্ত্বও দ্রষ্টব্য।

¶মনুসংহিতার দশম অধ্যায়স্থ ষষ্ঠবচনের কুল্লুক ভট্টকৃত টীকা দ্রষ্টব্য।

CHAPTER IX

ON THE CASTES OF THE HINDUS.

Originally there were four castes:—the *Bráhmana*, *Kshatriya* or *Khatriya*, *Voishya*, and *Shúdra**. The first three of these are called *dwijáti* or *dwija* (twice born)*, they being considered as born again by initiation in the rite of *upanayana* (investiture with the sacred thread.) Primitive castes.

In ages other than the present *(kali,)* intermarriages having been allowed by law†, and followed in practice, amongst the four primitive or pure castes, there became several mixed *(Sankra)* castes.‡ Mixed castes

The sons by women one degree lower than their husbands are named in order the *Múrdhábhishikta*, *Máhishya*, and *Karana* or *Káyastha*§. They are respectively begotten by a *Bráhmana* on a wife of the *Kshatriyá* caste, by a *Kshatriya* on a *Voishyá* wife, and by a *Voishya* on a *Shúdrá* wife.¶

The sons of women married in the inverse order, or two or three degrees lower are as follows:—"From a *Bráhmen*, on a wife of the *Voishya* class, is born a son called *Ambashtha*, or *Voidya*, on a *Shúdrá* wife, a *Nisháda*, named also *Párasava*: From a *Kshatriya*, on a wife of the *Shúdra* class, springs a creature, called *Ugra*, with a nature partly warlike and partly servile, ferocious in his manner, cruel in his acts.—The sons of a *Bràhmen* by women of three lower classes, of a *Kshatriya* by women of two, and of a *Voishya* by one lower class, are called *Apasadah*, or degraded below their fathers.—From a *Kshatriya*, by a *Bráhmaní* wife, springs a *Súta* by birth; from a *Voishya*, by a military or sacerdotal wife, spring a *Mágadha* and *Voideha*. From a *Shúdra*, on women of the commercial, military, and priestly classes, are born sons of mixed breed, called *A'yogava*, *Kshattri* or *Chhattri*, and *Chandála*, the lowest of mortals."—*Manu*, ch. X. v. 8—12.

* The three twice born classes are the sacerdotal, the military and the commercial; but the fourth, or servile, is once born, that is, has no second birth from the *Gáyatrí*, and wears no thread, nor is there a fifth pure class.—*Manu*. ch. x. v. 4,

† See *ante*, p. 1156.

‡ In all classes they, and they only, who are born, in a direct order, of wives equal in class, and virgins at the time of marriage, are to be considered as the same in class (with their fathers:).—Sons, begotten by twice born men, on women of the class next immediately below them, wise legislators call similar, (not the same,) in class (with their parents,) because they are degraded, (to a middle rank between both,) by the lowness of their mothers.—*Manu*, ch. X. v. 5, 6.

§ The *Karana*, though explained by some commentators to be the *Káyastha* tribe, is not the *Utrarárhíya* and *Dakkhina-rárhíya Káyastha* common in this part of Bengal. The latter is one, and the best, of the pure *Shúdra* tribes, and the profession of the persons of this tribe is to read and write; whereas the persons of the *Karana* caste are of a mixed race, as is manifest from the above text; they are to be found in the eastern part of Bengal, and are called *Shúdra Káyasthas*, who employ themselves as menial servants. *Vide Rájá Rádhákánt's Shabdakalpadruma*, vol. I. pp. 542—549. and its appendix pp. 457—466; also the *Shúdra-dharma-tattwa* by *Kamalákara Bhatta* and *A'chára-nirnaya-tantra*.

¶ Vide *Kullúka Bhátta's* Commentary on *Manu*. ch. X, v. 6.

সঙ্করাৎসঙ্কর জাতি-ও আছে—যাহারা শুদ্ধ সঙ্কর জাতীয়দের বা শুদ্ধ জাতীয়দের ঔরসে সঙ্কর স্ত্রীদের গর্ভে জাত, তন্মাবতেদাদি এবং ব্রাত্যাভেদ যথা—"ব্রাহ্মণাদুগ্রকন্যায়ামাবৃতো নামজায়তে। আভীরোঽম্বষ্ঠকন্যায়ামায়োগব্যান্তু ধিগ্বণঃ॥ আয়োগবশ্চ ক্ষত্তাচ চাণ্ডালশ্চাধমোনৃণাং। প্রাতিলোম্যেন জায়ন্তে শূদ্রাদপসদাস্ত্রয়ঃ॥ * বৈশ্যান্মাগধবৈদেহৌ ক্ষত্রিয়াৎসূতএব তু। প্রতীপমেতে জায়ন্তে পরেঽপ্যপসদাস্ত্রয়ঃ॥ জাতোনিষাদাচ্ছূদ্রায়াং জাত্যাভবতিপুক্কসঃ। শূদ্রাজ্জাতোনিষাদ্যান্তু স বৈ কুক্কুটকঃস্মৃতঃ॥ ক্ষত্তুর্জাতস্তথোগ্রায়াং শ্বপাক ইতি কীর্ত্ত্যতে। বৈদেহকেনত্বম্বষ্ঠ্যামুৎপন্নো বেণ উচ্যতে॥ দ্বিজাতয়ঃ সবর্ণাসু জনয়ন্ত্যব্রতাংস্তু যান্। তান্সাবিত্রীপরিভ্রষ্টান্ ব্রাত্যাইতি বিনির্দিশেত্॥ ব্রাত্যাত্তু জায়তে বিপ্রাৎ পাপাত্মা ভূর্জ্জকণ্টকঃ। আবন্ত্যবাটধানৌচ পুষ্পধঃ শৈখএবচ॥ ঝল্লোমল্লশ্চ রাজন্যাদ্ ব্রাত্যান্নিচ্ছিবিরেব চ। নটশ্চকরণশ্চৈব খসোদ্রবিড় এব চ॥ বৈশ্যাত্তু জায়তে ব্রাত্যাৎ সুধন্বাচার্য্যএব চ। কারুষশ্চ বিজন্মাচ মৈত্রঃ সাত্বতএবচ। ব্যভিচারেণ বর্ণানামবেদ্যাবেদনেন চ। স্বকর্ম্মাণাঞ্চ ত্যাগেন জায়ন্তে বর্ণসঙ্করাঃ॥ অস্যার্থঃ—ব্রাহ্মণের ঔরসে উগ্রজাতীয়া স্ত্রীতে আবৃত নামক সুত, অম্বষ্ঠজাতীয়া স্ত্রীতে আভীর এবং আয়োগবজাতীয়া স্ত্রীতে ধিগ্বণ জন্মে॥ আয়োগব, ক্ষত্তৃ বা ছত্তৃ, ও নরাধম চণ্ডাল এই অপসদত্রয় শূদ্র হইতে প্রতিলোম ক্রমে বিবাহিতার গর্ভে জাত। বৈশ্য হইতে মাগধ ও বৈদেহ এবং ক্ষত্রিয় হইতে সুত প্রতিলোম ক্রমে জাত, ইহারা অন্য তিন অপসদ অর্থাৎ শ্রাদ্ধাদিতে অনধিকারি। নিষাদ হইতে শূদ্রা স্ত্রীতে পুক্কস জাতীয় জন্মে, নিষাদস্ত্রীরগর্ভে শূদ্রের ঔরসে কুক্কুট জাতীয় হয়॥ ক্ষত্তৃর ঔরসে উগ্রার গর্ভে জাত শ্বপাক, এবং বৈদেহের ঔরসে অম্বষ্ঠীস্ত্রীর গর্ভে জাত বেণ কথিত হয়॥ দ্বিজাতির ঔরসে সবর্ণাস্ত্রীর গর্ভেজাত যাহারা গায়ত্রী বর্জ্জিত তাহারা ব্রাত্য বলিয়া আখ্যাত॥ বিপ্রব্রাত্য হইতে পাপাত্মা ভূর্জ্জকণ্টক জন্মে, তাহারা (দেশভেদে) আবন্ত্য, বাটধান, পুষ্পধঃ ও শৈখ আখ্যাত হয়॥ ক্ষত্রিয় ব্রাত্যার ঔরসে ঝল্ল, মল্ল, নিচ্ছিবি, নট, করণ, খস, ও দ্রবিড় জাত হয়। বৈশ্য ব্রাত্যার ঔরসে সুধন্বা, চার্য্য, কারুষ, বিজন্মা, ও মৈত্র জাত হয়। ভিন্ন২ জাতির পরস্পর মিশ্রণ, অবিবাহ্যা বিবাহ, ও স্বধর্ম্মকর্ম্ম ত্যাগ দ্বারা বর্ণসঙ্কর উৎপন্ন॥ মনু, অ, ১০, ব, ১৫—২৪।

সঙ্কীর্ণয়োনয়ো যে তু প্রতিলোমানুলোমজাঃ। অন্যোন্যব্যতিষক্তাশ্চ তান্ প্রবক্ষ্যাম্যশেষতঃ—যে সকল সঙ্করজাতীয় পরস্পর প্রতিলোম ও অনুলোম বিবাহে জাত এক্ষণে তাহাদের বিশেষ বর্ণনা করিব।

সূতো বৈদেহকশ্চৈব চণ্ডালশ্চনরাধমঃ। মাগধক্ষত্তৃজাতিশ্চ তথায়োগবএবচ॥ এতেষট্ সদৃশান্ বর্ণান্ জনয়ন্তি স্বযোনিষু। মাতৃজাত্যাপ্রসূয়ন্তে প্রবরাসুচ যোনিষু॥ তেচাপি বাহ্যান্ সুবহূংস্ততোপ্যধিকদূষিতান্। পরস্পরস্য দারেষু জনয়ন্তিবিগর্হিতান্॥ প্রতিকূলং বর্ত্তমানা বাহ্যাবাহ্যতরান্পুনঃ। হীনা হীনানান্প্রসূয়ন্তে বর্ণান্পঞ্চদশৈবতু॥ প্রসাধনোপচারজ্ঞমদাসংদাসীজীবনং। সৈরিন্ধ্রুবাগুরাবৃত্তিং সূতেদস্যুরায়োগবে॥ মৈত্রেয়কন্তুবৈদেহ মাধুকংসম্প্রসূয়তে। নৄন্প্রশংসত্যজস্রং যো ঘন্টাতাড়োরুণোদয়ে॥ নিষাদোমার্গবংসূতে দাশংনৌকর্ম্মজীবিনম্। কৈবর্ত্তমিতি যংপ্রাহুরার্য্যাবর্ত্তনিবাসিনঃ। মৃতবস্ত্রভৃৎসু নারীষু গর্হিতান্নাসনাসুচ। ভবন্ত্যায়োগবীষ্বেতে জাতিহীনাপৃথক্ত্রয়ঃ॥ কারাবারোনিষাদাত্তু চর্ম্মকারঃপ্রসূয়তে। বৈদেহিকাদন্ধ্রমেদৌ বহির্গ্রামপ্রতিশ্রয়ৌ॥ চণ্ডালাৎপাণ্ডুসোপকস্ত্বক্সারব্যবহারবান্। আহিণ্ডিকোনিষাদেন বৈদেহ্যামেব জায়তে॥ চণ্ডালেনতু সোপাক মূলব্যসনবৃত্তিমান্। পুক্কস্যাংজায়তে পাপঃ সদাসজ্জনগর্হিতঃ॥ নিষাদস্ত্রীতু চণ্ডালাৎ পুত্রমন্ত্যাবসায়িনম্। শ্মশানগোচরংসূতে বাহ্যানামপি গর্হিতম্॥ সঙ্করে জাতয়স্ত্বেতাঃ পিতৃমাতৃপ্রদর্শিতাঃ। প্রচ্ছন্না বা প্রকাশা বা বেদিতব্যাঃ স্বকর্ম্মভিঃ॥ অস্যার্থঃ—সূত, বৈদেহ, ও নরাধমচণ্ডাল, মাগধ ও ক্ষত্তৃ তথা আয়োগব, এই ছয় সবর্ণাস্ত্রীতে বা মাতৃজাতীয়া স্ত্রীতে সদৃশপুত্র উৎপন্ন করে, শ্রেষ্ঠজাতীয়াতেও ঐরূপ করে। তাহারা পরস্পরের স্ত্রীতে অনেক বিগর্হিত এবং জনক হইতেও অধিক দূষিত পুত্র উৎপন্ন করে॥ ইহারা প্রতিলোমক্রমে বিবাহ করিয়া আরো নীচ পঞ্চদশজাতি উৎপন্ন করে,—হীন হইতে আরো হীন উৎপন্ন হয়॥ দস্যুজাতি

* মনু, অ, ১০, ব, ৬৫।

There are also compound mixed classes, who are begotten by men of the mixed or unmixed classes, on women of the mixed classes. They, and the different kinds of *Vrátyás* or men not initiated in the ceremonies of assuming the sacred thread, are as follows:—

" From a *Bráhmen*, by a girl of the *Ugra* tribe, is born an *A'vrita;* by one of the *Ambastha* tribe, an *A'bhira*; by one of *A'yogava* tribe, a *Dhigvana*. The *A'yogava*, the *kshattri*, and the *Chandála*, the lowest of men, spring from a *Shúdra* in inverse order *of the classes*, and are, (*therefore*,) all three excluded (*from the performance of obsequies to their ancestors:*)—From a *Voishya* the *Mágadha* and *Voideha*, from a *Kshatriya* the *Súta* only, are born in an inverse order; and they are three other sons excluded (*from funeral rites to their fathers.*) The son of a *Nishâda*, by a woman of the *Shúdra class*, is by tribe a *Pukkasa;* but the son of a *Shúdra* by a *Nisháḍí* woman, is named *Kukkutaka*. One, born of a *Kshattri* by an *Ugrá* is called *Swapáka;* and one, begotten by a *Voideha* on an *Ambashthi* wife, is called *Vena*. Those, whom the twice born beget on women of equal classes, but who perform not the proper ceremonies *of assuming the thread, and the like,* people denominate *Vrátyás*, or excluded from the *Gáyatrí*. From such an outcast *Bráhmen* springs a son of a sinful nature, (*who in different countries*) is named a *Bhúrjakantaka*, an *A'vantya, a Vátadhána*, a *Pushpadha*, and *a Sheikha*. From such an outcast *Kshatriya* come sons called a *Jhalla, a Malla*, a *Nichhivi*, a *Nata*, a *Karana* a *Khasa* and a *Drávira*. From such an outcast *Voishya* is born a son called *Sudhanwan, Chárya, Kárusha, Vijanman, Moitra,* and *Sátwata*. By intermixtures of the classes, by their marriages with women who ought not to be married, and by their omission of prescribed duties, impure classes have been formed."—*Manu*. ch. X. v. 15—24

*Those men of mingled births, who were born in the inverse order of classes, and who intermarry among themselves, I will now compendiously describe.**

The *Súta*, the *Voideha*, and the *Chandála*, that lowest of mortals, the *Mágadha*, the *Kshattri* by tribe, and the *A'yogava*: these six beget similar sons on women of their own classes, or on women of the same class with their mothers; and they produce the like from women of the two highest classes, and *of the lowest:* Those six beget, on women of their own tribes, reciprocally, very many despicable and abject races even more foul than their begetters. The six low classes, marrying inversely, beget fifteen yet lower tribes, the base producing still baser; (*and in a direct order they produce fifteen more.*) A *Dasyu*, or outcast of any pure class, begets on an *A'yogavi* woman a *Soirindhra*, who should know how to attend and to dress his master; though

* *Manu*. ch. X. v. 25.

আয়োগব জাতীয়া স্ত্রীতে সৈরিন্ধ্র জাতীয় পুত্র উৎপন্ন করে তাহারা পরিচারক ও দাস না হইয়াও দাসত্ব ব্যবসায়ি এবং বন্য পশুমারণ উপজীবী। ঐ স্ত্রীতে বৈদেহের ঔরসে মিষ্টস্বরযুক্ত মৈত্রেয়ক জন্মে। তাহারা প্রভাতে ঘন্টা বাজাইয়া মহত্ লোকের প্রসংশা করে। ঐস্ত্রীর গর্ভে নিষাদের ঔরসে মার্গব বা দাশ উৎপন্ন, সে নৌকাবাহন উপজিবী এবং আর্য্যাবর্ত্ত অর্থাৎ পুণ্য ভূমি নিবাসিরা তাহাকে কৈবর্ত্ত কহেন। শবের বস্ত্র পরিধান এবং উচ্ছিষ্টান্নভোজন কারিণী আয়োগবী স্ত্রীতে (পিতৃভেদে) ঐ হীনজাতিত্রয় অর্থাৎ সৈরিন্ধ্র মৈত্রেয়ক ও মার্গব জন্মে। নিষাদের ঔরসে বৈদেহ জাতীয় স্ত্রীর গর্ভে চর্ম্মকার কারাবার জন্মে, এবং বৈদেহ পুরুষের ঔরসে কারাবার ও নিষাদ জাতীয় স্ত্রীরগর্ভে অন্ধ্র ও মেদ জাতীয় জন্মে, তাহারা গ্রামের বাহিরে বাস করিবে॥ বৈদেহ জাতীয়া স্ত্রীর গর্ভে চণ্ডালের ঔরসে পাণ্ডুসোপাক জন্মে, এই জাতীয় লোক বেত্তের ও বনের কর্ম্মকরে। নিষাদের ঔরসে আহিণ্ডিক জন্মে, (তাহার ব্যবসায় কারাগার রক্ষা)॥ চণ্ডালের ঔরসে পুক্কশী স্ত্রীর গর্ভে সোপাক জন্মে, সে রাজবিচরিত অপরাধির দণ্ডনায়ক পাপাত্মা সদা শিষ্টের বিগর্হিত॥ নিসাদজাতীয়া স্ত্রীর গর্ভে চণ্ডালের ঔরসে অন্ত্যাবসায়ী জন্মে, সে শ্মশানে থাকে, এবং ঘৃণিত ব্যক্তিরাও তাহাকে ঘৃণাকরে॥ মনু, অ, ১০, ব. ২৬—৪০।

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে এবং পরশুরাম পদ্ধতিতেও জাতি বর্ণনা আছে তৎসমস্তই প্রায় মনুসংহিতার সহিত মিলে, মনুসংহিতাই তদাদর্শ বোধ হয়। পরন্তু উক্ত সঙ্কর সমূহের মধ্যে অনেক জাতি এতদ্দেশে নাই, এবং কতিপয় একণে আর২ দেশেও বিরল।

এতদ্দেশে ব্রাহ্মণেরা প্রধানতঃ রাঢ়ীয় বারেন্দ্র ও বৈদিক এই তিন শ্রেণিতে বিভক্ত।—বৈদিকের মধ্যে আবার দুই শ্রেণি আছে—পাশ্চাত্য ও দাক্ষিণাত্য। যাহাদের মূলপুরুষ দ্রাবিড় হইতে আসিয়া এদেশে বাস করেন তাহারা দাক্ষিণাত্য বৈদিক, ও যাহাদের মূলপুরুষ মহারাষ্ট্র হইতে আসিয়া এখানে অবস্থিতি করেন তাহারা পাশ্চাত্য বৈদিক আখ্যাত।

নীচ জাতীয়দের পৌরহিত্যাদি কর্ম্মকরণ ও দানাদি গ্রহণদোষে দোষগ্রস্ত ব্রাহ্মণদের কর্ম্ম বা দোষানুসারে অনেক থাক হইয়াছে, পরন্তু তাহারা উক্ত কএক শ্রেণিরই অন্তর্গত।

আদিম চারিজাতির আদৌ ব্যবসায় বিশেষ নির্দ্দেশ হয়, যথা মনুঃ—"অধ্যাপনমধ্যয়নং যজনংযাজনন্তথা, দানংপ্রতিগ্রহঞ্চৈব ব্রাহ্মণানামকল্পয়ৎ॥ প্রজানাং রক্ষণংদানমিজ্যাধ্যয়নমেব চ। বিষয়েষ্বপ্রশক্তিশ্চ ক্ষত্রিয়স্য সমাসতঃ॥ পশূনাংরক্ষণংদানমিজ্যাধ্যয়নমেব চ। বণিক্পথংকুসীদঞ্চ বৈশ্যস্য কৃষিমেব চ॥ একমেবতু শূদ্রস্য প্রভুঃ কর্ম্মসমাদিশৎ। এতেষামেব বর্ণানাং শুশ্রূষামনসূয়য়া"॥ অস্যার্থঃ—বেদাধ্যয়ন ও অধ্যাপন, তথা যজন, যাজন, দান ও প্রতিগ্রহ ব্রাহ্মণের কর্ম্ম নির্দ্দেশ করিয়াছেন। প্রজাদের রক্ষণ, দান, যজ্ঞ, বেদাধ্যয়ন, এবং বিষয়ে অপ্রশক্তি সংক্ষেপতঃ ক্ষত্রিয়ের কর্ম্ম। পশুরক্ষা, দান, যজ্ঞ, বেদাধ্যয়ন, বাণিজ্য ও ব্যাজার্থে ঋণদান বৈশ্যের কর্ম্ম॥ অনসূয়াপূর্ব্বক ঐ তিন জাতির সেবা এই একমাত্র কর্ম্ম শূদ্রের প্রতি প্রভু (অর্থাৎ ব্রহ্মা) কর্ত্তৃক নির্দ্দিষ্ট হইয়াছে।—অ, ১, ব, ৮৮—৯১।

সঙ্করদের মধ্যে-ও কতিপয় জাতির ব্যবসায় নির্দ্দিষ্ট হইয়াছে, তাহা তত্তদ্বর্ণনাত্মক বচনচয়ে প্রকাশ।

বৈদ্যের ব্যবসায় চিকিৎসা।

